ক্রে৭২ আহ্মাদ ইব্ন মিক্দাম (র).... সাহল ইব্ন সা'দ সাঈদী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা খলকের যুদ্ধে রাস্লুল্লাহ্ ক্রিট্রে -এর সঙ্গে ছিলাম। তিনি খনন করছিলেন এবং আমরা মাটি সরাচ্ছিলাম। তিনি আমাদের দেখছিলেন। তখন তিনি বলছিলেন ঃ আয় আল্লাহ্! আখিরাতের জীবনই প্রকৃত জীবন। সুতরাং আপনি আনসার ও মুহাজিরদেরকে মাফ করে দিন।

٢٦٨١ بَابُ مَثَلِ الدُّنْيَا فِي الْآخِرَةِ ، وَقَوْلِهِ اَنَّمَا الْحَيَوةُ الدُّنْيَا لَعِبُّ وَلَهُوُ النِّي قَوْلِهِ مَتَاعُ الْغُرُوْرِ

২৬৮৪ অনুচ্ছেদ ঃ আখিরাতের তুলনায় দুনিয়ার দৃষ্টান্ত। আল্লাহ্ তা'আলার বাণী ঃ তোমরা জেনে রেখো, পার্থিব জীবন তো ক্রীড়া-কৌতুক..... ছলনাময় ভোগ (৫৭ ঃ ২০)

<u>٥٩٧٣ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُسْلَمَةً قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيْزِ بْنُ اَبِيْ حَازِمٍ عَنْ اَبِيْهِ عَنْ سَهْلٍ بْنِ سَعْدٍ قَالَ سَمِعْتُ النَّبِيِّ يَقُولُ مَوْضِعُ سَوْطٍ فِي الْجَنَّةِ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فَيِهَا - وَمَا فَيِهَا ، وَلَغَدُووَةٌ فِي سَبِيْلِ اللَّهِ إَوْ رَوْحَةٌ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فَيْهَا - </u>

ক্রে৭০ আবদুল্লাহ্ ইব্ন মাস্লামা (র)..... সাহ্ল ইব্ন সা'দ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী ক্লিট্রা -কে বলতে শুনেছি, জান্নাতের মধ্যে একটা চাবুক পরিমাণ জায়গা দুনিয়া এবং তার মধ্যে যা কিছু আছে তার চাইতে উত্তম। আর আল্লাহ্র রাস্তায় সকালের এক মুহূর্ত অথবা বিকালের এক মুহূর্ত দুনিয়া ও এর সব কিছু থেকে উত্তম।

٢٦٨٥ بَابُ قَوْلِ النَّبِيِّ يَرْفِعُ كُنْ فِي الدُّنْيَا كَأَنَّكَ غَرِيْبُ أَوْ عَابِرُ سَبِيْلٍ

ক্রেপ্র আলী ইব্ন আবদুল্লাহ্ (র)...... আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রে একদা আমার উভয় কাঁধ ধরে বললেন ঃ তুমি এ দুনিয়াতে একজন মুসাফির অথবা পথযাত্রীর মত থাক। আর ইব্ন উমর (রা) বলতেন, তুমি সন্ধ্যায় উপনীত হলে আর ভোরের অপেক্ষা করো না এবং ভোরে উপনীত হলে সন্ধ্যার অপেক্ষা করো না। তোমার সুস্থতার অবকাশে পীড়িত অবস্থার জন্য সঞ্চয় করে রেখো। আর জীবিত অবস্থায় তোমার মৃত্যুর জন্য প্রস্তুতি নিও।

٢٦٨٦ بَابُ فِي الْاَمَلِ وَطُولِهِ ، وَقَولِ اللهِ تَعَالَى : فَصَنْ زُحْوِحَ عَنِ النَّارِ وَأَذْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ وَمَا الْحَيَوةُ الدُّنْيَا الِأَ مَتَاعُ الْغُرُورِ ، ذَرْهُمْ يَأْكُلُواْ وَيَتَمَتَّعُواْ وَيُلْهِهِمُ الْجَنَّةَ فَقَدْ فَازَ وَمَا الْحَيَوةُ الدُّنْيَا الِأَ مَتَاعُ الْغُرُورِ ، ذَرْهُمْ يَأْكُلُواْ وَيَتَمَتَّعُواْ وَيُلْهِهِمُ الْاَمْلُ فَسَوْفَ يَعْلَمُونَ ، وَقَالَ عَلِيٍّ اَرْتَحَلَتِ الدُّنْيَا مُدْبِرَةٌ ، وَارْتَحَلَتِ الْأَخِرَةُ مُقْبِلَةً وَلَا مَكُونُو مِنْ اَبْنَاءِ الدُّنْيَا ، فَإِنْ وَلَا عَمَلٌ ، بِمُزَحْدِهِ بِمُبَاعِدِم اللهَ اللهُ اللهُ اللهُ فَالَا عَمَلُ ، بِمُزَحْدِهِ بِمُبَاعِدِم اللهُ وَقَدًا حِسَابٌ وَلاَ عَمَلُ ، بِمُزَحْدِهِ بِمُبَاعِدِم

২৬৮৬ অনুচ্ছেদ ঃ আশা এবং এর দৈর্ঘ্য। মহান আল্লাহ্র বাণী ঃ যাকে আন্তন থেকে দূরে রাখা হবে এবং জারাতে দাখিল করা হবে, সে-ই সফল হলো আর পার্থিব জীবন তো ছলনাময় ভোগ ব্যতীত কিছুই নয়। (৩ ঃ ১৮) এদের ছেড়ে দাও— খেতে থাকুক, ভোগ করতে থাকুক এবং আশা এদের মোহাচ্ছর রাখুক, অচিরেই তারা বুঝবে। (১৫ ঃ ৩) আলী (রা) বলেন, এ দুনিয়া পেছনের দিকে যাচ্ছে, আর আখিরাত এগিয়ে আসছে। এ দু'টির প্রত্যেকটির রয়েছে সন্তানাদি। সুতরাং তোমরা আখিরাতে আসক্ত হও। দুনিয়ার আসক্ত হয়ো না। কারণ, আজ আমলের সময়, হিসাব নেই। আর আগামীকাল হিসাব, আমল নেই

ক্রেপ্র সাদাকা ইব্ন ফাযল (র)...... আবদুল্লাহ্ ইব্ন মাস্উদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী ক্রিট্রে একটি চতুর্ভুজ আঁকলেন এবং এর মাঝখানে একটি রেখা টানলেন, যা ভুজ অতিক্রম করে গেল। তারপর দু'পাশ দিয়ে মাঝের রেখার সাথে ভেতরের দিকে কয়েকটা ছোট ছোট রেখা মিলালেন এবং বললেন, এ মাঝামাঝি রেখাটা হলো মানুষ। আর এ চতুর্ভুজটি হলো তার আয়ু, যা তাকে ঘিরে রেখেছে। আর বাইরের দিকে অতিক্রান্ত রেখাটি হলো তার আশা। আর এ ছোট ছোট রেখাগুলো বাধা-বিপত্তি। যদি সে এর একটা এড়িয়ে যায়, তবে অন্যটা তাকে দংশন করে। আর অন্যটাও যদি এড়িয়ে যায় তবে আরেকটি তাকে দংশন করে।

٥٩٧٦ حَدَّثَنَا مُسْلِمٌ قَالَ حَدَّثَنَا هَمَّامٌ عَنْ اسْحُقَ بْنَ عَبْدِ اللّٰهِ بْنِ اَبِيْ طَلْحَةَ عَنْ اَنَسٍ قَالَ خَطَّ النَّبِيُ لَيُّ مُلُوطًا ، فَقَالَ هَذَا الْأَمَلُ وَهَذَا اَجَلُهُ ، فَبَيْنَمَا هُوَ كَذَٰلِكَ اِذْ جَاءَهُ الْخَطُّ الْأَقْرَبُ –

ক্রেণ্ড মুসলিম ইব্ন ইব্রাহীম (র).....আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বললেন, একবার নবী ক্রিক্রিক্রেকটি রেখা টানলেন এবং বললেন, এটা আশা আর এটা তার আয়ু। মানুষ যখন এ অবস্থায় থাকে হঠাৎ নিকটবর্তী রেখা (মৃত্যু) এসে যায়।

٢٦٨٧ بَابَ مَنْ بَلَغَ سِتَّيِنَ سَنَةً فَقَدْ اَعْذَرَ اللَّهُ اِلَيْهِ فِي الْعُمُرِ لِقَوْلِهِ : اَوَلَمْ نُعَمِّرْكُمْ مَا يَتَذَكَّرَ فِيْهِ مَنْ تَذَكَّرَ وَجَاءَكُمُ النَّذِيْرُ

২৬৮৭ অনুচ্ছেদ ঃ যে ব্যক্তি ষাট বছর বয়সে পৌঁছে গেল, আল্লাহ্ তা'আলা তার বয়সের ওযর পেশ করার সুযোগ রাখেননি। আল্লাহ্ তা'আলার বাণী ঃ আমি কি তোমাদের এত দীর্ঘ জীবন দান করিনি যে, তখন কেউ সতর্ক হতে চাইলে সতর্ক হতে পারত, অথচ তোমাদের কাছে সতর্ককারীও এসেছিল..... (৩৫ ঃ ৩৭)

الْهِ عَنْ اللهِ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا اَبُوْ صَفْوَانَ عَبْدُ اللهِ بْنُ سَعِيْدٍ قَالَ اَخْبَرَنَى سَعِیْدُ بْنُ الْمُسَیِّبِ اَنَّ اَبَا هُرَیْرَةَ قَالَ اَخْبَرَنِی سَعِیْدُ بْنُ الْمُسَیِّبِ اَنَّ اَبَا هُرَیْرَةَ قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ بَرُّ فَيْ عَدُ لَا يَزَالُ قَلْبُ الْكَبِيْرِ شَابًا فِي الثَّنْتَيْنِ فِي حُبِّ الدُّنْیَا وَطُولِ الْاَمَلِ ، قَالَ اللّهِ بَرُفِي عَدْنَ يُونُسُ وَابْنُ وَهْبٍ عَنْ يُونُسَ عَنِ ابْنِ شِهَابٍ وَطُولُ الْاَمَلِ ، قَالَ اللّهِ شَهَابِ الْمُنْ وَهْبٍ عَنْ يُونُسَ عَنْ ابْنِ شَهَابٍ وَطُولُ الْاَمَلِ ، قَالَ اللّهِ سَعَیْدُ وَابُو سَلَمَةً —

 কিন্ত মুসলিম ইব্ন ইব্রাহীম (রা) আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ ক্রিট্রের বলেছেন ঃ আদম সম্ভানের বয়স বাড়ে আর তার সাথে দু'টি জিনিসও বৃদ্ধি পায়; ধন-সম্পদের মহব্বত ও দীর্ঘায়ুর আকাজ্ফা।

٢٦٨٨ بَابُ الْعَمَلِ الَّذِي يُبْتَغَى بِهِ وَجُهُ اللَّهِ ، فِيه سَعْدٌ

২৬৮৮ অনুচ্ছেদ ঃ যে আমলের ধারা আল্লাহ্র সন্তুষ্টি চাওয়া হয়। এ বিষয়ে সা'দ (রা) বর্ণিত একটি হাদীস আছে

صَدَّتْنَا مُعَادُ بْنُ السَدِ قَالَ اَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ اَخْبَرَنَا مَعْمَرِ عَنِ الزُّهْرِيِّ قَالَ اَخْبَرَنَا مَعْمَرِ عَنِ الزُّهْرِيِّ قَالَ اَخْبَرَنِي مَحْمُودُ بِنُ الرَّبِيْعِ وَزَعَمَ مَحْمُودُ اَنَّهُ عَقَلَ رَسُولَ اللهِ عَلَيْ وَقَالَ وَعَقَلَ مَجَنَّةُ مَجَّهَا مِنْ دَلُو كَانَتُ فَيْ دَارِهِمْ قَالَ سَمِعْتُ عِتْبَانَ بْنَ مَالِكَ الْاَنْصَارِيِّ ثُمَّ اَحَدَ بَنِي سَالِم قَالَ غَدَا عَلَىَّ رَسُولُ اللَّهِ عَلَيْ فَقَالَ لَنْ يُوافِي عَبَدُ يَوْمَ الْقِيَامَة يَقُولُ لاَ اللهَ الاَّ الله الله عَدَا عَلَى مَا الله الله عَلَيْه النَّارَ –

ক্ষেচ্০ মুয়ায ইব্ন আসাদ (র).... মাহমুদ (রা) থেকে বর্ণিত যে, রাস্লুল্লাহ ক্রিট্র -এর কথা তাঁর স্বরণ আছে। আর তিনি বলেন, তাদের ঘরের পানির ডোল থেকে পানি মুখে নিয়ে তিনি তার মুখে ছিটিয়ে দিয়েছিলেন সে কথাও তার স্বরণ আছে। তিনি বলেন, ইতবান ইব্ন মালিক আনসারীকে, এরপর বনী সালিমের এক ব্যক্তিকে বলতে শুনেছি, তিনি বলেন, রাস্লুল্লাহ্ ক্রিট্র সকালে আমার এখানে এলেন এবং বললেন, আল্লাহ্র সন্তুষ্টির জন্য যে ব্যক্তি 'লা ইলাহা ইল্লাল্লাহ্' বলবে এবং এ বিশ্বাস নিয়ে কিয়ামতের দিন হাযির হবে, আল্লাহ্ তা'আলা তার উপর জাহান্নাম হারাম করে দেবেন।

آمَدُّ حَدَّثَنَا قُتَيْبَةُ قَالَ حَدَّثَنَا يَعْقُوْبُ ابْنُ عَبْدِ الرَّحْمٰنِ عَنْ عَمْروَعَنْ سَعِيْدِ الْمَقْبُرِيِّ عَنْ اَبِيْ هُرَيْرَةَ اَنَّ رَسُولَ اللهِ عَلَيْهِ قَالَ يَقُولُ اللهُ تَعَالَى مَا لِعَبْدِي الْمُؤْمِنِ عَنْدِي جَزَاءُ لِذَا قَبَضْتُ صَفِيَّهُ مِنَ الدُّنْيَا ثُمَّ اَحْتَسَبَهُ الاَّ الْجَنَّةُ -

ক্তোয়বা (র).... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ ক্রিট্রা বলেছেন ঃ আল্লাহ্ তা আলা ইরশাদ করেন, আমি যখন আমার মু মিন বান্দার কোন প্রিয়তম কিছু দুনিয়া থেকে তুলে নেই আর সে ধৈর্য ধারণ করে, আমার কাছে তার জন্য জান্নাত ব্যতীত অন্য কোন প্রতিদান নেই।

٢٦٨٩ بَابُ مَا يُحْذَرُ مِنْ زَهْرَةِ الدُّنْيَا وَالتَّنَافُسِ فِيهًا

২৬৮৯ অনুচ্ছেদঃ দুনিয়ার জাঁকজমক ও দুনিয়ার প্রতি আসক্তি থেকে সতর্কতা

وَ هُوْسَلَى بُنِ عُقْبَةَ قَالَ ابْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنِيْ اسْمُعِيْلُ بْنُ ابْرَاهِيْمَ بْنِ عُقْبَةَ عَنْ مُوْسَلَى بْنِ عُقْبَةَ عَنْ مُوْسَلَى بْنِ عُقْبَةَ قَالَ ابْنُ شَهِابٍ حَدَّثَنِيْ عُرُوّةَ بْنُ الزُّبَيْرِ اَنَّ الْمِسْوَرَ بْنَ مَخْرَمَةَ

اَخْبَرَهُ اَنَّ عَمْرُو بُنَ عَوْف وَهُو حَلَيْفُ لِبَنِيْ عَامِر بِنِ لُؤَى وَكَانَ شَهِدَ بَدْرًا مَعَ رَسُولِ اللهِ عَبَيْدَةً بِنَ الْجَرَّاحِ الِى الْبَحْرَيْنِ يَاْتِيْ بِجَرْيَتِهَا ، وَكَانَ رَسُولُ الله عَبَيْدَةً بِمَالَ مِنَ الْبَحْرَيْنِ فَسَمِعْتُ الْاَنْصَارُ بِقُدُومِهِ فَوافَتْهُ الْحَضْرَمِيِّ فَقَدمَ اَبُو عُبَيْدَةً بِمَالٍ مِنَ الْبَحْرَيْنِ فَسَمِعْتُ الْاَنْصَارُ بِقُدُومِهِ فَوافَتْهُ وَقَالَ الْمَتْبِحِ مَعَ رَسُولُ الله عَبَيْدَةً وَانَّهُ جَاءَ بِشَيْءٍ قَالُواْ اَجَلُ يَا رَسُولَ الله عَبَيْدَةً وَانَّهُ جَاءَ بِشَيْءٍ قَالُواْ اَجَلُ يَا رَسُولَ اللهِ قَالَ وَاللهِ قَالَ اللهِ قَالَ اللهِ عَبَيْدَةً وَانَّهُ جَاءَ بِشَيْءٍ قَالُواْ اَجَلُ يَا رَسُولَ اللهِ قَالَ فَابَشِرُواْ وَاَمَلُواْ مَا يَسُرُكُمُ ، فَوَالله مَا الْفَقْرُ اَخْشَى عَلَيْكُمْ ، وَلَكِنْ اَخْشَى عَلَيْكُمْ اَنْ فَسُوهَا ، فَتَنَافَسُوهُ اللهَ عَلَيْكُمْ ، وَلَكِنْ اَخْشَى عَلَيْكُمْ اَنْ وَتُنَافَسُوهُا عَلَيْكُمْ ، وَلَكِنْ اَخْشَى عَلَيْكُمْ اَنْ وَتُنْهُ كُمْ عَلَى مَنْ كَانَ قَبْلَكُمْ ، فَتَنَافَسُوهُا كَمَا تَنَا فَسُوهًا ، وَتُلُهِمُ حُمَا الْهَتُهُمْ -

ক্রেচ্ছ ইসমাঈল ইব্ন আবদুল্লাহ্ (র)...... আমর ইব্ন আওফ (রা), তিনি বনী আমর ইব্ন লুওয়াই-এর সাথে চুক্তিবদ্ধ ছিলেন এবং রাসূলুল্লাহ্ ক্রিট্রা -এর সঙ্গে বদরের যুদ্ধেও শরীক ছিলেন। তিনি বর্ণনা করেন, একবার রাসূলুল্লাহ্ আবৃ উবায়দা ইব্ন জাররাহ্কে জিযিয়া আদায় করার জন্য বাহ্রাইন পাঠালেন। রাসূলুল্লাহ্ ক্রিট্রা বাহ্রাইনবাসীদের সাথে সিদ্ধি করেছিলেন এবং তাদের উপর আলা ইব্ন হায্রামী (রা)-কে আমীর নিযুক্ত করেছিলেন। আবৃ উবায়দা (রা) বাহরাইন থেকৈ মালামাল নিয়ে আসেন, আনসারগণ তাঁর আগমনের সংবাদ তনে ফজরের সালাতে রাসূলুল্লাহ্ ক্রিট্রা -এর সঙ্গে শরীক হন। সালাত শেষে তাঁরা তাঁর সামনে এলেন। তিনি তাঁদের দেখে হেসে বললেন ঃ আমি মনে করি তোমরা আবৃ উবায়দা (রা)-এর আগমনের এবং তিনি যে মাল নিয়ে এসেছেন সে সংবাদ তনেছ। তাঁরা বললেন, ইয়া রাসূলাল্লাহ্। তিনি বললেন ঃ তোমরা এ সুসংবাদ গ্রহণ করো এবং তোমরা আশা রেখো, যা তোমাদের খুশী করবে। তবে, আল্লাহ্র কসম। আমি তোমাদের উপর দরিদ্রতার আশংকা করছি না বরং আশংকা করছি যে, তোমাদের পূর্ববর্তী উন্মতের উপর যেমন দুনিয়া প্রশস্ত করে দেওয়া হয়েছিল, তেমনি তোমাদের উপরও দুনিয়া প্রশস্ত করে দেওয়া হয়েছিল, তেমনি তোমাদের উপরও দুনিয়া প্রশস্ত করে দেওয়া হয়েছিল।

آهِ هَا حَدَّتَنَا قُتَيْبَةُ بُنُ سَعِيْدٍ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ يَزِيْدَ بْنُ اَبِيْ حَبِيْبٍ عَنْ اَبِيْ الْخَيْرِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرِ أَنَّ رَسُولَ اللّهِ وَلَيْ خَرَجَ يَوْمًا فَصَلَلٰى عَلَى اَهْلِ اُحُدٍ صَلَاتَهُ عَلَى الْمُنْبَرِ ، فَقَالَ انِي فَرَطَنَكُمْ وَانَا شَهِيْدُ عَلَيْكُمْ ، وَانِي عَلَى الْمُنْبَرِ ، فَقَالَ انِي فَرَطَنَكُمْ وَانَا شَهِيْدُ عَلَيْكُمْ ، وَانِي عَلَى اللهِ لاَنَطُرُ اللهِ لاَنَطُرُ اللهِ كَوْضَى الله نَهْ وَانِي قَدْ اعْطِيْتُ مَفَاتِيْحَ خَزَائِنِ الْاَرْضِ اَوْ مَعَاتِيْحَ وَاللهِ لاَنْطُنُ وَاللهِ مَا اَخَافُ عَلَيْكُمْ اَنْ تُشْرِكُوا بَعْدِيْ وَلكِنَى وَلكِنَى الْمُعْدِي وَلكِنَى اللهِ الْمُعْدِي وَلكِنَى اللهِ الْمُعْدِي وَلكِنَى اللهِ اللهِ الْمُعْدِي وَلكِنَى اللهِ اللهِ الْمُعْدِي وَلكِنَى اللهِ المُنْ اللهِ اللهُ اللهِ الل

ক্রিচত কুতায়বা (র)....... উক্বা ইব্ন আমির (রা) থেকে বর্ণিত যে, একদিন রাস্লুল্লাহ্ ক্রিট্রা বের হলেন এবং উহুদের শহীদানের উপর সালাত আদায় করলেন, যেমন তিনি মুর্দার উপর সালাত আদায় করে থাকেন। তারপর মিম্বরে আরোহণ করে বললেন ঃ আমি তোমাদের অগ্রণী। আমি তোমাদের সাক্ষী হব। আল্লাহ্র কসম! নিশ্চয়ই আমি আমার 'হাওয্'কে এখন দেখছি। আমাকে তো যমীনের ধনাগারের চাবিসমূহ অথবা যমীনের চাবিসমূহ দেয়া হয়েছে। আল্লাহ্র কসম! আমি তোমাদের উপর এ আশংকা করছি না যে, তোমরা আমার পরে মুশরিক হয়ে যাবে, তবে আমি আশংকা করছি যে, তোমরা দুনিয়ার ধন-সম্পদে আসক্ত হয়ে যাবে।

কিচ্চ ইসমাঈল (র)...... আবৃ সাঈদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ বলেছেন ঃ আল্লাহ্ তা'আলা তোমাদের জন্য যমীনের বরকতসমূহ প্রকাশিত করে দেবেন, আমি তোমাদের জন্য এ ব্যাপারেই সর্বাধিক আশংকা করছি। জিজ্ঞাসা করা হলো, যমীনের বরকতসমূহ কিং তিনি বললেন ঃ দুনিয়ার জাঁকজমক। তখন এক ব্যক্তি তাঁর কাছে বললেন, ভাল কি মন্দ নিয়ে আসবেং তখন নবী ক্রুল্লাই কিছুক্ষণ নীরব থাকলেন, যদ্দরুন আমরা ধারণা করলাম যে, এখন তাঁর উপর ওহী নাযিল হচ্ছে। এরপর তিনি তাঁর কপাল থেকে ঘাম মুছে জিজ্ঞাসা করলেন, প্রশ্নকারী কোথায়ং সে বলল, আমি। আবৃ সাঈদ (রা) বলেন, যখন এটি প্রকাশ পেল, তখন আমরা প্রশ্নকারীর প্রশংসা করলাম। রাস্লুল্লাহ্ ক্রুল্লাই বললেন ঃ ভাল একমাত্র ভালকেই বয়ে আনে। নিশ্চয়ই এ ধনদৌলত সবুজ শ্যামল সুমিষ্ট। অবশ্যি বসস্ত যে সবজি উৎপাদন করে, তা ভক্ষণকারী পশুকে মৃত্যুর মুখে ঠেলে দেয় অথবা নিকটে করে দেয়, তবে প্রাণী পেট ভরে খেয়ে সূর্যমুখী হয়ে জাবর কাটে, মল-মূত্র ত্যাণ করে এবং পুনঃ খায় (এর অবস্থা ভিন্ন)। এ পৃথিবীর ধনদৌলত তন্ত্রেপ সুমিষ্ট। যে ব্যক্তি তা সংভাবে গ্রহণ করবে এবং সৎকাজে বয়় করবে, তা তার খুবই সাহায্যকারী হবে। আর যে তা অন্যায়ভাবে গ্রহণ করবে, তার অবস্থা হবে ঐ ব্যক্তির মত যে খেতে থাকে আর পরিতৃপ্ত হয় না।

ক্রিচক্ত মুহাম্মদ ইব্ন বাশ্শার (র)..... ইমরান ইব্ন হুসায়ন (রা) থেকে বর্ণিত যে, নবী ক্লিট্রের বলেছেন ঃ তোমাদের মধ্যে আমার যমানার লোকেরাই সর্বোত্তম। তারপর এর পরবর্তী যমানার লোকেরা। তারপর এদের পরবর্তী যমানার লোকেরা। ইমরান (রা) বর্ণনা করেন, নবী ক্লিট্রের এ কথাটি দু'বার কি তিনবার বললেন, তা আমার স্মরণ নেই— তারপর এমন লোকদের আবির্ভাব হবে যে, তারা সাক্ষ্য দিবে, অথচ তাদের সাক্ষ্য চাওয়া হবে না। তারা থিয়ানতকারী হবে। তাদের আমানতদার মনে করা হবে না। তারা মানত মানবে তা পূরণ করবে না। তাদের দৈহিক হাষ্টপুষ্টতা প্রকাশিত হবে।

[٩٨٦ حَدَّثَنَا عَبْدَانُ عَنْ اَبِيْ حَمْزَةَ عَنِ الْاَعْمَشِ عَنْ ابْرَاهِيْمَ عَنْ عَبِيْدَةَ عَنْ عَبْدِ اللهِ عَنِ النَّبِيِّ عَلَّالِهُ قَالَ خَيْرُ النَّاسِ قَرْنِيْ ثُمَّ الَّذِيْنَ يَلُوْنَهُمْ ثُمَّ الَّذِيْنَ يَلُوْنَهُمْ ثُمَّ يَجِيْءُ مِنْ بَعْدِهِمْ قَوْمٌ تَسْبِقُ شَهَادَتُهُمْ اَيْمَانَهُمْ وَاَمَانُهُمْ شَهَادَتَهُمْ -

কিচ্ছ আবদান (র)...... আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত যে, নবী ক্লিক্ট্র বলেছেন ঃ শ্রেষ্ঠ হল আমার যমানার লোক। তারপর উত্তম হল এদের পরবর্তী যমানার লোক, তারপর উত্তম হল এদের পরবর্তী যমানার লোক, তারপর এমন সব লোকের আবির্ভাব হবে, যাদের সাক্ষ্য তাদের কসমের পূর্বেই হবে, আর তাদের কসম তাদের সাক্ষ্যের পূর্বেই হবে।

آمَهُ حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسْى حَدَّثَنَا وَكَيْعٌ قَالَ حَدَّثَنَا اسْمُعَيْلَ عَنْ قَيْسِ سَمِعْتُ خَبَّابًا وَقَدْ أَكْتُوْى يَوْمَئِذِ سَبِعًا فَى بَطْنِهِ وَقَالَ لَوْ لاَ أَنَّ رَسُوْلَ اللهِ يَرُبُّ نَهَانًا أَنْ نَدْعُوْ بِالْمَوْتِ لَدَعَوْتُ بِالْمَوْتِ إِنْ أَصْحَابَ مُحَمَّدٍ يَرُاكُ مَضَوْ أَوَلَمْ تَنْقُصْهُمُ الدُّنْيَا بِشَىْءٍ وَآنَا أَصَبْنَا مِنَ الدُّنْيَا مَالاً نَجِدْ لَهُ مَوْضِعًا إِلاَّ التُّرَابَ-

কৈচি ৭ ইয়াহ্ইয়া ইব্ন মূসা (র).....কায়স (র) থেকে বর্ণিত। তিনি বলেন, খাব্বাব (রা) সাতবার তার পেটে উত্তপ্ত লোহার দাগ নেওয়ার পর আমি তাঁকে বলতে শুনেছি যে, যদি রাস্লুল্লাহ্ স্কুল্লাই মৃত্যু কামনা করা নিষিদ্ধ না করতেন, তাহলে আমি মৃত্যু কামনা করতাম। নিশ্চয়ই মুহাম্মদ ক্লিট্রেই -এর সাহাবার অনেকেই (দুনিয়ার মোহে পতিত না হয়েই) চলে গিয়েছেন। অথচ দুনিয়া তাঁদের আখিরাতের কোনই ক্ষতিসাধন করতে পারেনি। আর আমরা দুনিয়ার ধনসম্পদ সংগ্রহ করেছি, যার জন্য মাটি ছাড়া আর কোন স্থান পাচ্ছি না।

مَهُ وَانَّا مُحَمَّدُ بِنُ الْمُثَنَّى حَدَّثَنَا يَحْيلى عَنْ اسْمُعِيْلَ قَالَ حَدَّثَنِيْ قَيْسٌ قَالَ التَّنْيَا وَهُوَ يَبْنِيْ حَائِطًا لَهُ فَقَالَ إِنَّ اَصْحَابَنَا الَّذِيْنَ مَضَوْا وَلَمْ تَنْقُصُهُمُ الدُّنْيَا شَيْئًا وَانَّا اَصَبْنَا مِنْ بَعْدِهِمْ شَيْئًا لاَ نَجِدُ لَهُ مَوْضِعًا الاَّ التُّرَابُ –

ক্রিচ্চ মুহাম্মদ ইব্ন মুছান্না (র)....কায়স (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একবার খাব্বাব (রা)-এর কাছে এলাম। তখন তিনি একটা দেয়াল তৈরি করছিলেন। তখন তিনি বললেন, আমাদের যে সাথীরা দুনিয়া থেকে চলে গেছেন, দুনিয়া তাদের কোন ক্ষতি করতে পারেনি। আর আমরা তাদের পর দুনিয়ার ধনসম্পদ সংগ্রহ করেছি, যেগুলোর জন্য আমরা মাটি ছাড়া আর কোন স্থান পাছিছ না।

وَ٩٨٩ حَدَّثَنَا مُحَمَّدُ ابْنَ كَثِيْرٍ عَنْ سَفْيَانَ عَنِ الْاَعْمَشِ عَنْ اَبِيْ وَائِلٍ عَنْ خَبَّابٍ قَالَ هَاجَرْنَا مَعَ رَسَوْلِ اللهِ عَنْ خَبَّابٍ قَالَ هَاجَرْنَا مَعَ رَسَوْلِ اللهِ عَنْ خَبَّابٍ قَالَ

৫৯৮৯ মুহাম্মদ ইব্ন কাসীর (র)......খাব্বাব (রা) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ্ ্রাম্ -এর সাথে হিজরত করেছিলাম।

. ٢٦٩ بَابُ قَوْلِ اللهِ تَعَالَى : يَا أَيُّهَا النَّاسُ إِنَّ وَعْدَ اللَّهِ حَقِّ فَلاَ تَغُرَّنَكُمُ الْحَيَوةِ الدُّنْيَا إِلَى قَوْلِهِ مِنْ اَصْحَابِ السَّعِيْرِ قَالَ اَبُوْ عَبْدُ اللّهِ السَّعِيْرِ جَمْعَهُ سُعُرُّ وَقَالَ مُجَاهِدٌ : اَلْغُرُوْرُ الشَّيْطَانُ

২৬৯০. অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ হে মানুষ! আল্লাহ্র প্রতিশ্রুতি সত্য। সূত্রাং পার্থিব জীবন যেন তোমাদের কিছুতেই প্রতারিত না করে.....যেন জাহান্নামী হয় পর্যন্ত (৩৫ ঃ ৫-৬)।' ইমাম বুখারী বলেন, الْغُرُوْلُ । -এর মানে শয়তান।

কৈ৯০ সা'দ ইব্ন হাফ্স (র).....ইব্ন আবান থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উসমান ইব্ন আফফান (রা)-এর কাছে অযূর পানি নিয়ে এলাম। তখন তিনি মাকায়িদ-এ বসা ছিলেন। তিনি উত্তমরূপে অযূ করলেন। তারপর তিনি বললেন, আমি নবী ক্রিক্রি -কে এ স্থানেই দেখেছি, তিনি উত্তমরূপে অযূ করলেন, এরপর তিনি বললেন, যে ব্যক্তি এ অযূর মতো অযু করবে, তারপর মসজিদে এসে দু'রাকাআত সালাত আদায়

করে সেখানে বসবে, তার অতীতের সব গুনাহ মাফ করে দেওয়া হবে। তিনি বললেন, নবী ক্রান্ত্রী আরও বলেন যে, তোমরা ধোঁকায় পড়ো না। ইমাম বুখারী বলেন, তিনি হুমরান ইব্ন আবান।

٢٦٩١ بَابُ ذَهَابِ الصَّالِحِيْنَ

২৬৯১. অনুচ্ছেদ ঃ নেক্কার লোকদের বিদায় গ্রহণ

٥٩٩١ حَدَّثَنَا يَحْيِى بْنُ حَمَّادٍ قَالَ حَدَّثَنَا اَبُوْ عَوَانَةَ عَنْ بَيَانٍ عَنْ قَيْسِ بْنِ اَبِيْ حَازِمٍ عَنْ مَرْدَاسِ الْاَسْلَمِيِّ قَالَ قَالَ النَّبِيُّ يَنْهَبُ الصَّالِحُوْنَ اَلاَوْلُ فَالاَوْلُ ، وَيَبْقَى حُفَالَةُ كَحُفَالَةِ الشَّعْ يِرِ اَوِ التَّمَرِ لاَ يَبَالِيْهِمُ اللهِ بَالَةُ -

কৈ৯১ ইয়াহ্ইয়া ইব্ন হাম্মাদ (র)..... মিরদাস আসলামী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিমার বলেছেন ঃ নেক্কার লোকেরা ক্রমান্বয়ে চলে যাবেন। আর থেকে যাবে নিকৃষ্টরা—যব অথবা খেজুরের মত লোকজন। আল্লাহ্ তা আলা এদের প্রতি ক্রাম্পেও করবেন না।

٢٦٩٢ بَابُ مَا يُتَّقَى مِنْ فِتْنَةِ الْمَالِ ، وَقَوْلِ اللَّهِ تَعَالَى : اِنَّمَا اَمْوَالُكُمْ وَاَوْلاَدُكُمْ فتْنَةُ

২৬৯২. অনুচ্ছেদ ঃ ধন-সম্পদের পরীক্ষা থেকে বেঁচে থাকা সম্পর্কে। এ প্রসঙ্গে আল্লাহ্ তা'আলার বাণী ঃ তোমাদের ধনসম্পদ ও সন্তান-সন্ততি পরীক্ষা (৮ ঃ ২৮)

[٥٩٩٢ حَدَّثَنِيْ يَحْيِنَى بْنُ يُوْسُفَ قَالَ حَدَّثَنَا اَبُوْ بَكْرٍ عَنْ اَبِيْ حَصِيْنٍ عَنْ اَبِيْ صَالِحٍ عَنْ اَبِيْ صَالِحٍ عَنْ اَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَلَّ تَعِسَ عَبْدُ الدِّيْنَارِ وَالدِّرْهُم وَالْقَطِيْفَةِ وَالْخَمِيْصَةِ إِنْ الْعُطِيَ رَضِيَ ، وَإِنْ لَمْ يُعْطَ لَمْ يَرْضَ-

৫৯৯২ ইয়াহ্ইয়া ইব্ন ইউসুফ (র)...... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিন্ত্রীর বলেছেন ঃ দীনার, দিরহাম, রেশমী চাদর (শাল), পশমী কাপড়ের (চাদর) গোলামরা ধ্বংস হোক। যাদের এসব দেয়া হলে সভুষ্ট থাকে আর দেয়া না হলে অসভুষ্ট হয়।

কে৯৩ আবৃ আসিম (র)...... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন যে, আমি নবী क्ष्मि -কে বলতে শুনেছি, যদি আদম সন্তানের দু'টি উপত্যকাপূর্ণ ধনসম্পদ থাকে তবুও সে তৃতীয়টার আকাজ্ফা করবে। আর মাটি ছাড়া লোভী আদম সন্তানের পেট ভরবে না। অবশ্য যে ব্যক্তি তওবা করবে, আল্লাহ্ তা'আলা তার তওবা কর্ল করবেন।

[٩٩٤ حَدُّ ثَنا مُحَمَّدُ قَالَ اَخْبَرَنَا مُخْلَدُ قَالَ اَخْبَرَنَا ابْنُ جَرَيْجِ قَالَ سَمِعْتُ عَطَاءً يَقُولُ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ يَقُولُ سَمِعْتُ نَبِى اللهِ اللهِ اللهِ عَلَيْكُ يَقُولُ لَوْ اَنَ لاَبْنِ أَدَمَ مِثْلَ وَادٍ مَا لاَ حَبُّ اَنَّ لَهُ اللهِ عَبْنَ ابْنِ أَدَمَ اللهِ عَلَيْ اللهِ عَلَى مَنْ تَابَ ، وَيَتُوبُ الله عَلَى مَنْ تَابَ ، فَلَا عَبْنَ ابْنِ أَدُمَ الله التُّرَابُ ، وَيَتُوبُ الله عَلَى مَنْ تَابَ ، قَالَ النَّهُ عَلَى مَنْ تَابَ ، قَالَ الله عَبْسَ الله عَلَى مَنْ تَابَ ، فَالَ الله عَبْسُ الله عَلَى الْمَنْبَرِ عَلَى الْمَنْبَرِ عَلَى الله عَلَى الم

কি৯৪ মহামদ (র) ইব্ন আব্বাস (রা) বলেন। আমি নবী ক্র্ম্ট্রের -কে বলতে শুনেছি যে, তিনি বলেন ঃ বনী আদমের জন্য যদি এক উপত্যকা পরিমাণ ধনসম্পদ থাকে, তা হলে সে আরও ধন অর্জনের জন্য লালায়িত থাকবে। বনী আদমের লোভী চোখ মাটি ছাড়া আর কিছুই তৃপ্ত করতে পারবে না। তবে যে তওবা করবে আল্লাহ্ তা আলা তার তওবা কবৃল করবেন। ইব্ন আব্বাস বলেন, সুতরাং আমি জানি না—এটি কুরআনের অন্তর্ভুক্ত কিনা। তিনি বলেন, আমি ইব্নুয্ যুবায়রকে বলতে শুনেছি—এটি মিম্বরের উপরের (বর্ণনা)।

0٩٩٥ حَدَّثَنَا اَبُوْ نُعَيْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمُنُ بْنُ سُلَيْمَانَ بْنِ الْغَسِيْلِ عَنْ عَبَّاسِ بْنِ سَهْلِ بْنِ سَعْد قَالَ سَمَعْتُ ابْنَ الزُّبَيْرِ عَلَى الْمَنْبَرِ مَكَّةَ فَىْ خُطْبَتِه يَقُولُ : يَااَيُّهَا النَّاسُ انَّ النَّبِيِّ كَانَ يَقُولُ لَوْ اَنَّ ابْنَ اٰدَمَ اُعْطِى وَادِيًّا مُلِى مِنْ ذَهَبِ اَحَبَّ الَيْهِ تَانِيًّا وَلَا يَسُدُّ جَوْفَ ابْنِ اٰدَمَ اللَّهُ الْمَا اللَّهُ الْمُ اللَّهُ الْمَا اللَّهُ الْمُنْ الْمُ الْمُ اللَّهُ الْمُعْسِيلِ عَنْ اللَّهُ الْمُ اللَّهُ الْمُ الْمُ الْمُ الْمُ الْمُنْ الْمُ الْمُ الْمُ الْمُنْ الْمُ الْمُنْ الْمُ الْمُلْمُ الْمُ الْمُ الْمُ الْمُ الْمُنْ الْمُ الْمُلْمُ الْمُ

কৈচিক আবৃ নুয়াইম (র).....আব্বাস ইব্ন সাহল ইব্ন সা'দ (রা) থেকে বর্ণনা করেন। আমি ইব্নুয্
যুবায়র (রা)-কে মক্কায় মিম্বারের উপর তার খুত্বার মধ্যে বলতে শুনেছি। তিনি বলছেন ঃ হে লোকেরা! নবী
প্রায়ই বলতেন যে, যদি আদম সন্তানকে স্বর্ণে পরিপূর্ণ একটা উপত্যকা মাল দেয়া হয়, তথাপিও সে এ
রকম দ্বিতীয়টার জন্য আকাঞ্জ্ঞিত হয়ে থাকবে। আর তাকে এরকম দ্বিতীয়টা যদি দেয়া হয়, তাহলে সে
তৃতীয় আরও একটার জন্য আকাঞ্জ্ঞা করতে থাকবে। মানুষের পেট মাটি ছাড়া কিছুই ভরতে পারে না। তবে
যে ব্যক্তি তওবা করে, আল্লাহ্ তা'আলা তার তওবা কবূল করেন।

[٩٩٦] حَدَّثَنَا عَبْدُ الْعَزِيْزِ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنَا ابْرَاهِيْمُ بْنُ سَعْدٍ عَنْ صَالِحِ عَنْ ابْنِ شَهَابٍ قَالَ اَخْبَرَنِيْ اَنَسُ بْنُ مَالِكِ اَنَّ رَسُوْلَ اللَّهِ عَلَيْهُ قَالَ لَوْ اَنَّ لَابْنِ أَدَمَ وَاديًا مِنْ ذَهَب اَحْب اَنْ يَكُوْنَ لَهُ وَاديًانِ وَلَنْ يَمْلاَ فَاهُ اللَّا التُّرَابُ وَيَتُوبُ اللَّهُ عَلَى مَنْ تَابِت عِنْ اَنس عِنْ اَبَي بْنِ تَابِ وَقَالَ لَنَا اَبْوَ الْوَلَيْدِ حَدَّتُنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِت عِنْ اَنس عِنْ اُبَي بْنِ الكَعْبِ قَالَ كُنّا نَرَى هَذَا مِنَ الْقُرْانِ حَتَّى نَزَلَتْ الْهَلَكُمُ التَّكَانُرُ -

৫৯৯৬ আবদুল আযীয ইব্ন আবদুল্লাহ্ (র)......আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ বলেন ঃ যদি আদম সন্তানের স্বর্ণপরিপূর্ণ একটা উপত্যকা থাকে, তথাপি সে তার জন্য দু'টি উপত্যকার কামনা করবে। তার মুখ একমাত্র মাটি ছাড়া অন্য কিছুই ভরতে পারবে না। অবশ্য যে ব্যক্তি তওবা করে, আল্লাহ্ তা'আলা তার তাওবা কবৃল করেন। অন্য এক সূত্রে আনাস (রা) উবাই ইব্ন কা'ব (রা) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, আমাদের ধারণা ছিল যে, সম্ভবত এ কুরআনেরই আয়াত। অবশেষে (সূরায়ে তাকাসুর) নাযিল হলো।

२९९७ بَابُ قَوْلِ النَّبِيِّ وَلَيْنَ الْمَالُ خَضِرَةٌ حُلُوةٌ ، وَقَالَ اللَّهُ تَعَالَى زُيِّنَ لِلنَّاسِ حُبُّ الشَّهُوَاتِ مِنَ النَّسِاءِ وَالْبَنِيْنَ الْي قَوْلَه مَتَاعُ الْحَيَوةِ الدُّنْيَا ، قَالَ عُمَرُ اللَّهُمُّ انَّى الشَّهُوَاتِ مِنَ النَّسُعُ اللَّهُمُ انَى اللَّهُمُ انَى السَّالُكَ اَنْ النَّفقَهُ فَي حَقِهِ لِنَّا لَا نَسْتَطِيْعُ الاَّ اللَّهُمُ انَى السَّالُكَ اَنْ النَّفقَهُ فَي حَقِه وَاللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُ اللَّهُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُ اللَّهُمُ اللَّهُ اللَّهُ اللَّهُمُ اللَّهُ اللَّ

وَهُ وَسَعِيْدُ بِنُ الْمُسَيِّبِ عَنْ حَكِيْم بِنِ حِزَام قَالَ سَمَعْتُ الزَّهْرِيِّ يَقُولُ اَخْبَرَنِي عُرْوَةُ وَسَعِيْدُ بِنُ الْمُسَيِّبِ عَنْ حَكِيْم بِنِ حِزَام قَالَ سَالَتُ النَّبِيَّ أَلَيْ فَاعْطَانِيْ ثُمَّ سَالْتُهُ فَاعْطَانِيْ ، ثُمَّ قَالَ هَذَا الْمَالُ وَرُبَّمَا قَالَ سَفْيَانُ قَالَ لِي سَالْتُهُ فَاعْطَانِيْ ، ثُمَّ قَالَ هَذَا الْمَالُ وَرُبَّمَا قَالَ سَفْيَانُ قَالَ لِي سَالْتُهُ فَاعْطَانِيْ ، ثُمَّ سَالْتُهُ فَاعْطَانِيْ ، ثُمَّ قَالَ هَذَا الْمَالُ وَرُبَّمَا قَالَ سَفْيَانُ قَالَ لِي سَالْتُهُ فَاعْطَانِيْ ، وَمَنْ اَخَذَهُ بِطِيْبِ نَفْسٍ بُورِكَ لَهُ فيه ، وَمَنْ اَخَذَهُ بِطِيْبِ نَفْسٍ بُورِكَ لَهُ فيه ، وَمَنْ اَخَذَهُ بِطِيْبِ نَفْسٍ بُورِكَ لَهُ فيه ، وَكَانَ كَالَّذِيْ يَاكُلُ وَلاَ يَشْبَعُ ، وَالْيَدُ الْعُلْيَا خَيْرٌ مِنَ الْيَد السَّفْلَى ...

কে৯৭ আলী ইব্ন আবদুল্লাহ্ (র) হাকীম ইব্ন হিযাম (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী ক্রিট্রা -এর কাছে মাল চাইলাম। তিনি আমাকে দিলেন। এরপর আমি আবার চাইলাম। তিনি আমাকে দিলেন। এরপর আমি আবার চাইলাম। তিনি আমাকে দিলেন। এরপর বললেন ঃ এই ধন-সম্পদ সুফ্য়ানের বর্ণনামতে নবী ক্রিট্রা বললেন ঃ হে হাকীম! অবশ্যই এই মাল শ্যামল-সবুজ ও সুমিষ্ট। যে ব্যক্তি তা সন্তুষ্টচিত্তে গ্রহণ করবে, তার জন্য এটাকে বরকতময় করে দেওয়া হবে। আর যে ব্যক্তি তা লোভ সহকারে নেবে, তার জন্য তাতে বরকত দেওয়া হবে না। বরং সে ঐ ব্যক্তির ন্যায় যে খায়, কিন্তু পেট ভরে না। আর (জেনে রেখো) উপরের (দাতার) হাত নিচের (গ্রহীতার) হাত থেকে শ্রেষ্ঠ।

٢٦٩٤ بَابُ مَا قَدُّمُ مِنْ مَالِهِ فَهُوَ لَهُ

مَوهِ حَدَّثَنِيْ عَمْرُو بْنُ حَفْصٍ قَالَ حَدَّثَنَا أَبِيْ قَالَ حَدَّثَنَا الْاَعْمَشُ حَدَّثَنِيْ ابْرَاهِيْمُ التَّيْمِيُّ عَنِ الْحَارِثِ بْنِ سُويْدٍ قَالَ عَبْدُ اللهِ قَالَ المنَّبِيُّ يَرُّكُمْ مَالُ وَارِثِهِ اَحَبُّ اللهِ اللهِ مَنْ مَالِهِ قَالُواْ يَا رَسُولُ اللهِ مَا مِنَّا اَحَدُ الاَّ مَالُهُ اَحَبُّ الِيهِ ، قَالَ فَانَ مَالَهُ مَا قَدَّمَ وَمَالُ وَارِثِهِ مَا اَخْرَ –

কি৯৮ আমর ইব্ন হাফ্স (র) আবদুল্লাহ্ (রা) বর্ণনা করেন। নবী ক্রাট্রার্ট্র লোকদের প্রশ্ন করলেন, তোমাদের মধ্যে এমন ব্যক্তি কে, যে নিজের সম্পদের চেয়ে তার উত্তরাধিকারীর সম্পদকে বেশি প্রিয় মনে করে? তারা সবাই জবাব দিলেন, ইয়া রাসূলাল্লাহ! আমাদের মধ্যে সবাই তার নিজের সম্পদকে সবচাইতে বেশি প্রিয় মনে করি। তখন তিনি বললেন ঃ নিশ্চয়ই মানুষের নিজের সম্পদ তা-ই, যা সে আগে পাঠিয়েছে। আর পিছনে যা ছেড়ে যাবে তা ওয়ারিছের মাল।

٣٦٩٥ بَابُ الْمُكْثِرُوْنَ هُمُ الْاَقَلُوْنَ وَقَوْلِهِ تَعَالَى : مَنْ كَانَ يُرِيْدُ الْحَيْوةِ الدُّنْيَا وَزِيْنَتُهَا اللهِ قَوْلِهِ مَا كَانُوا يَعْمَلُوْنَ

২৬৯৫. অনুচ্ছেদ ঃ প্রাচুর্যের অধিকারীরাই স্বল্পাধিকারী। এ প্রসঙ্গে মহান আল্লাহ্র বাণী ঃ যদি কেউ পার্থিব জীবন ও তার চাকচিক্য কামনা করে এবং তারা যা করে থাকে (১১ ঃ ১৫-১৬)

وَهُهِ عَنْ أَبِي ذَرّ قَالَ خَرَجْتُ لَيْلَةً مِنَ اللَّيَالِي فَاذَا رَسُولُ اللَّهِ عَنْ رَيْدِ بِنْ رَفَيْعِ عَنْ رَيْدِ بِنْ وَهُبِ عَنْ أَبِي ذَرّ قَالَ خَرَجْتُ لَيْلَةً مِنَ اللَّيَالِي فَاذَا رَسُولُ اللَّهِ عَلَّتُ اَمْشَى وَحْدَهُ وَلَيْسَ مَعَهُ انْسَانُ قَالَ فَظَنَنْتُ اَنَّهُ يَكُرَهُ أَنْ يَمْشَى مَعَهُ اَحَدُ قَالَ فَجَعَلْتُ اَمْشَى فِي طَلِّ الْقَمَرِ فَالْتَقَتَ فَرَانِي ، فَقَالَ مَنْ هٰذَا ؟ قُلْتُ اَبُوْ ذَرِّ جَعَلَنِي اللَّهُ فَدَاءَ كَ قَالَ يَا ظُلِّ الْقَمَرِ فَالْتُهُ فَمَشَيْتُ مَعَهُ سَاعَةً فَقَالَ انَّ الْمُكْثرِيْنَ هُمُ الْمُقَاوُنَ يَوْمَ الْقَيَامَةِ الأَمْنَ اللَّهُ خَيْرًا فَنَفَحَ فِيهِ يَمِيْنَهُ وَسَمَالَهُ وَبَيْنَ يَدَيْهِ وَوَرَاءَهُ وَعَمِلَ فِيهِ خَيْرًا قَالَ اللَّهُ خَيْرًا قَالَ لَي اجْلِسْ هَاهُنَا حَتَّى الرَّجِعَ اللَيْكَ ، قَالَ فَانْظَلَقَ فِي الْحَرَّةِ حَتَّى لاَ ارَاهُ فَلَبِثَ عَنِي الْعَلَى الْكُهُ وَبَيْنَ يَدَيْهِ وَوَرَاءَهُ وَعَمِلَ فَيْهِ حَيْرًا قَالَ لَي اجْلِسْ هَاهُنَا حَتَّى الرَّجِعَ اللَيْكَ ، قَالَ فَانْطَلَقَ فِي الْحَرَّةِ حَتَّى لاَ ارَاهُ فَلَيْتُ عَنِي فَا اللهُ اللهُ هُ مَا اللهُ عَلَيْ اللهُ عَلَى اللهُ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَلَى اللهُ عَلَيْ اللهُ عَلَى اللّهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللّهُ عَرَاءَ كَا مَنْ تَكَلّمُ فِي جَانِهِ فَيَا اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَرَقَلَ الْعَلَى الْكُهُ عَلَى اللّهُ عَرَقُلَ الْعَبَى الْعُولَ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَرَقَلَ الْجَمَّ الْعَلَى الْمُعَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللهُ عَرَقَلَ الْجَمَّ الْمُ عَلَى الْمُ اللهُ عَلَى اللّهُ عَرَقَلَ الْجَمِّ الْعَلَى الْمُعَلَى الْمُعَلَى الْمُعَلَى اللّهُ عَرَقَلَ الْجَمَلَ الْمَعَلَى الْمُ الْعَلَى اللّهُ عَلَى الْمُعَلَى الْمُعَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى الْمُعَلَى اللّهُ عَلَى اللّهُ اللهُ اللهُ عَلَى اللّهُ عَلَى

ু কে৯৯১ কুতায়বা ইব্ন সাঈদ (র) আবূ যার (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাতে আমি একবার বের হলাম। তখন নবী क्षामा -কে একাকী চলতে দেখলাম, তাঁর সঙ্গে কোন লোক ছিল না। আমি মনে করলাম, তাঁর সঙ্গে কেউ চলুক হয়ত তিনি তা অপসন্দ করবেন। তাই আমি চাঁদের ছায়াতে তাঁর পেছনে পেছনে চলতে লাগলাম। তিনি পেছনের দিকে তাকিয়ে আমাকে দেখে ফেললেন। তিনি জিজ্ঞাসা করলেন, এ কে? আমি বললাম, আমি আবৃ যার। আল্লাহ্ তা'আলা আমাকে আপনার জন্য উৎসর্গিত করুন। তিনি বললেন ঃ ওহে আবৃ যার, এসো। আমি তাঁর সঙ্গে কিছুক্ষণ চললাম। তারপর তিনি বললেন ঃ প্রাচুর্যের অধিকারীরাই কিয়ামতের দিন স্বল্পাধিকারী হবে। অবশ্য যাদের আল্লাহ্ সম্পদ দান করেন এবং তারা সম্পদকে তা ডানে, বামে, আগে ও পেছনে ব্যয় করে। আর মঙ্গলজনক কাজে তা লাগায়, (তারা ব্যতীত)। তারপর আমি আরও কিছুক্ষণ তাঁর সঙ্গে চলার পর তিনি আমাকে বললেন ঃ তুমি এখানে বসে থাক। (এ কথা বলে) তিনি আমাকে চতুর্দিকে প্রস্তরঘেরা একটি খোলা জায়গায় বসিয়ে দিয়ে বললেন ঃ আমি ফিরে না আসা পর্যন্ত তুমি এখানেই বসে থেকো। তিনি বলেন, এরপর তিনি প্রস্তরময় প্রাস্তরের দিকে চলে গেলেন। এমন কি তিনি আমার দৃষ্টির অগোচরে চলে গেলেন। এবং বেশ কিছুক্ষণ অতিবাহিত হয়ে গেল। অতঃপর তিনি ফিরে আসার সময় আমি তাঁকে বলতে শুনলাম, যদিও সে চুরি করে, যদিও সে যিনা করে। তারপর তিনি যখন ফিরে এলেন, তখন আমি আর ধৈর্য ধারণ করতে না পেরে তাঁকে জিজ্ঞাসা করতে বাধ্য হলাম যে, ইয়া রাস্লাল্লাহ্! আল্লাহ্ আমাকে আপনার প্রতি কুরবান করুন। আপনি এই প্রস্তর প্রান্তরে কার সাথে কথা বললেন? কাউকে তো আপনার কথার উত্তর দিতে শুনলাম না। তখন ভিনি বললেন ঃ তিনি ছিলেন জিবরাঈল (আ)। তিনি এই কংকরময় প্রান্তরে আমার কাছে এসেছিলেন। তিনি বললেন, আপনি আপনার উন্মাতদের সুসংবাদ দেবেন যে, যে ব্যক্তি আল্লাহ্র সঙ্গে কাউকে শরীক না করে মারা যাবে, সে জান্নাতে প্রবেশ করবে। আমি জিজ্ঞাসা করলাম, ওহে জিবরাঈল! যদিও সে চুরি করে, আর যদিও সে যিনা করে? তিনি বললেন, হাা। আমি বললামঃ যদিও সে চুরি করে আর যিনা করে? তিনি বললেনে, হাঁ। আবার আমি বললাম ঃ যদিও সে চুরি করে আর যিনা করে? তিনি বললেন, হ্যা। যদি সে শরাবও পান করে। নযর (র) আবৃদ্দারদা (রা) থেকে অনুরূপ বর্ণনা করেছেন। আবৃদ্দারদা থেকে আবৃ সালিহের বর্ণনা মুরসাল, যা সহীহ নয়। আমরা পরিচয়ের জন্য

এনেছি। ইমাম বুখারী (র) বলেন, তবে এ সুসংবাদ এ অবস্থায় দেওয়া হয়েছে, যদি সে তওবা করে আর মৃত্যুকালে 'লা-ইলাহা ইল্লাল্লাহ্' বলে।

٢٦٩٦ بَابُ قَوْلِ النَّبِيِّ يَلْ مَاأُحِبُّ أَنَّ لِي أُحُدًا ذَهَبًا

ড০০০ আল হাসন ইব্নুর রাবী (র)..... যায়দ ইব্ন ওহাব (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আবৃ যার (রা) বলেন, একবার আমি নবী ক্রাট্রাল্র -এর সঙ্গে মদীনার কংকরময় প্রান্তরে হেঁটে চলছিলাম। ইতোমধ্যে উহুদ আমাদের সামনে এল। তখন তিনি বললেন ঃ হে আবৃ যার! আমি বললাম, লাব্বাইকা, ইয়া রাস্লাল্লাহ্! তিনি বললেন ঃ আমার নিকট এ উহুদ পরিমাণ সোনা হোক, আর তা ঋণ পরিশোধ করার উদ্দেশ্যে রেখে দেওয়া ব্যতীত একটি দীনারও তা থেকে আমার কাছে জমা থাকুক আর এ অবস্থায় তিন দিন অতিবাহিত হোক তা আমাকে আনন্দিত করবে না। তবে যদি আমি তা আল্লাহ্র বান্দাদের মধ্যে এভাবে তাকে ডান দিকে, বাম দিকে ও পেছনের দিকে বিতরণ করে দেই তা স্বতন্ত্র। এরপর তিনি চললেন। কিছুক্ষণ পর আবার বললেন ঃ জেনে রেখা, প্রাচুর্যের অধিকারীরাই কিয়ামতের দিন স্ক্লাধিকারী হবে। অবশ্য যারা এভাবে, এভাবে, এভাবে ডানে, বামে ও পেছনে ব্যয়় করবে, তারা এর ব্যতিক্রম। কিল্প এরকম লোক অতি অল্পই। তারপর আমাকে বললেন ঃ তুমি এখানে থাক। আমি ফিরে না আসা পর্যন্ত এখানেই অবস্থান করো। অতঃপর তিনি রাতের অন্ধকারে চলে গেলেন। এমনকি অদৃশ্য হয়ে গেলেন। এরপর আমি একটা উচ্চ শব্দ শুনলাম। এতে আমি শংকিত হয়ে পড়লাম যে, সম্ভবত তিনি কোন শক্রের সম্মুখীন হয়েছেন। এজন্য আমি তাঁর কাছেই যেতে

চাইলাম। কিন্তু তখনই আমার স্বরণ হলো যে, তিনি আমাকে বলে গিয়েছেন যে, আমি না আসা পর্যন্ত তুমি আর কোথাও যেয়ো না। তাই আমি সেদিকে আর গেলাম না। ইতোমধ্যে তিনি ফিরে এলেন। তখন আমি বললাম, ইয়া রাস্লাল্লাহ্! আমি একটা শব্দ শুনে তো শংকিত হয়ে পড়ছিলাম। বাকী ঘটনা বর্ণনা করলাম। তিনি জিজ্ঞাসা করলেন ঃ তুমি কি শব্দ শুনেছ? আমি বললাম, হ্যা। তিনি বললেন ঃ ইনি জিবরাঈল (আ)। তিনি আমার কাছে এসে বললেন ঃ আপনার উন্মাতের কেউ যদি আল্লাহ্র সঙ্গে কাউকে শরীক না করা অবস্থায় মৃত্যুবরণ করে, তবে সে জানাতে দাখিল হবে। আমি তাঁকে জিজ্ঞাসা করলাম, যদি সে যিনা করে এবং যদি সে চুরি করে। তিনি বললেন ঃ যদিও সে যিনা করে এবং যদিও চুরি করে।

آ . . آ حَدَّتَنِيْ اَحْمَدُ بْنُ شُبِيْبٍ قَالَ حَدَّتَنَا اَبِيْ عَنْ يُونُسَ ، وَقَالَ اللَّيْثُ حَدَّتَنِيْ يُونُسَ عَنْ اللَّهِ الْنِ عَنْ يُونُسَ ، وَقَالَ اللَّيْثُ حَدَّتَنِيْ يُونُسَ عَنْ ابْنِ عَنْ عَبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ ابْنِ عَتْبَةَ قَالَ اَبُوْ هُرَيْرَةَ قَالَ رَبُونُ هُرَيْرَةَ قَالَ رَسُولُ اللَّهِ يَرْبُكُ لَوْ تَمُرُّ عَلَى ثَلَاثُ لَيَالٍ وَعِنْدِيْ مِنْهُ شَيْءً اللَّهُ عَلَى ثَلَاثُ لَيَالٍ وَعِنْدِيْ مِنْهُ شَيْءً اللَّهُ عَلَى ثَلَاثُ لَيَالٍ وَعِنْدِيْ

৬০০১ আহমাদ ইব্ন শাবীব (র) আবৃ হুরায়রা (রা) বলেন, রাসূলুল্লাহ্ ক্লিক্ট্রেবলেন ঃ আমার জন্য উহুদের সমতুল্য স্বর্ণ যদি হয় আর এর কিয়দংশও তিনদিন অতীত হওয়ার পর আমার কাছে থাকবে না— তাতেই আমি সুখী হবো। তবে যদি ঋণ পরিশোধের জন্য হয় (তা ব্যতিক্রম)

٢٦٩٧ بَابُ ٱلْغِنَى غِنَى النَّفْسِ ، وَقَوْلُهِ : آيَحْسَبُوْنَ آنَّ مَانُمِذُهُمُّ بِهِ مِنْ مَالٍ وَبَنِيْنَ ، إلى قَوْلِهٖ عَامِلُوْنَ ، قَالَ ابْنُ عُيَيْنَةَ لَمْ يَعْمَلُوْهَا لاَ بُدُّ مِنْ آنْ يَعْمَلُوْهَا-

২৬৯৭. অনুচ্ছেদ ঃ প্রকৃত ঐশ্বর্য হলো অন্তরের ঐশ্বর্য। আল্লাহ্ তা'আলার বাণী ঃ তারা কি ধারণা করছে যে, আমি তাদেরকে যেসব ধন-সম্পদ ও সন্তানাদি দান করছি করে যাচ্ছে, পর্যন্ত

الْغِنَى غِنَى النَّفْسِ - النَّبِيِّ النَّبِيِّ عَلَيْ اللَّهِ عَنْ الْغِنْى عَنْ كَثِرةِ الْعَرَضِ ، وَلُكِنَ مَا الْغِنْى عَنْ كَثِرةِ الْعَرَضِ ، وَلُكِنَّ مَا الْغِنْى عَنْ كَثِرةِ الْعَرَضِ ، وَلُكِنَّ الْغِنَى غِنَى النَّفْسِ -

৬০০২ আহমাদ ইব্ন ইউনুস (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। নবী ক্র্রীট্র বলেছেন ঃ বৈষয়িক প্রাচুর্য ঐশ্বর্য নয় বরং প্রকৃত ঐশ্বর্য হল অন্তরের ঐশ্বর্য।

٢٦٩٨ بَاِبُ فَضْلُ ِ الْفَقْرِ

২৬৯৮. অনুচ্ছেদ ঃ দরিদ্রতার ফ্যীলত

مَدَّتَنَا اسْمُعِیْلُ قَالَ حَدَّثَنِیْ عَبْدُ الْعَزِیْزِ بْنُ اَبِیْ حَازِمٍ عَنْ اَبِیْهِ عَنْ سَهْلِ بْنِ سَعْدِ السَّاعِدِیْ اَنَّهُ قَالَ مَرَّ رَجُلُ عَلَی رَسُوْلِ اللَّهِ عَرِّفً فَقَالَ لِرَجُلٍ عِنْدَهُ جَالِسٌ مَا رَاَيْكَ فِيْ هَذَا ؟ فَقَالَ رَجُلُ مِنْ اَشْرَافِ النَّاسِ ، هَذَا وَاللَّهِ حَرِيٌّ اِنْ خَطَبَ اَنْ يُنْكَحَ ، وَانْ شَفَعَ اَنْ يُشَفَّعَ ، قَالَ فَسَكَتَ رَسُوْلُ اللَّهِ وَلَيْ ثُمَّ مَرَّ رَجُلُ فَقَالَ لَهُ رَسُوْلُ اللَّهِ وَلَيْ اللَّهِ وَانْ شَفَعَ اَنْ يُشَفَّعَ ، وَانْ قَالَ اللهِ هَذَا رَجُلٌ مِنْ فُقَرَاءِ الْمُسْلِمِيْنَ ، هَذَا حَرِيَّ اِنْ خَطَبَ اَنْ لاَيُسْمَعَ لِقَوْلهِ فَقَالَ رَسُولُ خَطَبَ اَنْ لاَيُسْمَعَ لِقَوْلهِ فَقَالَ رَسُولُ اللهِ هَذَا رَجُلُ مِنْ فُقَرَاءِ الْمُسْلِمِيْنَ ، هَذَا حَرِيَّ اِنْ خَطَبَ اَنْ لاَيُسْمَعَ لِقَوْلهِ فَقَالَ رَسُولُ خَطَبَ اَنْ لاَيُسْمَعَ لِقَوْلهِ فَقَالَ رَسُولُ اللهِ هَذَا -

ডি০০০ ইসমাঈল (র)...... সাহল ইব্ন সা'দ সাঈদী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি রাস্লুল্লাহ্ ক্রিল্লাই -এর পাশ দিয়ে গেলেন তখন তিনি তার কাছে বসা একজনকে জিজ্ঞেস করলেন, এ ব্যক্তি সম্পর্কে তোমার মন্তব্য কি? তিনি বললেন, এ ব্যক্তি তো একজন সম্ভ্রান্ত পরিবারের লোক। আল্লাহ্র কসম! তিনি এমন মর্যাদাবান যে কোথাও বিয়ের প্রস্তাব দিলে তা গ্রহণযোগ্য। আর কারো জন্য সুপারিশ করলে তা গ্রহণযোগ্য। তখন রাস্লুল্লাহ্ ক্রিল্লাই নীরব থাকলেন। কিছুক্ষণের মধ্যেই আরেক ব্যক্তি নবী ক্রিল্লাই -এর পাশ দিয়ে গেলেন। তখন রাস্লুল্লাহ্ ক্রিলাই বসা লোকটিকে জিজ্ঞাসা করলেন, এ ব্যক্তি সম্বন্ধে তোমার অভিমত কি? তিনি বললেন ঃ ইয়া রাস্লাল্লাহ্। এ ব্যক্তি তো এক গরীব মুসলমান। এ এমন ব্যক্তি যে, যদি সে বিয়ের প্রস্তাব দেয়, তা গ্রহণযোগ্য হবে না। আর সে যদি কারো সুপারিশ করে, তবে তা কবলও হবে না। এবং যদি সে কোন কথা বলে, তবে তা শোনার যোগ্য হয় না। তখন রাস্লুল্লাহ্ ক্রিলাই বললেন ঃ এ দুনিয়া ভরা আগের ব্যক্তি থেকে এ ব্যক্তি উত্তম।

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَدَّثَنَا الْاَعْمَشُ قَالَ سَمِعْتُ اَبًا وَائِلً قَالَ عُدُنَا خَبَّابًا فَقَالَ هَاجَرْنَا مَعَ النَّبِيِّ وَبُهُ اللهِ ، فَوَقَعَ اَجْرُنَا عَلَى اللهِ فَالَّ عَدُنَا خَبَّابًا فَقَالَ هَاجُرْنَا مَعَ النَّبِيِّ وَبُهُ اللهِ ، فَوَقَعَ اَجْرُنَا عَلَى اللهِ فَمَنَّا مَنْ مَضٰى لَمَّ يَاْخُذُ مِنْ اَجْرِهِ شَيْئًا مِنْهُمْ : مُصْعَبُ بْنُ عُمَيْرٍ قُتِلَ يَوْمَ اُحُدٍ وَتَرَكَ فَمَنَّا مَنْ مَضٰى لَمَّ يَاْخُذُ مِنْ اَجْرِهِ شَيْئًا مِنْهُمْ : مُصْعَبُ بْنُ عُمَيْرٍ قُتِلَ يَوْمَ الْحُدِ وَتَرَكَ نَمرَةً فَاذَا غَطَيْنَا رَاسَهُ بَدَت رَجُلاَهُ ، وَإِذَا غَطَيْنَا رِجْلَيْهِ بَدَا رَاسَهُ ، فَامَرَنَا النَّبِيُّ نَمرَةً فَاذَا غَطِينَا رَاسَهُ وَنَجْعَلَ عَلَى رِجْلَيْهِ مِنَ الْإِذْخِرِ ، وَمِنَّا مَنْ اَيْنَعَتْ لَهُ ثَمَرَتُهُ فَهُو مَنْ الْإِذْخِرِ ، وَمِنَّا مَنْ اَيْنَعَتْ لَهُ ثَمَرَتُهُ فَهُو مَنْ الْإِذْخِرِ ، وَمِنَّا مَنْ اَيْنَعَتْ لَهُ ثَمَرَتُهُ فَهُو مَنْ الْإِذْخِرِ ، وَمِنَّا مَنْ اَيْنَعَتْ لَهُ ثَمَرَتُهُ فَهُو اللهَ اللهُ اللهِ اللهُ اللهِ الْمُنْ اللهُ الْمُنْ اللهُ الْمُنْ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ

৬০০৪ আল হুমায়দী (র)..... আবৃ ওয়াহিল (র) বর্ণনা করেন। একবার আমরা খাববাব (রা)-এর সুশ্রাষায় গেলাম। তখন তিনি বললেন ঃ আমরা আল্লাহ্র সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে নবী ক্রিট্রাই -এর সঙ্গে (মদীনায়) হিজরত করেছি; যার সাওয়াব আল্লাহ্র কাছেই আমাদের প্রাপ্য। এরপর আমাদের মধ্যে কেউ কেউ এ সাওয়াব দুনিয়াতে লাভ করার আগেই বিদায় নিয়েছেন। তন্মধ্যে মুস্আব ইব্ন উমায়র (রা), তিনি তো উহুদের যুদ্ধে শহীদ হন। তিনি শুধু একখানা চাদর রেখে যান। আমরা কাফনের জন্য এটা দিয়ে তাঁর মাথা ঢাকলে পা বেরিয়ে যেত এবং পা ঢাকলে মাথা বেরিয়ে পড়তো। নবী ক্রিট্রাই আমাদের নির্দেশ দিলেন যে, তা দিয়ে মাথাটা ঢেকে দাও এবং পায়ের উপর কিছু 'ইয্খির' ঘাস বিছিয়ে দাও। আর আমাদের মধ্যে এমনও অনেক রয়েছেন, যাঁদের ফল পাকছে এবং তারা তা সরবরাহ করছেন।

مَّرَانَ ابُو الْوَلِيْدِ قَالَ حَدَّثَنَا سَلْمُ بْنُ زَرِيْرٍ قَالَ حَدَّثَنَا اَبُوْ رَجَاءٍ عَنْ عِمْرَانَ بَنُ حُصَيْنٍ عَنِ النَّبِيِّ عَنِ النَّبِيِّ عَنِ النَّبِيِّ قَالَ الطَّلَعْتُ فِي الْجَنَّةِ فَرَايَّتُ اَكْثَرَ اَهْلِهَا الْفُقَرَاءَ وَاطَّلَعْتُ فِي الْجَنَّةِ فَرَايَّتُ اَكْثَرَ اَهْلِهَا الْفُقَرَاءَ وَاطَّلَعْتُ فِي النَّارِ فَرَايَّتُ اَكْثَرَ اَهْلِهَا النِّسَاءَ. تَابَعَهُ اَيُّوْبُ وَعَوْفُ وَقَالَ صَخْرٌ وَاطَّلَعْتُ فِي النَّارِ فَرَايِّتُ اَكْثَرَ اَهْلِهَا النِّسَاءَ. تَابَعَهُ اَيُّوْبُ وَعَوْفُ وَقَالَ صَخْرٌ وَحَمَّادُ بْنُ نَجِيْحٍ عَن اَبِي رَجَاءٍ عَنِ ابْنِ عَبَّاسٍ

৬০০৫ আবুল ওয়ালীদ (র)...... ইমরান ইব্ন হুসায়ন (রা) থেকে বর্ণিত। নবী ॐ বিলেছেন ঃ আমি জান্নাতের মধ্যে তাকিয়ে দেখলাম যে, অধিকাংশ জান্নাতবাসী গরীব এবং আমি জাহান্নামের দিকে তাকিয়ে দেখলাম যে, অধিকাংশ জাহান্নামী স্ত্রীলোক।

٦٠٠٦ حَدَّثَنَا اَبُوْ مَعْمَرٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ قَالَ حَدَّثَنَا سَعِيْدُ بْنُ اَبِىْ عَرُوْبَةَ عَنْ قَتَادَةَ عَنْ اَنَسٍ قَالَ لَمْ يَاْكُلِ النَّبِيُّ لِيَّ عَلَى خَوَانٍ حَتَّى مَاتَ ، وَمَا اَكَلَ خُبْزًا مُرَقَّقًا حَتَّى مَاتَ-

ড্০০৬ আবৃ মা'মার (র) আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্র্ম্প্রি আমৃত্যু টেবিলের উপর খাবার খাননি আর ওফাতের পূর্ব পর্যন্ত মসৃণ রুটি খেতে পাননি।

7..٧ حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ اَبِيْ شَيْبَةَ قَالَ حَدَّثَنَا اَبُوْ اُسَامَةَ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ اَبِيْهِ عَنْ عَائِشَةَ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ اَبِيْهِ عَنْ عَائِشَةَ قَالَتُ لَقَدْ تُوفَى النَّبِيُ اللَّهِ وَمَا فِيْ رَفِّيْ مِنْ شَيْءٍ يَّاكُلُهُ ذُوْ كَبِدٍ ، الاَّ شَطْرُ شَعِيْرٍ فِيْ رَفِّ لِيْ فَاكَلْتُ مِنْهُ حَتَّى طَالَ عَلَىَّ فَكِلْتُهُ فَفَنِي -

৬০০৭ আবদুল্লাহ্ ইব্ন আবৃ শায়বা (র) আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্র্মী এমন অবস্থায় ইন্তিকাল করলেন যে, তখন কোন প্রাণী খেতে পারে আমার তাকের উপর এমন কিছু ছিল না। তবে আমার তাকে যৎসামান্য যব ছিল। এ থেকে (পরিমাপ না করে) বেশ কিছুদিন আমি খেলাম। একদা মেপে নিলাম, যদক্রন তা শেষ হয়ে যায়।

۲٦٩٩ بَابٌ كَيْفَ كَانَ عَيْشُ النَّبِيِّ وَأَصْحَابِهِ ، وَتَخَلِّيْهِمْ مِنَ الدُّنْيَا كِيْفَ كَانَ عَيْشُ النَّبِيِّ وَأَصْحَابِهِ ، وَتَخَلِّيْهِمْ مِنَ الدُّنْيَا كِيهُمْ مِنَ الدُّنْيَا عِيهُ ١٩٥٥ عَيْشُ النَّبِيِّ وَأَصْحَابِهِ ، وَتَخَلِّيْهِمْ مِنَ الدُّنْيَا عَيْهُمْ عَيْهُمُ مِنَ الدُّنْيَا عَيْهُمُ مِنَ الدُّنْيَا عَيْهُمْ مِنَ الدُّنْيَا عَلَيْهُمْ مِنَ الدُّنْيَا عَلَيْكُمْ عَيْهُمْ مِنَ الدُّنِيَا عَيْمُ مِنَ الدُّنْيَا عَلَيْكُمْ عَيْهُمْ مِنَ الدُّنِيَا عَلَيْهُمْ مِنَ الدُّنْيَا اللَّهُ عَلَيْهُمْ مِنَ الدُّنْيَا عَلَيْكُونَا عَيْكُمْ عَلَيْكُوا عَلَيْكُمُ عَيْكُونَ عَيْشُ النَّبِي عَلَيْكُمُ الْمُعْتَلِيْكُمْ مِنْ الدُّلُونُ عَيْلُولُهُمْ عَلَى عَيْكُمْ عَلَى الْمُعْتَلِيْكُمْ عَيْكُمْ الْمُعْتَى الدُّنْيَا اللْمُعْتَى الدُّنْيَا الْمُعْتَى عَلَيْكُمْ عَلَيْكُمْ عَلَيْكُمْ عَلَيْكُمْ عَلَيْكُمْ اللْمُعُلِيْكُمْ عَلَيْكُمْ الْعُلِيْكُونُ عَلَيْكُمْ عَلَيْكُمُ عَلِي عَلَيْكُمُ عَلِي عَلَيْكُمُ عَلِي عَلَيْكُمُ عَلِي عَلَ

٦٠٠٨ حَدَّثَنَا مُجَاهِدٌ اَنَّ اَبَا هُرَيْرَةَ كَانَ يَقُولُ اللَّهُ الَّذِي لاَ الْهَ الاَّهُو اِنْ كُنْتُ لاَعْتَمِدُ حَدَّثَنَا مُجَاهِدٌ اَنَّ اَبَا هُرَيْرَةَ كَانَ يَقُولُ اللَّهُ الَّذِي لاَ اللهَ الاَّهُ الْآهُو الْ كُنْتُ لاَعْتَمِدُ بكَنِدي عَلَى الْأَرْضِ مِنَ الْجُوعِ وَانْ كُنْتُ لاَشُدُّ الْحَجَرَ عَلَى بَطْنِي مِنَ الْجُوعِ ، وَلَقَدْ قَعَدْتُ يَوْمًا عَلَى طَرِيْقِهِمُ الَّذِي يَخْرُجُونَ مِنْهُ ، فَمَرَّ اَبُو ْ بَكْرٍ فَسَالْتُهُ عَنْ أَية مِنْ

كِتَابِ اللَّهِ مَا سَاَلْتُهُ إِلاَّ لِيُشْبِعَنِي فَمَرَّ وَلَمْ يَفْعَلْ ثُمَّ مَرَّبِي ٱبُو الْقَاسِمِ عَلَي فَتَبَسَّمَ حِيْنَ رَانِيْ وَعَرَفَ مَا فِيْ نَفْسِيْ وَمَا فِيْ وَجْهِيْ ثُمَّ قَالَ لَبَا هِرِّ قُلْتُ لَبَّيْكَ يَارَسُولْ اللُّهَ ، قَالَ الْحَقُّ وَمَضْى فَاتْبَعَتْهُ فَدَخَلَ فَاسْتَانْزَنَ فَأَذِنَ لِيْ فَدَخَلَ فَوَجَدَ لَبَنًا فِيْ قَدَحٍ ، فَقَالَ مِنْ أَيْنَ هَذَا الملَّبَنُ قَالُواْ أَهْدَاهُ لَكَ فَلاَنَّ أَوْ فُلاَنَةٌ قَالَ أَبَا هِرِّ قُلْتُ لَبَّينك يَارَسُولَ اللَّهِ قَالَ الْحَقُّ الِلِّي اَهْلِ الصُّفَّةِ فَادْعُهُمْ لِيْ ، قَالَ وَاَهْلُ الصُّفَّةِ اَضْيَافُ الْاسِلْامِ لاَ يَاوْوَنَ عَلَى اَهْلٍ وَلاَ مَالٍ وَلاَ عَلَى أَحَدٍ إِذَا أَتَتْهُ صَدَقَةٌ بَعَثَ بِهَا الكِيْهِمْ وَلَمْ يَتَنَاوَلْ مِنْهَا شَيْئًا وَإِذَا اَتَتْهُ هَدِيَّةٌ اَرْسَلَ الِيهِمْ وَاصَابَ مِنْهَا وَاَشْرَكَهُمْ فِيْهَا فَسَاءَنِي ذْلِكَ فَقُلْتُ وَمَا هَذَا اللَّبَنُ فِيْ اَهْلِ الصُّفَّةِ كُنْتُ اَحَقُّ اَنْ اُصِينْبَ مِنْ هَذَا اللَّبَنِ شَرْبَةً اتَقَوَّى بِهَا فَاذَا جَاءَ آمَرني فَكُنْتُ آنَا أعْطيهمْ وَمَا عَسى آنْ يَبْلُغَنِي مِنْ هَذَا اللَّبَنِ وَلَمْ يَكُنْ مِنْ طَاعَةِ اللَّهِ وَطَاعَةِ رَسُوْلِهِ بُدٌّ فَاتَيْتُهُمْ فَدَعَوْتُهُمْ فَاقْبِلُواْ ، فَاستَأْذَنُواْ فَأْذِنَ لَهُمْ وَاَخَذُواْ مَجَالِسَهُمْ مِنَ الْبَيْتِ ، قَالَ يَا أَبَاهِرٌّ قُلْتُ لَبَّيْكَ يَا رَسول اللهِ ، قَالَ خُذْ فَاعْطِهِمْ فَاَخَذْتُ الْقَدَحَ فَجَعَلْتُ أُعْطِيْهِ الرَّجُلَ فَيَشْرَبَ حَتَّى يَرْوَى ثُمَّ يَرُدُّ عَلَيَّ الْقَدَحَ فَاَعْطِيْهِ ، وَالْقَدَحَ فَيَشْرَبُ حَتَّى يَرْوَى ، ثُمَّ يَرُدُّ عَلَىَّ الْقَدَحَ حَتَّى اِنْتَهَيْتُ اللَّي النَّبِيِّ عَزَّا اللَّهُ وَقَدْ رَوِيَ القَوْمُ كُلُّهُمْ فَاخَذَ الْقَدَحَ فَوَضَعَهُ عَلَى يَدِم فَنَظَرَ الِيَّ فَتَبَسَّمَ فَقَالَ يَاأَبَاهِرَّ قُلْتُ لَبَّيْكَ يَارَسُولَ اللهِ قَالَ بَقِيْتُ أَنَا وَأَنْتَ قُلْتُ صَدَفْتَ يَارَسُولَ اللَّهِ ، قَالَ اقْعُدْ فَاَشْرِبْ ، فَقَعَدْتُ فَشَرِبْتُ ، فَقَالَ اَشْرَبْ فَشَرِبْتُ ، فَمَا زَالُ يَقُولُ أَشْرَبْ ، حَتُّى قُلْتُ لاَ وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ ، مَا أَجِدُ لَهُ مَسْلَكًا قَالَ فَأرنِي فَأَعْطَيْتُهُ الْقَدَحَ فَحَمِدَ اللَّهُ وَسَمَّى وَشَرِبَ الْفَضْلَةَ-

৬০০৮ আবৃ ন্য়াইম (র) আবৃ হুরায়রা (রা) বলতেন ঃ আল্লাহ্র কসম! যিনি ছাড়া আর কোন মাবৃদ নেই, আমি ক্ষুধার জ্বালায় আমার পেটকে মাটিতে রেখে উপুড় হয়ে পড়ে থাকতাম। আর কোন সময় ক্ষুধার জ্বালায় আমার পেটে পাথর বেঁধে রাখতাম। একদিন আমি ক্ষুধার যন্ত্রণায় বাধ্য হয়ে নবী ক্ষুত্রিও সাহাবীগণের বের হওয়ার পথে বসে থাকলাম। আবৃ বকর (রা) যেতে লাগলে আমি কুরআনের একটা আয়াত সম্পর্কে প্রশ্ন করলাম। আমি তাঁকে প্রশ্ন করলাম এই উদ্দেশ্যে যে, তিনি তাহলে আমাকে পরিতৃপ্ত করে কিছু খাওয়াবেন। কিছু তিনি চলে গেলেন, কিছু করলেন না। কিছুক্ষণ পর উমর (রা) যাচ্ছিলেন। আমি তাঁকে

কুরআনের একটি আয়াত সম্বন্ধে প্রশ্ন করলাম। এ সময়ও আমি প্রশ্ন করলাম এ উদ্দেশ্যে যে, তিনি আমাকে পরিতৃপ্ত করে খাওয়াবেন। কিন্তু তিনি চলে গেলেন। আমার কোন ব্যবস্থা করলেন না। তার পরক্ষণে আবুল কাসিম 🚟 যাচ্ছিলেন। তিনি আমাকে দেখেই মুচ্কি হাসলেন এবং আমার প্রাণে কি অস্থিরতা বিরাজমান এবং আমার চেহারার অবস্থা থেকে তিনি তা আঁচ করতে পারলেন। তারপর বললেন, হে আবৃ হির! আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ্! আমি হাযির আছি। তিনি বললেন ঃ তুমি আমার সঙ্গে চল। এ বলে তিনি চললেন, আমিও তাঁর অনুসরণ করলাম। তিনি ঘরে ঢুকবার অনুমতি চাইলেন এবং আমাকে ঢুকবার অনুমতি দিলেন। তারপর তিনি ঘরে প্রবেশ করে একটি পেয়ালার মধ্যে কিছু পরিমাণ দুধ পেলেন। তিনি বললেন ঃ এ দুধ কোথা থেকে এসেছে? তাঁরা বললেন, এটা আপনাকে অমুক পুরুষ অথবা অমুক মহিলা হাদিয়া দিয়েছেন। তখন তিনি বললেন ঃ হে আবৃ হির! আমি বললাম, লাব্বাইকা ইয়া রাসূলাল্লাহ্! তুমি সুফ্ফাবাসীদের কাছে গিয়ে তাদেরকে আমার কাছে ডেকে নিয়ে এসো। রাবী বলেন, সুফফাবাসীরা ইসলামের মেহমান ছিলেন। তাদের কোন পরিবার ছিল না এবং তাদের কোন সম্পদ ছিল না এবং তাদের কারো উপর নির্ভরশীল হওয়ারও সুযোগ ছিল না। যখন কোন সাদাকা আসত তখন তিনি তা তাদের কাছে পাঠিয়ে দিতেন। তিনি এর থেকে কিছুই গ্রহণ করতেন না। আর যখন কোন হাদিয়া আসত, তখন তার কিছু অংশ তাদেরকে দিয়ে দিতেন এবং এর থেকে নিজেও কিছু রাখতেন। এর মধ্যে তাদেরকে শরীক করতেন। এ আদেশ শুনে আমার মনে কিছুটা হতাশা এলো। মনে মনে ভাবলাম যে, এ সামান্য দুধ দারা সুফ্ফাবাসীদের কি হবে? এ সামান্য দুধ আমার জন্যই যথেষ্ট হতো। এটা পান করে আমি শরীরে কিছুটা শক্তি পেতাম। এরপর যখন তাঁরা এসে গেলেন, তখন তিনি আমাকে নির্দেশ দিলেন যে, আমিই যেন তা তাঁদেরকে দেই, আর আমার আশা রইল না যে, এ দুধ থেকে আমি কিছু পাব। কিন্তু আল্লাহ্ ও তাঁর রাসূলের নির্দেশ না মেনে কোন উপায় নেই। তাই তাঁদের কাছে গিয়ে তাঁদেরকে ডেকে আনলাম। তাঁরা এসে ভেতরে প্রবেশ করার অনুমতি চাইলে তিনি তাদেরকে অনুমতি দিলেন। তাঁরা এসে ঘরে আসন গ্রহণ করলেন। তিনি বললেন ঃ হে আবৃ হির! আমি বললাম, আমি হাযির ইয়া রাসূলাল্লাহ্! তিনি বললেন, তুমি পেয়ালাটি নাও আর তাদেরকে দাও। আমি পেয়ালা নিয়ে একজনকে দিলাম। তিনি তা পরিতৃপ্ত হয়ে পান করে পেয়ালাটি আমাকে ফিরিয়ে দিলেন। আমি আরেকজনকে পেয়ালাটি দিলাম। তিনিও পরিতৃপ্ত হয়ে পান করে পেয়ালাটি আমাকে ফিরিয়ে দিলেন। এমন কি আমি এরূপে দিতে দিতে নবী 🚟 পর্যন্ত পৌছলাম। তাঁরা সবাই তৃপ্ত হয়েছিলেন। তারপর নবী 🚟 পেয়ালাটি নিজ হাতে নিয়ে রেখে আমার দিকে তাকিয়ে মুচ্কি হাসলেন। আর বললেন ঃ হে আবৃ হির! আমি বললাম, আমি হাযির, ইয়া রাসুলাল্লাহ্! তিনি বললেন ঃ এখন তো আমি আর তুমি আছি। আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ্! আপনি ঠিক বলছেন। তিনি বললেন, এখন তুমি বসে পান কর। তখন আমি বসে কিছু পান করলাম। তিনি বললেন, তুমি আরও পান কর। আমি আরও পান করলাম। তিনি বারবার আমাকে পান করার নির্দেশ দিতে লাগলেন। এমন কি আমি বলতে বাধ্য হলাম যে, আর না। যে সন্তা আপনাকে সত্য ধর্মসহ পাঠিয়েছেন, তাঁর কসম। (আমার পেটে) আর পান করার মত জায়গা আমি পাচ্ছি না। তিনি বললেন, তাহলে আমাকে দাও। আমি পেয়ালাটি তাঁকে দিয়ে দিলাম। তিনি আলহামদুলিল্লাহ্ ও বিসমিল্লাহ্ বলে বাকীটা পান করলেন।

٦٠.٩ حَدَّثَنَا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا يَحْيْى عَنْ اسْمَاعِيْلَ قَالَ حَدَّثَنَا قَيْسٌ قَالَ سَمِعْتُ سَعْدًا يَقُوْلُ انِّى ْ لاَوَّلِ الْعَرَبِ رَمْى بِسَهْمٍ فِيْ سَبِيْلِ اللهِ وَرَايَيْتُنَا نَغْزُو وَمَا لَنَا طَعَامُ

إِلاَّ وَرَقُ الْحُبْلَةِ وَهَذَا السَّمُرُ وَإِنَّ اَحَدَنَا لَيَضَعُ كَمَا تَضَعُ الشَّاةُ مَالَهُ خَلْطٌ ثُمَّ اَصْبَحَتْ بَنُوْ اَسَدٍ تُعَزِّرُنِيْ عَلَى الْاِسْلاَمِ خَبْتُ اَذِنَ وَضَلَّ سَعِي –

ডি০০৯ মুসাদ্দাদ (র)..... কায়স (র) বর্ণনা করেন, আমি সা'দ ইব্ন আবৃ ওয়াক্কাস (রা)-কে বলতে শুনেছি যে, আমিই আরবের সর্বপ্রথম ব্যক্তি, আল্লাহ্র পথে যে তীর নিক্ষেপ করেছে। আমরা যুদ্ধকালীন নিজেদেরকে যে দুব্লাহ গাছের পাতা ও বাবলা ছাড়া খাবারের কিছুই ছিল না, অবস্থায় দেখেছি। কেউ কেউ বকরীর পায়খানার ন্যায় পায়খানা করতেন। যা ছিল সম্পূর্ণ শুক্নো। অথচ এখন আবার বন্ আসাদ (গোত্র) এসে ইসলামের উপর চলার জন্য আমাকে তিরস্কার করছে। এখন আমি যেন শংকিত আমার সে প্রচেষ্টা ব্যর্থ।

7.١. حَدَّثَنِيْ عُثْمَانُ قَالَ حَدَّثَنَا جَرِيْرٌ عَنْ مَنْصُوْرٍ عَنْ اِبْرَاهِيْمَ عَنِ الْاَسْوَدِ عَنْ عَائِشَةَ قَالَتْ مَاشَبِعَ اللهُ مُحَمَّدٍ لِللَّهِ مُنْذُ قَدِمَ الْمَدِيْنَةَ مِنْ طَعَامِ بُرِّ ثَلاَثَ لَيَالٍ تَبَاعًا حَتَّى قُبضَ -

৬০১০ উসমান (র) আয়েশা (রা) বর্ণনা করেন, মুহাম্মদ ক্রীষ্ট্র -এর পরিজন মদীনায় আগমনের পর থেকে লাগাতার তাঁর ওফাত পর্যন্ত তিন দিন গমের রুটি পরিতৃপ্ত হয়ে খাননি।

 عَنْ مسْعَر بْن كِدَام عَنْ هلال عَنْ عُرْوَة عَنْ عَائِشَة قَالَتْ مَااَكَلَ اللهُ مُحَمَّد إِلَيْ الْمَرْرَق الْاَزْرَق عَنْ مِسْعَر بْن كِدَام عَنْ هلال عَنْ عُرُوة عَنْ عَائِشَة قَالَتْ مَااَكَلَ اللهُ مُحَمَّد إِلَيْ الْكُلْ اللهُ مُحَمَّد عَنْ عَلْ عَائِشَة قَالَتْ مَااَكَلَ اللهُ مُحَمَّد عَنْ هلال عَنْ عُرُوة عَنْ عَلْ عَائِشَة قَالَتْ مَااَكَلَ اللهُ مُحَمَّد عَنْ هلال عَنْ عَرْوَة عَنْ عَلْ عَائِشَة قَالَتْ مَااَكُلَ اللهُ مُحَمَّد عَنْ هلال عَنْ عَلْ عَائِشَة قَالَتْ مَالْكُلْ اللهُ مُحَمَّد عَنْ هلاله عَنْ عَنْ عَنْ هلاله عَنْ عَنْ عَنْ عَنْ هلاله عَنْ عَنْ هلاله عَنْ عَنْ عَنْ هلاله عَنْ عَنْ عَلْمَ الله عَنْ عَنْ هلاله عَنْ عَنْ عَنْ عَنْ عَلْمَا عَنْ عَنْ عَنْ عَلْمَ عَلَيْ عَنْ عَنْ عَلْمَ اللّه عَنْ عَنْ عَلْمَا عَنْ عَلْمَا عَنْ عَلْمَا عَنْ عَلْمَ عَلَيْ عَلْمَ عَلَيْ عَلْمَ عَلْمَ عَلَيْ عَلْمَ عَلْمَ عَلَيْ عَلْمَ عَلَيْ عَلْمَ عَلْمُ عَلَيْ عَلْمَ عَلَيْ عَلْمَ عَلَيْ عَلْمَ عَلَيْ عَلْمَ عَلْمَ عَلْمَ عَلْمُ عَلْمَ عَلْمُ عَلَيْكُونُ عَلَيْ عَلْمُ عَلَيْ عَلْمَ عَنْ عَلْمُ عَنْ عَلْمَ عَنْ عَلْمَ عَلَيْكُونَ عَلَيْكُولُ عَلْمُ عَلَيْكُولُ عَلَيْكُولُ عَلَيْ عَلْمُ عَلَيْكُولُ عَلَيْكُولُ عَلَى عَنْ عَلْمُ عَنْ عَلْمُ عَلَيْكُ عَلْمَ عَلَى عَلْمُ عَلَيْكُولُ عَلَيْكُولُ عَلَيْكُونُ عَلَيْكُولُ عَلْمُ عَلَيْكُ عَلَيْكُ عَلْمُ عَلَيْكُولُ عَلَيْكُولُ عَلْمُ عَلَيْكُونُ عَلَيْكُولُ عَلَيْكُونُ عَلَيْكُولُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُولُ عَلَيْكُولُ عَلْمُ عَلَيْكُولُ عَلَيْكُولُ عَلَيْكُولُ عَلْكُولُ عَلْمُ عَلَيْكُ عَلَيْكُولُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَ

৬০১১ ইস্হাক ইব্ন ইব্রাহীম ইব্ন আবদুর রহমান (র) আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, মুহাম্মদ ্রুদ্ধি -এর পরিবার একদিনে যখনই দুবেলা খানা খেয়েছেন একবেলা শুধু খুর্মা খেয়েছেন।

٦٠١٢ حَدَّثَنَا اَحْمَدُ بِنْ اَبِيْ رَجَاءٍ قَالَ حَدَّثَنَا النَّصْرُ عَنْ هَشَامٍ اَخْبَرَنِيْ اَبِيْ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ فِرَاشُ رَسُولُ اللَّهِ ﴿ إِلَيْهِ مِنْ اَدَمٍ وَحَشْوُهُ مِنْ لِيْفٍ _ _

৬০১২ আহ্মাদ ইব্ন আবৃ রাজা (র)...... আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুর্জ্বন্দ্রী -এর বিছানা চামড়ার তৈরি ছিল এবং তার ভেতরে ছিল খেজুরের আঁশ।

آ اللهِ عَدَّثَنَا هُدْبَةُ ابْنُ خَالِدٍ قَالَ حَدَّثَنَا هَمَّام ُ بْنُ يَحْيِى قَالَ حَدَّثَنَا قَتَادَةُ قَالَ كُنَّا نَاتِيْ الْكَبِيِّ وَاللهِ وَخَبَّازُهُ قَائِمٌ فَقَالَ كُلُواْ فَمَا اَعْلَمُ النَّبِيَ الْكَالِّ وَخَبَّازُهُ قَائِمٌ فَقَالَ كُلُواْ فَمَا اَعْلَمُ النَّبِي اللهِ وَلَا رَأَى رَغِيْفًا مُرَقَّقًا حَتَّى لَحِقَ بِاللهِ وَلاَ رَأَى شَأْةُ سَمِيْطًا بِعَيْنِهِ قَطُّ -

ড০১৩ হদবা ইব্ন খালিদ (র) কাতাদা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা আনাস ইব্ন মালিক (রা)-এর কাছে এমন অবস্থায় যেতাম যে, তাঁর বাবুর্চি (মেহমান আপ্যায়নের জন্য) দণ্ডায়মান। আনাস (রা)

বলতেন, আপনারা খান। আমি জানি না যে, নবী ক্রিক্রিই ইন্তিকালের সময় পর্যন্ত একটা চাপাতি রুটিও চোখে দেখেছেন। আর তিনি কখনও একটি ভুনা ছাগল নিজ চোখে দেখেননি।

[٦٠١٤] حَدَّثَنِىْ مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا يَحْيٰى قَالَ حَدَّثَنَا هِشَامُ اَخْبَرَنِىْ اَبِىْ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ يَاْتِى عَلَيْنَا الشَّهْرُ مَانُوْقِدُ فِيْهِ نَارًا انِّمَا هُوَ التَّمْرُ وَالْمِمَاءُ الْأَ اَنْ نُوْتَى بِاللُّحَيْمِ -

ড০১৪ মুহাম্মদ ইব্ন মুসানা (র) আয়েশা (রা) বর্ণিত। তিনি বলেন, মাস অতিবাহিত হয়ে যেত আমরা এর মধ্যে ঘরে (রানার জন্য) আগুন প্রজ্বলিত করতাম না। তখন একমাত্র খুরমা আর পানি চলত। অবশ্য তবে যদি যৎসামান্য গোশৃত আমাদের নিকট এসে যেত।

7.١٥ حَدَّثَنَى عَبْدُ الْعَزِيْزِ بْنُ عَبْدِ اللهِ الْاُوَيْسِيُ قَالَ حَدَّثَنِيْ ابْنُ اَبِيْ حَازِمٍ عَنْ اَبِيْهِ عَنْ يَزِيْدَ بْنِ رُوْمَانَ عَنْ عَرْوَةَ عَنْ عَائِشَةَ اَنَّهَا قَالَتْ لِعُرْوَةَ ابْنَ اُخْتِيْ انْ كُنَّا لَنَنْظُرُ الْي الْهِلاَلِ ثَلاَثَةَ اَهِلَّة فِيْ شَهْرَيْنِ وَمَا اُوْقدَتْ فِيْ اَبْيَاتِ رَسُوْلِ اللهِ بَاللهِ نَارُ لَلهُ عَلَيْ فَعُلْتُ مَا كَانَ يُعِيْشُكُمْ ؟ قَالَتُ الْاَسْوَدَانِ التَّمْرُ وَالْمَاءُ الاَّ اَنَّهُ قَدْ كَانَ لِرَسُوْلِ اللهِ يَلْكُ عَيْدَانُ مِنَ الْاَنْصَارِ كَانَ لَهُمْ مَنَائِحٌ وَكَانُوا يَمْنَحُونَ رَسُولُ اللهِ عَلَيْكُ فَيَسْقِيْنَاهُ _ جَيْرَانُ مِنَ الْاَنْصَارِ كَانَ لَهُمْ مَنَائِحٌ وَكَانُوا يَمْنَحُونَ رَسُولُ اللهِ عَلَيْكُ فَيَسْقِيْنَاهُ _

ডি১৫৪ সাঈদ ইব্ন আবৃ মারিয়াম (র) সাহল ইব্ন সা'দ (রা) থেকে বর্ণিত। নবী ক্রীম ্রুল্ল-এর সঙ্গে থেকে যে সমস্ত মুসলমান যুদ্ধ করেছেন তাঁদের মাঝে একজন ছিল তীব্র আক্রমণকারী। নবী করীম ক্র্র্লেশ্র তার দিকে নযর করে বললেন ঃ যে ব্যক্তি কোন জাহান্নামীকে দেখতে ইচ্ছা করে সে যেন এই লোকটার দিকে নযর করে। উপস্থিত লোকদের ভিতর থেকে এক ব্যক্তি সেই লোকটির অনুসরণ করল। আর সে তথন প্রচণ্ডভাবে মুশরিকদের সঙ্গে মুকাবিলা করছিল। এমন কি সে (এক পর্যায়ে) যখম হয়ে তাড়াতাড়ি মৃত্যুবরণ করতে চাইল। সে তার তরবারীর তীক্ষ্ণ দিকটি তার বুকের উপর দাবিয়ে দিল। এমন কি দুকাধের মাঝ দিয়ে তরবারী বক্ষ ভেদ করল। (এতদৃষ্টে) লোকটি নবী ক্র্ন্তেশ্র-এর কাছে দৌড়ে এসে বলল, আমি সাক্ষ্য দিচ্ছি সভ্যিই আপনি আল্লাহ্র রাসূল। তিনি জিজ্ঞাসা করলেন, কি হল? লোকটি বলল, আপনি অমুক ব্যক্তি সম্পর্কে বলেছিলেন ঃ "যে ব্যক্তি কোন জাহান্নামী লোক দেখতে চায় সে যেন এ লোকটাকে দেখে নেয়।" অথচ লোকটি অন্যান্য মুসলমানের তুলনায় অধিক তীব্র আক্রমণকারী ছিল। সূতরাং আমার ধারণা ছিল এ লোকটির মৃত্যু এহেন অবস্থায় হবে না। যখন সে আঘাতপ্রাপ্ত হল, তাড়াতাড়ি মৃত্যু কামনা করল এবং আত্মহত্যা করে বসল। নবী (সা) একথা গুনে বললেন ঃ নিশ্চয় কোন বান্দা জাহান্নামীদের আমল করেন মূলত সে জান্নাতী। আর কোন বান্দা জান্নাতী লোকের আমল করেন মূলত সে জান্নাতী। তার পারিণামের উপর।

٢٧٣٩ بَابُ الْقَاءِ النَّذْرِ الْعَبْدُ الِي الْقَدَرِ

২৭৩৯. অনুচ্ছেদঃ বান্দার মানতকে তাক্দীরে হাওলা করে দেওয়া

آكَ حَدَّثَنَا اَبُوْ نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا سَفْيَانُ عَنْ مَنْصُوْرٍ عَنْ عَبْدِ اللّهِ ابْنِ مُرَّةَ عَنِ ابْنِ مُرَّةَ عَنِ ابْنِ مُرَّةَ عَنِ ابْنِ مُرَّةً عَنِ ابْنِ مُرَّةً مَنْ عَمْرَ قَالَ نَهْ لَا يَرُدُّ شَيْئًا وَالِّمَا يُسْتَخْرَجُ بِهِ مِنَ الْبَخَيْلِ -

৬১৫৫ আবূ নু আঈম (র)...... আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রাল্রী মানত করতে নিষেধ করেছেন। এই মর্মে তিনি বলেন, মানত কোন জিনিসকে দূর করতে পারে না। এ দারা শুধুমাত্র কৃপণের মাল খরচ হয়।

آ ٦١٥٦ حَدَّثَنَا بِشْرُبْنُ مُحَمَّد قَالَ اَخْبَرَنَا عَبْدُ اللَّهِ قَالَ اَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّام بْنِ مُنْبَّهٍ عَنْ اَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ قَالَ لاَ يَاتِ ابْنَ أَدَمَ النَّذْرُ بِشَيْ لِمْ يَكُنْ قَدْ قَدَّرْتُهُ لَهُ اَسْتَخْرِجُ بِهِ مِنْ الْبَخِيْلِ – قَدَّرْتُهُ لَهُ اَسْتَخْرِجُ بِهِ مِنْ الْبَخِيْلِ –

ডি১৫৬ বিশ্র ইব্ন মুহাম্মদ (র) আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রাম্ট্র থেকে বর্ণিত। তিনি বলেছেন ঃ মানত মানব সন্তানকে এমন কিছু এনে দিতে পারে না যা তাক্দীরে নির্ধারণ নেই অথচ সে যে মানতটি করে তাও আমি তাক্দীরে লিপিবদ্ধ করে দিয়েছি যেন এর দ্বারা কৃপণের কাছ থেকে (মাল) বের করে নেই।

. ٢٧٤ بَابُ لاَ حَوْلُ وَلاَ قُوَّةَ الاَّ بِاللَّهِ

২৭৪০. অনুচ্ছেদ ঃ 'লা-হাওলা ওয়ালা-কুওওয়াতা ইল্লা বিল্লাহ্' প্রসঙ্গে

آمِنَ اللهِ عَنْ اللهِ عَلْمَ اللهِ النَّهْدِيُ عَنْ البِي مُوسِلِي الْاَشْعَرِيُّ قَالَ كُنَّا مَعَ رَسُولِ خَالِدُ الْحَدَّاءُ عَنْ البِي عُثْمَانَ النَّهْدِيُّ عَنْ البِي مُوسِلِي الْاَشْعَرِيُّ قَالَ كُنَّا مَعَ رَسُولِ اللهِ وَلِيَّ فِي غَزَاةٍ فَجْعَلْنَا لاَنصْعَدُ شَرْفًا وَلاَ نَعْلُوْ شَرْفًا وَلاَنَهْبِطُ فِي وَادِ إلاَّ رَفَعْنَا اللهِ وَاللهِ وَاللهُ وَاللهُ

৬১৫৭ মুহাম্মদ ইব্ন মুকাতিল আবুল হাসান (র) আবৃ মূসা আশ আরী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা যুদ্ধে রাস্লুল্লাহ্ ক্রাট্রাল্ল -এর সঙ্গে ছিলাম। আমরা যখনই কোন উচ্চস্থানে আরোহণ করতাম, কোন উচুতে থাকতাম এবং কোন উপত্যকা অতিক্রম করতাম তখনই উচ্চস্বরে তাকবীর (আল্লাহ্ আকবার) বলতাম। রাবী বলেন, নবী ক্রাট্রাল্ল আমাদের নিকটবর্তী হলেন এবং বললেন ঃ হে লোক সকল! তোমরা নিজেদের উপর রহম কর। তোমরা কোন বিধির বা কোন অনুপস্থিত সন্তাকে ডাকছ না— তোমরা তো ডাকছ শ্রবণকারী ও দর্শনকারী এক সন্তাকে। এরপর তিনি বললেন ঃ হে আবদুল্লাহ্ ইব্ন কায়স। আমি কি তোমাকে এমন একটি কালিমা শিক্ষা দিব না, যা কিনা জান্নাতের ভাগ্যরসমূহের অন্যতমঃ তা হচ্ছে- আমি ভারতি । এই ভিট্রান্ত ভার্যরসমূহের অন্যতমঃ তা হচ্ছে-

٢٧٣٨ بَابٌ اَلْمَعْصِيُومُ مَنْ عَصِمَ اللّٰهُ عَاصِمٌ مَانِعٌ قَالَ مُجَاهِدُ سُدًى عَنِ الْحَقِّ يَتَرَدُّدُونَ فِي الضَّلاَلَةِ دَشْهًا اَغُوْبِهَا

২৭৪১. অনুচ্ছেদ ঃ নিম্পাপ সে-ই যাকে আল্লাহ্ তা'আলা রক্ষা করেন। عاصم অর্থ প্রতিরোধকারী। মুজাহিদ (র) বলেন, سدى عن الحق গোমরাহীতে বিমন্ত হওয়া, دشها তাকে গোমরাহ করেছে

حَدَّثَنِى اَبُوسَلَمَةَ عَنْ اَبِى سَعِيْدٍ نِ الْخُدْرِيّ عَنِ النَّهِ قَالَ اَخْبَرَنَا يُونُسُ عَنِ الزُّهْرِيِّ قَالَ حَدَّثَنِى اَبُوسَلَمَةَ عَنْ اَبِى سَعِيْدٍ نِ الْخُدْرِيّ عَنِ النَّبِيِّ لِلَّا لَهُ قَالَ مَا اسْتُخْلِفَ خَلِيْفَةُ لِلْاَ لَهُ بِطَانَةٌ تَامُرُهُ بِالشَّرِ وَتَحُضُّهُ عَلَيْهِ وَبِطَانَةٌ تَامُرُهُ بِالشَّرِ وَتَحُضُّهُ عَلَيْهِ وَبِطَانَةٌ تَامُرُهُ بِالشَّرِ وَتَحُضُّهُ عَلَيْهِ وَالْمَعَصُومُ مَنْ عَصَمَ اللَّهُ-

ডি১৫৮ আবদান (র)...... আবৃ সাঈদ খুদ্রী (রা) সূত্রে নবী করীম ক্র্ম্ম্রেই থেকে বর্ণিত। তিনি বলেন ঃ যে কোন লোককেই খলীফা বানানো হয় তার জন্য দু'টি গুপ্তচর থাকে। একটা তো তাকে সৎকর্মের আদেশ করে এবং এর প্রতি তাকে উৎসাহিত করে। আরেকটা তাকে মন্দ কর্মের আদেশ করে এবং এর প্রতি তাকে প্ররোচিত করে। আর নিপ্পাপ সেই ব্যক্তি যাকে আল্লাহ্ তা'আলা রক্ষা করেন।

٢٧٤٢ بَابُ قَوْلِ اللّهِ وَحَرَامُ عَلَى قَرْيَةٍ اَهْلَكْنَاهَا اَنَّهُمْ لاَ يَرْجِعُونَ وَقَوْلُهُ لَنْ يَلِدُواْ اِلاَّ هَاجِرًا كَفَّارًا وَقَوْلُهُ لَنْ يَلِدُواْ اِلاَّ هَاجِرًا كَفَّارًا وَقَوْلُهُ لَنْ يَلِدُواْ الِلاَّ هَاجِرًا كَفَّارًا وَقَالُ مَنْصُوْرُبُنُ الْنُعْمَانِ عَنْ عِكْرَمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ وَحِرْمٌ بِالْحَبْشِيَّةِ وَقَالُ مَنْصُوْرُبُنُ الْنُعْمَانِ عَنْ عِكْرَمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ وَحِرْمٌ بِالْحَبْشِيَّةِ وَجَبُ

২৭৪২. অনুচ্ছেদ ঃ আল্লাহ্র বাণী ঃ যে জনপদকে আমি ধাংস করেছি তার সম্পর্কে নিষেধাজ্ঞা রয়েছে যে, তার অধিবাসীবৃদ্দ ফিরে আসবে না (২১ ঃ ৯৫)। আল্লাহ্র বাণী ঃ যারা ঈমান এনেছে তারা ছাড়া তোমার সম্প্রদায়ের অন্য কেউ কখনও ঈমান আনবে না (১১ ঃ ৩৬)। আল্লাহ্র বাণী ঃ তারা জন্ম দিতে থাকবে কেবল দৃষ্কৃতিকারী ও কাফের (৭১ ঃ ২৭)। মানসুর ইব্ন নো'মান..... ইব্ন আবাস (রা) কর্তৃক বর্ণিত হাব্শী ভাষায় حرم অর্থ জরুরী হওয়া

آمِرًا حَدَّثَنِيْ مَحْمُودُ بِنْ غَيْلاَنَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ اَخْبَرَنَا مَعْمَرُ عَنِ ابْنِ عَبَّاسِ قَالَ مَا رَاَيْتُ شَيْئًا اَشْبَهَ بِاللَّمَمِ مِمَّا قَالَ اَبُوْ هُرَيْرَةً عَنِ النَّبِيهِ عَنِ ابْنِ عَبَّاسِ قَالَ مَا رَاَيْتُ شَيْئًا اَشْبَهَ بِاللَّمَمِ مِمَّا قَالَ اَبُوْ هُرَيْرَةً عَنِ النَّبِيِّ إِنَّ اللَّهَ كَتَبَ عَلَى ابْنِ أَدَمَ حَظَّهُ مِنَ الزِّنَا اَدْرَكَ ذُلِكَ لاَ هُرَيْرَةً عَنِ النَّبِيِّ إِنَّ اللَّهَ كَتَبَ عَلَى ابْنِ أَدَمَ حَظَّهُ مِنَ الزِّنَا الْرِينَا الْدُرَكَ ذُلِكَ لاَ مَحَالَةً ، فَرْنَا الْعَيْنِ النَّظُرُ ، وَزِنَا اللِّسَانِ الْمَنْطِقُ وَالنَّفْسُ تُمَنِّى وَتَشْتَهِى ، وَقَالَ شَبَابَةُ حَدَّثَنَا وَرْقَاءُ عَنِ ابْنِ طَاوُسٍ عَنْ ابِيهِ عَنْ ابْنِ طَاوُسٍ عَنْ ابِيهِ عَنْ ابْنِ طَاوُسٍ عَنْ ابْنِهِ عَنْ ابْنِ طَاوُسٍ عَنْ ابْنِهِ عَنْ البَيْعِي اللّهَ اللّهَ عَنْ ابْنِ طَاوُسٍ عَنْ البَيْعِ عَنْ البَيْعِ عَنْ النَّبِي لَيْ إِلَيْهِ -

৬১৫৯ মাহমূদ ইবন গায়লান (র)..... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আবৃ হুরায়রা (রা) নবী করীম বেকে ছোট গুনাহ্ সম্পর্কে যা বলেছেন তার চেয়ে যথাযথ উপমা আমি দেখি না। (নবী বলেছেন) আল্লাহ্ তা আলা আদম সন্তানের উপর যিনার কোন না কোন হিস্সা লিখে দিয়েছেন; তা সে অবশ্যই পাবে। সূতরাং চোখের যিনা হল (নিষিদ্ধদের প্রতি) নযর করা এবং জিহ্বার যিনা হল (যিনা সম্পর্কে) বলা। মন তার আকাজ্ঞা ও কামনা করে, লজ্জাস্থান তাকে বাস্তবায়িত করে অথবা মিথ্যা প্রতিপন্ন করে। শাবাবা (র)ও আবৃ হুরায়রা (রা) নবী ক্রিট্রি থেকে এরূপ বর্ণনা করেছেন।

۲۷٤٣ بَابٌ وَمَا جَعَلْنَا الرُّوْيَا الَّتِي اَرَيْنَاكَ الاَّ فَتُنَةً لِّلنَّاسِ ٢٧٤٣ جَعَلُنَا الرُّوْيَا التَّتِي اَرَيْنَاكَ الاَّ فَتُنَةً لِّلنَّاسِ ٢٧٤٥. अनुष्ट्रम ं (মহান আল্লাহ্র বাণী) আমি যে দৃশ্য তোমাকে দেখাচ্ছি তা কেবল মানুষের পরীক্ষার জন্য (১৭ ঃ ৬০)

[٦٦٦] حَدَّثَنَا الْحُمَيْدِيُّ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَدَّثَنَا عَمْرُو عَنْ عِكْرَمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ وَمَا جَعَلْنَا الرَّوْيَا التَّيِي اَرَيْنَاكَ الاَّ فِتْنَةً لِلنَّاسِ قَالَ هِي رُوْيَا عَيْنِ اُرِيهَا رَسُولُ اللهِ عَلَانَ اللهِ عَلَيْ السُويَ بِهِ اللَي بَيْتِ الْمَقْدِسِ قَالَ وَالشَّجَرَةَ الْمَلْعُونَةَ فِي رَسُولُ اللهِ عَلَيْ اللهَ عَلَيْ اللهَ عَلَيْ اللهَ عَلَيْ اللهَ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَالَ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ عَلَيْ اللهُ عَلَيْ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ عَلَيْ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَيْ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللّهُ

ভ১৬০ হমাইদী (র)...... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। الایة !.....। الایة (আয়াতের ব্যাখ্যায়) তিনি বলেন ঃ তা হচ্ছে চোখের দেখা। যে রজনীতে রাস্লুল্লাহ্ ক্রিঞ্জি –কে বায়তুল মুকাদাস পর্যন্ত ভ্রমণ করানো হয়েছিল, সে রজনীতে তাঁকে যা দেখানো হয়েছিল। তিনি বলেন, কুরআন মজীদে উল্লিখিত فالشجرة الملعونة والشجرة الملعونة

٦٧٤٤ بَابُ تَحَاجُ أَدَمُ وَمُوسَىٰ عِنْدَ اللَّهِ تَعَالَىٰ

২৭৪৪. অনুচ্ছেদ ঃ আদম (আ) ও মৃসা (আ) আল্লাহ্ তা আলার সামনে কথা কাটাকাটি করেন

[٦١٦٦] حَدَّثَنَا عَلِى بُنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَفِظْنَاهُ مِنْ عَمْرُوعَنْ طَاوُسٍ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ عَنِ النَّبِيِ لِللهِ قَالَ احْتَجَ ادَمُ وَمُوسلى ، فَقَالَ مُوسلى يَالْدَمُ اَنْتَ اَبُونْنَا خَيَّبْتَنَا وَاَخْرَجْتَنَا مِنَ الْجَنَّةِ ، قَالَ لَهُ اٰدَمُ يَا مُوسلى اَصْطَفَاكَ اللّهُ يَالٰدَمُ اَنْتُ لَوْمُنِي عَلَى اَمْرٍ قَدَّرَ الله عَلَى قَبْلُ اَنْ يَخْلُقَنِي بِاَرْبُعِيْنَ بِكَلاَمِهِ وَخَطَّ لَكَ بِيدِهِ اَتَلُومُنِي عَلَى اَمْرٍ قَدَّرَ الله عَلَى قَبْلُ اَنْ يَخْلُقني بِاَرْبُعِيْنَ سَنَةً فَحَجَّ ادَمُ مُوسَى ثَلاَثَا قَالَ سَفُيَانُ حَدَّثَنَا اَبُو الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ اَبِي هُرَيْرَةً عَنِ النَّهِ عَنْ البِي هُرَيْرَةً

ভ১৬১ আলী ইব্ন আবদুল্লাহ্ (র)........... আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রান্ট্র থেকে বর্ণিত। তিনি বলেন, আদম ও মূসা (আ) (পরস্পরে) কথা কাটাকাটি করেন। মূসা (আ) বলেন, হে আদম, আপনি তে আমাদের পিতা। আপনি আমাদেরকে বঞ্চিত করেছেন এবং আমাদেরকে জান্নাত থেকে বের করেছেন। আদম (আ) মূসা (আ) কে বললেন, হে মূসা। আপনাকে তো আল্লাহ্ তা আলা স্বীয় কালামের মাধ্যমে সম্মানিত করেছেন এবং আপনার জন্য স্বীয় হাত দ্বারা লিখেছেন। অতএব আপনি কি আমাকে এমন একটি ব্যাপার নিয়ে তিরস্কার করছেন? যা আমার সৃষ্টির চল্লিশ বছর পূর্বেই আল্লাহ্ নির্ধারণ করে রেখেছেন। তখন আদম (আ) মূসা (আ)-এর উপর এই বিতর্কে জয়ী হলেন। উক্ত কথাটি রাস্লুল্লাহ্ ক্রান্ট্রি তিনবার বলেছেন। সুফিয়ানও ... আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী করীম ক্রান্ট্রি থেকে এরূপ বর্ণনা করেছেন।

٢٧٤٥ بَابٌ لاَ مَانعَ لمَا أَعْطَى اللَّهُ

২৭৪৫. অনুচ্ছেদ ঃ আল্লাহ্ তা'আলা যা দান করেন তা রোধ করার কেউ নেই

7١٦٢ حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ سِنَانٍ قَالَ حَدَّثَنَا فُلَيْحُ قَالَ حَدَّثَنَا عَبْدَةُ بِنُ اَبِي لُبَابَةً عَنْ وَرَّادٍ مَوْلَى الْمُغِيْرَةَ بِنُ اللَّهُ عَلَى الْمُغِيْرَةَ اللَّهُ عَلَى الْمُغِيْرَةُ قَالَ سَمِعْتُ النَّبِي مَا سَمِعْتُ النَّبِي مَا اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ اللَّهُمُ لاَ مَانِعَ لِمَا اعْطَيْتَ وَلاَ يَنْفَعُ ذَا الْجَدِ مِنْكَ الْجَدُّ، وَقَالَ ابْنُ جُرَيْجٍ اَخْبَرَنِي عَبْدَةُ انَ وَرَّادًا اخْبَرَهُ بِهِذَا ، ثُمَّ وَفَدْتُ بَعْدُ الِي مُعَاوِيةَ ، فَسَمِعْتُهُ يَامُرُ النَّاسَ بِذَلِكَ الْقَوْلُ-

৬১৬২ মুহাম্মদ ইব্ন সিনান (র)......মুগীরা ইব্ন শু'বা (রা)-এর আযাদকৃত গোলাম ওয়ার্রাদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা মু'আবিয়া (রা) মুগীরা ইব্ন শু'বা (রা)-এর নিকট এই মর্মে চিঠি লিখলেন যে, নবী সালাতের পর যা পাঠ করতেন এ সম্পর্কে তুমি যা শুনেছ আমার কাছে লিখে পাঠাও। তখন মুগীরা (রা) আমাকে তা লিখে দেওয়ার দায়িত্ব দিলেন। তিনি বললেন, আমি নবী ক্রাট্রা -কে সালাতের পরে বলতে শুনেছি আরাহ্ ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি অদ্বিতীয়, অংশীদারবিহীন। হে আল্লাহ্! তুমি যা দান কর তা রদকারী কেউ নেই। আর তুমি যা রদ কর তার কোন দানকারীও নেই। তুমি ব্যতীত প্রচেষ্টাকারীর প্রচেষ্টাও কোন ফল বয়ে আনবে না! ইব্ন জুরায়জ আবদা থেকে বর্ণনা করেন যে, ওয়ার্রাদ তাকে এ বিষয়ে জানিয়েছেন। এরপর আমি মুআবিয়া (রা)-এর নিকট গিয়েছি। তখন আমি তাঁকে শুনেছি তিনি মানুষকে এ দোয়া পড়তে হুকুম দিচ্ছেন।

٢٧٤٢ بَابُ مَنْ تَعَوَّذَ بِاللَّهِ مِنْ دَرَكِ الشَّقَاءِ ، وَسُوْءِ الْقَضَاءِ وَقَوْلِهِ قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ مِنْ شَرِّ مَا خَلَقَ

২৭৪৬. অনুচ্ছেদঃ যে ব্যক্তি হতভাগ্যের গহীন গর্ত ও মন্দ তাক্দীর থেকে আল্লাহ্ তা'আলার কাছে আশ্রয় চায়। এবং (মহান আল্লাহ্র) বাণীঃ বল, আমি শরণ লইতেছি উষার স্রষ্টার, তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে

آ ٦١٦٣ حَدَّثَنَا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا سَفْيَانُ عَنْ سَمَى عَنْ اَبِى صَالِحِ عَنْ اَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ قَالَ تَعَوَّذُوْا بِاللَّهِ مِنْ جَهْدِ الْبَلاَءِ ، وَدَرَكِ الشَّقَاءِ ، وَسَوُءِ الْقَضَاءِ وَشَمَاتَةَ الْاَعْدَاء-

৬১৬৩ মুসাদ্দাদ (র)...... আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রীক্রী থেকে বর্ণিত। তিনি বলেছেন, তোমরা ভয়াবহ বিপদ, হতভাগ্যের অতল গহবর, মন্দ তাক্দীর এবং শক্রুর আনন্দ প্রকাশ থেকে আল্লাহ্ তা আলার কাছে আশ্রয় প্রার্থনা কর।

٢٧٤٧ بَابُّ يَحُوْلُ بَيْنَ الْمَرْءِ وَقَلْبِهِ

২৭৪৭. অনুচ্ছেদঃ (আল্লাহ্ তা'আলা) মানুষ ও তার অন্তরের মাঝে প্রতিবন্ধক হয়ে যান

آلك حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ مُقَاتِلٍ إَبُوْ الْحَسَنِ اَخْبَرَنَا عَبِدُ اللّٰهِ قَالَ اَخْبَرَنَا مُوسلى بِنُ عُقْبَةَ عَنْ سَالِمٍ عَنْ عَبْدِ اللّٰهِ قَالَ كَثِيْرًا مِمَّا كَانَ النَّبِيُّ عَنْ سَالِمٍ عَنْ عَبْدِ اللّٰهِ قَالَ كَثِيْرًا مِمَّا كَانَ النَّبِيُ عَنْ سَالِمٍ عَنْ عَبْدِ اللّٰهِ قَالَ كَثِيْرًا مِمَّا كَانَ النَّبِيُ عَنْ سَالِمٍ عَنْ عَبْدِ اللّٰهِ قَالَ كَثِيْرًا مِمَّا كَانَ النَّبِيُ عَنْ سَالِمٍ عَنْ عَبْدِ اللّٰهِ قَالَ كَثِيْرًا مِمَّا كَانَ النَّبِي اللهِ عَنْ سَالِمٍ عَنْ عَبْدِ اللّٰهِ قَالَ كَثِيدًا

৬১৬৪ মুহামদ ইব্ন মুকাতিল আবুল হাসান (র)......আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্ষুদ্ধি অধিকাংশ সময় এইরূপ শপথ করতেন ঃ শপথ অন্তরসমূহের পরিবর্তনকারী (আল্লাহ্র)।

\[
\begin{align*}
\text{7\10}
\\
\text{7\10}
\\
\text{2\bullet}
\text{3\bullet}
\text{2\bullet}
\text{2\bullet}
\text{2\bullet}
\text{3\bullet}
\text{2\bullet}
\text{3\bullet}
\text{2\bullet}
\text{3\bullet}
\text{3

ড১৬৫ আলী ইব্ন হাফ্স ও বিশ্র ইব্ন মুহাম্মদ (র)....... ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রেইব্ন সাইয়্যাদকে একদা বললেন ঃ আমি (একটি কথা আমার অন্তঃকরণে) তোমার জন্য গোপন রেখেছি। সে বললো, তা হচ্ছে (কল্পনার) ধূয়জাল মাত্র। নবী ক্রিট্রেই বললেন ঃ চুপ কর, তুমি তো তোমার তাক্দীরকে কখনও অতিক্রম করতে পারবে না। এতদ্শাবণে উমর (রা) বললেন, আমাকে অনুমতি দিন আমি তার মুওপাত করে দেই। তিনি বললেন ঃ রাখ একে, এ যদি তাই হয় তবে তুমি তার ওপর (এ কাজে) সক্ষম হবে না। আর যদি তা না হয় তাহলে তাকে হত্যা করার মাঝে তোমার জন্য কোন কল্যাণ নেই।

٦٧٤٨ بَابُّ قُلُ لَنْ يُصيبْبَانَا الاَّ مَاكَتَبَ اللَّهُ لَنَا قَضَى وَقَالَ مُجَاهِدُ بَفَاتَنِيْنَ مُصلَيْنَ الاَّ مَنْ كَتَبَ اللَّهُ انَّهُ يَصلَى الْجَحِيْمَ – قَدَّرَفَهَدَى قَدَّرَ الشَّفَاءَ وَالسَّعَادَةُ وَهَدَى الْآنْعَامُ لمَرَاتِهَا

২৭৪৮. অনুচ্ছেদ ঃ (মহান আল্লাহ্র বাণী) ঃ বল, আমাদের জন্য আল্লাহ্ যা নির্দিষ্ট করেছেন তা ছাড়া আমাদের কিছু হবে না। كتب - নির্দিষ্ট করেছেন। মুজাহিদ (র) বলেছেন, بفاتنين - যারা পথভ্রষ্ট হয়, হাা যার সম্পর্কে আল্লাহ্ তা আলা লিখে দিয়েছেন যে, সে জাহান্নামে যাবে। قدر فهدى - قدر فهدى - বদ্বখ্তি এবং নেকবখ্তি নির্দিষ্ট করেছেন। জভুকে চারণভূমি পর্যন্ত পৌছানো

[٦١٦٦] حَدَّثَنِيْ اسْتُقُ بِنُ ابْرَاهِيْمَ الْخَنْظَلِيُّ قَالَ اَخْبَرَنَا النَّضْرُ قَالَ حَدَّثَنَا دَاؤُدُ بْنُ اَبِي الْفُرَاتُ عَنْ عَبْدِ اللَّهَ بْنِ بَرَيْدَةَ عَنْ يَحْيِنِي بْنِ يَعْمُرَ اَنَّ عَائِشَةَ اَخَبَرَتْهُ اَنَّهَا سَاَلَتُ رَسُولُ اللَّهِ عَلِي الطَّاعُونِ فَقَالَ كَانَ عَذَابًا يَبْعَثُهُ اللَّهُ عَلَى مَنْ يُشَاءُ ، فَجَعَلَهُ اللّٰهُ رَحْمَةً لِلْمُؤْمِنِيْنَ ، مَا مِنْ عَبْدٍ يَكُوْنُ فِي بَلْدَةٍ يَكُوْنُ فِيهِ وَيَمْكُثُ فِيهِ لاَيَخْرُجُ مِنَ الْبَلْدَةِ صَابِرًا مُحْتَسِبًا يَعْلَمُ اَنَّهُ لاَ يُصِيْبُهُ الِاَّ مَاكَتَبَ اللّٰهُ لَهُ الِاَّ كَانَ لَهُ مِثْلُ اَجْرِ شَهِيْدٍ-

ড১৬৬ ইসহাক ইব্ন ইব্রাহীম আল-হান্যালী (র).......আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি একদা রাসূল্লাহ্ ক্রান্ত্রী -কে প্রেগ রোগ সম্পর্কে জিজ্ঞাসা করলেন। তিনি বললেন ঃ এটা হচ্ছে আল্লাহ্র এক আযাব। আল্লাহ্ তা'আলা যাকে ইচ্ছা তার ওপরই প্রেরণ করেন। আল্লাহ্ তা'আলা এটা মুসলমানের জন্য রহমতে পরিণত করেছেন। প্রেগাক্রান্ত শহরে কোন বান্দা যদি ধৈর্যধারণ করে এ বিশ্বাস নিয়ে সেখানেই অবস্থান করে, তা থেকে বের না হয়। আল্লাহ্ তা'আলা তার জন্য যা ভাগ্যে লিখেছেন তা ব্যতীত কিছুই তাকে স্পর্শ করবে না, তাহলে সে শহীদের সাওয়াব লাভ করবে।

٢٧٤٩ بَابُّ قَـوْلُهُ وَمَا كُنَّا لِنَهْتَدِي لَوْ لاَ أَنْ هَدَانَا اللَّهُ ، لَوْ أَنَّ اللَّهَ هَدَانِيْ لَكُنْتُ مِنَ الْمُتَّقِيْنَ—

২৭৪৯. অনুচ্ছেদ ঃ (মহান আল্লাহ্র বাণী) ঃ আল্লাহ্ আমাদের পথ না দেখালে আমরা কখনও পথ পেতাম না (৭ ঃ ৪৩)। (আরও ইরশাদ হল) ঃ আল্লাহ্ আমাকে পথ প্রদর্শন করলে আমি তো অবশ্যই মুত্তাকীদের অন্তর্ভুক্ত হতাম (৪৯ ঃ ৫৭)

آلَاً حَدَّثَنَا اَبُو النُّعْمَانِ قَالَ حَدَّثَنَا جَرِيْرُ ابْنُ حَازِمٍ عَنْ اَبِي اسْحُقَ عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ رَاَيْتُ النَّبِيُّ وَلَيْ يَوْمُ الْخَنْدَقُ يَنْقُلُ مَعْنَا التُّرَابَ ، وَهُو يَقُولُ : وَاللَّهِ لَوْ لاَ اللَّهُ مَا اهْتَدَيْنَا ، وَلاَ صَمْنَا وَلاَ صَلَّيْنَا ، فَانْزِلَنْ سَكِيْنَةً عَلَيْنَا ، وَثَبِّتِ الْاَقْدَامِ إِنْ لاَقَيْنَا ، وَالْمُشْرِكُونَ قَدْ بَغَوْا ، عَلَيْنَا اذِا اَرَادُواْ فَتْنَةً اَبَيْنَا-

৬১৬৭ আবৃ নু'মান (র)...... বারআ ইব্ন আযিব (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি খন্দকের যুদ্ধের দিন নবী ক্রান্ত্রী কে দেখেছি, তিনি আমাদের সঙ্গে মাটি বহন করেছেন এবং বলছেন ঃ আল্লাহ্র কসম! তিনি যদি আমাদেরকে হেদায়েত না করতেন তবে আমরা হেদায়েত পেতাম না। সাওম পালন করতাম না আর সালাতও আদায় করতাম না। সূতরাং (প্রভু হে) আমাদের উপর প্রশান্তি নাযিল করুন আর শক্রুর মুকাবিলায় আমাদেরকে সুদৃঢ় রাখুন। মুশরিকরা আমাদের উপর অত্যাচার করেছে। তারাই আমাদের উপর ফিত্না (যুদ্ধ) চাপিয়ে দিতে চেয়েছে কিন্তু আমরা তা চাইনি।

ইন্টান্ট্রীন্ট্রিন্টেন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্টেন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্টেন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্ট্রিন্টিন্ট্রিন্টিন্ট্রিন্ট্

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ كَيْمَ كَيْمَ الرَّحِيْمِ كَيَّابُ الْأَيْمَانِ وَالنَّذُوْرِ

শপথ ও মানত অধ্যায়

بَابٌ قَوْلَ اللّهِ لاَيُوْاخِذُ كُمُ اللّهُ بِاللَّهُ فِي آيْمَانِكُمْ وَلكِنْ يُوَاخِذُكُمْ بِمَا عَقَدْتُمُ الاَيْمَانَ الى قَوْلِهِ تَشْكُرُوْنَ

অনুচ্ছেদ ঃ আল্লাহ্র বাণী ঃ তোমাদের নিরর্থক শপথের জন্য আল্লাহ্ তোমাদেরকে দায়ী করবেন না, কিন্তু যে সব শপথ তোমরা ইচ্ছাকৃতভাবে দৃঢ় কর...... তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করা পর্যন্ত

آلكَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُقَاتِلٍ أَبُو الْحَسَنِ قَالَ اَخْبَرَنَا عَبْدُ اللّٰهِ قَالَ اَخْبَرَنَا هِشَامُ بِنُ عُرُوةَ عَنْ اَبِيْهِ عَنْ عَائِشَةَ اَنَّ اَبَا بَكْرٍ لِّمْ يَكُنْ يَحْنَثُ فِيْ يَمِيْنٍ قَطُّ حَتَّى اَنْزَلَ اللّٰهُ كَفُّارَةُ الْيَمِيْنِ مِنْ عَنْ عَائِشَةَ اَنَّ اَبَا بَكْرٍ لِّمْ يَكُنْ يَحْنَثُ فِيْ يَمِيْنٍ قَطُّ حَتَّى اَنْزَلَ اللّٰهُ كَفَّارَةُ الْيَعْمِيْنِ مِنْ اللّهُ اللَّهُ اللّهُ اَتَيْتُ اللّذِي هُوَ خَيْرَهَا خَيْرًا مِنْهَا الاَّ اَتَيْتُ الَّذِي هُوَ خَيْرٌ وَكَفَرْتُ عَنْ يَمِيْنِيْ.

৬১৬৮ মুহাম্মদ ইব্ন মুকাতিল আবুল হাসান (র)..... আয়েশা (রা) থেকে বর্ণিত যে, আবৃ বকর (রা) কখনও কসম ভঙ্গ করেননি, যতক্ষণ না আল্লাহ্ তা আলা কসমের কাফ্ফারা সংক্রান্ত আয়াত নাযিল করেন। তিনি বলতেন, আমি যেকোন ব্যাপারে কসম করি। এরপর যদি এর চেয়ে উত্তমটি দেখতে পাই তবে উত্তমটিই করি এবং আমার কসম ভঙ্গের জন্য কাফ্ফারা আদায় করে দেই।

هِ ﴿ اللّٰهُ عَالَى مُحَمَّدُ بِنُ الْفَصْلِ قَالَ حَدَّثَنَا جَرِيْرُ بِنُ حَازِمٍ قَالَ حَدَّثَنَا جَرِيْرُ بِنُ حَازِمٍ قَالَ حَدَّثَنَا اللّٰبِيُ اللّٰهِ عَبْدُ الرَّحْمُنِ بِنُ سَمُرَةَ قَالَ قَالَ النّبِيُ اللّٰهِ عَبْدَ الرَّحْمُنِ بِنَ الْفَصْلُ بَنَ اللّٰبِيُ اللّٰهِ عَبْدَ الرَّحْمُنِ بِنَ اللّهَ عَنْ مَسْئَلَة وكُلّْتَ اللّهِ عَبْدَ الرَّحْمُنِ بِنَ سَمُرَةَ لاَ تَسْأَلَ الامارَةَ فَانَّكَ إِنْ أُوتينتها عَنْ مَسْئَلَة وكُلَّتَ اللّهِ عَالَى الْمَارَة فَانَّكَ إِنْ أُوتينتها عَنْ مَسْئَلَة وكُلَّتَ اللّهِ عَلْمَا وَإِنْ أُوتينتها مِنْ غَيْرِ مَسْئَلَة الْعَنْدَ عَلَيْهَا وَإِنْ الْمَارَة فَانَكَ إِنْ الْوَتينتها عَنْ مَسْئَلَة وكُلْتَ اللّهِ عَلْمَ اللّهُ عَلَى يَمِيْنِ ، فَرَايَت غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَكَفِّرْ عَنْ يَمِيْنِ ، فَرَايَت غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَكَفِّرْ عَنْ يَمِيْنِ وَاللّهَ اللّهَ اللّهَ اللّهَ اللّهِ عَلْمَ اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ عَلْمُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ الللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللللللّهُ الللللّهُ اللّهُ الللللللّهُ اللللللّهُ اللّهُ اللللللّهُ الللللللللّهُ الللللّهُ الللللّهُ الللللّهُ اللللللللّهُ اللللللللللللّهُ الللللللللللللللللللللللللللّهُ اللللللللللللللللللللللللللللللللل

ডি১৬৯ আবৃ নু'মান মুহাম্মদ ইব্ন ফায্ল (র)...... আবদুর রহমান ইব্ন সামুরা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রের বললেন ঃ হে আবদুর রহমান ইব্ন সামুরা! তুমি নেতৃত্ব চেয়ো না। কেননা, চাওয়ার পর যদি নেতৃত্ব পাও তবে এর দিকে তোমাকে সোপর্দ করে দেয়া হবে। আর যদি না চেয়ে তা পাও তবে তোমাকে এর জন্য সাহায্য করা হবে। কোন কিছুর ব্যাপারে যদি কসম কর আর তা ব্যতীত অন্য কিছুর মাঝে কল্যাণ দেখতে পাও; তবে স্বীয় কসমের কাফ্ফারা আদায় করে তার চেয়ে উত্তমটি অবলম্বন কর।

[٦١٧٦] حَدَّثَنِيْ اسْحُقَ بْنُ اِبْرَاهِيْمَ قَالَ اَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ اَخْبَرْنَا مَعْمَرٌ عَن هَمَّامِ بْنِ مُنَبَّهٍ قَالَ هَذَا مَا حَدَّثَنَا اَبُوْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ لَيُّا قَالَ نَحْنُ الْاَخِرُوْزَ السَّابِقُوْنَ يَوْمَ الْقيامَةِ ، فَقَالَ رَسُولُ اللهِ عَلَيُّهِ وَاللهِ لاَنْ يَلَجَّ اَحْدُكُمْ بِيَمِيْنِهِ فِي اَهْلِهِ اثَمُ لَهُ عَنْدَ اللهِ مِنْ اَنْ يُعْطَى كَفَّارَتَهُ التَّتِي اَفْتَرَضَ اللهُ عَلَيْهِ-

৬১৭২ ইসহাক ইব্ন আবদুল্লাহ্ (র)..... আবূ হুরায়রা (রা) থেকে বর্ণিত। রাস্লুল্লাহ্ ক্রিট্রাই বলেছেন ঃ যে ব্যক্তি আপন পরিবারের ব্যাপারে কসম করে এর উপর অটল থাকে সে সবচেয়ে বড় গুনাহ্গার, যা কাফ্ফারা দূর করে না।

٢٧٤٦ بَابُ قُولِ النَّبِيِّ إِنَّ وَآيُمُ اللَّهِ

২৭৫০. অনুচ্ছেদ ঃ নবী 🚟 এর বাণী ঃ আল্লাহ্র কসম

آلاً حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيْدٍ عَنْ اسِمْعِيْلَ بْنِ جَعْفَرٍ عَنْ عَبْدِ اللَّه بْنِ دِيْنَارِ عَنِ ابْنِ عُمْلَ ابْنِ عُمْلَ اللَّهِ عَلَيْهِمْ السَّامَةَ بْنَ زَيْدٍ فَطَعَنَ بَعْضُ ابْنِ عُمْلَ اللَّهِ عَلَيْهِمْ السَّامَةَ بْنَ زَيْدٍ فَطَعَنَ بَعْضُ النَّاسِ فِي امْرَتِهِ فَقَامَ رَسُولُ اللَّهِ عَلَيْهِ فَقَالَ انْ كُنْتُمْ تَطْعَنُونَ في امْرَتِهِ ، فَقَدْ كُنْتُمْ تَطْعَنُونَ في امْرَةِ ابِيْهِ مِنْ قَبْلُ ، وَآيْمُ اللَّهِ انْ كَانَ لَخَلِيْقًا لَلاِمَارَةِ ، وَانْ كَانَ كَانَ لَخَلِيْقًا لَلاِمَارَةِ ، وَانْ كَانَ لَخَلِيْقًا لَلاِمَارَةِ ، وَانْ كَانَ لَحَبِّ النَّاسِ الْيَ بَعْدَهُ –

ড১৭৩ কুতায়বা ইব্ন সাঈদ (র).... ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ একদা একটি বাহিনী প্রেরণ করলেন আর তাদের আমীর নিযুক্ত করলেন উসামা ইব্ন যায়িদকে। কতিপয় লোক তাঁর নেতৃত্বের ব্যাপারে সমালোচনা করল। তখন রাস্লুল্লাহ্ দাঁড়িয়ে বললেন ঃ তোমরা তাঁর নেতৃত্বের ব্যাপারে সমালোচনা মুখর হচ্ছ। ইতিপূর্বে তাঁর পিতার নেতৃত্বের ব্যাপারেও তোমরা সমালোচনা করেছিলে। আল্লাহ্র কসম! সে অবশ্যই নেতৃত্বের যোগ্য ছিল। আর মানুষের মাঝে সে আমার নিকট প্রিয়তম ব্যক্তি ছিল। তারপরে নিশ্চয়ই এ উসামা অন্য সকল মানুষের চেয়ে আমার নিকট অধিক প্রিয়।

٢٧٥١ بَابُ كَيْفَ كَانَ يَمِيْنُ النَّبِيِّ وَقَالَ سَعْدُ قَالَ النَّبِيُّ وَالَّذِي النَّبِيُّ وَالَّذِي نَفْسِىْ بِيَدِهِ وَقَالَ اَبُوْ بَكْرٍ عِنْدَ النَّبِيِّ وَقَالَ اللهِ اذًا يُقَالُ وَاللهِ وَقَالَ اَبُوْ بَكْرٍ عِنْدَ النَّبِيِّ وَقَالَ لَا هَا اللّهِ اذًا يُقَالُ وَاللّهِ وَتَاللُهِ وَتَاللُهِ

২৭৫১. অনুচ্ছেদ ঃ নবী ক্রিট্র এর কসম কিরপ ছিল? সা'দ ইব্ন আবৃ ওয়াক্কাস (রা) বলেন, নবী ক্রিট্রের বলেছেন ঃ 'কসম ঐ মহান সন্তার, যাঁর হাতে আমার প্রাণ'! আবৃ কাতাদা বলেন, আবৃ বকর সিদ্দীক (রা) নবী ক্রিট্রের নিকট বাা ১৯ বলেছেন; যেখানে বাা বাা বলা যেত

3\VE حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوْسُفَ عَنْ سُفْيَانَ عَنْ مُوْسِلِى بْنِ عُقْبَةَ عَنْ سَالِمٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ كَانَتْ يَمِيْنُ النَّبِيِّ إِلَيْ لاَوَمُقَلِّبِ الْقُلُوْبِ-

৬১৭৪ মুহাম্মদ ইব্ন ইউসুফ (র)...... আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রিই -এর কসম ছিল مقلب القلوب বলা। অর্থাৎ অন্তরের পরিবর্তনকারীর (আল্লাহ্র) কসম।

آلَّهُ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنِ عَبْدِ الْمَلِكِ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنِ الْمَلِكِ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنِ النَّبِيِّ وَالنَّهِ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنِ النَّبِيِّ وَالْأَلْ عَلْمَ الْأَلْمَ عَنْ جَابِرِ بْنِ سَمُرَى بَعْدَهُ وَالْأَلِمَ عَلْمَ كَسْرَى فَلاَ كَسْرَى بَعْدَهُ وَالْذِي نَفْسِي بِيَدِهِ لَتُنْفَقَنَّ كُنُوْزُهُمَا فِي سَبِيْلِ اللَّهِ –

৬১৭৫ মূসা (র)...... জাবির ইব্ন সামুরা (রা) সূত্রে নবী ক্রিট্রা থেকে বর্ণিত। তিনি বলেন, কায়সারের (রাম স্মাট) পতনের পরে আর কোন কায়সার হবে না। কিসরা (পারস্যের বাদশাহ্) এর যখন পতন হল তখনও তিনি বললেন ঃ এরপর আর কোন কিস্রা হবে না। কসম ঐ মহান সন্তার, যাঁর হাতে আমার প্রাণ! অবশ্যই এদের দু'জনের অগাধ সম্পদ আল্লাহ্র রাস্তায় তোমরা খরচ করবে।

[٦١٧٦] حَدَّثَنَا اَبُوْ الْيَمَانِ قَالَ اَخْبَرَنَا شُعَيْبُ عَنِ الزُّهْرِيِّ قَالَ اَخْبَرَنِيْ سَعِيْدُ بْنُ الْمُسَيِّبِ اَنَّ اَبَا هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ اللهِ اللهِ الْأَلْمُ اللهُ الل

৬১৭৬ আবুল ইয়ামান (র)...... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রের্ট্র বলেছেন ঃ কিস্রা যখন ধ্বংস হবে তারপরে আর কোন কিস্রা হবে না। আর কায়সার যখন ধ্বংস হবে তখন আর কোন কায়সার হবে না। কসম ঐ সত্তার। যাঁর হাতে মুহাম্মদ ক্রিট্রেট্র এএর প্রাণ! এদের ধন-সম্পদ অবশ্যই তোমরা আল্লাহ্র রাস্তায় ব্যয় করবে।

آلِكَ حَدَّثَنَا مُحَمَّدُ قَالَ اَخْبَرَنَا عَبْدَةُ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ اَبِيْهِ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ وَاللَّهِ لَوْ تَعْلَمُوْنَ مَا اَعْلَمُ لَضَحَكْتُمْ قَلِيْلاً وَلَبَكَيْتُمُ كَالنَّهِ لَوْ تَعْلَمُوْنَ مَا اَعْلَمُ لَضَحَكْتُمْ قَلِيْلاً وَلَبَكَيْتُمُ كَثُنْرًا-

৬১৭৭ মুহাম্মদ (র)...... আয়েশা (রা) সূত্রে নবী ক্রিম্মের্ট্র থেকে বর্ণিত। তিনি বলেছেন ঃ হে উম্মাতে মুহাম্মদী আল্লাহ্র কসম! আমি যা জানি তোমরা যদি তা জানতে তবে অবশ্যই তোমরা কম হাসতে এবং অধিক ক্রন্দন করতে।

৬১৭৮ ইয়াহ্ইয়া ইব্ন সুলায়মান (র)...... আবদুল্লাহ ইব্ন হিশাম (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা একদা নবী ক্রিট্রাই -এর সঙ্গে ছিলাম। তিনি তখন উমর ইব্ন খাত্তাব (রা)-এর হাত ধরেছিলেন। উমর (রা) তাঁকে বললেন, ইয়া রাসূলাল্লাহ্! আমার প্রাণ ব্যতীত আপনি আমার নিকট সর্বাধিক প্রিয়। তখন নবী ক্রিট্রাই বললেন ঃ না, ঐ মহান সন্তার কসম, যাঁর হাতে আমার প্রাণ! এমন কি তোমার কাছে তোমার প্রাণের চেয়েও আমাকে অধিক প্রিয় হতে হবে। তখন উমর (রা) তাঁকে বললেন, এখন আল্লাহ্র কসম! আপনি আমার কাছে আমার প্রাণের চেয়েও অধিক প্রিয়। নবী ক্রিট্রাই বললেন ঃ হে উমর! এখন (তোমার ঈমান পূর্ণ হয়েছে)।

ড১৭৯ ইসমাঈল (র)...... আবৃ হুরায়রা ও যায়িদ ইব্ন খালিদ (রা) থেকে বর্ণিত। তাঁরা বলেছেন, একদা দু' ব্যক্তি ঝগড়া করতে করতে নবী ক্রিট্রাএর কাছে এলো। তন্মধ্যে একজন বলল, আল্লাহ্র কিতাবের ভিত্তিতে আমাদের মাঝে মীমাংসা করে দিন। দু'জনের মাঝে (অপেক্ষাকৃত) বুদ্ধিমান দ্বিতীয় লোকটি বলল, হ্যা। ইয়া রাসূলাল্লাহ্! আমাদের মাঝে আল্লাহ্র কিতাবের ভিত্তিতে মীমাংসা করে দিন। আর আমাকে কিছু বলার

অনুমতি দিন। তিনি বললেন ঃ বল। লোকটি বলল, আমার পুত্র এ লোকটির নিকট চাকর হিসাবে ছিল। (মালিক বলেন, অন্মার পুত্র এর স্ত্রীর সঙ্গে ব্যভিচার করেছে। লোকেরা বলেছে যে, আমার পুত্রের (শান্তি) রজম হবে। সূতরাং আমি একশ' বক্রী ও একটি বাঁদী নিয়ে তার ফিদইয়া প্রদান করেছি। এরপর আমি আলিমদের নিকট এ ব্যাপারে জিজ্ঞাসা করেছি। তাঁরা আমাকে জানালেন যে, আমার পুত্রের একশ' বেত্রাঘাত ও এক বছরের দেশান্তর হবে। আর রজম হবে এর স্ত্রীর। তখন রাস্লুল্লাহ্ ক্রিট্রা বললেন ঃ কসম ঐ মহান সন্তার, যাঁর হাতে আমার প্রাণ! আমি তোমাদের উভয়ের মাঝে অবশ্যই আল্লাহর কিতাব ভিত্তিক মীমাংসা করে দেব। তোমার বক্রী ও বাঁদী তোমাকেই ফিরিয়ে দেয়া হবে। তিনি তাঁর পুত্রকে একশ' বেত্রাঘাত ও এক বছরের জন্য দেশান্তর করলেন। আর উনায়স আসলামীকে হুকুম করা হল অপর লোকটির স্ত্রীর কাছে যাওয়ার জন্য। সে যদি (ব্যভিচার) স্বীকার করে তবে তাকে রজম করতে। সে তা স্বীকার করল, সুতরাং তাকে রজম (পাথর নিক্ষেপ করে হত্যা) করল।

آمَادً حَدَّثَنِي عَبْدُ اللهِ ابْنُ مُحَمَّدٍ قَالَ حَدَّثَنَا وَهْبُ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّد بِنِ ابْنِي يَعْقُوْبَ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ اَبِي بَكْرَةَ عَنْ اَبِيْهِ عَنِ النَّبِيِّ وَالنَّهِ قَالَ اَراَيْتُمْ اِنْ كَانَ اَسْلَمُ وَغِفَارُ وَمُزَيْنَةُ وَجُهَيْنَةُ خَيْرًا مِنْ تَمِيْمٍ وَعَامِرِبْنِ صَعْصَعَةَ وَغَطَفَانَ وَاسَدٍ كَانَ اَسْلَمُ وَغِفَارُ وَمُزَيْنَةُ وَجُهَيْنَةُ خَيْرًا مِنْ تَمِيْمٍ وَعَامِرِبْنِ صَعْصَعَةَ وَغَطَفَانَ وَاسَدٍ خَابُواْ وَخَسِرُواْ قَالُواْ نَعَمْ ، فَقَالَ وَالَّذِي نَفْسِي بِيدِهِ إِنَّهُمْ خَيْرٌ مِنْهُمْ -

৬১৮০ আবদুল্লাহ ইব্ন মুহামদ (র)..... আবূ বাকরা (রা) সূত্রে নবী ক্রিট্রা থেকে বর্ণিত। তিনি বলেন ঃ আসলাম, গিফার, মুযায়না এবং জুহায়না বংশ যদি তামীম, আমির ইব্ন সাসা আ, গাতফান ও আসাদ বংশ থেকে উত্তম হয় তা হলে তোমাদের কেমন মনে হয়ং তারা তো ক্ষতিগ্রস্ত হয়েছে। সাহাবাগণ বললেন, হাঁ, তখন তিনি বললেন ঃ কসম ঐ মহান সন্তার যাঁর হাতে আমার প্রাণ। নিশ্চয়ই তারা এদের চেয়ে উত্তম!

آلكا حَدَّثَنَا اَبُو الْيَمَانِ قَالَ اَخْبَرَنَا شُعَيْبٌ عَنِ الزُّهْرِيّ قَالَ اَخْبَرَنِيْ عُرُوةً عَنْ اَبِي حُمَيْدِ السَّاعِدِيِّ اَنَّهُ اَخْبَرَهُ اَنَّ رَسُولَ اللَّهِ عَنِّ السَّتَعْمَلَ عَامِلاً فَجَاءَهُ الْعَامِلُ حَيْنَ فَرَغَ مِنْ عَمَلَهِ ، فَقَالَ يَارَسُولَ اللَّهِ هَذَا لَكُمْ وَهَذَا اُهْدِي لَي فَقَالَ لَهُ اَفَلا قَعَدْتَ فِي بَيْتِ اَبِيْكَ وَاُمِّكَ فَنَظَرْتَ اَيُهْدَى لَكَ اَمْ لاَ ، ثُمَّ قَالَ اَمَّا لِللهِ اللهِ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ الله

حُمَيْدٍ ثُمَّ رَفَعَ رَسُولُ اللهِ عَلَيْ يَدَهُ حَتَّى إِنَّا لَنَنْظُرُ إِلَى عُفْرَةِ إِبْطَيْهِ ، قَالَ اَبُو حُمَيْدٍ وَقَدْ سَمِعَ ذَلِكَ مَعِى زَيْدُ بْنُ ثَابِتٍ مِنَ النَّبِيِّ أَنَّ فَسَلُوهُ-

ভ১৮১ আবুল ইয়ামান (র).... আবৃ হুমায়দ সাঈদী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ ক্রিট্রে এক ব্যক্তিকে রাজস্ব আদায়কারী নিযুক্ত করে পাঠালেন। সে কাজ শেষ করে তাঁর কাছে এসে বলল, ইয়া রাসূলাল্লাহ্! এটা আপনার জন্য আর এ জিনিসটি আমাকে হাদিয়া দেওয়া হয়েছে। রাসূলুল্লাহ্ তাকে বললেন ঃ তুমি তোমার মা-বাবার ঘরে বসে রইলে না কেন? তা হলে তোমার জন্য হাদিয়া পাঠাত কি না তা দেখতে পেতে? এরপর রাসূলুল্লাহ্ অশার ওয়াক্তের সালাতে দাঁড়িয়ে গেলেন এবং তাশাহ্ছদ পাঠ করলেন ও আল্লাহ্ তা'আলার যথোপযুক্ত প্রশংসা করলেন। এরপর বললেন ঃ রাজস্ব আদায়কারীর অবস্থা কি হল? আমি তাকে নিযুক্ত করে পাঠালাম আর সে আমাদের কাছে এসে বলছে, এটা সরকারী রাজস্ব আর এ জিনিস আমাকে হাদিয়া দেওয়া হয়েছে। সে তার বাবা-মার ঘরে বসে রইল না কেন? তা হলে দেখত তার জন্য হাদিয়া দেওয়া হয় কি না? ঐ মহান সন্তার কসম! যাঁর হাতে মুহামদ ক্রিট্রিনে তার কাঁধে বহন করা অবস্থায় আসবে। সে বস্তুটি যদি উট হয় তা হলে উট আওয়ায করতে থাকবে। যদি গরু হয় তবে হায়া হায়া করতে থাকবে। আমি পৌছিয়ে দিলাম। রাবী আবৃ হুমায়দ বলেন, এরপর রাসূলুল্লাহ্ তাঁর হস্ত মুবারক এতটুকু উত্তোলন করলেন যে, আমরা তাঁর দু বগলের ভত্রতা দেখতে পেলাম। আবৃ হুমায়দ বলেন, এ কথাগুলো যায়িদ ইব্ন সাবিতও আমার সঙ্গে তনেছে নবী ক্রিট্রাণ করতে পার।

[٦١٨٢] حَدَّثَنَا ابْرَاهِیْمُ بْنُ مُوسٰی قَالَ اَخْبَرَنَا هِشَامٌ عَنْ مَعْمَرٍ عَنْ هَمَّامٍ عَنْ اَبِی هُرَیْرَةَ قَالَ قَالَ اَبُو الْقَاسِمِ عَلَیْ مُوسْی قَالَ اَخْبَرَنَا هِشَامٌ عَنْ مَعْمَرٍ عِنْ هَمَّامٍ عَنْ اَعْلَمُ هُرَیْرَةَ قَالَ قَالَ اَبُو الْقَاسِمِ عَلِیْلاً وَالَّذِی نَفْسُ مُحَمَّدٍ بِیدِهِ لَوْ تَعْلَمُونَ مَا اَعْلَمُ لَبَكَیْتُمْ كَثِیْرًا ، وَلَضَحِکْتُمْ قَلِیْلاً –

ড১৮২ ইব্রাহীম ইব্ন মূসা (র) আবু হুরায়ারা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আবুল কাসিম ক্রিট্রের বলেছেন ঃ ঐ মহান সন্তার কসম, যাঁর হাতে মুহাম্মদ ক্রিট্রের প্রাণ! আমি যা জানি তোমরা যদি তা জানতে, তা হলে তোমরা অবশ্যই অধিক ক্রন্দন করতে আর অল্প হাসতে।

آلكَ الْمُعْرُوْرِ عَنْ الْمُعْرُوْرِ عَنْ الْمُعْرُوْرِ عَنْ الْمُعْرُوْرِ عَنْ الْمُعْرُوْرِ عَنْ الْمَعْرُوْرِ عَنْ الْمَعْرُوْرِ عَنْ الْمَعْرُوْرِ عَنْ الْمَعْرُوْرِ عَنْ الْمَعْرُوْرِ عَنْ الْمَعْرُوْنَ وَرَبِّ الْكَعْبَة ، الْمَعْرُوْنَ وَرَبِّ الْكَعْبَة ، الْمَعْرُوْنَ وَرَبِّ الْكَعْبَة وَهُوَ يَقُولُ فَي ظلِّ الْكَعْبَة هُمُ الْاَخْسَرُوْنَ وَرَبِّ الْكَعْبَة ، وَلُتُ مَا شَانِي الْرَى فِيَّ شَيْ ؟ مَاشَانِي فَجَلَسْتُ وَهُوَ يَقُولُ ، هُمُ اللَّهُ فَقُلْتُ مَنْ هُمْ بِاَبِي اَنْتَ يَقُولُ ، فَمَا اسْتَطَعْتُ اَنْ اَسْكُتَ ، وَتَغَشَّانِي مَا شَاءَ اللَّهُ فَقُلْتُ مَنْ هُمْ بِاَبِي اَنْتَ وَامِيً وَاللَّهُ فَالَ اللَّهُ قَالَ اللَّهِ قَالَ اللَّهُ قَالَ اللَّهُ قَالَ هَكَذَا وَهَكَذَا وَهَكَذَا وَهَكَذَا وَهُكَذَا وَهَكَذَا وَهَكَذَا وَهُكَذَا وَاللَّهُ اللَّهُ الْمُعْرُونَ الْمُؤَالاً إِلاَّ مَنْ قَالَ هَكَذَا وَهَكَذَا وَهَكَذَا وَهُكَذَا وَالْمُولِ اللَّهُ اللَّهُ الْمُؤْمِدُ اللّهُ اللَّهُ الْمُعْرُونُ الْمُؤْلِلاً إِلاَّ مَنْ قَالَ هَكَذَا وَهُكَذَا وَهُكَذَا وَهُكَذَا وَهُ الْمُؤْمِونَ الْمُؤْلِولُ اللّهُ اللّهُ الْمُؤْمُونُ اللّهُ اللّهُ الْمُؤْمُونُ اللّهُ الْمُؤْمُونُ اللّهُ الْمُؤْمُونُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الْمُؤْمُونُ اللّهُ اللّهُ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمُونُ اللّهُ اللّهُ اللّهُ الْمُؤْمُونُ اللّهُ اللّهُ الْمُؤْمِنُ اللّهُ اللّهُ اللّهُ الْعُلُولُ اللّهُ اللّهُ الْعَلْمُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الْمُؤْمُونُ اللّهُ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمُ اللّهُ الْمُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّه

الرَّحْمٰنِ الْاَعْرَجِ عَنْ آبِى هُرَيْرَةَ قَالَ آخْبَرَنَا شُعَيْبُ قَالَ حَدَّثَنَا آبُو الزِّنَادِ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ الْاَعْرَجِ عَنْ آبِى هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ يُرَاِّقُ قَالَ سُلَيْمَانُ لاَ طُوْفَنَّ اللَّهِ عَلَى تَسْعِيْنَ امْرَاةً كُلَّهُنَّ تَأْتِى بِفَارِسٍ يُجَاهِدُ فَى سَبِيْلِ الله ، فَقَالَ لَهُ اللَّيْلَةَ عَلَى تَسْعِيْنَ الله ، فَقَالَ لَهُ صَاحِبُهُ قَالَ انْ شَاءَ اللَّهُ فَلَمْ يَقُلْ انْ شَاءَ الله فَطَافَ عَلَيْهِنَّ جَمِيْعًا فَلَمْ تَحْمِلْ مِنْهُنَّ الله لاَ الله الله وَاعْرَبُ مِنْهُنَّ الله الله عَلَيْهِنَ جَمِيْعًا فَلَمْ تَحْمِلْ مِنْهُنَ الله الله الله الله وَاعْرَبُ مِنْهُنَ الله الله الله الله فَرُسَانًا آجْمَعُونَ –

ড১৮৪ আবুল ইয়ামান (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রান্ট্র বলেছেন ঃ একদা সূলায়মান (আ) বললেনঃ আমি আজ রাতে নক্বইজন স্ত্রীর সাথে মিলিত হব, যারা প্রত্যেকেই একটি করে সন্তান জন্ম দেবে, যারা হবে অশ্বারোহী; জিহাদ করবে আল্লাহ্র রাস্তায়। তাঁর সঙ্গী বলল, ইন্শা আল্লাহ্ (বলুন)। তিনি ইন্শা আল্লাহ্ বললেন না। অতঃপর তিনি সকল স্ত্রীর সঙ্গেই মিলিত হলেন। কিন্তু কেবলমাত্র একজন স্ত্রীই গর্ভবতী হলেন, তাও এক অপূর্ণাঙ্গ সন্তান প্রসব করল। ঐ মহান সন্তার কসম! যাঁর হাতে মুহাম্মদ ক্রান্ট্রা-এর প্রাণ। তিনি যদি ইন্শা আল্লাহ্ বলতেন, তাহলে সকলেই অশ্বারোহী হয়ে আল্লাহ্র রাস্তায় জিহাদ করত।

৬১৮৫ মুহাম্মদ ইব্ন সালাম (র)...... বারাআ ইব্ন আযিব (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রা-এর জন্য একদা রেশমের এক টুক্রা বস্ত্র হাদিয়া পাঠানো হল। লোকেরা তার সৌন্দর্য ও মসৃণতা দেখে অবাক হয়ে পর্যায়ক্রমে হাতে নিয়ে দেখছিল। এরপর রাসূলুল্লাহ্ ক্রিট্রা বললেন ঃ তোমরা কি এটি দেখে অবাক হচ্ছা তাঁরা

উত্তর দিলেন, হাঁ, ইয়া রাস্লাল্লাহ্! তিনি বললেন ঃ ঐ মহান সন্তার কসম। যার হাতের মুঠোয় আমার প্রাণ। নিশ্চয়ই জান্নাতে সা'দের রুমাল এর চেয়েও উত্তম হবে। আবৃ আবদুল্লাহ (বুখারী) (র) বলেন, তবে তবা এবং ইসরাঈল আবৃ ইসহাক থেকে যে বর্ণনা করেছেন তাতে والذي نفسي بيده কথাটি বলেননি।

آ١٨٦ حَدَّثَنِي عُرُوءَ بُنُ الزُّبَيْرِ انَّ عَائِشَةَ قَالَتْ اللَّيْثُ عَنْ يُوْنُسَ عَنِ ابْنِ شَهَابٍ قَالَ مَدَّثَنِي عُرُوءَ بُنُ الزُّبَيْرِ انَّ عَائِشَةَ قَالَتْ أَنَّ هِنْدَ بِنْتَ عُتْبَةَ بْنِ رَبِيْعَةَ قَالَتْ يَا رَسُولُ اللهِ مَا كَانَ مِمَّا عَلَى ظَهْرِ الْاَرْضِ اَهْلُ اَخْبَاءٍ اَوْخِبَاءٍ اَحَبَّ الِّيَّ اَنْ يَذَلُّوا مِنْ اَهْلِ اَخْبَائِكَ اَوْ خَبَائِكَ شَكَّ يَحْيَى ، ثُمَّ مَا اَصْبَحَ الْيَوْمَ اَهْلُ اَخْبَاءٍ اَوْ خَبَاءٍ اَوْ خَبَاءٍ اَحْبَّ اللهِ مَنْ اَهْلُ اَخْبَاءٍ اَوْ خَبَاءٍ اَحْبَا اللهِ الْمَعْرُولَ اللهِ عَزُوا مِنْ اَهْلُ اَخْبَاءٍ اَوْ خَبَاءِ اَوْ خَبَاءِ اللهِ اللهِ اللهِ عَنْوُلُ اللهِ عَنْوُلُ اللهِ عَلَى مَنْ اَهْلُ اللهِ عَلَى مَنْ اللهِ اللهِ عَلَى مَنْ اللهِ عَلَى اللهِ الْمَعْرُوفِ --

উ১৮৬ ইয়াহ্ইয়া ইব্ন বুকায়র (র) আয়েশা সিদ্দীকা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, হিন্দা বিন্ত উতবা ইব্ন রাবীআ' (একদা) বলল, ইয়া রাস্লাল্লাহ্ এমন এক সময় ছিল যখন ভূ-পৃষ্ঠে যারা তাঁবুতে বাস করছে তাদের মাঝে আপনার অনুসারী যারা তারা লাঞ্ছিত হোক এটা আমি খুবই পছন্দ করতাম। (এখানে বর্ণনার মাঝে তিনি اخبا। বলেছেন, না خبا বলেছেন এ সম্পর্কে রাবী ইয়াহ্ইয়ার সন্দেহ রয়েছে।) কিছু আজ আমার কাছে এর চেয়ে অধিক প্রিয় কিছুই নেই যে, তাঁবুতে বসবাসকারীদের মাঝে আপনার অনুসারীরা সম্মানিত হোক। রাস্লুল্লাহ্ ক্রিট্রা বললেন ঃ কসম এ মহান সন্তার, যাঁর হাতে মুহাম্মদ ক্রিট্রা -এর প্রাণ। এ মর্যাদা আরও বর্ধিত হোক। হিন্দা বললো, আবৃ সুফিয়ান নিশ্চয়ই একজন কৃপণ লোক। তার মাল থেকে (তার পরিজনকে) কিছু খাওয়ালে এতে কি আমার কোন অন্যায় হবেং তিনি বললেন ঃ না। তবে তা (শরীয়তসম্মত) পত্নায় হতে হবে।

آلك عَنْ أَبِيْهِ عَنْ أَبِى اسْحُقَ قَالَ سَمِعْتُ عَمْرَو بْنَ مَسْلَمَةً قَالَ حَدَّثَنَا ابْرَاهِيْمُ عَنْ أَبِي اسْحُقَ قَالَ سَمِعْتُ عَمْرَو بْنَ مَيْمُوْنِ قَالَ حَدَّثَنِيْ عَبْدُ اللّٰهِ بْنُ مَسْعُوْد قَالَ بَيْنَمَا رَسُوْلُ اللّٰهِ بَرُّكُ مُضِيْفٌ ظَهْرَهُ الِّي قُبَّة مِنْ أَدَم يَمَانِ إِذْ قَالَ لَا مَسْعُوْد قَالَ بَيْنَمَا رَسُوْلُ اللّٰهِ وَلَيْ اللّٰهِ وَلَيْ اللّٰهِ عَلَيْ اللّٰهِ الْجَنَّة قَالُوا بَلَى قَالَ اَفْلُم تَرْضُوا اَنْ تَكُونُوا لَا تَكُونُوا لَنْ تَكُونُوا لَنْ تَكُونُوا لَيْ مَصْدَا بِيدهِ إِنِّي لَا رُجُو اَنْ تَكُونُوا لَكُونُوا لَنْ تَكُونُوا لَمْ لَا الْجَنَّة قَالُوا بَلْي قَالُ الْجَنَّة قَالُوا بَلْي قَالُ الْجَنَّة قَالُوا بَلْي قَالُ الْجَنَّة قَالُوا بَلْي لَا رُجُو اَنْ تَكُونُوا لَا لَيْ مَصْدَا لِي لِيدِهِ اِنِّي لَا رُجُوا اَنْ تَكُونُوا لَا لَا الْجَنَّة قَالُوا اللّٰهُ الْجَنَّة قَالُوا اللّٰهُ الْجَنَّة قَالُوا اللّٰهُ الْمُ لَا الْجَنَّة قَالُوا اللّٰهُ اللّٰ الْمُ اللّٰ الْمُ اللّٰ الْمُعَالَ اللّٰهُ اللّٰمَ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰمَ اللّٰهُ اللّٰمَ اللّٰهُ الللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ الللّٰهُ الللّٰهُ الللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ الللّٰهُ الللّٰهُ اللللّٰهُ الللّٰهُ اللّٰهُ الللّٰهُ الللّٰهُ اللّٰهُ الللّٰهُ الللّٰه

৬১৮৭ আহ্মাদ ইব্ন উসমান (র)......আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্র এক সময় ইয়ামানী চামড়ার কোন এক তাঁবুতে তাঁর পৃষ্ঠ মুবারক হেলান দিয়েছিলেন। তখন তিনি তাঁর সাহাবীদের প্রতি লক্ষ্য করে বললেন ঃ তোমরা বেহেশ্তীদের এক-চতুর্থাংশ হবে, এতে কি তোমরা

খুশি আছু তাঁরা বললেন, হাঁ। তিনি বললেন ঃ তোমরা বেহেশ্তীদের এক-তৃতীয়াংশ হবে, এতে কি তোমরা খুশি নও! তাঁরা বললেন, হাঁ। তিনি বললেন ঃ কসম ঐ মহান সন্তার, যাঁর হাতে মুহাম্মদ 🎎 এর প্রাণ! নিশ্চয়ই আমি কামনা করি তোমরা বেহেশ্তীদের অর্ধেক হবে।

৬১৮৮ আবদুল্লাহ্ ইব্ন মাসলামা (র).....আবৃ সাঈদ খুদ্রী (রা) থেকে বর্ণিত যে, কোন এক ব্যক্তি অপর এক ব্যক্তিকে এক ব্যক্তিকে এটি করতে শুনলেন। তিনি তা বারংবার পাঠ করছিলেন। প্রভাত হলে তিনি রাসূলুল্লাহ্ ক্রিট্রেই -এর খেদমতে হাযির হলেন এবং এ সম্পর্কে তাঁর কাছে উল্লেখ করলেন। আর উক্ত ব্যক্তি যেন উক্ত সূরার তিলাওয়াতকে কম শুরুত্ব দিচ্ছিলেন। তখন নবী ক্রিট্রেই বললেন ঃ কসম ঐ মহান সন্তার, যাঁর হাতে আমার প্রাণ! নিশ্চয়ই এ সূরা কুরআনের এক-তৃতীয়াংশের সমান।

آلَهُ عَدَّثَنَا اسْحٰقُ قَالَ آخْبَرَنَا حَبَّانُ قَالَ حَدَّثَنَا هَمَّامٌ قَالَ حَدَّثَنَا قَتَادَةُ أَنَسُ بْنِ مَالُكٍ آنَّهُ سَمِعَ النَّبِيَّ عَلَيْ لَا يُعُولُ ٱتِمُّوْا الرُّكُوعَ وَالسُّجُودُ ، فَوَ الَّذِي نَفْسِي بِيَدِهِ إِنَّهُ سَمِعَ النَّبِيِّ إِلَيْ لَا رَكَعْتُمْ وَإِذَا مَا سَجَدْتُمْ -

ডি১৮৯ ইসহাক ইব্ন মানসুর (র)...... আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। তিনি নবী ক্রীট্রি -কে এ কথা বলতে শুনেছেন যে, তোমরা রুকু' ও সিজ্দা পূর্ণভাবে আদায় কর। ঐ মহান সন্তার কসম! যাঁর হাতে আমার প্রাণ। তোমরা যখন রুকু এবং সিজ্দা কর তখন আমি তোমাদেরকে আমার পিছন থেকে দেখতে পাই।

آ بَهُ عَنْ السَّحْقُ قَالَ حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيْرٍ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ هِشَامِ بْنُ زَيْدٍ عَنْ السَّبِيَّ الْأَنْ مَالَكُ إِنَّ امْرَاَةُ مِنَ الْاَنْصَارِ اتَتِ النَّبِيَّ الْأَنْ مَعَهَا اَوْلاَدُ لَهَا فَقَالَ وَالدَّي عَنْ الْالْدِي نَفْسِى بِيَدِهِ اَنَّكُمْ لاَحَبَّ النَّاسِ الِيَّ قَالَهَا ثَلاَثَ مِرَارٍ

৬১৯০ ইসহাক (র).....আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত যে, আনসার সম্প্রদায়ের জনৈক নারী নবী ক্রিট্রা-এর খেদমতে হাযির হল; সঙ্গে ছিল তার সন্তান-সন্ততি। নবী ক্রিট্রা বললেন ঃ ঐ মহান সন্তার কসম, যাঁর হাতে আমার প্রাণ! মানুষের মাঝে তোমরা আমার নিকট সর্বাধিক প্রিয়। তিনি এ কথাটি তিনবার বললেন।

٢٧٥٢ بَابُ لاَ تَحْلِفُواْ بِإِبَائِكُمْ

7191 حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِكِ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ اَنَّ رَسُوْلَ اللهِ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ اَنَّ رَسُوْلَ اللهِ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ الْخَطَّابِ وَهُو يَسْيِرُ فِيْ رَكْبٍ يَحْلُفُ بِاَبِيْهِ فَقَالَ اَلاَ إِنَّ اللهِ يَنْهَاكُمْ اَنْ تَحْلِفُوْا بِاَبِائِكُمْ مَنْ كَانَ حَالِفًا فَلْيَحْلِفْ بِاللهِ اَوْ لِيَصْمُتُ –

ড১৯১ আবদুল্লাহ্ ইব্ন মাস্লামা (র)..... আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। একদা রাস্লুল্লাহ্ ক্রিট্রেউমর ইব্ন খাত্তার (রা)-কে কোন বাহনের উপর আরোহণ অবস্থায় পেলেন। তিনি তখন তাঁর পিতার নামে কসম করছিলেন। তিনি বললেন ঃ সাবধান। আল্লাহ্ তা'আলা তোমাদেরকে তোমাদের পিতৃপুরুষদের নামে কসম করতে নিষেধ করেছেন। কেউ যদি কসম করতে চায় সে যেন আল্লাহ্র নামে কসম করে নতুবা চুপ থাকে।

آ مَا اللهِ عَنْ يُونُسَ عَنْ النَّهُ يَعُونُ قَالَ حَدَّقَنَا ابْنُ وَهُبٍ عَنْ يُونُسَ عَنِ ابْنِ شَهَابٍ قَالَ سَالِمُ قَالَ ابْنُ عُمَرَ سَمِعْتُ عُمَرَ يَقُولُ قَالَ لِي رَسُولُ اللهِ يَلِكُمْ انَّ اللهِ عَمَرَ اللهِ عَمَرَ اللهِ عَمَرَ اللهِ عَمَرَ اللهِ عَلَيْهُ عَلَيْهُ وَالزُّبَيْدِيُّ وَالزُّبَيْدِيُ وَالزُّبَيْدِيُ اللهِ عَنْ اللهِ عَمْرَ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَمْرَ اللهُ عَمْرَ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَمْرَ اللهُ عَمْرَ اللهُ عَمْرَ اللهُ عَمْرَ اللهُ عَمْرَ اللهُ عَلْهُ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَمْرَ اللهُ عَمْرَ اللهُ عَمْرَ اللهُ عَلَيْهُ اللهُ اللهِ عَنْ اللهُ عَمْرَا عَنْ اللهُ اللهُ عَمْرَ اللهُ عَلَيْهُ اللهُ اللهِ عَنْ اللهُ عَلَيْهُ اللهُ اللهُ اللهُ عَلَيْهُ عَمْرَ اللهُ ا

آلِهُ مَدُّنَا مُوْسَى بْنُ اسْمَعِيْلَ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيْزِ بْنُ مُسْلِمِ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللّهِ بْنُ دِيْنَارٍ قَالَ سَمِعْتُ عَبْدِ اللّهِ بْنِ عُمَىرَ قَالَ رَسَوْلُ اللّهِ لَلّهِ لَا تَحْلِفُوا بِأَبِائِكُمْ -

ড১৯৩ মূসা ইব্ন ইসমাঈল (র)...... আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বর্লেন, রাসূলুল্লাহ্ ক্লাঞ্জু বলেছেনঃ তোমরা তোমাদের পিতা-পিতামহগণের নামে কসম করো না।

7\9E حَدَّثَنَا قُتَيْبَةُ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ عَنْ اَيُّوْبَ عَنْ اَبِى قِلاَبَةَ وَالْقَاسِمُ التَّمِيْمِيِّ عَنْ اَبِي قِلاَبَةَ وَالْقَاسِمُ التَّمِيْمِيِّ عَنْ زَهْدَمٍ قَالَ كَانَ بَيْنَ هُذَا الْحَيِّ مِنْ جَرْمٍ وَبَيْنَ الْاَشْعَرِيَّيْنَ وُدُّ وَإِخَاءً

فَكُنًّا عِنْدَ أَبِي مُوسْلِي الْأَشْعَرِيِّ فَقُرَّبَ إِلَيْهِ طَعَامٌ فِيلِهِ لَحْمُ دَجَاجٍ وَعِنْدَهُ رَجُلٌ مِنْ بَنى تَيْم اللَّه آحْمَرُ كَانَّهُ مِنَ الْمَوَالِي ، فَدَعَاهُ إِلَى الطَّعَامِ ، فَقَالَ إِنِّي رَأَيْتُهُ يَأْكُلُ شَيْئًا فَقَدْرْتُهُ، فَحَلَفْتُ أَنْ لاَ أَكُلَهُ ، فَقَالَ قُمْ فَلاُحَدَّتْنَكَ عَنْ ذَاكَ ، إِنَّى أَتَيْتَ رَسُوْلَ الله وَاللّٰه وَاللّٰه عَنْ فَر مِنَ الْاَشْعَرِيْيِّنَ نَسْتَحْملُهُ ، فَقَالَ وَاللّٰه لاَ أَحْملُكُمْ وَمَا عَنْدى مَا الْأَشْعَرِيُّونَ ، فَاَمَرَ لَنَا بِخَمْسِ ذُودٍ غُرَّ الذُّرَى ، فَلَمَّا انْطَلَقْنَا قُلْنَا مَا صَنَعْنَا حَلَفَ رَسُوْلُ اللَّهِ ﴾ ﴿ يَحْملُنَا وَمَا عنْدَهُ مَا يَحْملُنَا ثُمَّ حَملَنَا تَغَفَّلْنَا رَسُوْلَ الله يَمينْنَهُ وَاللَّه لاَتُفْلِحُ ابَدًا ، فَرَجَعْنَا الَيْه فَقُلْنَالَهُ انَّا اَتَيْنَاكَ لتَحْملَنَا فَحلَفْتَ لاَ تَحْمِلْنَا وَمَا عِنْدَكَ مَا تَحْمِلْنَا ، قَالَ انَّى لست أَنَا حَمَلْتُكُمْ ، وَلَكِنَّ اللَّهَ حَمَلَكُمْ وَاللَّه لاَ اَحْلِفُ عَلَى يَمِيْنِ فَارَى غَيْرَهَا خَيْرًا مِنْهَا الاَّ اتَيْتُ الَّذِي هُوَ خَيْرٌ وَتَحَلَّلْتُهَا -৬১৯৪ কুতায়বা ইব্ন সাঈদ (র).... যাহদাম (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমাদের গোত্র জারাম এবং আশ'আরী গোত্রের মাঝে বন্ধুত্ব ও ভ্রাতৃত্ব ছিল। আমরা (একদা) আবু মুসা আশ'আরীর সঙ্গে ছিলাম। তাঁর কাছে খাবার পেশ করা হল, যার মাঝে ছিল মুরগীর গোশত। তাইমিল্লাহু গোত্রের এক লাল রঙের ব্যক্তি তাঁর কাছে ছিল। সে দেখতে গোলামদের মত। তিনি তাকে খাবারে অংশগ্রহণ করার জন্য আহ্বান করলেন। তখন সে লোকটি বলল, আমি এ মুরগীকে এমন কিছু খেতে দেখেছি যার কারণে আমি একে ঘূণা করছি। তাই আমি কসম করেছি যে, মুরগী আর খাব না। তিনি বললেন, ওঠ, আমি এ সম্পর্কে অবশ্যই তোমাকে একখানা হাদীস বলব। একদা আমি কতিপয় আশ আরীর সঙ্গে বাহন সংগ্রহের জন্য রাস্তুল্লাহ্ 🏥 -এর নিকট এলাম। তখন তিনি বললেন ঃ আল্লাহ্র কসম! আমি তোমাদেরকে বাহন দিতে পারব না। আর বাহনযোগ্য এমন কিছুই আমার কাছে নেই। এরপর রাসূলুল্লাহ্ 🏭 এর কাছে গনীমতের কিছু উষ্ট্র এল। তিনি আমাদের সম্পর্কে জিজ্ঞাসা করলেন এবং বললেন ঃ আশ'আরী লোকগুলো কোথায়ে? এরপর আমাদের জন্য পাঁচটি উৎকৃষ্ট মানের সুদর্শন উট দেওয়ার জন্য নির্দেশ প্রদান করলেন। আমরা যখন চলে গেলাম, তখন চিন্তা করলাম আমরা এ কি করলাম? রাসূলুল্লাহ্ 🚟 তো কসম করেছিলেন আমাদেরকে বাহন দেবেন না বলে। আর তাঁর কাছে কোন বাহন তো ছিলও না। কিন্তু এরপর তিনি তো আমাদেরকে আরোহণের জন্য বাহন দিলেন। আমরা রাসূলুল্লাহ্ কসমের কথা ভুলে গিয়েছি। আল্লাহ্র কসম! এ বাহন আমাদের কোন কল্যাণে আসবে না। সুতরাং আমরা তাঁর কাছে ফিরে গেলাম এবং তাকে বললাম যে, আমাদেরকে আপনি আরোহণ করাবেন এ উদ্দেশ্যে আমরা তো আপনার কাছে এসেছিলাম। আপনি কসম করেছিলেন যে, আপনি আমাদেরকে কোন বাহন দিবেন না। আর আপনার কাছে এমন কোন কিছু ছিলও না, যাতে আমাদেরকে আরোহণ করাতে পারেন। তখন তিনি বলেছিলেন ঃ আমি তোমাদেরকে আরোহণ করাইনি বরং আল্লাহ্ তা'আলা করিয়েছেন। আল্লাহ্র কসম! আমি যখন কোন কসম করি আর তার অন্যটির মাঝে যদি অধিক মঙ্গল দেখতে পাই, তা হলে যা মঙ্গল তাই বাস্তবায়িত করি এবং আমি কসম ভঙ্গ করি।

٢٧٥٣ بِنَابٌ لاَ يُحْلَفُ بِالنَّلاَتِ وَالْعُزَّى وَلاَ بِالطَّوَاغِيثِ

২৭৫৩. অনুচ্ছেদ ঃ লাত, উথ্যা ও প্রতিমাসমূহের কসম করা যায় না

آ مَدَّتَنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدٍ قَالَ حَدَّثَنَا هِشَامُ بْنُ يُوْسُفَ قَالَ اَخْبَرَنَا مَعْمَرُ عَن الزُّهْرِيِّ عَنْ حُمَيْدٍ بِن عَبْدِ الرَّحْمَٰنِ عَنْ اَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ وَالْ مَنْ حَلَفَ فَقَالَ هِ فَاللهُ وَمَنْ قَالَ لِصَاحِبِهِ تَعَالَ مَنْ حَلَفَ فَقَالَ فِي حَلَفِهِ بِاللَّلاَتِ وَالْعُزَّى فَلْيَقُلْ لاَ اللهَ الاَّ اللهُ وَمَنْ قَالَ لِصَاحِبِهِ تَعَالَ اللهُ وَمَنْ قَالَ لِصَاحِبِهِ تَعَالَ اللهُ اللهُ وَمَنْ قَالَ لِصَاحِبِهِ تَعَالَ اللهُ وَمَنْ قَالَ لِصَاحِبِهِ تَعَالَ اللهُ اللهُ وَمَنْ قَالَ لِصَاحِبِهِ تَعَالَ اللهُ اللهُ وَمَنْ قَالَ لِمِنَاحِبِهِ تَعَالَ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ وَمَنْ قَالَ لِمِنَاحِبِهِ تَعَالَ اللهُ الل

৬১৯৫ আবদুল্লাহ্ ইব্ন মুহাম্মদ (র)..... আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রিট্রা থেকে বর্ণিত। তিনি বলেন, সে ব্যক্তি কসম করে এবং বলে, 'লাত ও উয্যার কসম', তখন সে যেন বলে বা । বা বা আর যে ব্যক্তি তার সঙ্গীকে বলে 'এস জুয়া খেলি' তখন এর জন্য তার সাদাকা করা উচিত।

٢٧٥٤ بَابٌ مَنْ حَلَفَ عَلَى الشَّيْئِ وَانْ لَمْ يُحَلَّفُ

২৭৫৪. অনুচ্ছেদ ३ क्यें यिन कान क्छूत कमम करत अथि छाँकि कमम प्निया रहानि

آمَاً عَنْ ابْنِ عُمْرَ انَّ رَسُولَ اللَّهِ عَنْ اللَّهِ عَنْ ابْنِ عُمْرَ انَّ رَسُولَ اللَّهِ عَنْ اللهِ عَنْ ابْنِ عُمْرَ انَّ رَسُولَ اللهِ عَنْ اللهِ اللهِ عَنْ النَّاسُ ، فَيَجْعَلُ فَصَّهُ فِي بَاطِنِ كَفِّه ، فَصَنَعَ النَّاسُ ، ثُمَّ انَّهُ جَلَسَ عَلَى الْمَنْبَرِ فَنَزَعَهُ فَقَالَ انْ يُ كُنْتُ الْبَسُ هُذَا الْخَاتِمُ وَاَجْعَلُ فَصَّهُ مِنْ دَاخِلِ فَرَمِيْ بِهِ ثُمَّ قَالَ وَاللهِ لاَ الْبَسُهُ اَبَدًا فَنَبَذَ النَّاسُ خَوَاتِيْمَهُمْ -

৬১৯৬ কুতায়বা (র).... ইব্ন উমর (রা) থেকে বর্ণিত যে রাস্লুল্লাহ করিবের আংটি তৈয়ার করালেন এবং তিনি তা পরিধান করতেন। পরিধানকালে তার পাথরটি হাতের ভিতরের দিকে রাখলেন। তখন লোকেরাও (এরূপ) করল। এরপর তিনি মিম্বরের উপর বসে তা খুলে ফেললেন এবং বললেন ঃ আমি এ আংটি পরিধান করেছিলাম। এবং তার পাথর হাতের ভিতরের দিকে রেখেছিলাম। অতঃপর তিনি তা ছুড়ে ফেলে দিলেন। আর বললেন ঃ আল্লাহ্র কসম! আমি এ আংটি আর কোনদিন পরিধান করব না! তখন লোকেরাও আপন আপন আংটিগুলো খুলে ফেলল।

٩٧٥٥ بَابُ مَنْ حَلَفَ بِمِلَّة سِوٰى الْاسْلاَمِ ، وقَالَ النَّبِيُّ وَلَفَ مَنْ حَلَفَ بِاللَّهُ وَالْمُ يَنْسُبُهُ إِلَى الْكُفْرِ بِاللَّهُ وَالْمُ يَنْسُبُهُ إِلَى الْكُفْرِ

২৭৫৫ অনুচ্ছেদ ঃ কেউ যদি ইসলাম ধর্ম ব্যতীত অন্য কোন ধর্মের কসম করে। নবী उपा বিশেষের হিন্দু বলেছেন ঃ কোন ব্যক্তি যদি লাত ও উয্যার কসম করে তবে সে যেন বলে বা। খা বা। খ এতে কুফ্রীর দিকে তার সম্পর্ক বোঝায় না

٦١٩٧ حَدَّثَنَا مُعَلَّى ابْنُ اُسَد قَالَ حَدَّثَنَا وُهَيْبُ عَنْ اَيُوْبَ عَنْ اَبِى قِلاَبَةَ عَنْ ثَابِتِ بْنِ الضَّحَّاكِ قَالَ قَالَ النَّبِيُّ أَلِّكُ مَنْ حَلَفَ بِغَيْرِ مِلَّةِ الْاسِلْاَمِ فَهُوَ كَمَا قَالَ ، قَالَ وَمَنْ قَـتَلَ نَفْسَهُ بِشَيْ عُذِّبَ بِهِ فِي نَارِ جَهَنَّمَ ، وَلَعْنُ الْمُؤْمِنِ كَقَتْلِهِ ، وَمَنْ رَمُي مُؤْمِنًا بِكُفْرِ فَهُوَ كَقَتْلِهِ-

৬১৯৭ মুআল্লা ইব্ন আসাদ (র)...... সাবিত ইব্ন যিহাক (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী কলেছেন ঃ কোন ব্যক্তি ইসলাম ধর্ম ব্যতীত অন্য কোন ধর্মের কসম করলে সেটা ঐ রকমই হবে, যে রকম সেবলল। তিনি (আরও বলেন) কোন ব্যক্তি যে কোন জিনিসের মাধ্যমে আত্মহত্যা করবে, জাহান্নামের আত্মনে তাকে ঐ জিনিস দিয়েই শাস্তি দেয়া হবে। কোন মু'মিনকে লা'নত করা তার হত্যা তুল্য। আবার কোন মু'মিনকে কুফ্রীর অপবাদ দেওয়াও তার হত্যা তুল্য।

२००٦ بَابُ لاَ يَقُوْلُ مَا شَاءَ اللَّهُ وَشَيْتُ ، وَهَلْ يَقُوْلُ اَنَا بِاللَّهِ ثُمَّ بِكَ ٢٧٥٦ جادك. अनुत्व्हिप क्ष "या आञ्चार् ठान ও তুমি या ठाও" বলবে না। "আমি আञ्चार्त সাথে এরপর তোমার সাথে" এরপ বলা যাবে কি

آماً قَالَ عَمْرُوابْنُ عاَصِمِ حَدَّثَنَا هَمَّامُ قَالَ حَدَّثَنَا اسْحُقُ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمٰنِ بْنُ اَبِى عَمْرَةً اَنَّ اَبَا هُرَيْرَةَ حَدَّثَهُ اَنَّهُ سَمِعَ النَّبِيُّ يَقُولُ انْ يَعُولُ اللهُ اَنْ يَبْتَلِيَهُمْ ، فَبَعَثَ مَلَكًا فَاتَى الْاَبْرَصَ فَقَالَ تَقَطَّعَتْ بِي الْحَبَالُ فَلاَ بَلاَغَ لِي اللهِ إللهِ ثُمَّ بِكَ ، فَذَكَرَ الْحَدِيْثَ -

ড১৯৮ আমর ইব্ন আসিম (র)..... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি নবী করীম ক্রিট্রা -কে বলতে শুনেছেন যে, বনী ইসরাঈল সম্প্রদায়ের তিন ব্যক্তিকে আল্লাহ্ তা'আলা পরীক্ষা করতে চাইলেন এবং একজন ফেরেশ্তা পাঠালেন। ফেরেশ্তা কুষ্ঠরোগীর কাছে এল। সে বলল, আমার যাবতীয় উপায়-উপকরণ ছিন্ন হয়ে গেছে। এখন আমার জন্য আল্লাহ্ ছাড়া, অতঃপর তুমি ছাড়া কোন গত্যন্তর নেই। এরপর পুরো হাদীস বর্ণনা করলেন।

٢٧٥٧ بَابُ قَوْلِ اللّٰهِ تَعَالَى : وَاقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ، وَقَالَ ابْنُ عَبَاسٍ : قَالَ اَبُوْ بَكْرٍ فَوَ اللّٰهِ يَارَسُوْلَ اللّٰهِ لَتُحَدّثَنِى بِالَّذِي اَخْطَأْتُ فِي الْرُوْيَا ، قَالَ لاَ تُقْسِمْ

২৭৫৭. অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ তারা আল্লাহ্ তা'আলার নামে সৃদৃঢ় কসম করেছে। ইব্ন আব্বাস (রা) বর্ণনা করেন যে, আবৃ বকর (রা) আর্য করলেন, ইয়া রাস্লাল্লাহ্! আল্লাহ্র কসম! আমি স্বপ্লের তাবীর করতে যে ভুল করেছি তা আপনি অবশ্যই আমাকে বলে দিন। তিনি বললেন ঃ ভূমি কসম করো না

آلَهُ عَنْ مُعَاوِيَةَ بْنِ سَبُويْدِ بْنِ مُقَرِّنِ عَنْ اَشْعَتْ عَنْ مُعَاوِيَةَ بْنِ سَبُويْدِ بْنِ مُقَرِّنٍ عَنِ الْبَرَاءِ عَنِ النَّبِيِّ مِلْكُ حَقَالَ وَحَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ حَدَّثَنَا غُنْدَرٌ قَالَ عَنِ الْبَرَاءِ عَنِ النَّبِيِّ مِلْكُ حَقَالَ وَحَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ حَدَّثَنَا غُنْدَرٌ قَالَ

حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَشْعَتَ عَنْ مُعَاوِيَةَ بْنِ سُوَيْدِ بْنِ مُقَرَّنٍ عَنِ الْبَرَاءِ قَالَ آمَرَنَا النَّبِيُّ لِللَّهِ بِابْرَارِ الْمُقْسِمِ-

<u>৬১৯৯</u> কাবীসা ও মুহাম্মদ ইব্ন বাশ্শার (র).....বারাআ ইব্ন আযিব (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী করীম ক্রিট্রি আমাদেরকে কসম পূর্ণ করতে হুকুম করেছেন।

ভি২০০ হাফ্স ইব্ন উমর (রা).......উসামা (রা) থেকে বর্ণিত। একদা উসামা ইব্ন যায়িদ, সা'দ ও উবাই (রা) নবী ক্রিট্রেই -এর সঙ্গে উপবিষ্ট ছিলেন। এমন সময় নবী ক্রিট্রেই -এর জনৈক কন্যা তাঁর কাছে এ মর্মে খবর পাঠালেন যে, আমার পুত্র মরণাপন্ন অবস্থায় আছে। সুতরাং তিনি যেন আমাদের কাছে তশরীফ আনেন। তিনি উত্তরে সালামের সাথে এ কথা বলে পাঠালেন যে, আল্লাহ্ তা'আলা যা দান করেন আর যা নিয়ে নেন সব কিছুই তো আল্লাহ্র জন্য। আর সব কিছুই আল্লাহ্র নিকট নির্ধারিত আছে। অতঃপর তোমার জন্য ধৈর্য ধারণ করা এবং পুণ্য মনে করা উচিত। এরপর তাঁর কন্যা কসম দিয়ে আবার খবর পাঠালেন। এতে রাস্লুল্লাহ্ বাওয়ার জন্য দাঁড়ালেন। আমরাও তাঁর সঙ্গে দাঁড়ালাম। (সেখানে পৌছে) তিনি যখন বসলেন, সন্তানটি তাঁর সামনে আনা হল। তিনি তাকে নিজের কোলে নিয়ে বসালেন, আর শিশুটির শ্বাস নিঃশেষ হয়ে আসছিল। এতে রাস্লুল্লাহ্ ক্রিট্রেই -এর দু'চোখ অশ্রুসিক্ত হয়ে গেল। তখন সা'দ বললেন, ইয়া রাস্লাল্লাহ্! এ কি ব্যাপারং তিনি বললেন ঃ এ হচ্ছে রহমত, যা আল্লাহ্ তা'আলা তাঁর বান্দাদের মাঝে যাকে ইচ্ছা তার মনের ভিতরে দিয়ে থাকেন। আর আল্লাহ্ তা'আলা তো কেবলমাত্র তাঁর দয়র্দ্রের বান্দাদের ওপরই দয়া করে থাকেন।

بَابُ مَنْ نَذَرَ اَنْ يَصُوْمَ اَيَّامًا ، فَوَافَقَ النَّحْرَ اَوِ الْفِطْرَ ٢٧٨. بَابُ مَنْ نَذَرَ اَنْ يَصُوْمَ اَيَّامًا ، فَوَافَقَ النَّحْرَ اَوِ الْفِطْرَ ٢٧٨. ২৭৮০. অনুচ্ছেদ ई কোন ব্যক্তি यिन निर्मिष्ठ करात्रक मिन त्राया शानातत्र माना करत जात जात मारा क्रतवानीत मिननभृह वा अपून किल्दात मिन शर् यात्र

آلاً حَدَّثَنَا مُوسَى بْنُ عُقْبَةَ حَدَّثَنَا حَكِيْمُ بْنُ اَبِي بَكْرِ الْمُقَدَّمِيُّ قَالَ حَدَّثَنَا فُضَيْلُ ابْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّثَنَا مُوسَى بْنُ عُقْبَةَ حَدَّثَنَا حَكِيْمُ بْنُ اَبِي حُرَّةَ الاَسْلَمِيُّ اَنَّهُ سَمِعَ عَبْدَ اللّهِ بْنَ عُمْرَ سُئِلَ عَنْ رَجُلُ نِذَرَ اَنْ لاَ يَاْتِيَ عَلَيْهِ يَوْمُ الاَّ صَامَ ، فَوَافَقَ يَوْمَ اَضْحَى اَوْ فَطْرِ عُمُرَ سُئِلَ عَنْ رَجُلُ نِذَرَ اَنْ لاَ يَاْتِي عَلَيْهِ يَوْمُ الاَّ صَامَ ، فَوَافَقَ يَوْمَ اَضْحَى اَوْ فَطْرِ فَعَالَ لَقَدْ كَانَ لَكُمْ فَي رَسُولِ اللّهِ عَلَيْهِ أَسْوَةً حَسَنَةٌ لَمْ يَكُنْ يَصُومُ يَوْمَ الْفَطْرِ وَالاَضْحَى وَلاَ يَرَى صِيامَهُمَا-

ড২৪৯ আবদুল্লাহ্ ইব্ন মাসলামা (র) যিয়াদ ইব্ন জুবায়র (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একবার ইব্ন উমর (রা)-এর সঙ্গে ছিলাম। এক ব্যক্তি তাঁকে জিজ্ঞাসা করল, আমি মানত করেছিলাম যে, যতদিন আমি বেঁচে থাকব ততদিন প্রতি মঙ্গলবার এবং বুধবার সাওম পালন করব। কিন্তু এর মাঝে কুরবানীর দিন পড়ে গেল। (এখন এর কি হুকুম হবে ?) তিনি বললেন, আল্লাহ্ তা'আলা মানত পুরা করার হুকুম করেছেন; এদিকে কুরবানীর দিনে সাওম পালন করতে আমাদেরকে নিম্বেধ করা হয়েছে। লোকটি প্রশ্নের পুনরাবৃত্তি করল। তিনি এরূপই উত্তর দিলেন, এর চেয়ে বেশি কিছু বললেন না।

٢٧٨١ بَابُ هَلْ يَدْخُلُ فِي الآيْمَانِ وَالنَّدُوْرِ الأَرْضُ وَالْفَنَمُ الزَّرْوَعُ وَالْفَنَمُ الزَّرْوَعُ وَالأَمْتِعَةُ ، وَقَالَ ابْنُ عُمَرَ ، قَالَ عُمَرُ النَّبِيُّ الْأَنِّ اَصَبْتُ اَرْضًا لَمْ أُصِبْ مَالاً قَطُ انْفَسَ مِنْهُ ، قَالَ شَيِئْتَ حَبَسْتَ اَصْلُهَا وَصَدَّقَتْ بِهَا ، وَقَالَ اَبُوْ طَلْحَةَ لِلنَّبِيِّ إِلَيْ بَيْرُحَاءَ لِحَانِطٍ لَهُ مُسْتَقْبِلَةَ طَلْحَةَ لِلنَّبِيِّ إِلَى بَيْرُحَاءَ لِحَانِطٍ لَهُ مُسْتَقْبِلَةَ الْمُسْجَد

২৭৮১. অনুচ্ছেদ ঃ কসম ও মানতের মধ্যে ভূমি, বক্রী, কৃষি ও আসবাবপত্র শামিল হয় কি ? এবং ইব্ন উমর (রা)-এর হাদীস। তিনি বলেন নবী ক্রিট্রে-এর কাছে একদা উমর (রা) আর্য করলেন যে, আমি এরপ একখণ্ড ভূমি লাভ করেছি যার চেয়ে উৎকৃষ্ট কোন মাল কখনও আমি পাইনি। তিনি বললেন ঃ তুমি যদি চাও তবে মূল মালটিকে রেখে দিয়ে (তার থেকে অর্জিত লাভটুকু) দান করে দিতে পার। আবৃ তালহা (রা) নবী ক্রিট্রেই -এর কাছে আর্য করলেন যে, আমার নিকট বায়ব্রুহা নামক আমার বাগানটি সবচেয়ে প্রিয়, যার দেয়ালটি হচ্ছে মসজিদে নববীর সম্মুখে।

ড২৫০ ইসমাঈল (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ্ কর্মান্ত -এর সঙ্গে খায়বারের যুদ্ধের দিন বের হুলাম। আমরা মাল, আসবাবপত্র ও কাপড়-চোপড় ব্যতীত স্বর্ণ বা রৌপ্য গণীমত হিসাবে পাইনি। বনী যুবায়র গোত্রের রিফাআ ইব্ন যায়দ নামক এক ব্যক্তি রাসূলুল্লাহ্ করে একটি গোলাম হাদিয়া দিলেন, যার নাম ছিল মিদআম। রাসূলুল্লাহ্ কর্মান্ত ওয়াদি উল কুরার দিকে রওয়ানা হলেন। তিনি যখন ওয়াদিউল কুরায় পৌছলেন, তখন মিদআম রাস্লুল্লাহ্ কর্মান্ত এর সওয়ারীর হাওদা থেকে লাগেজপত্রগুলি নামাছিলেন। তখন অকস্মাৎ একটি তীর এসে তার গায়ে বিদ্ধ হল এবং তাতে সে মারা গেল। লোকেরা বলল, এ লোকটির জন্য জানাতের সুসংবাদ। তখন রাস্লুল্লাহ্ কর্মান্ত বললেন ঃ কখনও না, কসম ঐ মহান সন্তার, যাঁর হাতে আমার প্রাণ! খায়বারের যুদ্ধের দিন গনীমতের মাল থেকে বন্টনের পূর্বে যে চাদরটি সে নিয়ে গিয়েছিল তার গায়ে তা লেলিহান শিখা হয়ে জ্লবে। এ কথাটি যখন লোকেরা শুনতে পেল, তখন এক ব্যক্তি একটি বা দু'টি ফিতা নিয়ে নবী করীম ক্রমান্ত এর কাছে এসে হাযির হল। তখন তিনি বললেন ঃ এ হচ্ছে জাহান্নামের একটি ফিতা বা জাহান্নামের দু'টি ফিতা।

كِتَابُ كَفَّارَاتِ الْأَيْمَانِ भेनरथेत काक्काता अध्राय

بِسْمَ اللَّهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

كتَابُ كَفَّارَاتِ أَلاَيْمَانِ

শপথের কাফ্ফারা অধ্যায়

وَقَوْلِ اللّٰهِ فَكَفَّارَتُهُ الطُّعَامُ عَشَرَةٍ مَسَاكِيْنَ وَمَا اَمَرَ النَّبِيُّ وَيَّ حِيْنَ نَزَلَتْ : فَنَفِدْيَةٌ مِنْ صَبِيَامٍ أَوْ صَدَقَةٍ أَوْ نُسلُكٍ وَيُذْكَرُ عَنْ اَبْنِ عَبَّاسٍ وَعَطَاءٍ وَعِكْرِمَةَ مَا كَانَ فَي الْقُرْانِ أَوْ أَوْ فَصَاحِبُهُ بِالْخِيَارِ وَقَدْ خَيْرَ النَّبِيُّ وَعِكْرِمَةً مَا كَانَ فِي الْقُرْانِ أَوْ أَوْ فَصَاحِبُهُ بِالْخِيَارِ وَقَدْ خَيْرَ

আল্লাহ্ তা'আলার বাণী ঃ এরপর এর কাফ্ফারা দশজন দরিদ্রকে (মধ্যম ধরনের) আহার্য দান (৫ ঃ ৮৯)। যখন এ আয়াত নাযিল হল, তখন রাস্লুল্লাহ্ ক্রিল্লি যে হকুম দিয়েছিলেন তা হচ্ছে ঃ ফিদ্ইয়া-এর মধ্যে সাওম, সাদকা অথবা কুরবানী করা। ইব্ন আন্ধাস, আতা ও ইকরামা (রা) থেকে বর্ণিত আছে যে, কুরআন মাজীদে যেখানে و او او (অথবা, অথবা) শব্দ আছে কুরআনের অনুসারীদের জন্য সেখানে ইখৃতিয়ার রয়েছে। নবী ক্রিল্লে ফা'ব (রা)-কে ফিদ্ইয়া আদায়ের ব্যাপারে ইখৃতিয়ার দিয়েছিলেন।

ড২৫১ আহ্মাদ ইব্ন ইউনুস (র) কা'ব ইব্ন উজরা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একদা নবী

-এর নিকট উপস্থিত হলাম। তখন তিনি বললেন ঃ কাছে এসো। আমি তাঁর নিকটে গেলাম। তখন তিনি
বললেন ঃ তোমাকে কি তোমার উকুন যন্ত্রণা দিছে । আমি বললাম, হাঁ। তিনি বললেন ঃ সাওম অথবা সাদাকা
অথবা কুরবানী করে ফিদ্ইয়া আদায় কর। ইব্ন আউন আইউব থেকে আমার নিকট বর্ণনা করেন যে, সাওম
হচ্ছে তিন দিন, কুরবানী হল একটি বক্রী আর মিস্কীনের সংখ্যা হল ছয়।

٢٧٨٢ بَابُ قَوْلِهِ قَدْ فَرْضَ اللّٰهُ لَكُمْ تُحِلَّةَ اَيْمَانِكُمْ وَاللّٰهُ مَوْلاَكُمْ وَهُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ وَمَتَى تَجِبُ الْكَفَّارَةُ عَلَى الْغَنِيِّ وَالْفَقِيْرِ ২৭৮২. অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ আল্লাহ্ তোমাদের শপথ হতে মুক্তি লাভের ব্যবস্থা করেছেন। আল্লাহ্ তোমাদের সহায় আর তিনি সর্বজ্ঞ, প্রজ্ঞাময় (৬৬ ঃ ২) আর ধনী ও দরিদ্র কখন কার উপর কাফ্ফারা ওয়াজিব হয়

آ ٢٥٢ حَدَّثَنَا عَلِيُّ بُنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنَا سَهْيَانُ عَنِ الزُّهْرِيِّ قَالَ سَمِعْتُهُ مِنْ فَيْهِ عَنْ حُمَيْدِ بِنْ عَبْدِ الرَّحْمَٰنِ عَنْ اَبِى هُرَيْرَةَ قَالَ جَاءَ رَجُلُ الِّى النَّبِى لَّأَنَّهُ فَقَالَ هَلَكْتُ قَالَ مَا شَانُكَ ؟ قَالَ وَقَعْتُ عَلَى اَهْلِيْ فِي رَمَضَانَ ، قَالَ تَسْتَطِيْعُ أَنْ تُعْتِقَ رَقَبَةً ؟ قَالَ لاَ قَالَ الْقَالَ الْمَهْلُ بَعْنِ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ قَالَ اللهُ اللهُ

٢٧٨٣ بَابُ مَنْ أَعْانَ الْمُعْسِرَ فِي الْكَفَّارَةِ

২৭৮৩. অনুচ্ছেদ ঃ যে ব্যক্তি কাফ্ফারা আদায়ে দরিদ্রকে সাহায্য করে

آ٢٥٣ حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ مَخْبُوْبٍ قَالَ حَدَّثَنَا عَبِدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَا مَعْمَرُ عَنِ الزُّهْرِيِّ عَنْ حُمَيْدِ بِنِ عَبْدِ الرَّحْمْنِ عَنْ آبِي هُرَيْرَةَ قَالَ جَاءَ رَجُلٌ الِي رَسُولِ اللهِ الزُّهْرِيِّ عَنْ حُمَيْدِ بِنِ عَبْدِ الرَّحْمْنِ عَنْ آبِي هُرَيْرَةَ قَالَ جَاءَ رَجُلٌ الِي رَسُولِ اللهِ الزُّهْرِيِّ عَنْ حُمَيْدُ بِهَ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ

۲۷۸٤ بَابٌ يُعْطِى فَى الْكَفَّارَةِ عَشَرَةَ مَسَاكِيْنَ فَرِيْبًا كَانَ اَوْ بَعِيْدُا عَهُ ٢٧٨٤ جابً يُعْطِى فَى الْكَفَّارَةِ عَشَرَةَ مَسَاكِيْنَ فَرِيْبًا كَانَ اَوْ بَعِيْدُا عَمِهِ ٢٧٨٤. अनुष्टिन : দশজন মিস্কীনকে কাফ্ফারা প্রদান করা; চাই তারা নিকটাখীয় হোক বা দ্রের হোক

آبِى هُرَيْرَةَ قَالَ جَاءَ رَجُلُ اللهِ بْنُ مَسْلَمَةَ قَالَ حَدَّثَنَا سَفْيَانِ عَنْ الزُّهْرِيِ عَنْ حُمَيْدِ عَنْ البِي هُرَيْرَةَ قَالَ جَاءَ رَجُلُ الْي النَّبِي وَ النَّبِي وَ الْكُلُّ فَقَالَ هَلَكْتُ قَالَ وَمَا شَانُكَ ؟ قَالَ وَقَعْتُ عَلَى امْرَاتِيْ فِي رَمَضَانَ قَالَ هَلْ تَجَدُ مَا تُعْتِقُ رَقَبَةً ؟ قَالَ لاَ قَالَ فَهَلْ تَسْتَطِيعُ أَنْ تَصُوْمَ شَهرَيْنِ مُتَتَابِعَيْنِ ؟ قَالَ لاَ قَالَ فَهَلْ تَسْتَطِيعُ أَنْ تُطعِم سِتَيْنَ مِسْكِيْنًا ؟ قَالَ لاَ اَجِدُ فَالتِي النَّبِي النَّبِي اللَّهِ بَعْرَقِ فِيه تَمْرُ ، فَقَالَ خُذْ هٰذَا فَتَصَدَّقُ بِهِ ، فَقَالَ اعَلَى اَفْقَرُ مِنَّا ثُمَّ قَالَ خُذْهُ فَاَطْعِمْهُ اَهْلَكَ—

যাতে খেজুর ছিল। তখন তিনি বললেন ঃ এটা নিয়ে নাও এবং তা সাদাকা করে দাও। সে বলল, আমার চেয়ে যে অধিকতর অভাবী তাকে কি দেব ? সে আরও বলল, এখানকার দু'টি উপত্যকার মাঝে আমাদের চেয়ে অভাবী তো আর কেউ নেই। এরপর রাসূলুল্লাহ্ ক্রিট্রে বললেন ঃ এটা নিয়ে যাও এবং তোমার পরিবারকে আহার করাও।

٥٢٧٨ بَابُ صَاعِ الْمَدِيْنَةِ وَمُدِّ النَّبِيِّ وَّلَا النَّبِيِّ وَبَرَكَتِهِ وَمَا تَوَارَثَ اَهْلُ الْمَدِيْنَةِ مِنْ ذٰلِكَ قَرْنًا بَعْدَ قَرْنٍ

২৭৮৫. অনুচ্ছেদ ঃ মদীনা শরীফের সা' ও নবী স্ক্রী -এর মুদ্দ এবং এর বরকত। আর মদীনাবাসীগণ এর থেকে যুগযুগান্তর ধরে উত্তরাধিকারসূত্রে যা পেয়েছেন

آ حَدَّثَنَا الْجُعَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمٰنِ عَنِ السَّائِبِ بْنِ يَزِيْدَ قَالَ كَانَ الْصَّاعُ عَلَى عَهْدِ حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ مَالِكِ الْمُزَنِيُّ قَالَ حَدَّثَنَا الْجُعَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمٰنِ عَنِ السَّائِبِ بْنِ يَزِيْدَ قَالَ كَانَ الصَّاعُ عَلَى عَهْدِ النَّبِيِ مُنَّ مُدًا وَثُلُثًا بِمُدَّكُمُ الْيَوْمَ فَزِيْدَ فِيْهِ فِي زَمَنِ عُمْرَ بْنِ عَبْدِ الْعَزِيْزِ -

<u>৬২৫৫</u> উসমান ইব্ন আবৃ শায়বা (র) সায়িব ইব্ন ইয়াযীদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী করীম ক্রিম্মান্ত -এর যামানায় সা' ছিল তোমাদের এখনকার মুদ্দের হিসাবে এক মুদ্দ ও এক মুদ্দের এক-তৃতীয়াংশ পরিমাণ। এরপর উমর ইব্ন আবদুল আযীয (র)-এর যামানায় তার পরিমাণ বাড়ানো হয়েছে।

آ٢٥٦ حَدَّثَنَا مُنْذِرُ ابْنُ الْوَلْيِدِ الْجَارُوْدِيُّ قَالَ حَدَّثَنَا اَبُوْ قُتَيْبَةً وَهُوَ سَلْمُ قَالَ حَدَّثَنَا مَالِكُ عَنْ نَافِعِ قَالَ كَانَ ابْنُ عُمْرَ يُعْطِي زَكَاةَ رَمَضَانَ بِمُدِّ النَّبِي لِللَّ الْمُدِّ الْمُدِّ الْمُدِّ الْمُدِّ الْمُدِّ الْمُدِّ الْمُدِّ الْمَدِّ الْمُدِّ الْمُدِّ الْمُدِّ الْمُدِّ الْمُدِّ الْمُدِّ الْمُدُّ الْمُدُّ الْمُدُّ الْمُدُّنَا مَالِكُ مُدُّنَا اللهُ مَدُّنَا اللهُ مَدْ مَنْ مُدِّ النَّبِي لِللَّهِ فِي مُدِّ النَّبِي لِللَّهِ وَقَالَ لِي مَالِكُ لَوْ جَاءَ كُمْ الْمُدِّ الْمَدِّ الْمَدُّ الْمَدُّ الْمَدُّ الْمُدَا اللهُ فِي مُدِّ النَّبِي لِللَّهُ وَقَالَ لِي مَالِكُ لَوْ جَاءَ كُمْ الْمِدِرُ فَضَرَبَ مُدًا اصْعُرَ مِنْ مُدِّ النَّبِي لِللَّهِ فِي الْمَدِي الْمَدِّ لِيَ شَيْءً كُنْتُمْ تُعْطُونَ قُلْتُ كُنَّا نُعْطِي اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ

ডি২৫৬ মুন্যির ইব্নুল ওয়ালীদ জারূদী (র) নাফি' (র) থেকে বর্ণিত। তিনি বলেন, ইব্ন উমর (রা) রমযানের ফিত্রা আদায় করতেন নবী ক্রান্ত্র -এর মুদ্দ অর্থাৎ প্রথম মুদ্দ-এর মাধ্যমে। আর কসমের কাফ্ফারাতেও তিনি নবী ক্রান্ত্র -এর মুদ্দ ব্যবহার করতেন। আবু কুতায়বা বলেন, মালিক (র) আমাদেরকে বলেহেন যে, আমাদের মুদ্দ তোমাদের মুদ্দ অপেক্ষা বড়। আর আমরা নবী ক্রান্ত্র -এর মুদ্দের মাঝেই আধিক্য দেখি। রাবী বলেন, আমাকে মালিক (র) বলেহেন ঃ তোমাদের কাছে কোন বাদ্শাহ্ এসে যদি নবী ক্রান্ত্র -এর মুদ্দ থেকে তোমাদের মুদ্দকে হোট করে দিয়ে থাকেন, তাহলে তোমরা কিসের মাধ্যমে (ওযন করে) মানুষদেরকে দিতে? আমি বললাম, নবী ক্রান্ত্র -এর মুদ্দ দিয়েই প্রদান করতাম। তিনি বললেন, তোমরা কি দেখছ না যে, পরিমাপের ব্যাপারটা এভাবেই নবী করীম ক্রান্ত্র এর মুদ্দের দিকে প্রত্যাবর্তন করছে।

آبِى طَلْحَةً عَنْ اَنَسِ بْنِ مَالِكٍ إِنَّ رَسُولَ اللَّهِ عَلَى اللَّهُ عَنْ اسْحُقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ اللَّهِ بْنِ اللَّهِ عَنْ اللَّهُ عَنْ اَنَسِ بْنِ مَالِكٍ إِنَّ رَسُولَ اللَّهِ عَلَى اللَّهِ عَالَ اللَّهُ مَارِكُ لَهُمْ فِي مِكْيَالِهِمْ وَمُدِّهِمْ –

৬২৫৭ আবদুল্লাহ্ ইব্ন ইউসুফ (র)...... আনাস ইবন মালিক (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ ক্রিয়া দোয়া করেছেন ঃ হে আল্লাহ্! তুমি তাদের (উমাতের) কায়ল (মাপে), সা' ও মুদ্দের মাঝে বরকত প্রদান কর।

٢٧٨٦ بَابُ قَوْلِ اللَّهِ : أَوْ تَحْرِيْرُ رَقَبَةٍ ، وَأَيُّ الرِّقَابِ أَزْكَى

২৭৮৬. অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ অথবা গোলাম আযাদ করা। এবং কোন্ প্রকারের গোলাম আযাদ করা উত্তম

آ٢٥٨ حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ عَبِدِ الرَّحِيْمِ قَالَ حَدَّثَنَا دَاوُدُ بِنُ رُشَيِدٍ قَالَ حَدَّثَنَا الْوَليِدُ ابْنُ مُسلِمٍ عَنْ آبِي غَسَّانَ مَحَمَّد بِن مُطَرِّفٍ عَنْ زَيْدِ بِنِ اَسْلَمَ عَنْ عَلِيّ بِنِ حُسَيْنٍ عَنْ سَعِيْدِ بِنِ اَسْلَمَ عَنْ عَلِيّ بِنِ حُسَيْنٍ عَنْ سَعِيْدِ بِنِ اَسْلَمَ عَنْ اَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ لِللَّا اللهُ مِنْ اَعْتَقَ رَقَبَةً مُسْلِمَةً اَعْتَقَ اللهَ بِكُلّ عَضْو مِنْهُ عَضْوًا مِنَ النَّارِ حَتَّى فَرْجَهُ بِفَرْجِهِ-

৬২৫৮ মুহামদ ইব্ন আবদুর রহীম (র)...... আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রিট্রে থেকে বর্ণিত। তিনি বলেছেন ঃ যে ব্যক্তি একটি মুসলমান গোলাম আযাদ করবে আল্লাহ্ তা'আলা সে গোলামের প্রতিটি অঙ্গের বিনিময়ে জাহানামের আগুন থেকে তার প্রতিটি অঙ্গকে মুক্ত করবেন। এমন কি তার গুপ্তাঙ্গকেও গোলামের গুপ্তাঙ্গের বিনিময়ে মুক্ত করবেন।

٢٧٨٧ بَابُ عِتْقِ الْمُدَبِّرِ وَأُمَّ الْوَلَدِ وَالْمُكَاتَبِ فِي الْكَفَّارَةِ وَعِتْقِ وَلَدِ الزِّنَا وَقَالَ طَاوُسٌ يُجْزِيُّءُ أُمُّ الْوَلِدِ وَالْمُدَبَّرُ

২৭৮৭. অনুচ্ছেদ ঃ কাফ্ফারা আদায়ের ক্ষেত্রে মুদাব্বার, উম্মে ওয়ালাদ, মুকাতাব এবং যিনার সন্তান আযাদ করা। এবং তাউস বলেছেন, উম্মে ওয়ালাদ এবং মুদাব্বার আযাদ করা চলবে

آ مَدُّتَنَا اَبُو النُّعْمَانِ قَالَ اَخْبَرَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَمْرٍهِ عَنْ جَابِرٍ اَنَّ رَجُلاً مِنَ الْاَنْصَارِ دَبَّرَ مَمْلُوْكًا لَهُ وَلَمْ يَكُنْ لَهُ مَالٌ غَيْرُهُ فَبِلَغَ النَبِيَّ عَلَّى فَقَالَ مَنْ يَشْتَرِيْهِ مِنِّى فَاشْتَرَاهُ نُعَيْمُ بْنُ النَّحَّامِ بِثَمَانِيَ مِائَةٍ دِرْهَمٍ ، فَسَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ الله يَقُوْلُ عَبْدًا قِبْطِيًّا مَاتَ عَامَ اَوْلً-

৬২৫৯ আবৃ নু'মান (র)..... জাবির (রা) থেকে বর্ণিত যে, আনসার সম্প্রদায়ের এক ব্যক্তি তার গোলামকে মুদাব্বীর বানালো। ঐ গোলাম ব্যতীত তার আর কোন মাল ছিল না। খবরটি নবী

পৌছল। তিনি বললেন ঃ গোলামটিকে আমার কাছ থেকে কে ক্রয় করবে? নু'আয়ম ইব্ন নাহ্হাম (রা) তাকে আটশ' দিরহামের বিনিময়ে ক্রয় করে নিল। সনদস্থিত রাবী আমর (রা) বলেন, আমি জাবির ইব্ন আবদুল্লাহ্ (রা)-কে বলতে ওনেছি যে, সে গোলামটি ছিল কিব্তী আর (আযাদ করার) প্রথম বছরেই সে মারা গিয়েছিল।

۲۷۸۸ بَابُ اذَا اَعْتَقَ عَبْدًا بَيْنَهُ وَبَيْنَ اَخْرَ اَوْ اَعْتَقَ هَى الْكَفَّارَةَ لِمَنْ وَلاَوُهُ ٢٧٨٨ بَابُ اذَا اَعْتَقَ عَبْدًا بَيْنَهُ وَبَيْنَ اَخْرَ اَوْ اَعْتَقَ هَى الْكَفَّارَةَ لِمَنْ وَلاَوُهُ ٢٧٨٨ ২৭৮৮. অনুচ্ছেদ ঃ যখন কৈউ দুজনের মধ্যে শরীকানা কোন গোলাম আযাদ করে অথবা কাফ্ফারার কেত্রে গোলাম আযাদ করে তখন তার ওয়ালাতে (স্বত্বাধিকারী) কে পাবে?

آلَاً حَدَّثَنَا سُلَيْمَانُ بُنُ حَرْبٍ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ عَنْ اِبْرَاهِيْمَ عَنِ الْاَسُودِ عَنْ عَائِشَةَ اَنَّهَا اَرَادَتْ اَنْ تَشْتُرِيَ بَرِيْرَةَ فَاشْتُرَطُواْ عَلَيْهَا الْوَلاَءَ فَذَكَرَتُ ذَٰلِكَ لِلسَّبِيِّ وَلَا عَلَيْهَا الْوَلاَءَ فَذَكَرَتُ ذَٰلِكَ لِلنَّبِيِّ وَلَا عَلَيْهَا الْوَلاَءُ لِمَنْ اَعْتَقَ— لِلنَّبِيِّ وَلَا اللهِ لَا عَنْ اللهِ لَا عَنْ اَعْتَقَ—

৬২৬০ সুলায়মান ইব্ন হারব্ (র)...... আয়েশা (রা) থেকে বর্ণিত যে, তিনি বাবীরা নামী বাঁদীকে ক্রয় করতে চাইলে তার মালিকগণ তার উপর ওয়ালা-এর শর্তারোপ করল। আয়েশা (রা) ব্যাপারটি নবী করীম এর কাছে উল্লেখ করলে তিনি বললেন ঃ তাকে তুমি ক্রয় করে নাও। কেননা ওয়ালা (স্বত্বাধিকার) হল ঐ ব্যক্তির জন্য যে আযাদ করে দেয়।

٢٧٨٩ بَابُ الْأَسْتِثْنَاءِ فِي الْأَيْمَانِ

২৭৮৯. অনুচ্ছেদ ঃ কসমের ক্ষেত্রে ইনশাআল্লাহ্ বলা

ড্হড্ঠ কুতায়বা ইব্ন সাঈদ (র)...... আবু মূসা আল-আশ'আরী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একদা কতিপয় আশ'আরী লোকের সঙ্গে রাসূলুল্লাহ্ ক্রিট্রা -এর কাছে একটি বাহন চাইবার জন্য এলাম। তিনি বললেন ঃ আল্লাহ্র কসম! আমি তোমাদেরকে বাহন দিতে পারব না। কারণ, এমন কিছু আমার নিকট

নেই যা বাহন হিসাবে তোমাদেরকে দিতে পারি। এরপর আল্লাহ্ তা'আলা যতক্ষণ চাইলেন আমরা অবস্থান করলাম। এমন সময় তাঁর নিকট কিছু উট আনা হল। তখন তিনি আমাদেরকে তিনটি উট দেওয়ার জন্য হুকুম করলেন। আমরা যখন রওনা করলাম, তখন পরস্পরে বলতে লাগলাম যে, আল্লাহ্ তো আমাদের বরকত দেবেন না। রাসূলুল্লাহ্ ক্রিট্রাই -এর কাছে বাহন চাওয়ার জন্য যখন এলাম তখন তিনি আমাদেরকে বাহন দেবেন না বলে কসম করলেন। এরপরও আমাদেরকে বাহন দিয়ে দিলেন। আবৃ মৃসা বলেন, আমরা নবী ক্রিট্রাই -এর কাছে ফিরে এসে ব্যাপারটি তাঁর কাছে উল্লেখ করলাম। তখন তিনি বললেন ঃ জামি তো তোমাদেরকে বাহন দেইনি; বরং আল্লাহ্ তা'আলা দিয়েছেন। আল্লাহ্র কসম। ইনশাআল্লাহ্ আমি যখন কোন বিষয়ে কসম করি আর তার বিপরীতিটর মাঝে মঙ্গল দেখতে পাই তখন কসমের কাফ্ফারা আদায় করে দেই। আর যেটি কল্যাণকর সেটিই বাস্তবায়িত করি।

৬২৬২ আবৃ নু'মান (র)..... হাম্মাদ (র) থেকে বর্ণিত। নবী ক্রীট্রির বলেছেন ঃ কিন্তু আমি আমার কৃত কসমের কাফ্ফারা আদায় করি এবং যেটি কল্যাণকর সেটি বাস্তবায়িত করি। অথবা বলেছেন ঃ যেটি কল্যাণকর সেটি বাস্তবায়িত করি এবং এর কাফ্ফারা আদায় করে দেই।

ড২৬৩ আলী ইব্ন আবদুল্লাহ্ (র)..... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, হ্যরত সুলায়মান (আ) একদা বলেছিলেন যে, অবশ্যই আজ রাতে আমি নব্বইজন স্ত্রীর সঙ্গে মিলিত হব। তারা প্রত্যেকেই পুত্র সন্তান প্রসব করবে যারা আল্লাহ্র রাস্তায় জিহাদ করবে। তখন তার সাথী (রাবী সুফিয়ান সাথী দ্বারা ফেরেশতা বুঝিয়েছেন) বলল, আপনি ইন্শাআল্লাহ্ বলুন। কিন্তু তিনি তা ভুলে গেলেন এবং সকল স্ত্রীর স্থাথে মিলিত হলেন। তবে একজন ব্যতীত অন্য কোন স্ত্রীর গর্ভ থেকেই কোন সন্তান পয়দা হল না; তাও ছিল অপূর্ণাঙ্গ। আবৃ হুরায়রা (রা) এ ঘটনা প্রসঙ্গে বলেন যে, রাস্লুল্লাহ্ ক্রিক্রের বলেছেন ঃ তিনি কসমের মাঝে যদি ইনশা আল্লাহ্ বলতেন তাহলে তাঁর কসমও ভঙ্গ হত না আবার উদ্দেশ্যও সাধিত হত। একবার আবৃ হুরায়রা (রা) এরূপ বর্ণনা করলেন যে, রাস্লুল্লাহ্ বলতেন)। আবৃ যিনাদ আরাজের মাধ্যমে আবৃ হুরায়রা (রা) বর্ণিত হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন।

২৩ — বুখারী (দশম)

. ٢٧٩ بَابُ الْكَفَّارَةِ قَبْلُ الْحِنْثِ وَبَعْدَهُ

২৭৯০. অনুচ্ছেদ ঃ কসম ভঙ্গ করার পূর্বে এবং পরে কাফ্ফারা আদায় করা

٦٢٦٤ حَدَّثَنَا عَلِيٌّ بْنُ حُجْرٍ قَالَ حَدَّثَنَا اسْمُعِيْلُ بْنُ اِبْرَاهِيْمَ عَنْ اَيُّوْبَ عَنِ الْقَاسِمِ التَّميْميّ عَنْ زَهْدَمِ الْجَرْمِيّ قَالَ كُنَّا عِنْدَ أَبِي مُوسْلي ، وَبَيْنَنَا وَبَيْنَ هذَا الْحَيّ مِنْ جَرْمٍ إِخَاءُ وَمَعْرُونْ فُ ، قَالَ فَقُدِّمَ طَعَامُهُ قَالَ وَقُدِّمَ فِي طَعَامِهِ لَحْمُ دَجَاجٍ ، قَالَ وَفِي الْقَوْمِ رَجُلٌ مِنْ بَنِي تَيْمِ اللَّهِ اَحْمَرُ كَانَّهُ مَوْلًى قَالَ فَلَمْ يَدْنُ فَقَالَ لَهُ اَبُوْ مُوسلى ادْنُ فَانِّي ْ قَدْ رَاَيْتُ رَسُوْلَ اللَّهِ ۚ كُلِّ يَأْكُلُ مِنْهُ قَالَ اِنِّيْ رَاَيْتُهُ يَاْكُلُ شَيْئًا فَقَذِرْتُهُ فَحَلَفْتُ الاَّ اَطْعَمَهُ اَبَدًا قَالَ أَدْنُ أَخْبِرْكَ عَنْ ذُلِكَ اتَيْنَا رَسُولَ اللَّهِ عَلَيْهُ فِي رَهْطٍ مِنَ الْاَشْعَرِيِّيْنَ اَسْتَحْمِلُهُ وَهُوَ يُقْسِمُ نَعَمًا مِنْ نَعَمِ الصَّدَقَةِ قَالَ اَيُّوْبُ اَحْسِبُهُ قَالَ وَهُوَ غَضْبَانُ ، قَالَ وَاللَّهِ لاَ اَحْمِلُكُمْ وَمَا عِنْدِي مَا اَحْمِلُكُمْ قَالَ فَانْطَلَقْنَا فَأْتِي رَسُوْلُ اللَّهِ وَ اللَّهُ بِنَهْبِ إِبْلِ فَقَالَ آيْنَ هؤُلاءِ الْاَشْعَرِيُّونَ آيْنَ هُولاءِ الْاَشْعَرِيُّونَ فَاتَيْنَا فَاَمَرَ لَنَا بِخَـمْسِ ذَوْدٍ غُـزِ الذُّرِّي ، قَـالَ فَانْدَفَعْنَا فَـقُلْتُ لاَصْحَابِي اَتَيْنَا رَسُوْلَ اللَّهِ عَلَيْكُ نَسْتَحْمِلُهُ فَحَلَفَ أَنْ لاَ يَحْمِلَنَا ثُمَّ أَرْسَلَ الَيْنَا فَحَمَلَنَا نَسَىَ رَسُوْلُ اللّه ﴿ يُرْكُ يَمِيْنَهُ وَاللَّهِ لَئِنْ تَغَفَّلْنَا رَسُوْلَ اللَّهِ عَلَّهُ يَمَيْنَهُ لاَنُفْلِحُ أَبُدًا ارْجِعُوْا بِنَا الَّى رَسُوْل اللَّهِ عَلَّهُ فَلْنُذَكِّرْهُ يَمييْنَهُ ، فَرَجَعْنَا فَقُلْنَا يَا رَسُوْلَ اللَّه اَتَيْنَاكَ نَسْتَحْملُكَ فَحَلَفْتَ اَنْ لاَ تَحْملَنَا ثُمَّ حَمَلْتَنَا فَظَنَنَّا أَوْ فَعَرَفْنَا أَنَّكَ نَسِيْتَ يَمِيْنَكَ ، قَالَ انْطَلِقُوْا فَانِنَمَا حَمَلَكُمُ اللُّهُ إِنِّيْ وَاللُّهِ انْ شَاءَ اللُّهُ لاَ أَحْلَفُ عَلَى يَمينْ ِ فَارَى غَيْرَهَا خَيْرًا ْمنْهَا الاَّ أتَيْتُ الَّذِي هُوَ خَيْرٌ وَتَحَلَّلْتُهَا، تَابَعَهُ حَمَّادُ بن زَيْدٍ عَنْ أَيُّوْبَ عَنْ أَبِي قِلاَبَةَ وَالْقَاسِمِ بن عَاصم الْكُلَيْبِيّ-

৬২৬৪ আলী ইব্ন হুজ্র (র)...... যাহ্দাম জারমী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা একদা আবৃ মূসা আশ'আরী (রা)-এর নিকট ছিলাম। আমাদের এবং জার্ম গোত্রের মাঝে প্রাতৃত্ব ও সুসম্পর্ক বিদ্যমান ছিল। রাবী বলেন, তার জন্য খানা পেশ করা হল, তাতে ছিল মুরগীর গোশ্ত। তাদের দলের মাঝে বনী তাইমিল্লাহ্ গোত্রের এক ব্যক্তি ছিল। যার গায়ের রং ছিল লাল যেন দেখতে গোলাম। রাবী বলেন, লোকটি খানার কাছেও গেল না। আবৃ মূসা আশ'আরী তাকে বললেন, কাছে এসো (খানাতে শরীক হও)। কেননা, আমি রাস্লুল্লাহ্ ক্ষিত্রী-কে এর গোশ্ত খেতে দেখেছি। লোকটি বলল, আমি একে (মুরগী) কিছু খেতে

দেখেছি; ফলে আমি এটিকে ঘূণা করছি। এবং সে থেকে কসম করেছি যে, কখনও আর এটি খাব না। আবূ মূসা (রা) বলেন, কাছে এসো; আমি ভোমাকে এ সম্পর্কে অবহিত করব। একদা আমরা আশ'আরী সম্প্রদায়ের একটি দলের সঙ্গে রাসূলুল্লাহ্ 👬 -এর কাছে একটি বাহন চাইবার জন্য আসলাম। তখন তিনি যাকাতের উট বন্টন করছিলেন। আইয়্যুব বলেন, আমার মনে হয় তিনি তখন রাগান্তিত হয়ে বলেছিলেন ঃ আল্লাহ্র কসম! আমি তোমাদেরকে বাহন দিব না। আর আমার কাছে বাহনযোগ্য কোন কিছুই নেই। রাবী বলেন, আমরা তখন প্রস্থান করলাম। এমন সময় তাঁর নিকট গনীমতের কয়েকটি উট আনা হল। তিনি বললেন ঃ ঐ আশ'আরী লোকগুলো কোথায়? ঐ আশ'আরী লোকগুলো কোথায়? তখন আমরা ফিরে এলাম এবং রাসূলুল্লাহ্ 📲 পাঁচটি আকর্ষণীয় উট আমাদেরকে দেওয়ার জন্য হুকুম করলেন। আমরা উটগুলো নিয়ে রওনা হলাম। এমন সময় আমি আমার সঙ্গীদেরকে বললাম, আমরা রাস্লুল্লাহ্ 🚟 -এর কাছে বাহন চাওয়ার জন্য এসেছিলাম। আর তিনি আমাদেরকে বাহন দিবেন না বলে কসম করেছিলেন। কিন্তু এরপরে আমাদের কাছে লোক পাঠালেন এবং আমাদেরকে বাহন দিয়ে দিলেন। রাসূলুক্সাহ 🚎 👸 তাঁর কসম ভূলে গিয়েছেন। আল্লাহ্র কসম! আমরা যদি রাস্লুল্লাহ্কে 🚎 তাঁর কসমকে ভুলিয়ে দিয়ে থাকি তাহলে তো আমরা কখনও কৃতকার্য হতে পারব না। চল, আমরা রাসূলুল্লাহ্ 🎢 এর কাছে ফিরে যাই এবং তাঁর কসম সম্পর্কে স্বরণ করিয়ে দেই। এরপর আমরা ফিরে গিয়ে বললাম, ইয়া রাসূলাল্লাহ্! আমরা আপনার কাছে বাহন চাওয়ার জন্য এসেছিলাম, আপনি আমাদেরকে বাহন দিবেন না বলে কসম করেছিলেন। কিন্তু পরে আবার বাহন দিয়েছিলেন। এতে আমরা ধারণা করলাম বা বুঝতে পারলাম, আপনি হয়ত কসম ভুলে গিয়েছেন। তখন তিনি বললেন ঃ তোমরা চলে যাও। নিশ্চয়ই আল্লাহ্ই তো তোমাদেরকে বাহন দিয়েছেন। আল্লাহ্র কসম! নিশ্চয়ই আমি যুখন আল্লাহ্র ইচ্ছায় কোন বিষয়ে কসম করি আর তার অন্যটির মাঝে মঙ্গল দেখতে পাই তখন যেটার মধ্যে মঙ্গল আছে সেটি বাস্তবায়িত করি এবং কসমের কাফ্ফারা আদায় করে দেই। হাম্মাদ ইব্ন যায়িদ, আইউব, আবূ কিলাবা এবং কাসিম ইব্ন আসিম কুলায়বী (র) থেকে উপরোক্ত হাদীসে ইসমাঈল ইবন ইব্রাহিমের অনুসরণ করেছেন।

آ كَدَّ تَنَا قُتَيْبَةً قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ عَنْ اَيُّوْبَ عَنْ اَبِي قِلاَبَةَ وَالْقَاسِمِ التَّمِيْمِيِّ عَنْ زَهْدَم بِهِٰذَا-

<u>৬২৬৫</u> কুতায়রা (র)..... যাহদাম (রা) থেকে উক্তরূপ বর্ণিত আছে।

آ ﴿ اللهُ عَنْ اللهُ اللهُ عَدْ ثَنَا اللهُ عَدْ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ ال

৬২৬৬ আবৃ মা'মার.....যাহদাম (রা) থেকেও উক্তরূপ বর্ণিত আছে।

آلامِ اللهِ عَنْ الْحُسَنِ عَنْ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ بْنِ فَارِسِ قَالَ اَخْبَرَنَا اللهِ اللهِ عَنْ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عَمْرَ بْنِ فَارِسِ قَالَ اللهِ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ سَمُرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ سَمُرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ سَمُرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ سَمْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنْ مَسْئَلَةً الْإِمَارَةَ فَالِثُكَ اللهِ الْعُطِيثَةَ عَلَيْهَا عَنْ مَسْئَلَةً إِلَيْهَا وَانِ الْعُطِيثَةَ عَلَيْهَا عَنْ مَسْئَلَةً إِلَيْهَا وَانِ الْعُطِيثَةِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ ال

وُكُلْتَ الِيهُا وَاذَا حَلَفْتَ عَلَى يَمِيْنِ فَرَايْتَ غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَأْتِ الَّذِيْ هُوَ خَيْرٌ وَكَفِّرْ عَنْ يَمِيْنِكَ، تَابَعَهُ اَشْهَلُ ابْنُ حَاتِمٍ عَنِ ابْنِ عَوْنٍ، وَتَابَعَهُ يُوْنُسُ وَسِمَاكُ بُنُ عَطِيَّةَ وَسِمَاكُ بْنُ حَرْبٍ وَحُمَيْدٌ وَقَتَادَةُ وَمَنْصُورٍ وَهِشَامٌ وَالرَّبِيْعُ-

৬২৬৭ মুহামদ ইব্ন আবদুল্লাহ্ (র)..... আবদুর রাহ্মান ইব্ন সামুরা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ বলেছেন ঃ তুমি নেতৃত্ব চাইও না। কেননা, চাওয়া ব্যতীত যদি তোমাকে তা দেওয়া হয় তবে তোমাকে তাতে সাহায়্য করা হবে। আর যদি চাওয়ার পর তা তোমাকে দেওয়া হয়, তবে তা তোমার দায়িত্বেই ছেড়ে দেওয়া হবে (অর্থাৎ এর ভাল মন্দের দায়ত্ব তোমারই থাকবে)। তুমি যখন কোন কিছুতে কসম কর আর কল্যাণ তার অন্যটির মাঝে দেখতে পাও, তখন যেটার মাঝে কল্যাণ সেটাই বাস্তবায়িত কর। আর তোমার কৃত কসমের কাফ্ফারা আদায় করে দাও। আশহাল ইব্ন হাতিম, ইব্ন আউন থেকে এবং উস্মান ইব্ন আমর-এর অনুসরণ করেছেন এবং ইউনুস, সিমাক ইব্ন আতিয়্যা, সিমাক ইব্ন হারব্, হমায়দ, কাতাদা, মানসুর, হিশাম ও রাবীণ উক্ত বর্ণনায় আবদুল্লাহ্ ইব্ন আউন-এর অনুসরণ করেছেন।

كِتَابُ الْفَرَائِضِ উত্তরাধিকার অধ্যায়

بِسْمِ اللهِ الرَّحْمُنِ الرَّحِيْمِ كَتَابُ الْفَرَائِضِ كَتَابُ الْفَرَائِضِ كَوْمَالْكُمُ الْمُورَائِضِ كَوْمَالْكُمُ الْمُورَائِضِ

بَابُ قَوْلِ اللَّهِ : يُوْصِيْكُمُ اللَّهُ فِي اَوْلاَدِكُمْ اَلاَّيتَيْنِ

অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ আল্লাহ্ তোমাদের সম্ভান সম্বন্ধে নির্দেশ দিচ্ছেন.... দুই আয়াত পর্যস্ত

ডি২৬৮ কুতায়বা ইব্ন সাঈদ (র).....জাবির ইব্ন আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমি অসুস্থ হয়ে পড়লাম। তখন রাসূলুল্লাহ্ ক্রিট্রা ও আব্ বকর (রা) আমার শুশ্রমা করলেন। তাঁরা উভয়েই পদব্রজে আসলেন এবং আমার কাছে উপস্থিত হলেন। আমি তখন বেহুঁশ অবস্থায় ছিলাম। রাসূলুল্লাহ্ ক্রিট্রা অযু করলেন এবং আমার উপর অযূর পানি ঢেলে দিলেন। আমি হুঁশে এসে বললাম, ইয়া রাসূলাল্লাহ্! আমার সম্পদের ব্যাপারে কি করব। আমার সম্পদের ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করবং তখন তিনি আমাকে কোন উত্তর দিলেন না। অবশেষে উত্তরাধিকার সংক্রান্ত আয়াত নাযিল হল।

٢٧٩١ بَابُ تَعْلِيْمِ الْفَرَائِضِ وَقَالَ عُقْبَةُ ابْنُ عَامِرٍ تَعَلَّمُواْ قَبْلَ الظَّانِيْنَ يَعْنِي الَّذِيْنَ يَتَكَلَّمُونَ بِالظَّنَّ

২৭৯১. অনুচ্ছেদ ঃ উত্তরাধিকার সংক্রান্ত বিদ্যা শিক্ষা দেওয়া। উক্বা ইব্ন আমির (রা) বলেন, যারা ধারণাপ্রসূত কথা বলে তাদের এ ধরনের কথা বলার পূর্বেই তোমরা (উত্তরাধিকার বিদ্যা) শিখে নাও

 الْحَديْثِ وَلاَ تَحَسَّسُواْ وَلاَ تَجَسَّسُواْ وَلاَ تَجَسَّسُواْ وَلاَ تَبَاغَضُواْ وَلاَ تَدَابَرُواْ وَكُونُواْ عِبَادَ اللَّهِ اخْوَانُا-

ড২৬৯ মূসা ইব্ন ইসমাঈল (র)..... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রের বলেছেন ঃ তোমরা ধারণা করা পরিহার কর, কেননা, ধারণা করা হচ্ছে সর্বাধিক মিথ্যা। কারও দোষ তালাশ করো না, দোষ বের করার জন্য গুপুচরবৃত্তি করো না, একে অপরের প্রতি হিংসা পোষণ করো না, পরস্পরে সম্পর্কচ্ছেদ করো না। আল্লাহ্র বান্দা পরস্পরে ভাই ভাই হয়ে যাও।

٢٧٩٢ بَابُ قَوْلِ النَّبِيِّ يَرْكُ ۖ لاَ نُوْرَتُ مَا تَرَكْنَا صَدَقَةً

২৭৯২. অনুচ্ছেদ ঃ নবী ﷺ-এর বাণী ঃ আমাদের কোন উত্তরাধিকারী হবে না আর যা কিছু আমরা রেখে যাই সবই হবে সাদাকাস্বরূপ

آبِكُ عَنْ عَنْ عَائِشَةَ اَنَّ فَاطِمَةَ وَالْعَبَّاسَ اَتَيَا اَبَا بَكْرِ يَلْتَمِسَانِ مِيْرَاتُهُمَا مِنْ رَسُوْلِ عَنْ عُرُوةَ عَنْ عَائِشَةَ اَنَّ فَاطِمَةَ وَالْعَبَّاسَ اَتَيَا اَبَا بَكْرِ يَلْتَمِسَانِ مِيْرَاتُهُمَا مِنْ رَسُوْلِ اللّهِ عَنْ عُرُوةَ عَنْ عَائِشَةَ اَنَّ فَاطِمَةَ وَالْعَبَّاسَ اَتَيَا اَبَا بَكْرِ يَلْتَمِسَانِ مِيْرَاتُهُمَا مِنْ رَسُوْلِ اللّهِ عَلَيْ لَهُمَا اللّهِ عَلَيْ لَهُمَا اللّهِ عَلَيْ لَهُمَا مِنْ فَدَكِ وَسَهْمُهُمَا مِنْ خَيْبَرَ ، فَقَالَ لَهُمَا اللّهِ عَلَيْ اللّهِ عَلَيْ لَهُمَا اللّهِ عَلَيْ لَكُو بَكْرِ سَمِعْتُ رَسَدُولَ اللّهِ عَلَيْ لَكُولُ اللّهِ عَلَيْ لَكُولُ اللّهِ عَلَيْ لَهُ اللّهِ عَلَيْ لَكُولُ اللّهِ عَلَيْ لَكُولُ اللّهِ عَلَيْ اللّهِ عَلَيْ لَكُولُ اللّهِ عَلَيْ اللّهُ عَلَيْ عَلَيْ اللّهِ عَلَيْ اللّهِ عَلَيْ اللّهُ عَلَيْ اللّهُ عَلَيْ عَلَيْ اللّهُ عَلَيْ اللّهُ عَلَيْ اللّهُ عَلْمَ اللّهُ عَلَيْ عَلْ اللّهُ عَلَيْ عَلْهُ عَلَيْ عَالًا وَاللّهُ عَلَيْ اللّهُ عَلَيْ مَا تَتْ اللّهُ عَلَيْ اللّهُ عَلَيْ مَا اللّهُ عَلَيْ عَلْمُ اللّهُ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ اللّهُ عَلَيْ اللّهُ عَلْهُ اللّهُ عَلَيْ اللّهُ عَلْمُ اللّهُ عَلْمُ اللّهُ عَلَيْ عَلْمُ اللّهُ عَلْمُ اللّهُ عَلْمُ اللّهُ عَلْمُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْ عَلْهُ عَلَيْمُ اللّهُ عَلْمُ اللّهُ اللّهُ عَلَيْ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّه

ভ২৭০ আবদুল্লাহ্ ইব্ন মুহামদ (র)..... আয়েশা (রা থেকে বর্ণিত। (রাসূলুল্লাহ্ ক্রিট্রে -এর রেখে যাওয়া সম্পত্তির) উত্তরাধিকারিত্ব চাওয়ার জন্য একদা ফাতিমা ও আব্বাস (রা) আবৃ বকর সিদ্দীক (রা)-এর কাছে আসলেন। তাঁরা ঐ সময় ফাদাক ভূখণ্ডের এবং খায়বারের অংশ দাবি করছিলেন। তখন আবৃ বকর সিদ্দীক (রা) তাঁদের উভয়ের প্রতি লক্ষ্য করে বললেন, আমি রাসূলুল্লাহ্ ক্রিট্রে থেকে শুনেছি। তিনি বলেছেন ঃ আমাদের কোন উত্তরাধিকারী হবে না, আমরা যা রেখে যাব তা সবই হবে সাদাকা। এ মাল থেকে মুহাম্মদ ক্রিট্রেই-এর পরিবার ভোগ করবেন। আবৃ বকর (রা) বলেন, আল্লাহ্র কসম! রাস্লুল্লাহ্ ক্রিট্রেই -কে আমি এতে যেভাবে করতে দেখেছি, তা সেভাবেই বাস্তবায়িত করব। রাবী বলেন, এরপর থেকে ফাতিমা (রা) তাঁকে পরিহার করেছিলেন এবং মৃত্যু পর্যন্ত তার সাথে কথা বলেন নাই।

آلاً حَدَّثَنَا اسْمُعِیْلُ بْنُ اَبَانَ قَالَ اَخْبَرَنَا ابْنُ الْمُبَارَكِ عَنْ یُوْنُسَ عَنِ الزُّهْرِيِّ عَن عُرْوَةَ عَنْ عَائِشَةَ اَنَّ النَّبِيَّ لِيَّ قَالَ اَنَا لاَ نُوْرَتُ مَا تَرَكْنَا صَدَقَةً –

৬২৭১ ইসমাঈল ইব্ন আবান (র)...... আয়েশা (রা) থেকে বর্ণিত যে, নবী ক্রিট্রের্ছ বলেছেন ঃ আমাদের কোন উত্তরাধিকারী হবে না। আমরা যা কিছু রেখে যাব সবই হবে সাদাকাম্বরূপ।

٦٢٧٢ حَدَّثَنَا يَحْيٰى بْنُ بُكَيْرِ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ اَخْبَرَنى مَالكُ بْنُ اَوْس بْنِ الْحَدَثَانِ وَكَانَ مُحَمَّدُ بْنُ جُبَيْرِ بْنُ مُطْعِمِ ذَكَرَلِي منْ حَديثه ذٰلكَ ، فَانْطَلَقْتُ حَتِّى دَخَلْتُ عَلَيْه فَسَاَلْتُهُ فَقَالَ انْطَلَقْتُ حَتِّى اَدْخُلَ عَلَى عُمَرَ فَاتَاهُ حَاجِبُهُ يَرْفَأُ فَقَالَ هَلْ لَكَ في عُثْمَانَ وَعَبْدِ الرَّحْمٰنِ وَالزُّبَيْرِ وَسَعْدِ قَالَ نَعَمْ فَاذِنَ لَهُمْ ثُمَّ قَالَ هَلْ لَكَ فِي عَلِيّ وَعَبَّاسٍ قَالَ نَعَمْ قَالَ عَبَّاسُ يَا اَمِيْرَ الْمُؤْمِنِيْنَ اَقْضِ بَيْنِي وَبَيْنَ هٰذَا قَالَ اَنْشُدُكُمْ بِاللَّهِ الَّذِيْ بِإِذْنِهِ تَقُومُ السَّمَاءُ وَالْاَرْضُ هَلْ تَعْلَمُونَ اَنَّ رَسُولَ اللَّهِ ﴾ قَالَ إِنَّا لاَ نُورَتُ مَاتَرَكْنَا صَدَقَةٌ ، يُرِيْدُ رَسُولُ اللَّهِ ۖ نَفْسَهُ ، فَقَالَ الرَّهْطُ قَدْ قَالَ ذٰلِكَ ، فَاقْبَلَ عَلَى عَلِيّ وَعَبَّاسٍ ، فَقَالَ هَلْ تَعْلَمَانِ أنَّ رَسُولَ الله وَلَيْ اللهِ عَلَيْ قَالَ ذٰلكَ ، قَا لاَ قَدْ قَالَ ذٰلكَ قَالَ عُمَرُ فَانِّي أُحَدِّثُكُمْ عَنْ هٰذَا الْاَمْرِ إِنَّ اللَّهَ كَانَ قَدْ خَصَّ رَسُولُ اللَّهِ ﴿ إِلَّهُ فِي هٰذَا الْفَيْءِ بِشَيْءٍ لِمْ يُعْطِهِ اَحَدًا غَيْرَهُ ، فَقَالَ : مَا اَفَاءَ اللَّهُ عَلَى رَسُولُه الى قَدِيْرُ ، فَكَانَتْ خَالِصَةً لِرَسُولُ اللَّهِ اللَّهِ وَاللُّه مَااَحْتَازَهَا دُوْنَكُمْ وَلاَ استَاثَرَ بِهَا عَلَيْكُمْ لَقَدْ اعْطَاكُمُوْا وَبَثَّهَا فيكُمْ حَتَّى بَقى مِنْهَا هٰذَا الْمَالُ فَكَانَ النَّبِيُّ ﴾ وَإِنَّ يُنْفِقُ عَلَى اَهْلِهِ مِنْ هٰذَا الْمَالِ نَفَقَةَ سَنَةٍ ، ثُمَّ يَاْخُذُ مَا بَقِىَ فَيَجْعَلُهُ مَجْعَلَ مَالِ اللَّهِ فَعَمِلَ بِذَٰلِكَ رَسُوْلُ اللَّهِ ۖ إِنَّ حَيَاتَهُ ٱنْشُدُكُمْ بِاللَّهِ هَلْ تَعْلَمُونَ ذَٰلِكَ قَالُواْ نَعَمْ ، ثُمَّ قَالَ لِعَلِى وَعَبَّاسٍ اَنْشُدُكُمَا بِاللَّهِ هَلْ تَعْلَمَانِ ذُلِكَ قَالاً نَعَمْ ، فَتَوَفِّى اللَّهُ نَبِيَّهُ فَقَالَ اَبُو ْبَكْرِ إَنَا وَلِيٌّ رَسُولِ اللَّهِ إِنَّ فَقَبَضَهَا فَعَمِلَ بِمَا عَمِلَ بِهِ رَسُوْلُ اللَّهِ ﷺ ثُمَّ تَوَفِّي اللَّهُ أَبَا بَكْرِ فَقُلْتُ أَنَا وَلَيُّ رَسُوْلَ اللَّه وَ اللَّهِ وَاللَّهِ اللَّهِ عَلَى اللَّهِ عَمْلُ فَيْهَا مَا عَمَلَ رَسُولُ اللَّهِ وَآلِكُ وَابُوْ بَكْرِ ، ثُمَّ جِئْتُمَانِي وَكَلِمَتُكُمًا وَاحِدَةٌ وَأَمْرُكُمًا جَمِيْعٌ ، جِئْتَنِي تَسْأَلُنِيْ نَصِيْبَكَ مِنِ ابْنِ آخِيْكَ وَٱتَانِيْ هٰذَا يَسْالُني نَصيب امْراته منْ ابيها ، فَقُلْتُ انْ شئتُمَا دَفَعْتُهَا الَيْكُمَا بذٰلكَ فَتَلْتَمِسَانِ مِنِّي قَضَاءً غَيْرَ ذٰلِكَ فَوَاللَّهِ الَّذِيْ بِإِذْنِهِ تَقُوْمُ السَّمَاءُ وَالْأَرْضِ لاَ اَقْضِي ف يها قَضَاءً غَيْرَ ذُلِكَ حَتَّى تَقُومَ السَّاعَةُ فَانِ عَجَزْتُمَا فَادْ فَعَاهَا الِيَّ فَانِّي اَكْفيْكُمَاهَا–

৬২৭২ ইয়াহ্ইয়া ইব্ন বুকায়র (র)..... মালিক ইব্ন আউস ইব্ন হাদাছান (রা) থেকে বর্ণিত। মুহাম্মদ ইব্ন জুবায়র ইব্ন মুতঈম আমাকে (মালিক ইব্ন আউস ইব্ন হাদাছান)-এর পক্ষ থেকে একটি ঘটনা বর্ণনা করলেন। তিনি বলেন, আমি মালিক ইব্ন আউস (রা)-এর কাছে চলে গেলাম এবং ঘটনাটি সম্পর্কে জিজ্ঞাসা করলাম। তখন তিনি বললেন যে, আমি উমর (রা)-এর নিকট গিয়েছিলাম। এমন সময় তাঁর দারোয়ান ইয়ারফা সেখানে উপস্থিত হয়ে বলল, আপনি উসমান, আবদুর রাহমান, যুবায়র ও সা'দ (রা)-কে ভিতরে আসার অনুমতি দিবেন কিঃ তিনি বললেন, হাা। তিনি তাঁদেরকে ভিতরে প্রবেশ করার অনুমতি দিলেন। এরপর সে উমর (রা)-এর নিকট এসে বলল, আপনি আলী ও আব্বাস (রা)-কে ভিতরে আসার অনুমতি দিবেন কি? তিনি বললেন, হ্যা। আব্বাস (রা) বলেন, হে আমীরুল মু'মিনীন! আমার এবং এর মাঝে মীমাংসা করে দিন। উমর (রা) বললেন, আপনাদেরকে আল্লাহ্র কসম দিয়ে বলি যার ভুকুমে আকাশ ও যমীন প্রতিষ্ঠিত আছে; আপনারা কি জানেন যে, রাসূলুল্লাহ্ ক্লিক্স্রিবলেছিলেন, আমাদের কোন উত্তরাধিকারী থাকবে না, আমরা যা কিছু রেখে যাব সবই হবে সাদাকাস্বরূপ। রাসূলুল্লাহ্ হ্রাম্ম্রী এ দারা নিজেকেই উদ্দেশ্য করেছিলেন। দলের লোকেরা বলল, অবশ্যই তিনি তা বলেছেন। এরপর তিনি আলী ও আব্বাস (রা)-এর দিকে মুখ করে বললেন, আপনারা কি জানেন যে, রাসূলুল্লাহ্ 🚟 এ কথা বলেছিলেন? তাঁরা উভয়ে জবাব দিলেন, অবশ্যই তিনি তা বলেছেন। উমর (রা) বললেন, এখন আমি এ ব্যাপারে আপনাদের কাছে বর্ণনা রাখছি যে, আল্লাহ্ তা'আলা এ ফায় (বিনা যুদ্ধে প্রাপ্ত ধনসম্পদ)-এর ব্যাপারে তাঁর রাসূলকে বিশেষত্ব প্রদান ما افاء الله على رسوله ؟ करतिष्ट्न, या आत अना काउँरिक करतनि। जिनि (आल्लार् ठा आला) वर्लन থেকে قدير পর্যন্ত তিলাওয়াত করে শোনালেন। এবং বললেন, এটা তো ছিল বিশেষ করে রাসূলুল্লাহ 🚟 🚉 -এর জন্য। আল্লাহ্ তা আলার কসম! তিনি আপনাদের ব্যতীত অন্য কারও জন্য এ মাল সংরক্ষণ করেননি। আর আপনাদের ব্যতীত অন্য কাউকে এতে প্রাধান্য দেননি। এ মাল তো আপনাদেরই তিনি দিয়ে গিয়েছেন এবং আপনাদের মাঝেই বণ্টন করেছেন। পরিশেষে এ মালটুকু অবশিষ্ট ছিল। তখন তিনি তাঁর পরিবার-পরিজনের বছরের ভরণ-পোষণের জন্য এ থেকে খরচ করতেন। এরপর যা অবশিষ্ট থাকত তা আল্লাহ্র মাল হিসেবে (তাঁর রাস্তায়) খরচ করতেন। রাসূলুল্লাহ্ 🚟 তাঁর গোটা জীবদ্দশায়ই এরূপ করে গিয়েছেন। আমি আপনাদের আল্লাহ্র কসম দিয়ে জিজ্ঞাসা করছি, এ কথাগুলো কি আপনারা জানেনঃ তাঁরা বললেন, হাা। এরপর তিনি আলী (রা) ও আব্বাস (রা)-এর দিকে লক্ষ্য করে বললেন, আমি আপনাদের দু'জনকে আল্লাহ্র কসম দিয়ে জিজ্ঞাসা করছি, আপনারা কি এ কথাগুলো জানেন? তাঁরা উভয়ে বললেন, হাঁ। এরপর আল্লাহ্ তা আলা তাঁর নবী 🎆 -কে ওফাত দান করলেন তখন আবূ বকর (রা) বললেন, আমি আল্লাহ্র রাসূল 📆 -এর ওলী। এরপর তিনি উক্ত মাল হস্তগত করলেন এবং রাসূলুল্লাহ্ 📆 যেভাবে তা ব্যবহার করেছিলেন তিনিও তা সেভাবে ব্যবহার করেছেন। এরপর আল্লাহ্ তা'আলা আবূ বকর (রা)-এর ওফাত দান করলেন। তখন আমি বললাম, আমি আল্লাহ্র রাসূলের ওলীর ওলী। আমি এ মাল হস্তগত করলাম এবং রাসূলুল্লাহ্ 🎬 ও আবূ বকর (রা) এ মালের ব্যাপারে যে নীতি অবলম্বন করেছিলেন দু'বছর যাবত আমি এ মালের ব্যাপারে সেই নীতিই অবলম্বন করে আসছি। এরপর আপনারা আমার কাছে আসলেন আর আপনাদের উভয়ের বক্তব্যও এক এবং ব্যাপারটিও অনুরূপ। (হে আব্বাস (রা)) আপনি তো আপনার ভাতিজার থেকে প্রাপ্য অংশ আমার কাছ চাইছেন। আর আলী (রা) আমার কাছে তাঁর স্ত্রীর অংশ যা তাঁর

পিতা থেকে প্রাপ্য আমার কাছে তলব করছেন। সুতরাং আমি বলছি, আপনারা যদি এটা চান তাহলে আমি আপনাদেরকে তা দিয়ে দিতে পারি। এরপর কি আপনারা অন্য কোন ফায়সালা আমার কাছে চাইবেন? ঐ আল্লাহ্র কসম! যাঁর হুকুমে আকাশ ও যমীন প্রতিষ্ঠিত আছে। আমি যে ফায়সালা প্রদান করলাম কিয়ামত পর্যন্ত এ ছাড়া আর অন্য কোন ফায়সালা দিতে পারব না। আপনারা যদি এ ধনসম্পদের শৃংখলা বিধানে অক্ষম হন তবে তা আমার কাছে ফিরিয়ে দিবেন, আমি তার শৃংখলা বিধান করব।

٦٢٧٣ حَدَّثَنَا اسْمُعِيْلُ قَالَ حَدَّثَنِي مَالِكٌ عَنْ اَبِي الزِّنَادِ عَنِ الْاَعْرَجِ عَنْ اَبِي هُرَيْرَةَ اَنَّ رَسُوْلَ اللَّهِ عَنْ اَلْعَعْدَ نَفَقَةً نِسَائِي وَمُؤْنَةً إِنَّ رَسُوْلَ اللَّهِ عَلَا نَفَقَةً نِسَائِي وَمُؤْنَةً عَاملي فَهُوَ صَدَقَةً –

৬২৭৩ ইসমাঈল (র)......আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ ক্রিট্রা বলেছেন ঃ আমার রেখে যাওয়া সম্পত্তির দীনার বন্টনযোগ্য নয়। আমার সহধর্মিণীগণের এবং আমার কর্মচারীবৃদ্দের খরচ ব্যতীত যতটুকু থাকবে তা হবে সাদাকাতুল্য।

آذُواَجَ النَّبِيِّ اللَّهِ بِنُ مَسْلَمَةَ عَنْ مَالِكِ عَنِ ابْنِ شَهَابِ عَنْ عُرُوَةَ عَنْ عَائِشَةَ اَنَّ الْإِن شَهَابِ عَنْ عُرُورَةَ عَنْ عَائِشَةَ اَنَّ الْأَهِ لِلْأَهِ لِللَّهِ اللَّهِ اللَّهُ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهُ اللَّهِ اللَّهُ اللَّهِ اللَّهِ اللَّهُ اللَّهِ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ الللهُ اللَّهُ الللهُ اللَّهُ الللهُ اللَّهُ الللهُ اللَّهُ اللهُ اللَّهُ اللهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللهُ اللَّهُ الللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللّهُ الللهُ الللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ اللللّهُ اللللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللّهُ اللللّهُ الللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللللّهُ اللللللللهُ الللللهُ الللللّهُ اللللهُ الللّهُ الللّ

৬২৭৪ আবদুল্লাহ্ ইব্ন মাসলামা (র)..... নবী ক্রিট্রে -এর সহধর্মিণী আয়েশা (রা) থেকে বর্ণিত যে, নবী ক্রিট্রে -এর ওফাতের পর তাঁর সহধর্মিণীগণ আবৃ বকর সিদ্দীক (রা)-এর কাছে আপন আপন উত্তরাধিকার চাওয়ার জন্য উসমান (রা)-কে পাঠানোর ইচ্ছা করলেন। তখন আয়েশা (রা) বললেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রেই কি এরপ বলেননি, আমাদের কোন উত্তরাধিকারী নেই? আমরা যা রেখে যাব সবই হবে সাদাকাতৃল্য।

٢٧٩٣ بَابُ قَوْلِ النَّبِيِّ إِنَّ مَنْ تَرَكَ مَا لا فَلاَهْلِهِ

حَدَّتَنَى اَبُو سَلَمَةَ عَنْ اَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ اللَّهِ قَالَ اَنْا اَوْلَى بِالْمُوْمِيْنَ مِنْ اَبُو سَلَمَةَ عَنْ اَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ اللَّهِ قَالَ اَنَا اَوْلَى بِالْمُوْمِيْنَ مِنْ اَبُو سَلَمَةَ عَنْ اَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ الْمُلَا فَعَلَيْنَا قَضَاؤُهُ، وَمَنْ تَرَكَ مَالاً فَلُورَثَتَه.

৬২৭৫ আবদান (র)..... আবূ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রিক্সির্র থেকে বর্ণিত। তিনি বলেন ঃ আমি মু'মিনদের নিকট তাদের প্রাণের চেয়েও অধিক প্রিয়। যে ব্যক্তি ঋণগ্রন্ত অবস্থায় মারা যায় আর সে যদি ঋণ পুরা করার মত কোন সম্পদ রেখে না যায় তাহলে তা আদায় করার দায়িত্ব আমার। আর যে ব্যক্তি কোন মাল রেখে মারা যায় তা হবে তার উত্তরাধিকারীদের জন্য।

٢٧٩٤ بَابُ مِيْرَاثِ الْوَلَدِ مِنْ أَبِيْهِ وَأُمِّهِ ، وقَالَ زَيْدُ بْنُ ثَابِتِ إِذَا تَرَكَ رَجُلُ أَوِ امْرَاةِ بِنْتًا فَلَهَا النِّصِفُ وَإِنْ كَانَتَا تُنتَيْنِ إَوْ أَكْثَرَ فَلَهُنَّ الثُّلُثَانِ فَأَنْ كَانَ مَعَهُنَّ ذَكَرٌ بُدِئَ بِمَنْ شَرِكَهُمْ فَيُؤْلَى فَرِيْضَتَهُ وَمَا بَقِىَ فَللِأْكُرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ

২৯৯৪. অনুচ্ছেদ ঃ পিতা-মাতার পক্ষ থেকে সন্তানের উত্তরাধিকার। যায়িদ ইব্ন সাবিত (রা) বলেন, কোন পুরুষ বা নারী যদি কন্যা সন্তান রেখে যায় তাহলে সে অর্ধাংশ পাবে। আর যদি তাদের সংখ্যা দুই বা ততোধিক হয় তারা পাবে দুই-তৃতীয়াংশ। আর যদি উক্ত কন্যা বা কন্যাসমূহের সঙ্গে পুরুষ থাকে তাহলে প্রথমে অংশীদারদেরকে তাদের প্রাপ্ত দেয়ার পর বাকি অংশ দুই নারী সমান এক পুরুষ ভিত্তিতে বর্টন করা হবে

آ كَلَا حَدَّثَنَا مُوْسَى بْنُ اسْمُعِيْلَ قَالَ حَدَّثَنَا وُهَيْبُ قَالَ حَدَّثَنَا ابْنُ طَاوُسٍ عَنْ أَبِيهُ عَنْ أَبِيهُ عَنْ أَبِيهُ عَنْ أَبِيهُ عَنْ أَبِيهُ عَنْ أَبِيهُ عَنْ أَبِنْ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ قَالَ الْحَقُواْ الْفَرَائِضَ بِاَهْلِهَا فَمَا بَقِي فَهُوَ لاَوْلَى رَجُلُ ذَكَر -

৬২৭৬ মূসা ইব্ন ইসমাঙ্গল (র)..... ইব্ন আব্বাস (রা) সূত্রে নবী ক্র্রী থেকে বর্ণিত। তিনি বলেন ঃ মীরাস তার হক্দারদেরকে পৌছিয়ে দাও। এরপর যা অবশিষ্ট থাকে, তা নিকটতম পুরুষের জন্য।

٦٧٩٥ بَابُ مِيْرَاثِ الْبَنَاتِ

২৭৯৫. অনুচ্ছেদ ঃ কন্যা সম্ভানদের উত্তরাধিকার

 ভ্রম্ব হুমায়দী (র).... সা'দ ইব্ন আবৃ ওয়াক্কাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি মক্কাতে একদা খুব অসুস্থ হয়ে পড়লাম এবং এতে আমি মৃতপ্রায় হয়ে গিয়েছিলাম। নবী ক্রাল্র সেবা শুর্রামা করার জন্য আমার কাছে তশরীফ আনলেন। তখন আমি বললাম, ইয়া, রাস্লাল্লাই! আমার তো অনেক ধন-সম্পদ রয়েছে। আর আমার একমাত্র কন্যা ব্যতীত আর কোন উত্তরাধিকারী নেই। আমি কি দু'তৃতীয়াংশ মাল দান করে দেবং তিনি বললেন, না। (রাবী বলেন) আমি বললাম, তবে কি অর্ধেক দান করে দেবং তিনি বললেন, না। আমি বললাম, এক-তৃতীয়াংশ কি দান করে দেবং তিনি বললেন ঃ এক-তৃতীয়াংশ তো অনেক। তুমি তোমার সন্তানকে অভাবগ্রস্ত অবস্থায় রয়েখ যাবে আর সে মানুষের কাছে হাত পেতে ভিক্ষা করবে—এর চেয়ে তাকে সচ্ছল অবস্থায় রেখে যাওয়াটাই তো উত্তম। তুমি (পরিবার-পরিজনের জন্য) যাই খরচ করবে তার প্রতিদান তোমাকে দেওয়া হবে। এমন কি ঐ লোকমাটিরও প্রতিদান তোমাকে দেওয়া হবে যা তুমি তোমার স্ত্রার মুখে তুলে দাও। আমি বললাম, ইয়া রাস্লাল্লাহ্! আমি কি আমার হিজরতকৃত স্থান থেকে পশ্চাতে থেকে যাবং তিনি বললেন ঃ আমার পশ্চাতে থেকে গিয়ে তুমি আল্লাহ্র সন্তুষ্টির জন্য যে আমলই করবে তাতে তোমার মর্যাদা ও সম্মান বৃদ্ধি পাবে। সম্ভবত তুমি আমার পরেও জীবিত থাকবে। এমন কি তোমার দ্বারা বছ সম্প্রদায় উপকৃত হবে এবং অন্যেরা ক্ষতিগ্রস্ত হবে। কিতু বেচারা সা'দ ইব্ন খাওলা (রা)-এর জন্য আফসোস। মক্কাতেই হয়েছিল তাঁর মৃত্যা। সে জন্য রাস্লুল্লাহ্ গাত্রের লাক ছিলেন।
সুফিয়ান (রা) বলেন, সা'দ ইব্ন খাওলা (রা) বনু আমির ইব্ন লুআই গোত্রের লোক ছিলেন।

آمرُ عَنْ مَحْمُوْدٌ قَالَ حَدَّثَنَا اَبُو النَّضْرِ قَالَ حَدَّثَنَا اَبُوْ مُعَاوِيَةً وَشَيْبَانُ عَنْ اَشْعَثَ عَنِ الْاسْوَدَ بْنِ يَزِيْدَ قَالَ اَتَانَا مُعَادُ بْنُ جَبَلٍ بِالْيَمَنِ مُعَلِّمًا اَوْ اَمِيْرًا، فَسَأَلْنَاهُ عَنْ رَجُل ِ تُوفِّقًى وَتَرَكَ ابْنَتَهُ وَاُخْتَهُ فَاعْطَى الْابْنَةَ النِّصْفَ وَالْاُخْتَ النِّصْفَ -

ডি২৭৮ মাহমুদ ইব্ন গায়লান (র)..... আস্ওয়াদ ইব্ন ইয়াযীদ (র) থেকে বর্ণিত। তিনি বলেন, মু'আয ইব্ন জাবাল (রা) আমাদের নিকট মু'আল্লিম অথবা আমীর হিসাবে ইয়ামানে এলে আমরা তাঁর কাছে এমন এক ব্যক্তি সম্পর্কে জিজ্ঞাসা করলাম, যে লোকটি এক কন্যা ও একটি ভগ্নি রেখে মারা গিয়েছে। তখন তিনি কন্যাটিকে সম্পত্তির অর্ধেক ও বোনকে অর্ধেক প্রদান করলেন।

٦٧٩٦ بَابُ مِيْرَاثِ ابْنِ الْإِبْنِ إِذَا لَمْ يَكُنِ ابْنُ قَسَالَ زَيْدٌ وَلَدُ الْأَبْنَاءِ بِمَنْزِلَةِ الْوَلَدِ إِذَا لَمْ يَكُنِ ابْنُ قَسَالَ زَيْدٌ وَلَدُ الْأَبْنَاءِ بِمَنْزِلَةِ الْوَلَدِ إِذَا لَمْ يَكُنْ دُوْنَهُمْ وَلَدُ الْإِبْنِ مَعَ الْإِبْنِ مَعَ الْإِبْنِ مَعَ الْإِبْنِ

২৭৯৬. অনুচ্ছেদ ঃ পুত্রের অবর্তমানে নাতির উত্তরাধিকার। যায়িদ (রা) বলেন, পুত্রের সন্তানাদি পুত্রের মতই, যখন তাকে ছাড়া আর কোন সন্তান না থাকে। নাতিগণ পুত্রদের মত আর নাতনীগণ কন্যাদের মত। পুত্রদের মত নাতনীগণও উত্তরাধিকারী হয়, আবার পুত্রগণ যেরূপ অন্যদেরকে মাহরুম করে নাতিগণও সেরূপ অন্যদেরকে মাহরুম করে। আর নাতিগণ পুত্রদের বর্তমানে উত্তরাধিকারী হয় না

آ كَدَّ ثَنَا مُسْلِمُ بْنُ ابْرَاهِيْمَ قَالَ حَدَّ ثَنَا وُهَيْبٌ حَدَّثَنَا ابْنُ طَاوُس عَنْ اَبِيْهِ عَنِ الْبِيهِ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ قَالَ رَسُوْلُ اللَّهِ عَلَيْ الْحَقُوا الْفَرَائِضَ بِاَهْلِهَا فَمَا بَقِيَ فَهُو لَاوْلَى رَجُل ذَكَر -

৬২৭৯ মুসলিম ইব্ন ইব্রাহীম (র).... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ ক্রিট্রের বলেছেন ঃ প্রাপ্যাংশ (মিরাস) তাদের হকদারদের কাছে পৌছিয়ে দাও। এরপর যা অবশিষ্ট থাকবে তা নিকটতম-পুরুষের জন্য।

٦٧٩٧ بَابَ مِيْرَاثِ ابْنَةِ ابْنِ مَعَ ابْنَةٍ

২৭৯৭. অনুচ্ছেদ ঃ কন্যার বর্তমানে পুত্র তরফের নাতনীর উত্তরাধিকার

٦٢٨. حَدَّثَنَا أَدَمُ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ حَدَّثَنَا اَبُوْ قَيْسٍ سِمَعْتُ هُزَيْلَ بْنَ شُرَحْبِيْلَ ، يَقُولُ سُئِلَ اَبُوْ مُوسْلَى عَنْ ابْنَةٍ وَابْنَةِ ابْنِ وَأُخْتٍ ، فَقَالَ لِلابْنَةِ النِّصْفُ وَلَلْأُخْتِ النِّصنْفُ وَاتِ ابْنَ مَسْعُودٍ فَسَيُتَايِعُنِي ، فَسَئِلَ ابْنُ مَسْعُودٍ وَٱخْبِرَ بِقَوْلٍ إَبِي مُوْسلى فَقَالَ لَقَدْ ضَلَلْتُ اِذَنْ وَمَا اَنَا مِنَ الْمُهْتَدِيْنَ اَقْضِىْ فِيْهَا بِمَا قَضى النَّبِيُّ أَيُّكُ لِلْإِبْنَةِ النِّصْفُ وَلَابِنْنَةِ ابْنُ السُّدُسُ تَكْمِلَةَ الثُّلُثَيْنِ وَمَا بَقِيَ فَلِلاُخْتِ فَاتَيْنَا أَبَا مُوسْني فَاَخْبَرْنَاهُ بِقَوْلِ ابْنِ مسْعُودٍ ، فَقَالَ لاَ تَسْاَلُونِيْ مَادَامَ هٰذَا الْحِبْرُ فيكُمْ-৬২৮০ আদাম (র)..... হুষায়ল ইব্ন শুরাহ্বীল (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আবৃ মূসা (রা)-কে কন্যা, পুত্র পক্ষের নাতনী এবং ভগ্নির উত্তরাধিকার সম্পর্কে জিজ্ঞাসা করা হল। তখন তিনি বললেন, কন্যার জন্য অর্ধেক আর ভগ্নির জন্য অর্ধেক। (তিনি বললেন) তোমরা ইব্ন মাসউদ (রা)-এর কাছে গিয়ে জিজ্ঞাসা করে দেখ, তিনিও হয়ত আমার মত উ্তর দেবেন। সুতরাং ইব্ন মাসঊদ (রা)-কে এ সম্পর্কে জিজ্ঞাসা করা হল এবং আবৃ মৃসা (রা) যা বলেছেন সে সম্পর্কেও তাঁকে অবহিত করা হল। তিনি বললেন, আমি তো গোমরা হয়ে যাব, হেদায়েতপ্রাপ্তদের অন্তর্ভুক্ত থাকতে পারব না। আমি এ ব্যাপারে তোমাদের মাঝে ঐ ফায়সালাই করব, নবী 🚟 যে ফায়সালা প্রদান করেছিলেন। কন্যা পাবে অর্ধাংশ আর নাতনী পাবে ষষ্ঠাংশ। এভাবে দু'তৃতীয়াংশ পুরু হবে। অবশিষ্ট এক-তৃতীয়াংশ থাকবে ভগ্নির জন্য। এরপর আমরা আবৃ মূসা (রা)-এর কাছে আসলাম এবং ইব্ন মাসঊদ (রা) যা বললেন, সে সম্পর্কে তাঁকে অবহিত করলাম। তখন তিনি বললেন ঃ যতদিন এ অভিজ্ঞ আলিম (জ্ঞানতাপস) তোমাদের মাঝে বিদ্যমান থাকবে ততদিন আমার কাছে কিছু জিজ্ঞাসা করো না

٦٧٩٨ بَابُ مِيْرَاثِ الْجَدِّ مَعَ الْآبِ وَالْإَخْوَةِ ، وَقَالَ آبُوْ بَكْرِ وَابْنُ عَبَّاسٍ وَابِنُ الزَّبِيْرِ الْجَدُّ آبَا مُ وَابْنُ عَبَّاسٍ وَابِنُ الزَّبِيْرِ الْجَدُّ آبَ ، وَقَرَا ابْنُ عَبَّاسٍ يَابَنِي اٰذَمَ وَاتَّبَعْتُ مِلَّةَ آبَائِي الْبِرَاهِيْمَ وَاسِنُحْقَ وَيَعْقُوْبَ

، وَلَمْ يَذْكُرْ أَنْ أَحَدًا خَالُفَ أَبَا بَكْرِ فِيْ زَمَانِهِ وَأَصْحَابُ النَّبِيِّ النَّهِ مُتَوَافِرُوْنَ ، وَقَالَ ابْنُ عَبَّاسٍ يَرِثُنِيْ ابْنُ ابْنِي دُوْنَ إِخْوَتِيْ وَلاَ أَرِثُ أَنَا ابْنَ ابْنِيْ وَيُذْكُرُ عَنْ عَلِيِّ وَعُمَرَ وَابْنِ مَسْعُوْدٍ وَزَيْدٍ أَقَاوِيْلُ مُخْتَلِفَةً

২৭৯৮. অনুচ্ছেদ ঃ পিতা ও দ্রাতৃবৃন্দের বর্তমানে দাদার উত্তরাধিকার। আবৃ বকর সিদ্দীক (রা), ইব্ন আবাস (রা) এবং ইব্ন যুবায়র (রা) বলেন যে, দাদা পিতার মতই। ইব্ন আবাস (রা) এরপ পড়েছেন আবাস (রা) এবং ইব্ন যুবায়র (রা) বলেন যে, দাদা পিতার মতই। ইব্ন আবাস (রা) এরপ পড়েছেন যে, আবৃ বকর (রা)-এর যামানায় কেউ তার বিরুদ্ধাচরণ করেছেন। অথচ সে সময়ে নবী করীম আনক সাহাবী বিদ্যমান ছিল। আর ইব্ন আবাস (রা) বলেন, আমার নাতি আমার উত্তরাধিকারী হবে, আমার ভাই নয়। তবে আমি আমার নাতির উত্তরাধিকারী হব না। তবে উমর, আলী ইব্ন মাসউদ এবং যায়িদ (রা) থেকে এ সম্পর্কে বিভিন্ন বক্তব্য পাওয়া যায়

ন্দ্ৰ عَنْ اَبِيْهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْمِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْمِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْمِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ اللّهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْمِ عَلْمَ اللّهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْمِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْهِ عَنْ الْبَيْهِ عَلَيْهِ اللّهِ عَلْهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلْهُ عَلَيْهِ عَلَي

آكَلَهُ حَدَّثَنَا اَبُوْ مَعْمَرِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ قَالَ حَدَّثَنَا اَيُّوْبَ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ اَمَّا الَّذِي قَالَ رَسُولُ اللهِ عَبِّلُ لَوْ كُنْتُ مُتَّخِذًا مِنْ هٰذِهِ الْأُمَّةَ خَلِيْلاً لاَتَّخَذْتُهُ وَلَكِنَّ خُلَّةُ الْإِسْلاَمِ اَفْضَلُ اَوْ قَالَ خَيْرُ فَاتَهُ اَنْزَلَهُ اَبًا اَوْ قَالَ قَضَاهُ اَبًا —

ড২৮২ আবৃ মা'মার (র)..... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ ক্রিট্রের বলেছেন ঃ
"আমি যদি এ উন্মাত থেকে কাউকে খলীল (অন্তরঙ্গ বন্ধু) বানাতাম তবে তাকে [আবৃ বকর (রা)]-কে
বানাতাম। কিন্তু ইসলামী বন্ধুত্বই হচ্ছে সর্বোত্তম।" افضل শব্দ বলেছেন না কি غير এতে রাবীর সন্দেহ
আছে। তিনি দাদাকে পিতার মর্যাদা দিয়েছেন انزله ابا অথবা قضاه انزله ابا

٢٧٩٩ بَابُ مِيْرَاثِ الزَّوْجِ مَعَ الْوَلَدِ وَغَيْرِهِ

২৭৯৯. অনুচ্ছেদ ঃ সম্ভানাদির বর্তমানে স্বামীর উত্তরাধিকার

آ كَلَّ كَانَ الْمَالُ لِلْوَلَد ، وَكَانَت الْوَصِيَّةُ لِلْوَالدَيْنِ ، فَنَسَخَ اللَّهُ مِنْ ذَٰلِكَ مَا اَحَبُّ عَبِّاسٍ قَالَ كَانَ الْمَالُ لِلْوَلَد ، وكَانَت الْوَصِيَّةُ لِلْوَالدَيْنِ ، فَنَسَخَ اللَّهُ مِنْ ذَٰلِكَ مَا اَحَبُّ فَجَعَلَ لِلْاَلَدَيْنِ ، فَنَسَخَ اللَّهُ مِنْ ذَٰلِكَ مَا اَحَبُ فَجَعَلَ لِلاَبَوَيْنِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السَّدُسَ وَجَعَلَ لِلْاَبَوَيْنِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السَّدُسُ وَجَعَلَ لِلْمَرَاةِ التَّمُنُ وَالرَّبُعَ وَلِلزَّوْجِ الشَّطْرَ وَالرَّبُعَ -

ড২৮০ মুহামদ ইব্ন ইউসুফ (র)..... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, (প্রথমে) মাল ছিল সন্তানাদির আর ওসিয়াত ছিল পিতামাতার জন্য। কিন্তু পরে আল্লাহ্ তা'আলা তা রহিত করে দিয়ে এর চেয়ে উত্তমটি প্রবর্তন করেছেন। পুরুষের জন্য নারীদের দু'জনের সমতুল্য অংশ নির্ধারণ করেছেন। আর পিতা-মাতার প্রত্যেকের জন্য এক-ষষ্ঠাংশ নির্ধারণ করেছেন। স্ত্রীর জন্য নির্ধারণ করেছেন (সন্তান থাকা অবস্থায়) এক-অষ্টমাংশ এবং (সন্তান না থাকলে) এক-চতুর্থাংশ। আর স্বামীর জন্য (সন্তান না থাকলে) অর্ধেক আর (সন্তান থাকলে) এক-চতুর্থাংশ।

٢٨٠٠ بَابُ مِيْرَاتِ الْمَرَأَةِ وَالزُّوَّجِ مَعَ الْوَلَدِ وَغَيْرِهِ

২৮০০. অনুচ্ছেদ ঃ সন্তানাদির বর্তমানে স্বামী ও স্ত্রীর উত্তরাধিকার

آلاً حَدَّثَنَا قُتَيْبَةً قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنِ ابْنِ شِهَابٍ عَنِ ابْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِيْ هُرَيْرَةً قَالَ قَضَى رَسُولُ اللَّهِ عَلَيْ فَى جَنِيْنِ امْرَاَةً مِنْ بَنِيْ لِحْيَانَ سَقَطَ مَيِّتًا بِعُرَّةً عَبْدٍ أَوْ اَمَةً ثُمَّ إِنَّ الْمَرْاَةَ اللَّهِ عَضَى عَلَيْهَا بِالْغُرَّة تُوفُقِيَتُ فَقَضٰى رَسُولُ اللَّهِ بِغُرَّة عَبْدٍ أَوْ اَمَة ثُمَّ إِنَّ الْمَرْاَةَ اللَّهِ عَضَى عَلَيْهَا بِالْغُرَّة تُوفُقِيَتُ فَقَضٰى رَسُولُ اللَّهِ بِغُرَّة عَبْدٍ إِنَّ مِيْرَاثَهَا لِبَنِيْهَا وَزَوْجِهَا وَآنَ الْعَقْلَ عَلَى عَصَبَتِهَا -

ড২৮৪ কুতায়বা ইব্ন সাঈদ (র)...... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, বনী লিহ্য়ান গোত্রের জনৈক মহিলার একটি জ্রণপাত সংক্রান্ত ব্যাপারে নবী ক্রান্ত্র্য একটি গোলাম বা দাসী প্রদানের নির্দেশ দিলেন। এরপর তিনি যে মহিলাটিকে নির্দেশ দিয়েছিলেন সে মারা গেল। তখন রাস্লুল্লাহ্ ক্রান্ত্র্যায় কায়সালা দিলেন, তার উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তি তার পুত্রগণ ও স্বামীর জন্য। আর দিয়াত (গোলাম বা বাঁদী) তার আসাবার জন্য।

٢٨٠١ بَابُ مِيْرَاثُ الْأَخُواتِ مَعَ البَنَاتِ عَصنبَةً

২৮০১. অনুচ্ছেদ ঃ কন্যাদের বর্তমানে ভগ্নি আসাবা হিসেবে উত্তরাধিকারিণী হয়

آمره عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ اللهِ عَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ جَعْفَرِ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ اللهِ اللهِ اللهِ عَنْ اللهِ عَلَيْهُ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلْمُ اللهُ اللهُ عَلَيْ عَلَا عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلَيْ عَلْ اللهِ اللهُ

ড২৮৫ বিশ্র ইব্ন খালিদ (র)...... আল আসওয়াদ (র) থেকে বর্ণিত। তিনি বলেন, মুআয ইব্ন জাবাল (রা) রাসূলুল্লাহ্ ক্রিট্রা -এর যামানায় আমাদের মাঝে এ ফায়সালা দিয়েছিলেন যে, কন্যা পাবে সম্পত্তির অর্ধেক আর ভগ্নির জন্যও অর্ধেক। এরপর সনদস্থিত রাবী সুলায়মান বলেন, তিনি (আল আসওয়াদ) আমাদের এ ব্যাপারে মীমাংসা করেছিলেন। তবে على عهد رسول الله কথাটি উল্লেখ করেনি।

آ حَدَّثَنَا عَمْرُو بْنُ عَبَّاسٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمٰنِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ آبِيْ قَيْسٍ عَنْ هُزَيْلٍ قَالَ عَبْدُ اللّٰهِ لَا قَصْيَنَ فِيهَا بِقَضَاء النَّبِيِّ وَقَالَ قَالَ النَّبِيِّ اللّٰهِ لَا قَصْيَنَ فِيهَا بِقَضَاء النَّبِيِّ وَلَيْ اللّٰهُ اللّٰ النَّبِيِّ اللهُ الل

৬২৮৬ আমর ইব্ন আব্বাস (র)...... হ্যায়ল (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) বলেছেন, আমি এতে ঐ ফায়সালাই করব যা নবী ক্রিট্রি করেছিলেন। অথবা তিনি বলেন, নবী (সা) বলেছেন, (তা হচ্ছে,) কন্যার জন্য সম্পত্তির অর্ধেক আর পুত্র পক্ষের নাতনীদের জন্য ষষ্ঠাংশ। এরপর যা অবশিষ্ট থাকবে তা ভগ্নির জন্য।

٢٨٠٢ بَابُ مِيْرَاثِ الْإِخْوَةِ وَالْأَخُواتِ

২৮০২. অনুচ্ছেদ ঃ ভগ্নিগণ ও স্রাতৃগণের উত্তরাধিকার

آكَكُ حَدَّثَنَا عَبْدُ الله بْنُ عُثْمَانَ قَالَ اَخْبَرَنَا عَبْدُ الله قَالَ اَخْبَرَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّد بْنِ الْمُنْكَدِرِ قَالَ سَمعْتُ جَابِرًا قَالَ دَخَلَ عَلَىَّ النَّبِيُّ وَاَنَا مَرِيْضُ فَدَعَا بُوضُوْء فَتَوَضَّا وَنَضَعَ عَلَىَّ مَنْ وَضُوْئِه فَاَفَقْتُ فَقُلْتُ يَا رَسُوْلَ الله إِنَّمَا لِيْ اَخَوَاتُ فَنَزَلَت الْيَهُ الْفَرَائِض -

<u>৬২৮৭</u> আবদুল্লাহ্ ইব্ন উসমান (র).... জাবির (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি অসুস্থ ছিলাম। তখন নবী ক্রিট্র আমার নিকট তশরীফ আনলেন। এসে অযূর পানি চাইলেন এবং অযূ করলেন। তারপর অযূর বেঁচে যাওয়া পানি থেকে আমার উপর ঢেলে দিলেন। তখন আমি প্রকৃতিস্থ হলাম এবং আর্য করলাম, ইয়া রাসূলাল্লাহ্! আমার ভগ্নিগণ আছে। ঐ সময় উত্তরাধিকার বিষয়ক আয়াত নাযিল হয়।

٦٨.٣ بَابُ يَسْتَفْتُونَكَ قُلِ اللَّهُ يُفْتِيكُمْ فِي الْكَلاَلَةِ الاية

২৮০৩. অনুচ্ছেদ ঃ (মহান আল্লাহ্র বাণী) ঃ লোকেরা আপনার নিকট ব্যবস্থা জানতে চায়। বলুন, পিতা-মাতাহীন নিঃসন্তান ব্যক্তি সম্বন্ধে তোমাদেরকে আল্লাহ্ ব্যবস্থা জানাচ্ছেন.... আয়াতের শেষ পর্যন্ত

آكِكَ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوْسَى عَنْ اِسْرَائِيْلَ عَنْ اَسِحْقَ عَنِ الْبَرَاءِ قَالَ أَخِرُ أَيَةٍ نَزَلَتْ خَاتِمَةُ سُوْرَةِ النِّسَاءِ يَسْتَفْتُوْنَكَ قُلِ اللَّهُ يُفْتِيْكُمْ فِي الْكَلاَلَةِ –

৬২৮৮ উবায়দুল্লাহ্ ইব্ন মূসা (র).... বারআ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, সর্বশেষ নাযিলকৃত আয়াত হচ্ছে সূরা নিসার আখেরী আয়াত ঃ يستفتونك قل الله يفتيكم في الكلالة

٢٨٠٤ بَابُ ابْنَىْ عَمِّ اَحَدُهُمَا اَخُ لَامٌ وَالْأَخَرُ زَوْجُ وَقَالَ عَلَىٌّ للزِّوْجِ النِّصْفُ وَللْآخِ مِنَ الْأُمُّ السَّدُسُ وَمَا بَقِي بَيْنَهُمَا نِصْفَيْنِ -

২৮০৪. অনুচ্ছেদ ঃ (কোন মেয়েলোকের) দু'জন চাচাতো ভাই, তনাধ্যে একজন যদি মা শরীক ভাই আর অপরজন যদি স্বামী হয়। আলী (রা) বলেন, স্বামীর জন্য অংশ হচ্ছে অর্ধেক আর মা শরীক ভাই-এর জন্য হচ্ছে এক-ষষ্ঠাংশ। এরপর অবশিষ্টাংশ দু'এর মাঝে আধাআধি হারে দিতে হবে

৬২৮৯ মাহমুদ (র)...... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিক্র বলেছেন ঃ আমি মু'মিনদের নিকট তাদের প্রাণের চেয়েও অধিক প্রিয়। যে ব্যক্তি ধন-সম্পদ রেখে মারা যায় তার ধন-সম্পদ তার আসাবাগণ লাভ করবে। আর যে ব্যক্তি বোঝা অথবা সম্ভানাদি (ঋণ) রেখে মারা যায় আমিই হব তার অভিভাবক। সুতরাং আমার কাছেই যেন তা চাওয়া হয়।

آ۲۹۰ حَدَّثَنِى اُمَيَّةُ بْنُ بِسْطَامٍ قَالَ حَدَّثَنَا يَزِيْدُ بْنُ زُرَيْعٍ عَنْ رَوْحٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ طَاوُسٍ عَنْ اَبْيِهِ عَنْ الْفَرَائِضَ بِاَهْلِهَا ، فَمَا طَاوُسٍ عَنْ الْفَرَائِضَ بِاَهْلِهَا ، فَمَا تَرَكَتِ الْفَرَائِضُ فَلاَوْلَى رَجُل ِذَكْرٍ

৬২৯০ উমাইয়্যা ইব্ন বিস্তাম (রা)..... ইব্ন আব্বাস (রা) সূত্রে নবী ক্রিক্রি থেকে বর্ণিত। তিনি বলেন ঃ প্রাপ্যাংশ তার হকদারের কাছে পৌছিয়ে দাও। এরপর যা অবশিষ্ট থাকবে তার মালিক হবে তার নিকটতম পুরুষ ব্যক্তি।

٢٨٠٥ بَابُ ذُويِي الْأَرْحَامِ

২৮০৫. পরিচ্ছেদ ঃ যাবিল আরহাম

৬৪১৪ আবৃ নু'আয়ম (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। খুযা'আ গোত্রের লোকেরা এক ব্যক্তিকে হত্যা করল। আবদুল্লাহ্ ইব্ন রাজা (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, মঞ্চা বিজয়ের বছর খুযা'আ গোত্রের লোকেরা জাহিলী যুগের স্বগোত্রীয় নিহত ব্যক্তির প্রতিশোধ হিসেবে বনী লায়স গোত্রের এক ব্যক্তিকে হত্যা করল। তখন রাসূলুল্লাহ্ 🚟 দাঁড়ালেন এবং বললেন ঃ আল্লাহ্ মক্কা থেকে হস্তীদলকে রুখেছেন এবং তাদের বিরুদ্ধে আপন রাসূল ও মু'মিনদেরকে কর্তৃত্ব দান করেছেন। জেনে রেখো! মক্কা আমার পূর্বে কারো জন্য হালাল হয়নি, আর আমার পরও কারো জন্য হালাল হবে না। জেনে রেখো! আমার ক্ষেত্রে তা দিনের কিছু সময়ের জন্য হালাল করা হয়েছিল। সাবধান! তা আমার এ সময়ে এমন সম্মানিত, তার কাঁটা উপড়ানো যাবে না, তার বৃক্ষ কাটা যাবে না, তাতে পড়ে থাকা বস্তু মালিকের কাছে ফিরিয়ে দেয়ার উদ্দেশ্য ব্যতীত তুলে নেওয়া যাবে না। আর যার কাউকে হত্যা করা হয় সে দু'প্রকার দণ্ডের যে কোন একটি প্রয়োগের ইখ্তিয়ার লাভ করবে। হয়ত রক্তপণ গ্রহণ করা হবে, নতুবা কিসাস নেওয়া হবে। এ সময় ইয়ামনবাসী এক ব্যক্তি দাঁড়াল, যাকে আবৃ শাহ্ বলা হয়। সে বলল, হে আল্লাহ্র রাসূল! আমাকে লিখে দিন। তখন রাসূলুল্লাহ্ 🚟 বললেন ঃ তোমরা আবৃ শাহ্কে লিখে দাও। তারপর কুরাইশ গোত্রের এক ব্যক্তি দাঁড়াল। আর বলল, হে আল্লাহ্র রাসূল! ইয্খির ব্যতীত। কেননা, আমরা তা আমাদের ঘরে, আমাদের কবরে ব্যবহার করি। তখন রাস্লুল্লাহ্ 🎆 বললেন ঃ ইয্খির ব্যতীত। উবায়দুল্লাহ্ (র) শায়বান (র) থেকে الْفَوْلُ (হস্তী)-এর ব্যাপারে হারব ইব্ন শাদ্দাদ (র)-এর অনুসরণ করেছেন। কেউ কেউ वत পরে ﴿ وَامَّا أَنْ يَقَادُ (त) अव न्जाय़ क्लार् (त) اَلْمَقْتُلُ अव नकल करत़ एक । उनाय़ क्लार् (त) ﴿ وَامَّا أَنْ يَقَادُ र्गक्ख वृर्वना करत्रष्ट्न। القَتيل

৬৪১৫ কুতায়বা ইব্ন সাঈদ (র) ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, বনী ইসরাঈলদের মধ্যে কিসাসের বিধান বলবত ছিল। তাদের মধ্যে রক্তপণের বিধান ছিল না। তবে আল্লাহ্ এ উন্মতকে বললেন ঃ নরহত্যার ব্যাপারে তোমাদের জন্য কিসাসের বিধান দেয়া হয়েছে কিন্তু তার ভাইয়ের পক্ষ হতে কিছুটা ক্ষমা প্রদর্শন করা হলে পর্যন্ত (২ ঃ ১৭৮)। ইব্ন আব্বাস (রা) বলেন, ক্ষমা প্রদর্শনের অর্থ হলো ইচ্ছাকৃতভাবে হত্যার ক্ষেত্রে রক্তপণ গ্রহণ করা। তিনি বলেন, আর প্রচলিত প্রথার অনুসরণ করার অর্থ হচ্ছে, যুক্তিসঙ্গত দাবি ও সদয়ভাবে দীয়ত আদায় করা।

٢٨٧٤ بَابُ مَنْ طَلَبَ دَمَ امْرِيِّ بِغَيْرِ حَقِّ

২৮৭৪. অনুচ্ছেদ ঃ যথার্থ কারণ ব্যতীত রক্তপাত দাবি করা

حَدَّثَنَا نَافِعُ بْنُ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ إَنَّ النَّبِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ اَبِيْ حُسَيْنٍ قَالَ حَدَّثَنَا نَافِعُ بْنُ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ إِنَّ النَّبِيِّ عَلَيْ قَالَ اَبْغَضُ النَّاسِ إِلَى اللَّهِ ثَلَاثَةٌ : مُلْحَدٌ فِي الْحَرَمِ، وَمُبْتَغٍ فِي الْإِسْلاَمِ سُنَّةَ الْجَاهِلِيَّةِ. وَمُطَّلِبُ دَمِ امْرِيِّ بِغَيْرِ حَقّ لِيُهَرِيْقَ دَمَهُ -

৬৪১৬ আবুল ইয়ামান (র) ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। নবী ক্রিট্রি বলছেন ঃ আল্লাহ্র কাছে সবচাইতে ঘৃণিত ব্যক্তি হচ্ছে তিনজন। যে ব্যক্তি হারাম শরীফে অন্যায় ও অপকর্মে লিপ্ত হয়। যে ব্যক্তি ইসলামী যুগে জাহিলী যুগের প্রথা তালাশ করে। যে ব্যক্তি যথার্থ কারণ ব্যতীত কারো রক্তপাত দাবি করে।

٢٨٧٥ بَابُ الْعَفْوِ فِي الْخَطَاءِ بَعْدَ الْمَوْتِ

২৮৭৫. অনুচ্ছেদ ঃ ভুলক্রমে হত্যার ক্ষেত্রে মৃত্যুর পর ক্ষমা প্রদর্শন করা

آكَا حَدَّثَنَا فَرُوَةُ قَالَ حَدَّثَنَا عَلَى بُنُ مُصنهر عَنْ هِشَامٍ وَحَدَّثَنِى مُحَمَّدُ بُنُ حَرْبٍ قَالَ حَدَّثَنَا اَبُوْ مَرُوانَ يَحْيٰى بْنُ اَبِى ْ زَكَرِيَّاءَ الْوَاسْطِلَى عَنْ هَشَامٍ عَنْ عُرُوَةَ عَنْ عَالَمَ عَنْ هَالَا اللهِ اللهِ اللهِ الْخَرَاكُمُ . فَرَجَعَتْ اُولاَهُمْ عَلَيْ الله اللهِ الخُرَاكُمُ . فَرَجَعَتْ اُولاَهُمْ عَلَى النَّاسِ يَاعِبَادِ الله الخُرَاكُمُ . فَرَجَعَتْ اُولاَهُمْ عَلَى النَّاسِ عَامِبَادِ اللهِ الْخَرَاكُمُ . فَرَجَعَتْ اُولاَهُمْ عَلَى الْخَرَاهُمُ حَتَّى قَتَلُوا الْيَمَانَ فَقَالَ حُذَيْفَةُ اَبِى الْبِي الْعَالَ عَلَى اللهُ اللهُ اللهَ الْعَرَاهُمُ حَتَّى قَتَلُوا الْيَمَانَ فَقَالَ حَذَيْفَةُ اَبِى الطَّائِفِ -

ডি৪১৭ ফার্ওয়া ও মুহাম্মদ ইব্ন হারব (র) আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, উছদের দিন ইব্লীস লোকদের মাঝে চিৎকার করে বলল, হে আল্লাহ্র বান্দারা! পিছনের দলের ওপর আক্রমণ কর। ফলে তাদের সমুখভাগ পশ্চাতভাগের উপর ঝাঁপিয়ে পড়ল। এমন কি তারা ইয়ামানকে হত্যা করে ফেলল। তখন ছ্যায়ফা (রা) বললেন, আমার পিতা! আমার পিতা! কিন্তু তারা তাকে হত্যা করে ফেলল। তখন হ্যায়ফা (রা) বললেন, আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করুন। রাবী বলেন, মুশরিকদের একটি দল পরাজিত হয়ে তায়েফ চলে গিয়েছিল।

بَابُ قَوْلِ اللّهِ تَعَالَى وَمَا كَانَ لِمُؤْمِنِ أَنْ يَقْتُلَ مُؤْمِنًا الْأَ خَطَأَ اَلاَ بَهُ ২৮৭৬. অনুচ্ছেদ ঃ আল্লাহ্ তা 'আলার বাণী ঃ কোন মু'মিন ব্যক্তির অন্য মু'মিন ব্যক্তিকে হত্যা করা বৈধ নয়। তবে ভূলবশত করলে তা স্বতন্ত্ব আয়াতের শেষ পর্যন্ত (৪ ঃ ৯২)

٢٨٧٧ بَابُ إِذَا اَقَرُّ بِالْقَتْلِ مَرَّةً قُتِلَ بِهِ

২৮৭৭. অনুচ্ছেদ ঃ একবার হত্যার স্বীকারোক্তি করলে তাকে হত্যা করা হবে

آلَاً حَدَّثَنَا اسْحُقُ قَالَ آخْبَرَنَا حَبَّانُ قَالَ حَدَّثَنَا هَمَّامٌ حَدَّثَنَا قَتَادَةُ حَدَّثَنَا انسُ ابْنُ مَالِكِ اَنَّ يَهُوْدِيًّا رَضَّ رَاْسَ جَارِيَةٍ بَيْنَ حَجَرَيْنِ، فَقَيْلَ لَهَا مَنْ فَعَلَ بِكَ هٰذَا اَفُلاَنُ اَفُلاَنٌ اَفُلاَنٌ حَتَّى سَمُّى الْيَهُوْدِيُّ فَاَوْمَاتُ بِرَاْسِهَا فَجِيْءَ بِالْيَهُوْدِيِّ فَاَعْتَرَفَ فَاَمْرَ بِهِ النَّبِيُّ أَنْ فَلاَنٌ مَنْ رَاْسُهُ بِالْحِجَارَةِ وَقَدَ قَالَ هَمَّامٌ بِحَجَرَيْنِ -

ডি৪১৮ ইস্হাক (র) আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত যে, জনৈক ইহুদী একটি বালিকার মাথা দু'টি পাথরের মাঝখানে রেখে চূর্ণ করে দিল। তখন তাকে জিজ্ঞাসা করা হল, কে তোমার সাথে এমন আচরণ করেছে? অমুক? না অমুক? অবশেষে ইহুদী লোকটির নাম উল্লেখ করা হল। তখন সে তার মাথা দিয়ে (হাাঁ-সূচক) ইশারা করল। তখন ইহুদী লোকটিকে আনা হল এবং সে স্বীকার করল। ফলে নবী ক্রাম্রী তার ব্যাপারে নির্দেশ করলেন, তাই তার মাথা একটি পাথর দিয়ে চূর্ণ করা হল এবং হাম্মাম (র) বলেন, দু'টি পাথর দিয়ে।

٢٨٧٨ بَابُ قَتْلِ الرُّجُلِ بِالْمَرْأَةِ

২৮৭৮. অনুচ্ছেদঃ মহিলার বদলে পুরুষকে হত্যা করা

7٤١٩ حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَزِيْدُ بْنُ زُرَيْعٍ قَالَ حَدَّثَنَا سَعِيْدُ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ ابْنِ مَالِكِ إَنَّ النَّبِيِّ قَتَلَ يَهُوْدِيًّا بِجَارِيَةٍ قَتَلَهَا عَلَى أَوْضَاحٍ لِهَا –

ডি৪১৯ মুসাদ্দাদ (র)..... আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত যে, নবী ক্রীঞ্জী একজন ইহুদীকে একজন বালিকার বদলে হত্যা করেছেন। সে রৌপ্যালংকারের লোভে ওকে হত্যা করেছিল।

٢٨٧٩ بَابُ الْقِصَاصِ بَيْنَ الرِّجَالِ وَالنِّسَاءِ فِي الْجِرَاحَاتِ وَقَالَ اَهْلُ الْعَلْمِ يُقْتَلُ الرَّجُلُ بِالْمَرْأَةِ ، وَيُذْكَرُ عَنْ عُمَرَ تُقَادُ الْمَرْآةُ مِنَ الرَّجُلِ فِيْ كُلِّ عَمَد يَبْلُغُ نَفْسَهُ فَمَا للرَّجُلُ فِيْ كُلِّ عَمَد يَبْلُغُ نَفْسَهُ فَمَا دُوْنَهَا مِنَ الْجِرَاحِ وَبِهِ قَالَ عُمَرَ بِنْ عَبْدِ الْعَزِيْزِ وَابْرَاهِيْمُ وَاَبُو الزِّنَادِ عَنْ اَصْحَابِهِ وَجَرَحَتُ الْحِرَاحِ وَبِهِ قَالَ عُمَرَ بِنْ عَبْدِ الْعَزِيْزِ وَابْرَاهِيْمُ وَاَبُو الزِّنَادِ عَنْ اَصْحَابِهِ وَجَرَحَتُ الْحِبَالَ النَّبِيُّ الْقَصَاصُ

২৮৭৯. অনুচ্ছেদ ঃ আহত হওয়ার ক্ষেত্রে নারী-পুরুষদের মধ্যে কিসাস। আলিমগণ বলেন, নারীর বদলে পুরুষকে হত্যা করা হবে। আর উমর (রা) থেকে বর্ণনা করা হয় যে, ইচ্ছাকৃতভাবে প্রত্যেক হত্যা বা আহত করার ক্ষেত্রে নারীর বদলে পুরুষকে কিসাসের বিধানানুসারে শান্তি দেওয়া হবে। ইহাই উমর ইব্ন আবদুল আযীয (র), ইবরাহীম (র) এবং আবৃয যিনাদ (র)-এর অভিমত তাদের আসহাব থেকে। রুবায়-এর বোন কোন এক ব্যক্তিকে আহত করলে নবী ক্রিট্রেই বলেন, এ ক্ষেত্রে আল্লাহ্র বিধান হল 'কিসাস'

مَرْضِهِ فَقَالَ لاَ تَلُدُّوْنِيْ ، فَقُلْنَا كَرَاهِيَّةُ الْمَرِيْضِ الدَّوَاءَ فَلَمَّا أَفَاقَ قَالَ لاَ يَبْقى أَحَدُّ مِنْكُمْ الاَّ لُدَّ غَيْرَ الْعَبَّاسِ فَإِنَّهُ لَمْ يَشْهَٰدُكُمْ -

৬৪২০ আমর ইব্ন আলী (র)...... আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী ক্রিট্রা-এর অসুখের সময় তাঁর মুখের এক কিনারায় ঔষধ ঢেলে দিলাম। তিনি বলেন, তোমরা আমার মুখের কিনারায় ঔষধ দিও না। আমরা মনে করলাম, রোগী ঔষধ সেবন অপছন্দ করেই থাকে। যখন তাঁর হুঁশ ফিরে এলো, তখন তিনি বললেন ঃ তোমাদের মধ্যে যেন এমন কেউ থাকে না, যার মুখের কিনারায় জোরপূর্বক ঔষধ ঢেলে দেয়া না হয় শুধুমাত্র আব্বাস ব্যতীত। কেননা, সে তোমাদের কাছে হাযির ছিল না।

٢٨٨٠ بَابُ مَنْ أَخَذَ حَقَّهُ أَوِ اقْتَصَّ دُوْنَ السُّلْطَانِ

২৮৮০. অনুচ্ছেদ ঃ হাকিমের কাছে মোকাদ্দমা দায়ের করা ব্যতীত আপন অধিকার আদায় করে নেওয়া বা কিসাস গ্রহণ করা

آڏڻ اَبُو الْيَمَانِ قَالَ اَخْبَرَنَا شُعَيْبٌ قَالَ حَدَّثَنَا اَبُو الزِّنَادِ اَنَّ الْاَعْرَ جَ حَدَّتُهُ اَتَّهُ سَمِعَ رَسَوْلَ اللهِ عَلَيْ يَقُولُ بَحْنُ الْاَخِرُونَ السَّابِقُونَ. وَبَاسِنْنَادِهِ لَو الطَّلَعَ فِي بَيْتِكَ اَحَدٌ وَلَمْ تَأَذَنْ لَهُ خَذَفْتَهُ بِحَصَاةٍ ، فَفَقَأَتَ عَيْنَهُ مَا كَانَ عَلَيْكَ مَنْ جُنَاحٍ -

ড৪২১ আবুল ইয়ামান (র)...... আবূ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ্ ক্রিট্রে -কে বলতে শুনেছেন যে, আমরা হচ্ছি (পৃথিবীতে) সর্বশেষ ও (আখিরাতে) সর্বপ্রথম। উক্ত হাদীসের সূত্রে এও বর্ণিত, তিনি বলেছেন ঃ যদি কেউ তোমার ঘরে তোমার অনুমতি ব্যতিরেকে উকি মারে আর তুমি পাথর নিক্ষেপ করে তার চক্ষু ফুটা করে দাও, তাতে তোমার কোন গুনাহ্ হবে না।

7٤٢٢ حَدَّثَنَا مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا يَحْيِى عَنْ حُمَيْدٍ إَنَّ رَجُلاً اطِّلَعَ فِيْ بَيْتِ النَّبِيِّ أَلِكُ فَسَدَّدَ الِيهِ النَّبِيِّ أَلِكُ مِ النَّبِيِّ أَلِكُ مَنْ حَدَّثَكَ قَالَ اَنَسُ بْنُ مَالِكٍ -

ডি৪২২ মুসাদ্দাদ (র)...... হুমায়দ (র) থেকে বর্ণিত যে, জনৈক ব্যক্তি নবী ক্রিট্রা এর ঘরে উকি মারল। নবী ক্রিট্রা তার প্রতি চাকু নিক্ষেপের প্রস্তুতি নিলেন। আমি জিজ্ঞাসা করলাম, আপনাকে (এ হাদীস)-কে বর্ণনা করেছেন? তিনি বললেন, আনাস ইব্ন মালিক (রা)।

٢٨٨١ بَابُ إِذَا مَاتَ فِي الزِّحَامِ أَوْ قُتْلِ

২৮৮১. অনুচ্ছেদ ঃ (জনতার) ভিড়ে মারা গেলে বা হত্যা করা হলে

عَنْ مَا اللهِ عَنْ السَّحْقَ قَالَ اَخْبَرَنَا اَبُوْ السَامَةَ قَالَ هِشَامُ اَخْبَرَنَا عَنْ اَبِيْهِ عَنْ عَائِشَةَ قَالَتْ لَمَّا كَانَ يَوْمُ اُحُدٍ هُزِمَ الْمُشْرِكُوْنَ فَصَاحَ ابْلِيْسُ اَىْ عِبَادَ اللهِ اُخْرَاكُمْ فَرَجَعَتْ أُوْلاَهُمْ فَاَجْتَلَدَتْ هِيَ وَأُخْرَاهُمْ ، فَنَظَرَ حُذَيْفَةُ فَاذَا هُوَ بِأَبِيْهِ الْيَمَانِ ، فَقَالَ أَيْ عَبَادَ اللهِ أَبِيْ أَبِيْ قَالَتُ هُوَ اللهِ مَا اَحْتَجَزُوْا حَتَّى قَتَلُوْهُ ، قَالَ حُذَيْفَةُ غَفَرَ اللّهُ لَكُمْ. قَالَ عُرْوَةُ فَمَا زَالَتْ فِيْ حُذَيْفَةَ مِنْهُ بَقِيَّةٌ حَتَّى لَحِقَ بِاللّهِ –

ডি৪২৩ ইস্হাক ইব্ন মানসূর (র) আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, উহুদের দিন যখন মুশরিকরা পরাজিত হয়ে গেল তখন ইব্লীস চিৎকার করে বলল, হে আল্লাহ্র বান্দাগণ! পিছনের দলের উপর আক্রমণ কর। তখন সমুখবর্তীরা পশ্চাতবর্তীদের উপর আক্রমণ করল ও পরস্পরে লড়াইয়ে লিপ্ত হল। তখন হ্যায়ফা (রা) তাকিয়ে দেখতে পেলেন যে তাঁর বাবা ইয়ামান আক্রান্ত হয়েছেন। তখন তিনি বললেন, হে আল্লাহ্র বান্দাগণ! (এ তো) আমার পিতা! আমার পিতা! তিনি বলেন, আল্লাহ্র কসম! তারা তাকে হত্যা না করে ক্ষান্ত হল না। হ্যায়ফা (রা) বলেন, আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করুন। উরওয়া (র) বলেন, এ কারণে হ্যায়ফা (রা)-এর অন্তরে আল্লাহ্র সাথে মিলন না হওয়া পর্যন্ত এই শ্বৃতি জাগরুক ছিল।

٢٨٨٢ بَابُ إِذَا قَتَلَ نَفْسَهُ خَطَأَ فَلاَ دِيَةً لَهُ

৬৪২৪ মাক্কী ইব্ন ইবরাহীম (র)...... সালাম (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী । এর সাথে খায়বার অভিমুখে রওয়ানা হলাম। তখন তাদের এক ব্যক্তি বলল, হে আমির! তোমরা আমাদেরকে উট চালনার কিছু সঙ্গীত শোনাও। সে তাদেরকে তা গেয়ে শোনাল। তখন নবী । বললেন ঃ চালকটি কেণ্ণ তারা বলল, আমির। তিনি বললেন ঃ আল্লাহ্ তাকে রহম করুন। তারা বলল, হে আল্লাহ্র রাসূল! আমাদেরকে তার থেকে দীর্ঘকাল উপকৃত হবার সুযোগ করে দিন। পরদিন সকালে আমির নিহত হল। তখন লোকেরা বলতে লাগল তার আমল বরবাদ হয়ে গেছে, সে নিজেকে হত্যা করেছে। যখন আমি ফিরলাম, আর লোকেরা বলাবলি করছিল যে, আমিরের আমল বরবাদ হয়ে গেছে, তখন আমি নবী । এন নিকট এলাম এবং বললাম, হে আল্লাহ্র নবী! আমার পিতা-মাতা আপনার প্রতি কুরবান। তাদের ধারণা, আমিরের আমল বরবাদ হয়ে গেছে। তিনি বললেন ঃ যে এমনটা বলেছে মিথ্যা বলেছে। কেননা, আমিরের জন্য দ্বিগুণ

পুরস্কার। কারণ সে (সৎ কাজে) অতিশয় যত্নবান, (আল্লাহ্র রাস্তায়) মুজাহিদ। অন্য কোন প্রকার হত্যা এর চেয়ে অধিক পুরস্কারের অধিকারী করতে পারে।

٢٨٨٣ بَابُّ إِذَا عَضَّ رَجُلاً فَوَقَعَتْ ثَنَايَاهُ

২৮৮৩. অনুচ্ছেদ ঃ কাউকে দাঁত দিয়ে কামড় দেওয়ার ফলে তার দাঁত উপড়ে গেলে

حَدَّثَنَا اَدَمُ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ حَدَّثَنَا قَتَادَةُ قَالَ سَمِعْتُ زُرَارَةَ بْنِ اَوْفَى عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ إَنَّ رَجُلاً عَضَّ يَدً رَجُلٍ فَنَزَعَ يَدَهُ مِنْ فَيِهِ فَوَقَعَتْ ثَنِيَّ تَاهُ عَصْرَانَ بْنِ حُصَيْنٍ إَنَّ رَجُلاً عَضَّ يَدً رَجُلٍ فَنَزَعَ يَدَهُ مِنْ فَيِهِ فَوَقَعَتْ ثَنِيَّ تَاهُ فَاخْتَصَمُواْ الْكَ النَّبِيِّ عَلَيْكً فَقَالَ يَعُضُّ اَحَدُكُمْ اَخَاهُ كَمَا يَعُضُّ الْفَحْلُ لاَدِيَةَ لَكَ – فَاخْتَصَمُواْ الْكَ النَّبِيِّ عَلَيْكً فَقَالَ يَعُضُّ اَحَدُكُمْ اَخَاهُ كَمَا يَعُضُّ الْفَحْلُ لاَدِيةَ لَكَ – فَاخْتَصَمُواْ الْكَ اللهَ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ

৬৪২৫ আদাম (র) ইমরান ইব্ন হুসায়ন (রা) থেকে বর্ণিত যে, এক ব্যক্তি অপর এক ব্যক্তির হাত দাঁত দিয়ে কামড়ে ধরল। সে তার হাত ঐ ব্যক্তির মুখ থেকে টেনে বের করল। ফলে তার দু'টি দাঁত উপড়ে গেল। তারা নবী ক্রিক্সিল্লি এর নিকট তাদের মুকাদ্দমা পেশ করল। তখন তিনি বললেন ঃ তোমাদের কেউ তার ভাইকে কি কামড়াবে? যেমন উট কামড়ে থাকে! তোমার জন্য কোন রক্তপণ নেই।

آكِ٦٤٢٦ حَدَّثَنَا اَبُوْ عَاصِمِ عَنِ ابْنِ جُرَيْجٍ عَنْ عَطَاءٍ عَنْ صَفْوَانَ بْنِ يَعْلَى عَنْ اَبِيْهِ قَالَ خَرَجْتُ فَيَ غَزْوَةٍ فِعَضَّ رَجُلٌ فَانْتَزَعَ ثَنبِيَّتَهُ فَاَبْطَلَهَا النَّبِيُّ لَمِنَّ اللَّهِ -

ডি৪২৬ আবৃ আসিম (র) ইয়ালা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি কোন একটি যুদ্ধে বেরিয়েছিলাম। তখন এক ব্যক্তি দাঁত দিয়ে কামড়ে ধরে; ফলে তার দাঁত উপড়ে যায়। তখন নবী ক্রীক্রী (দাঁতের) দীয়তকে বাতিল করে দিলেন।

٢٨٨٤ بَابُ السّنُ بِالسِّنِّ

২৮৮৪. অনুচ্ছেদ ঃ দাঁতের বদলে দাঁত

<u>٦٤٢٧</u> حَدَّثَنَا الْاَنَصَارِيُّ قَالَ حَدَّثَنَا حُمَيْدٌ عَنْ اَنَسٍ اَنَّ ابْنَةَ النَّضْرِ لَطَمَتْ جَارِيَةٌ فَكَسَرَتْ ثَنْيِتَهَا فَاتَوا النَّبِيَّ عَلَيْ فَامَرَ بِالْقِصَاصِ -

৬৪২৭ আনসারী (র) আনাস (রা) থেকে বর্ণিত যে, নাযারের কন্যা একটি বালিকাকে থাপ্পড় মেরে তার দাঁত ভেঙ্গে ফেলল। তারা নবী স্ক্রীন্ত্র –এর নিকট এল। তখন তিনি কিসাসের নির্দেশ দিলেন।

٢٨٨٥ بَابُ دِيَةِ الْأَصَابِعِ

২৮৮৫. অনুচ্ছেদ ঃ আঙ্গুলের রক্তপণ

٦٤٢٨ حَدَّثَنَا ادَمُ قَالَ حَدَّثَنَا شَعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ المُنَّةُ قَالَ هٰذِهِ وَهٰذِهِ سَوَاءٌ يَعْنِي الْخِنْصَرَ وَالْإِبْهَامَ – ডি৪২৮ আদাম (র)...... ইব্ন আব্বাস (রা) সূত্রে নবী ক্রীক্রী থেকে বর্ণিত। তিনি বলেছেন ঃ (দীয়তের ব্যাপারে) এটি এবং ওটি সমান। অর্থাৎ কনিষ্ঠ ও বৃদ্ধাঙ্গুলি।

مَدَّ تَنَا مُحَمَّدُ بِنُ بِشَّارٍ قَالَ حَدَّثَنَا ابْنُ اَبِيْ عَدِيِّ عَنْ شُعْبَةَ عَنْ قَتَادَةَ عَنْ عَدِي عَنْ شُعْبَةَ عَنْ قَتَادَةَ عَنْ عَدِي عَنْ شُعْبَةَ عَنْ قَتَادَةَ عَنْ عَكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ سَمِعْتُ النَّبِيِّ أَنِّ نَحْوَهُ –

৬৪২৯ মুহাম্মদ ইব্ন বাশ্শার (র) ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী ভালাল –কে অনুরূপ বলতে ভনেছি।

٢٨٨٦ بَابُ إِذَا أَصَابَ قَوْمٌ مِنْ رَجُلٍ هَلْ يُعَاقِبُ أَوْ يَقْتَصُّ مِنْهُمْ كُلُّهُمْ وَقَالَ مُطَرَفً عَنِ الشَّعْبِيّ فِيْ رَجُلَيْنِ شَهِدًا عَلَى رَجُلٍ إِنَّهُ سَرَقَ فَقَطَعَهُ عَلِيٌّ ثُمَّ جَاءَ بِإِخَرَ قَالاً أَخْطَانَا فَأَبْطَلَ شَهَادَتَهُمَا وَأُخِذَا بِدِيَّةِ الأَوَّلِ وَقَالَ لَوْ عَلِمْتَ أَنَّكُمَا تَعَمَّدُتُمَا لَقَطَعْتُكُمَا قَالاً فَابُطلَ شَهَادَتَهُمَا وَأُخِذَا بِدِيَّةِ الأَوَّلِ وَقَالَ لَوْ عَلِمْتَ أَنَّكُمَا تَعَمَّدُتُمَا لَقَطَعْتُكُمَا قَالاً بَوْ عَبْدِ اللّهِ وَقَالَ لِي ابْنُ بَشَّارٍ حَدَّثَنَا يَحْيلي عَنْ عُبَيْدِ اللّهِ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمْرَ أَنَّ عُلِلةً فَقَالَ عُمْرُ لَو الشَّتَرَكَ فِيْهَا آهل صَنْعَاءَ لَقَتَلْتُهُمْ وَقَالَ مُغَيْرةً بُنُ حَكِيْمٍ عَنْ آبِيْهِ إِنَّ آرْبَعَةً قَتَلُوا صَبِيًا فَقَالَ عُمَرُ مِنْ عَبْدَ اللّهِ وَآقَادَ آبُو بُكُرٍ وَابْنُ الزَّبَيْرِ فَعَرْبَةٍ بِالدِّرَةٍ ، وَآقَادَ عَلِي مَنْ الزَّبَيْرِ وَعَلِي مَنْ اللهُ عَلَى مَنْ مَثْلُهُ وَآقَادَ آبُو بُكُرٍ وَابْنُ الزَّبَيْرِ وَعَلِي مَنْ اللهِ وَقَالَ عَمْرُ مِنْ ضَوْطٍ وَخُمُسُ مِنْ ضَوْطٍ وَخُمُسُ مِنْ عَنْهُمْ وَاقَادَ عَلِي مَنْ سَوْطٍ وَخُمُسُ مِنْ اللّهُ إِلَا لَوْ اللّهُ مَنْ سَوْطٍ وَخُمُسُ مِنْ اللّهُ وَآقَادً مَا قَالَا عَلَى مَنْ سَوْطٍ وَخُمُسُ مِنْ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ اللّهُ الللللّهُ اللللللّهُ اللّهُ الللللللّهُ اللللّهُ الللهُ الللللّهُ الللللّهُ الللللّهُ الللللّهُ الللللللّهُ ال

২৮৮৬. অনুচ্ছেদ ঃ যখন একটি দল কোন এক ব্যক্তিকে বিপন্ন করে তোলে, তখন তাদের সকলকে শান্তি প্রদান করা হবে কি? অথবা সকলের নিকট থেকে কিসাস গ্রহণ করা হবে কি? মুতার্রিফ (র) শাবী (র) থেকে এমন দৃ'জন ব্যক্তির ব্যাপারে বর্ণনা করেন যারা এক ব্যক্তির বিরুদ্ধে সাক্ষ্য প্রদান করেছিল যে, সে চুরি করেছে। তখন আলী (রা) তার হাত কেটে ফেললেন। তারপর তারা অপর একজনকে নিয়ে এদে বলল, আমরা ভুল করে বসেছি। তখন তিনি তাদের সাক্ষ্য বাতিল করে দিলেন এবং প্রথম ব্যক্তির দীয়ত (রক্তপণ) গ্রহণ করলেন। আর বললেন, যদি আমি জানতাম যে তোমরা ইচ্ছাকৃতভাবে কাজটি করেছ, তাহলে তোমাদের উভয়ের হাত কেটে ফেলতাম। আবু আব্দুল্লাহ্ (ইমাম বুখারী) (র) বলেন, আমাকে ইব্ন বাশ্শার (র) ইব্ন উমর (রা) থেকে বর্ণনা করেছেন যে, একটি বালককে গোপনে হত্যা করা হয়। তখন উমর (রা) বললেন, যদি গোটা সান্'আবাসী এতে অংশ নিত তাহলে আমি তাদেরকে হত্যা করতাম। মুগীরা ইব্ন হাকীম (র) আপন পিতা হাকীম থেকে বর্ণনা করেন যে, চারজন লোক একটি বালককে হত্যা করেছিল। তখন উমর (রা) অনুরূপ কথা বলেছিলেন। আবু বকর ও ইব্ন যুবায়র, আলী ও সুওয়ায়দ ইব্ন মুকাররিন (রা) থাপ্পড়ের ক্ষেত্রে কিসাসের নির্দেশ দেন। উমর (রা) ছড়ি দিয়ে প্রহারের ব্যাপারে কিসাসের নির্দেশ দেন। আর আলী (রা) তিনটি বেত্রাঘাতের জন্য কিসাসের নির্দেশ দেন এবং গুরায়হ্ (র) একটি বেত্রাঘাত ও নখের আঁচড়ের জন্য কিসাস কার্যকর করেন

৬৪৩০ মুসাদ্দাদ (র)...... আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী ক্রিট্রা -এর অসুখের সময় তাঁর মুখের কিনারায় ঔষধ ঢেলে দিলাম। আর তিনি আমাদের দিকে ইশারা করতে থাকলেন যে, তোমরা আমার মুখের কিনারায় ঔষধ ঢেলে দিও না। আমরা মনে করলাম যে, রোগীর ঔষধের প্রতি অনীহা-ই এর কারণ। যখন তিনি হুঁশ ফিরে পেলেন, তখন বললেন ঃ আমাকে (জারপূর্বক) ঔষধ সেবন করাতে কি তোমাদেরকে নিষেধ করিনিঃ আমরা বললাম, রোগীর ঔষধের প্রতি অনীহা ভাবই এর কারণ বলে আমরা মনে করেছি। তখন তিনি বললেন ঃ তোমাদের মাঝে যেন এমন কেউ না থাকে যার মুখে জারপূর্বক ঔষধ ঢালা হয় আর আমি দেখতে থাকব শুধু আব্বাস ব্যতীত। কেননা, সে তোমাদের সাথে ছিল না।

٢٨٨٧ بَابُ الْقَسَامَةِ وَقَالَ الْاَشْعَثُ ابْنُ قَيْسِ قَالَ لِى النَّبِى النَّبِي الْقَسَامَةِ وَقَالَ الْاَشْعَثُ ابْنُ قَيْسِ قَالَ لِى النَّبِي النَّبِي الْقَرْيْزِ الْي عَدِي بْنِ ، وَقَالَ ابْنُ اَبِي مُلَيْكَةَ لَمْ يُقِدْبِهَا مُعَاوِيَةُ وَكُتَبَ عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيْزِ الْي عَدِي بْنِ الْمُعَلَّ اللَّي عَدِي بْنِ الْمُعَلَّ اللَّهُ عَلَى البَصْرَةِ فِي قَتِيلٍ وُجِذَ عِنْدَ بَيْتٍ مِنْ بُيُوْتِ السَّمَّ الْبِيْنَ انْ وَجُدَ اَصْحَابُهُ بَيْنَةً وَ إِلاَّ فَلاَ تَطْلِمُ النَّاسَ فَإِنَّ هٰذَا لاَ يُقْضَى فَيْهِ إِلَى يَوْمِ الْقِيَامَةِ وَجَدَ اَصَحَابُهُ بَيِّنَةً وَ إِلاَّ فَلاَ تَطْلِمُ النَّاسَ فَإِنَّ هٰذَا لاَ يُقْضَى فَيْهِ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

২৮৮৭. অনুচ্ছেদ ঃ 'কাসামাহ' (শপথ)। আশ্আছ ইব্ন কায়স (রা) বলেন, নবী ক্রান্ত্রী আমাকে বলেছেন, তুমি দু'জন সাক্ষী পেশ করবে, নতুবা তার কসম! ইব্ন আবৃ মুলায়কা (র) বলেন, মু'আবিয়া (রা) কাসামা অনুযায়ী কিসাস গ্রহণ করতেন না। উমর ইব্ন আবদূল আযীয (র) তাঁর তরফ থেকে নিযুক্ত বসরার গভর্নর আদী ইব্ন আরতাত (র)-এর কাছে একজন নিহত ব্যক্তির ব্যাপারে পত্র লিখেন, যাকে তেল ব্যবসায়ীদের বাড়ির কাছে পাওয়া গিয়েছিল। তিনি লিখেছিলেন, যদি তার আত্মীয়-স্বজনরা প্রমাণ পেশ করতে পারে তবে দণ্ড প্রদান করবে নতুবা লোকদের ওপর যুল্ম করবে না। কেননা, তা এমন ব্যাপার, যার কিয়ামত পর্যন্ত ফায়সালা করা যায় না

 انْطَلَقْنَا اللّٰي خَيْبَرَ فَوَجَدْنَا اَحَدَنَا قَتِيْلاً فَقَالَ الْكُبْرَ الْكُبْرَ فَقَالَ لَهُمْ تَأْتُوْنَ بِالْبَيِّنَةِ عَتَى مَنْ قَتَلَهُ ؟ قَالُواْ مَالَنَا بَيّنَةٌ ، قَالَ فَيَحْلِفُوْنَ ، قَالُواْ لاَنَرْضى بِأَيْمَانِ الْيَهُودِ ، فَكَرِهَ رَسُولُ اللّٰهِ عَلَيْهُا أَنْ يُبْطِلُّ دَمَهُ فَوَدَاهُ مِائَةً مِنْ ابِلِ الصَّدَقَةِ -

ডি৪৩১ আবৃ নু'আয়ম (র) সাহল ইব্ন আবৃ হাস্মা (রা) থেকে বর্ণিত যে, তার গোত্রের একদল লোক খায়বার গমন করল ও তথায় তারা বিক্ষিপ্তভাবে ছড়িয়ে পড়ল। তারা তাদের একজনকে নিহত অবস্থায় পেল। এবং যাদের কাছে তাকে নিহত অবস্থায় পাওয়া গেল তাদেরকে তারা বলল, তোমরা আমাদের সাথীকে হত্যা করেছ। তারা বলল, আমরা তাকে না হত্যা করেছি, না হত্যাকারীকে জানি। এরপর তারা নবী ক্রিট্রে -এর কাছে গেল এবং বলল, হে আল্লাহ্র রাসূল! আমরা খায়বার গিয়েছিলাম। আর আমাদের একজনকে তথায় নিহত অবস্থায় পেলাম। তখন তিনি বললেন ঃ বয়োবৃদ্ধকে বলতে দাও। বয়োবৃদ্ধকে বলতে দাও। তারপর তিনি তাদেরকে বললেন ঃ তোমাদেরকে তার হত্যাকারীর বিরুদ্ধে প্রমাণ পেশ করতে হবে। তারা বলল, আমাদের কাছে কোন প্রমাণ নেই। তিনি বললেন ঃ তাহলে ওরা কসম করে নেবে। তারা বলল, ইহুদীদের কসমে আমাদের আস্থা নেই। এ নিহতের রক্ত মূল্যহীন হয়ে যাক তা রাস্লুল্লাহ্ ক্রিট্রে পছন্দ করলেন না। তাই সাদাকার একশ' উট প্রদান করে তার রক্তপণ আদায় করলেন।

قَالَ حَدَّثَنَا الْحَجَّاجُ بْنُ سَعِيْد قَالَ حَدَّثَنَا اَبُو بِشْرِ اسْمَعِيْلُ ابْنُ ابْرُاهِيْمَ الاَسَدِيُّ قَالَ حَدَّثَنِيْ اَبُوْ رَجَاءِ مِنْ أَلَ اَبِيْ قَالَابَةً قَالَ حَدَّثَنِيْ اَبُوْ رَجَاءِ مِنْ أَل اَبِيْ قَالاَبَةً قَالَ حَدَّثَنِيْ اَبُوْ وَلَابَةً وَاللَّهُ مَا الْفَسَامَةُ الْقَوْدُ بِهَا حَقُّ وَقَدْ فَدَ خُلُولًا ، فَقَالَ مَا تَقُولُونَ فِي الْقَسَامَة ؟ قَالُولًا نَقُولُ الْقَسَامَةُ الْقَوَدُ بِهَا حَقُّ وَقَدْ اَفَادَتْ بِهَا الْخُلُفَاءُ ، قَالَ لِيْ مَا تَقُولُ لَيَا اَبَا قِلاَبَةَ وَنَصَبَنِيْ لِلنَّاسِ ، فَقُلْتُ يَا اَمِيْرَ الْمُونُ مِنْ عَبْدَ الْعَرْبِ اللَّهُ الْعَرْبِ اللَّهُ مَا تَقُولُ لَيَا الْعَرْبِ الْمَالِيْةَ وَنَصَبَنِيْ لِلنَّاسِ ، فَقُلْتُ يَا اَمِيْرَ الْمُؤْمِنِيْنَ عِنْدَكَ رَوْسُ الْاَجْنَادِ وَاَشْرَافُ الْعَرْبِ ارَائِتْ لَوْ اَنَّ خَمْسِيْنَ مِنْهُمْ شَهْدُولُ الْمُؤْمِنِيْنَ عِنْدِكَ رُوسُ الْاَجْنَادِ وَاَشْرَافُ الْعَرْبِ ارَائِتْ لَوْ اَنَّ خَمْسِيْنَ مِنْهُمْ شَهْدُولُ اللهُ عَلَى رَجُلُ بِحِمْصَ انَّهُ سَرَقَ اكُنْتُ تَقُطْعَهُ وَلَمْ يَرَوْهُ ؟ فَالَ لاَ ، قُلْتُ ارَائِيْتَ لَوْ اللهُ مَنْ مَنْهُمْ شَهْدُولُ اللهُ عَلَى رَجُلُ بِحِمْصَ انَّهُ سَرَقَ اكُنْتُ تَقُطْعَهُ وَلَمْ يَرَوْهُ ؟ كَلْ تَمْ سَرِقُ الله فَرْسُ الْمُ فَي رَوْهُ الله عَلْ اللهُ الله وَلَا الله وَلَوْمُ الله وَلَا الله الله وَلَا الله الله وَلَا الله وَلَا الله الله وَلَا الله وَلَا الله وَلَا الله

الْإسلام فاستتوْخمُوا الْأرْضَ فسقمت أجْسامه فشكوا ذلك اللي رسوول الله والله علي قال لَهُمْ اَفَلاَ تَخْرُجُونَ مَعَ رَاعِيننا فِي إِبِلِهِ فَتُصِيْبُونَ مِنْ ٱلْبَانِهَا وَٱبْوَالِهَا قَالُواْ بَلٰي فَخَرَجُوا فَشَرِبُواْمِنْ ٱلْبَانِهَا وَٱبْوَالِهَا فَصَحُّواْ فَقَتَلُواْ رَاعِيَ رَسُولَ اللَّهِ اللَّهِ وَطَرَدُوا النَّعَمَ، فَبَلَغَ ذٰلِكَ رَسُولَ اللَّهِ إِلَّهِ فَأَرْسَلَ فِيْ اَتَارِهِمْ فَأُدْرِكُوا فَجِيءَ بِهِمْ فَاَمَرَ بِهِمْ فَقُطَّعَتْ أَيْدِيْهِمْ وَأَرْجُلِهِمْ وَسَمِرَتْ أَعْيُنُهُمْ ثُمَّ نَبَذَهُمْ فِي الشَّمْسِ حَتَّى مَاتُواْ ، قُلْتُ وَاَىُّ شَكَى ء اَشَدُّ مِمَّا صَنَعَ هٰؤُلاء ارْتَدُّواْ عَنِ الْإِسْلاَم وَقَتَلُواْ وَسَرّقُواْ فَقَالَ عَنْبَسَةُ بْنُ سَعِيْدِ وَاللَّهِ انْ سَمِعْتُ كَالْيَوْمِ قَطُّ ، فَقُلْتُ اَتَرُدُّ عَلَىُّ حَدِيثِيْ يَا عَنْبَسَةُ فَقَالَ لاَ، وَلكِنْ جِئْتَ بِالْحَدِيْثِ عَلَى وَجْهِهِ ، وَاللَّهِ لاَ يَزَالُ هَٰذَا الْجُنْدُ بِخَيْرِ مَا عَاشَ هٰذَا الشَّيْخُ بَيْنَ اَظْهُرِهِمْ ، قُلْتُ وَقَدْ كَانَ فِيْ هٰذَا سنَّةُ مِنْ رَّسُولِ اللَّهِ وَلَا دَخَلَ عَلَيْهِ نَفَر مِنَ الْأَنْصَارِ فَتَحَدَّثُوا عِنْدَهُ ، فَخَرَجَ رَجُلٌ مِنْهُمْ بَيْنَ آيْدِيْهِمْ فَقُتِلَ ، فَخَرَجُواْ بَعْدَهُ ، فَاذَا هُمْ بِصَاحِبِهِمْ يَتَشَحَّطُ في الدَّم ، فَرَجَعُواْ اللِّي رَسُولِ اللَّهِ وَاللَّهِ وَاللَّهِ فَقَالُواْ يَا رَسُولَ اللَّهِ ﴾ وَاللَّهِ مَا حَبُنَا الَّذِيْ كَانَ يُحَدِّثُ مَعَنَا فَخَرَجَ بَيْنَ آيديْنَا فَاذَا نَحْنُ بِهِ يَتَشَحَّطُ فِي الدَّم فَخَرَجَ رَسُوْلُ اللَّهِ ﴿ لَيْكُ فَقَالَ بِمَنْ تَظُنُوْنَ اَوْ لِمَنْ تُرَوْنَ قَتَلَهُ فَقَالُواْ نُرَى اَنَّ الْيَهُودَ قَتَلَتْهُ فَاَرْسَلَ الَّى الْيَهُود فَدَعَاهُمْ ، فَقَالَ أَانْتُمْ تَلْتُمْ هٰذَا ؟ قَالُواْ لاَ ، قَالَ اَتَرْضًونَ نَفْلَ خَمْسِيْنَ مِنَ الْيَهُوْدِ مَا قَتَلُوهُ فَقَالُواْ مَا يُبُالُونَ يَقْتُلُوْنَا اَجْمَعِيْنَ ، ثُمَّ يَنْفِلُوْنَ قَالَ اَفْتَسْتَحِقُّوْنَ الدِّيةَ بِإَيْمَانِ خَمْسِيْنَ مِنْكُمْ ، قَالُوْا مَا كُنَّا لنَحْلفَ ، فَوَدَاهُ منْ عنده، قُلْتُ وَقَدْ كَانَتْ هُذَيْلُ خَلَعُوْا خَلِيْعًا لَهُمْ فِي الْجَاهِلِيَّةِ ، فَطَرَقَ أَهْلَ بَيْتِ مِنَ الْيَمَنِ بِالْبَطْحَاءِ فَانْتَبَهَ لَهُ رَجُلٌ مِنْهُمْ ، فَحَذَفَهُ بِالسَّيْفِ فَقَتَلَهُ ، فَجَاءَتْ هُذَيْلٌ فَاخَذُوا الْيَمَاني فَرَفَعُوهُ اللي عُمَرُ بِالْمَوسِم وقَالُوا قَتَلَ صَبَاحِبَنَا ، فَقَالَ اِنَّهُمْ قَدْ خَلَعُوهُ ، فَقَالَ يُقْسِمُ خَمْسُوْنَ مِنْ هُذَيْلٍ مَا خَلَعُوهُ قَالَ فَاَقْسَمَ مِنْهُمْ تِسْعَةُ وَاَرْبَعُونَ رَجُلاً ، فَقَدِمَ رَجُلُ مِنْهُمْ مِنَ الشَّامِ ، فَسَألُوهُ أَنْ يُقْسِمَ فَاَفْتَدَىٰ يَمِيْنَهُ مِنْهُمْ بِاَلْف درْهُمِ ، فَاَدْخَلُواْ مَكَانَهُ رَجُلاً أَخَرَ ، فَدَفَعَهُ الٰي اَخِي أَلْ مَقْتُولْ ، فَقُرنِتْ يَدُهُ بِيَدِهِ ، قَالُواْ فَأَنْطَلَقَا وَالْخَمْسُونَ الَّذِيْنَ اَقْسَمُواْ ، حَتَّى إِذَا

كَانُوْا بِنَخْلَةَ ، أَخَذَتْهُمُ السَّمَاءُ ، فَدَخَلُوْا فِي غَارٍ فِي الْجَبَلِ فَانْهَجَمَ الْغَارُ عَلَى الْخَمْسِيْنَ الَّذِيْنَ اَقْسَمُوْا فَمَاتُوْا جَمِيْعًا وَاَفْلَتَ الْقَرِيْنَانِ فَاتْبَعَهُمَا حَجَرٌ فَكَسَرَ رِجْلَ الْخَمْسِيْنَ النَّذِيْنَ اَقْسَمُوْا فَمَاتُوا جَمِيْعًا وَاَفْلَتَ الْقَرِيْنَانِ فَاتْبَعَهُمَا حَجَرٌ فَكَسَرَ رِجْلَ أَخِي الْمَقْتُولُ ، فَعَاشَ حَوْلاً ثُمَّ مَاتَ ، قُلْتُ وَقَدْ كَانَ عَبْدُ الْمَلِكِ بْنُ مَرْوَانَ اَقَادَ رَجُلاً بِالْقَسَامَة ثُمَّ نَدم بَعْدَ مَا صَنَعَ فَامَرَ بِالْخَمْسِيْنَ الَّذِيْنَ اَقْسَمُوا فَمُحُوا مِنَ الدِّيْوانِ وَسَيَّرَهُمْ اللهِ الشَّامِ –

৬৪৩২ কুতায়বা ইব্ন সাঈদ (র) আবু কিলাবা (রা) থেকে বর্ণিত যে, একদা উমর ইব্ন আবদুল আযীয (র) তাঁর সিংহাসন জনসাধারণকে প্রদর্শনের উদ্দেশ্যে বের করলেন। এরপর লোকদেরকে তাঁর নিকট আসার অনুমতি প্রদান করলেন। তারা প্রবেশ করল। তারপর বললেন, তোমরা কাসামা (কসম) সম্বন্ধে কি মত পোষণ করং তারা বলল, আমাদের মতে কাসামার ভিত্তিতে কিসাস গ্রহণ করা বিধেয়। খলীফাগণ এর ভিত্তিতে কিসাস কার্যকর করেছেন। তিনি আমাকে বললেন, হে আবু কিলাবা। তুমি কি বলং তিনি আমাকে লোকদের সামনে দাঁড় করালেন। আমি বললাম, হে আমীরুল মু'মিনীন! আপনার কাছে সেনাবাহিনীর উচ্চপদস্থ ব্যক্তিবর্গ ও আরব নেতৃবৃন্দ রয়েছেন, বলুন তো! যদি তাদের থেকে পঞ্চাশ ব্যক্তি দামেশ্কের একজন বিবাহিত ব্যক্তির বিরুদ্ধে সাক্ষ্য প্রদান করে যে সে যিনা করেছে, অথচ তারা তাকে দেখেনি, তাহলে আপনি তাকে রজম করবেন কি? তিনি বললেন, না। আমি বললাম, বলুন তো! যদি তাদের মধ্য থেকে পঞ্চাশ জন হিম্স নিবাসী এক ব্যক্তির বিরুদ্ধে সাক্ষ্য প্রদান করে যে, সে চুরি করেছে। অথচ তারা তাকে দেখেনি, তাহলে কি আপনি তার হাত কাটবেন? তিনি বললেন, না। আমি বললাম, আল্লাহ্র কসম! রাসুলুল্লাহ্ 🚟 তিন কারণের কোন একটি ব্যতীত কাউকে হত্যা করেননি। (যথা) ঃ (অন্যায়ভাবে) কাউকে হত্যা করলে তাকে হত্যা করা হবে। অথবা যে ব্যক্তি বিয়ের পর যিনা করে, অথবা যে ব্যক্তি আল্লাহ্ ও তাঁর রাসূল 🚌 -এর বিরুদ্ধে বিদ্রোহ করে ও ইসলাম থেকে ফিরে মুরতাদ হয়ে যায়। তখন লোকেরা বলল, আনাস ইবন মালিক (রা) কি বর্ণনা করেননি যে, রাসূলুল্লাহ্ 🏭 চুরির ব্যাপারে হাত কেটেছেন, লৌহশলাকা দ্বারা চক্ষু ফুঁড়ে দিয়েছেন, তারপর তাদেরকে উত্তপ্ত রৌদ্রে ফেলে রেখেছেন। তখন আমি বললাম, আমি তোমাদেরকে আনাস (রা)-এর হাদীস বর্ণনা করছি। আমাকে আনাস (রা) বর্ণনা করেছেন, উক্ল গোত্রের আটজন লোক রাসূলুল্লাহ্ ্রান্ত্র -এর কাছে এল। তারা তাঁর হাতে ইসলামের বায়'আত গ্রহণ করল। কিন্তু সে এলাকার আবহাওয়া তাদের অনুকূলে হল না এবং তাদের শরীর অসুস্থ হয়ে পড়ল। তারা রাসূলুল্লাহ্ 📸 📲 এর কাছে এর অভিযোগ করল। তিনি তাদেরকে বললেন, তোমরা কি আমার রাখালের সাথে তার উটপালের কাছে গিয়ে সেগুলোর দুধ ও পেশাব পান করবে না? তারা বলল, হ্যা। তারপর তারা তথায় গিয়ে সেগুলোর দুধ ও পেশাব পান করল। ফলে তারা সুস্থ হয়ে গেল। এরপর তারা রাস্লুল্লাহ্ 📸 এর রাখালকে হত্যা করে উটগুলো হাঁকিয়ে নিয়ে চলল। এ সংবাদ রাসূলুল্লাহ্ 🎬 এর কাছে পৌছলে তিনি তাদের পশ্চাদ্ধাবনের লক্ষ্যে লোক পাঠালেন। তারা ধরা পড়ল এবং তাদেরকে নিয়ে আসা হল। তাদের সম্বন্ধে নির্দেশ প্রদান করা হল। তাদের হাত-পা কাটা হল, লৌহশলাকা দারা তাদের চক্ষু ফুঁড়ে দেওয়া হল। এরপর উত্তপ্ত রৌদ্রে তাদেরকে ফেলে রাখা হল। অবশেষে তারা মারা গেল। আমি বললাম, তারা যা করেছে এর চেয়ে জঘন্য আর কি হতে পারে? তারা ইসলাম থেকে মুরতাদ্ হল, হত্যা করল, চুরি করল। তখন আম্বাসা ইব্ন সা'ঈদ বললেন, আল্লাহ্র

কসম! আজকের ন্যায় আমি আর কখনো শুনিনি। আমি বললাম, হে আম্বাসা! তাহলে তুমি আমার বর্ণিত হাদীসটি প্রত্যাখ্যান করছ কি? তিনি বললেন, না। তুমি হাদীসটি যথায়থ বর্ণনা করেছ। আল্লাহ্র কসম! এ লোকগুলো কল্যাণের উপর থাকবে যতদিন এ শায়খ (বুযর্গ) তাদের মধ্যে বর্তমান থাকবেন। আমি বললাম, এ ব্যাপারে রাসূলুল্লাহ্ क्रीक्रिक्ट থেকে একটা নিয়ম রয়েছে। আনসারদের একটি দল তাঁর কাছে প্রবেশ করল। তারা তাঁর কাছে আলোচনা করছিল। ইতিমধ্যে তাদের সামনে তাদের এক লোক বেরিয়ে গেল এবং নিহত হল। অতঃপর তারা বের হল। তখন তারা তাদের সঙ্গীকে দেখতে পেল যে, রক্তের মধ্যে নড়াচড়া করছে। তারা রাসূলুল্লাহ্ 🚟 -এর কাছে ফিরে এল এবং বলল, হে আল্লাহ্র রাসূল! আমাদের সঙ্গী যে আমাদের সাথে আলোচনা করছিল এবং সে আমাদের সামনেই বের হয়ে গিয়েছিল। আমরা এখন তাকে রক্তের মাঝে নড়াচড়া করতে দেখতে পাচ্ছি। এ কথা তনে রাসূলুল্লাহ্ 🚟 বেরিয়ে গেলেন এবং বললেন ঃ তাকে হত্যা করার ব্যাপারে কাদের সম্বন্ধে তোমাদের ধারণা? তারা বলল, আমরা মনে করি, ইহুদীরা তাকে হত্যা করেছে। তিনি ইহুদীদেরকে ডেকে পাঠালেন। এরপর তাদেরকে জিজ্ঞাসা করলেন, তোমরা ওকে হত্যা করেছ? তারা বলল, না। তিনি আনসারদের বললেন, তোমরা কি এতে সম্মত আছ যে, ইহুদীদের পঞ্চাশ জন লোক কসম করে বলবে যে, তারা তাকে হত্যা করেনি। আনসাররা বলল, তারা এতে কোন পরওয়া করবে না, তারা আমাদের সকলকে হত্যা করে ফেলার পরও কসম করে নিতে পীরবে। তিনি বললেন ঃ তাহলে তোমরা কি এজন্য প্রস্তুত আছ যে, তোমাদের থেকে পঞ্চাশজনের কসমের মাধ্যমে তোমরা দীয়াতের অধিকারী হবে? তারা বলল, আমরা কসম করব না। তখন তিনি নিজের পক্ষ থেকে দীয়াত প্রদান করে দেন। (রাবীী আবূ কালাবা বলেন) আমি বললাম, হুযায়ল গোত্র জাহিলী যুগে তাদের গোত্রের লোকেরা এক ব্যক্তিকে সকল প্রকার দায়-দায়িত্ব গ্রহণ থেকে বিচ্ছিনু করে দিয়েছিল। এক রাতে সে ব্যক্তি বাহহা নামক স্থানে ইয়ামনের এক পরিবারের উপর আকস্মিক হামলা চালায়। কিন্তু সে পরিবারের এক ব্যক্তি তা টের পেয়ে যায়। এবং তার প্রতি তরবারী নিক্ষেপ করে তাকে হত্যা করে ফেলে। অতঃপর হুযায়ল গোত্রের লোকেরা এসে ইয়ামনী ব্যক্তিটিকে ধরে ফেলে এবং (হজ্জের) মৌসুমে উমর (রা)-এর কাছে তাকে নিয়ে পেশ করে। আর বলে সে আমাদের এক সাথীকে হত্যা করেছে। ইয়ামনী লোকটি বলল, তারা কিন্তু ওকে সকল প্রকার দায়-দায়িত্ব গ্রহণ থেকে বিচ্ছিন্ন করে দিয়েছে। তখন তিনি বললেন, হুযায়ল গোত্রের পঞ্চাশ ব্যক্তি এ মর্মে কসম করবে যে তারা ওকে সকল দায়-দায়িত্ব গ্রহণ থেকে বিচ্ছিন্ন করেনি। বর্ণনাকারী বলেন, তাদের মধ্য থেকে উনপঞ্চাশ ব্যক্তি কসম করে নিল, অতঃপর তাদের একজন সিরিয়া থেকে এলো, তারা তাকে কসম করতে বলল। কিন্তু সে এক হাজার দিরহামের বিনিময়ে কসম থেকে তাদের সাথে আপোস করে নিল। তখন তারা তার স্থলে অপর একজনকে যোগ করে নিল। তারা তাকে নিহত ব্যক্তির ভাইয়ের কাছে পেশ করল। তারা উভয়ই করমর্দন করল। বর্ণনাকারী বলেন, আমরা এবং ঐ পঞ্চাশ ব্যক্তি, যারা কসম করেছে, চললাম। যখন তারা নাখ্লা নামক স্থানে পৌছল, তাদের উপর বৃষ্টি নেমে এল। তখন তারা পাহাড়ের এক গুহায় প্রবেশ করল। কিন্তু গুহা ঐ পঞ্চাশজন কসমকারীর উপর ভেঙ্গে পড়ল? এতে তারা সকলেই মারা গেল। তবে করমর্দনকারী দু'জন বেচে গেল। কিন্তু একটি পাথর তাদের উভয়ের প্রতি নিক্ষিপ্ত হল এবং নিহত ব্যক্তির ভাইয়ের পা ভেঙ্গে ফেলল। আর সে এক বছর জীবিত থাকার পর মারা গেল। (রাবী বলেন) আমি বললাম, আবদুল মালিক ইব্ন মারওয়ান (এক সময়) কাসামার ভিত্তিতে এক ব্যক্তির কিসাস গ্রহণ করেন। এরপর আপন কৃতকর্মের উপর তিনি লজ্জিত হন এবং ঐ পঞ্চাশ ব্যক্তি সম্বন্ধে নির্দেশ দিলেন যারা কসম করেছিল, তাদেরকে রেজিস্ট্রার থেকে খারিজ করে দিয়ে সিরিয়ায় নির্বাসন দিলেন।

۲۸۸۸ بَابُ مَنِ اطلَّلَعَ فِي بَيْتِ قَوْمٍ فَفَقَوُا عَيْنَهُ فَلاَ دِيَةَ لَهُ ٢٨٨٨ بَابُ مَنِ اطلَّلَعَ فِي بَيْتِ قَوْمٍ فَفَقَوُا عَيْنَهُ فَلاَ دِينَةَ لَهُ ٢٨٨٨ بَابُ مَنِ اطلَّلَعَ فِي بَيْتِ قَوْمٍ فَفَقَوُا عَيْنَهُ فَلاَ دِينَةَ لَهُ ٢٨٨٨ بَابُ مَنِ اطلَّلَعَ فِي بَيْتِ قَوْمٍ فَفَقَوُا عَيْنَهُ فَلاَ دِينَةَ لَهُ ٢٨٨٨ بَابُ مَنِ اطلَّلَعَ فِي بَيْتِ قَوْمٍ فَفَقَوُا عَيْنَهُ فَلاَ دِينَةً لَهُ ٢٨٨٨ بَابُ مَن اطلَّلَعَ فِي بَيْتِ قَوْمٍ فَفَقَوُا عَيْنَهُ فَلاَ دِينَةً لَهُ ব্যক্তির জন্য দিয়াত নেই

٦٤٣٣ حَدَّثَنَا اَبُوْ النُّعْمَانِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ عَنْ عُبْيْدِ اللَّهِ بْنِ اَبِي بَكْرِ بْنِ انسٍ عَنْ أنَس ِ أَنَّ رَجُلاً الطَّلَعَ فِي حَجِرِ فِي بَعْضٍ حُجَرِ النَّبِيِّ لِنَّ فَقَامَ الَّيْهِ بِمَشْقَصٍ أَوْ مَشَاقِصَ وَجَعَلَ يَخْتِلُهُ لِيَطْعَنَهُ -

৬৪৩৩ আবৃ নু'মান (রা) আনাস (র) থেকে বর্ণিত। জনৈক ব্যক্তি নবী 🚟 -এর কোন একটি হুজরার ছিদ্র দিয়ে উঁকি মারল। তখন তিনি তার প্রতি লক্ষ্য করে একটি তীক্ষ্ণ প্রশস্ত ছুরি নিয়ে দাঁড়ালেন এবং তার অগোচরে তাকে খোঁচা দেয়ার সুযোগ তালাশ করতে লাগলেন।

٦٤٣٤ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيْدٍ قَالَ حَدَّثَنَا لَيْثُ عَنِ ابْنِ شِهَابٍ إَنَّ سَهْلَ بْنَ سَعْدٍ السَّاعِدِيَّ اَخْبَرَهُ اَنَّ رَجُلاً اِطَّلَعَ فِي جُحْرٍ فِي بَابٍ رَسُولْ اللَّهِ ۖ وَهُعَ رَسُولْ اللَّهِ وَ مَدْرًى يَحُكُ بِهِ رَأْسَهُ ، فَلَمَّا رَأْهُ رَسُولُ اللهِ عَلَيَّ قَالَ لَوْ أَعْلَمُ أَنَّكَ تَنْتَظِرُنِي لَطَعَنْتُ بِهِ فِي عَيْنِكَ قَالَ رَسَوْلُ اللَّهِ ﴿ إِنَّمَا جُعِلَ الْاِذْنُ مِنْ قِبَلِ الْبَصَرِ -

৬৪৩৪ কুতায়বা ইব্ন সাঈদ (র) সাহ্ল ইব্ন সা'দ সাঈদী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি রাস্লুল্লাহ্ 📲 এর কোন গৃহের দরজার এক ছিদ্র দিয়ে উঁকি মারল। তখন রাস্লুল্লাহ্ 📲 এর নিকট চিরুনি সদৃশ একখণ্ড লোহা ছিল। এ দ্বারা তিনি স্বীয় মাথা চুল্কাচ্ছিলেন। যখন রাসূলুল্লাহ্ 🚟 তাকে দেখলেন তখন বললেন ঃ যদি আমি নিশ্চিত হতাম যে, তুমি আমার দিকে তাকাচ্ছ তাহলে এ দ্বারা আমি তোমার চোখে আঘাত করতাম। রাসূলুল্লাহ্ 🚟 বলেন ঃ চোখের দরুন-ই অনুমতির বিধান রাখা হয়েছে।

٦٤٣٥ حَدَّثَنَا عَلِيُّ ابْنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَدَّثَنَا اَبُوْ الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَن أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ أَبُو الْقَاسِمِ رَكُّ لَوْ أَنَّ إِمْرَا إِطَّلَعَ عَلَيْكَ بِغَيْرِ اِذْنٍ فَخَذَفْتُهُ بِحَصَاةٍ فَفَقَأْتَ عَيْنَهُ لَمْ يَكُنْ عَلَيْكَ جُنَاحٌ -

৬৪৩৫ আলী ইব্ন আবদুল্লাহ..... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আবুল কাসিম 🚟 🔀 বলেছেন ঃ যদি কোন ব্যক্তি অনুমতি ব্যতিরেকে তোমার দিকে উঁকি মারে আর তখন তুমি তার প্রতি কংকর নিক্ষেপ করে তার চক্ষু উপড়ে ফেল, এতে তোমার কোন অপরাধ হবে না।

٢٨٨٩ بَابُ الْعَامِلَةِ

آ كَدّ مَدّ مَن صَدَقَة بن الفَضل قال اَخْبر نَا ابن عُيينَة قال حَدَّ ثَنا مُطرِّف قال مَطرِّف قال سَمعْت الشَّعْبِيَّ قَالَ سَمعْت الشَّاسِ فَقَالَ وَالَّذِي فَلَقَ الْحَبُّ وَبَراً النَّسَمَة مَا عِنْدَ النَّاسِ فَقَالَ وَالَّذِي فَلَقَ الْحَبُّ وَبَراً النَّسَمَة مَا عِنْدَنَا الْاَ مَا فَي الْقُرْأَنِ الاَّ فَهُمًا يُعْطِي رَجُلُ في كتَابِه وَمَا في الصَّحِيْفَة قَلْت وَمَا في الصَّحِيْفَة قَلْت وَمَا في الصَّحِيْفَة قَلْت وَمَا في الصَّحِيْفَة قَالَ الْعَقْلُ وَفَكَاك الْاسِيْرِ وَالاَّ يُقْتَلَ مُسْلِم بِكَافِرٍ —

ডি৪৩৬ সাদাকা ইব্ন ফাযল (র) আবৃ জুহায়ফা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আলী (রা)-কে জিজ্ঞাসা করলাম, যা কুরআনে নেই এমন কিছু আপনাদের নিকট আছে কিঃ একবার তিনি বলেছেন, যা মানুষের নিকট নেই...... তখন তিনি বললেন, ঐ সন্তার কসম! যিনি খাদ্যশস্য অঙ্কুরিত করেন এবং প্রাণ সৃষ্টি করেন! কুরআনে যা কিছু রয়েছে তা ব্যতীত আমাদের নিকট অন্য কিছু নেই। তবে এমন জ্ঞান যা আল্লাহ্র কিতাব বুঝবার জন্য কোন ব্যক্তিকে দেয়া হয় এবং এ কাগজের টুকরায় যা রয়েছে। আমি জিজ্ঞাসা করলাম, কাগজের টুকরায় কি রয়েছেঃ তিনি বললেন, রক্তপণ ও মুক্তিপণের বিধান। আর (এ নীতি) কোন কাফেরের বদলে কোন মুসলমানকে হত্যা করা হবে না।

. ٦٨٩ بَابُ جَنيِن الْمَرْأَةِ

২৮৯০. অনুচ্ছেদ ঃ মহিলার জ্রাণ

آكَت حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ آخْبَرَنَا مَالِكُ حِ وَحَدَّثَنَا اسْمُعِيْلَ قَالَ حَدَّثَنَا مَالِكُ عَنِ ابْنِ شَهَابٍ عَنْ اَبِي هُرَاتَيْنِ مِنْ مَالِكُ عَنِ ابْنِ شَهَابٍ عَنْ اَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمُنِ عَنْ اَبِي هُرَيْرَةَ اَنَّ امْرَاتَيْنِ مِنْ هُذَيْلٍ رَمَتُ احْدَاهُمَا الْأُخْرَى فَطَرَحَتْ جَنِيْنَهَا فَقَضَلَى رَسُوْلُ اللهِ عَلَيْهَا بِغُرَّةٍ عَبْد اَوْ اَمَة -

ড৪৩৭ আবদুল্লাহ্ ইব্ন ইউসুফ (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত যে, হুযায়ল গোত্রের দু'জন মহিলার একজন অপরজনকে পাথর নিক্ষেপ করে গর্ভপাত ঘটিয়ে দিল। তখন রাস্লুল্লাহ ক্রিক্র এ মহিলার ব্যাপারে একটি গোলাম অথবা বাঁদী প্রদানের ফায়সালা দিলেন।

آدِهِمُ عَنْ اَبِيْهُ عَنْ اَبِيْهُ عَنْ اَبِيْهُ عَنْ اَبِيْهُ عَنْ اَبِيْهُ عَنْ اَبِيْهُ عَنْ الْمَوْاَةِ فَقَالَ الْمُغِيْرَةُ فَضَى بِهِ الْعَالَ الْمُعْتِيِّ وَقَلَى اللّهِ الْمُعَلِّى الْمُعَلِّى الْمُعَالِي الْمُعَلِّى الْمُعَلِّى الْمُعَلِّى الْمُعَلِّى الْمُعَلِي الْمُعَالِي الْمُعَلِي الْمُعِلِي الْمُعَلِي الْمُعَلِي الْمُعَلِي الْمُعَلِي الْمُعَلِي الْمُعِلِي الْمُعَلِي الْمُعِلِي الْمُعَلِي الْمُعَلِي الْمُعَلِي الْمُعَلِي الْمُعَلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعَلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعِلِي الْمُعَلِي الْمُعِلِي الْمُعَلِي الْمُعِلِي الْمُعِل

آوَّ آمَة قَالَ انَّتِ مَنْ يَشْهَدُ مَعَكَ عَلَى هٰذَا ؟ فَقَالَ مُحَمَّدُ بِنْ مَسْلَمَةَ آنَا الشَّهَدُ عَلَى هٰذَا ؟ فَقَالَ مُحَمَّدُ بِنْ مَسْلَمَةَ آنَا الشَّهَدُ عَلَى النَّاسَ مَعْتُهُ قَضْى فَيْهِ بِغُرَّةٍ عَبْدٍ الْوَ الْمَعْيْرَةُ اَنَا سَمِعْتُهُ قَضْى فَيْهِ بِغُرَّةٍ عَبْدٍ اللهَ اللهَ عَلَى هٰذَا ؟ فَقَالَ مُحَمَّدُ بِنْ مَسْلَمَةَ آنَا اَشْهَدُ عَلَى النَّبِى النَّبِى اللهَ اللهَ عَلَى هٰذَا ؟ فَقَالَ مُحَمَّدُ بِنْ مَسْلَمَةَ آنَا اَشْهَدُ عَلَى النَّبِى النَّبِى النَّبِى اللهَ اللهَ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ ا

৬৪৩৯ উবায়দুল্লাহ্ ইব্ন মূসা (র) হিশামের পিতা উরওয়া (রা) থেকে বর্ণিত যে, উমর (রা) লোকদেরকে কসম দিয়ে জিজ্ঞাসা করলেন, নবী ক্রিক্ট্র -কে ভ্রূণ হত্যার ব্যাপারে ফায়সালা দিতে কে শুনেছে? তখন মুগীরা (রা) বললেন, আমি তাঁকে অনুরূপ ব্যাপারে একটি গোলাম অথবা বাঁদী প্রদানের ফায়সালা প্রদান করতে শুনেছি। তিনি বললেন, এ বিষয়ে তোমার সাক্ষী নিয়ে এসো। এ সময় মুহাম্মদ ইব্ন মাস্লামা (রা) বললেন, আমি সাক্ষ্য দিছি যে, নবী ক্রিক্ট্রে অনুরূপ ফায়সালা প্রদান করেছেন।

_________ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَابِقٍ قَالَ حَدَّثَنَا زَائِدَةُ قَالَ حَدَّثَنَا هِشَامُ ابْنُ عُرْوَةَ عَنْ اَبِيْهِ اَنَّهُ سَمِعَ الْمُغِيْرَةَ بْنَ شُعْبَةَ يُحَدِّثُ عَنْ عُمَرَ اَنَّهُ السُّتَشَارَهُمْ فِي اِمْلاَصِ الْمَرْأَةِ مِثْلَهُ –

৬৪৪০ মুহাম্মদ ইব্ন আবদুল্লাহ্ (র) উমর (রা) থেকে বর্ণিত যে, তিনি সাহাবীগণের সাথে গর্ভপাত ঘটানোর ব্যাপারে অনুরূপ পরামর্শ করেছেন।

۲۸۹۱ بَابُ جَنْيِيْنِ الْمَرْأَةِ وَأَنَّ الْعَقْلَ عَلَى الْوَالِدِ وَعَصَبَةِ الْوَالِدِ لاَ عَلَى الْوَلَدِ ২৮৯১. অনুচ্ছেদ ঃ মহিলার জ্রণ এবং দিয়াত পিতা ও পিতার নিকটাত্মীয়দের ওপর বর্তায়, সন্তানের উপর নয়

آكدًا حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنِ ابْنِ شَهَابٍ عَنْ سَعِيْدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ اَبِى هُرَيْرَةَ اَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْهَا بِالْغُرَّةِ تُوفِيَتْ فَقَضَى رَسُوْلُ اللهِ بِعُرَّةٍ عَبْدٍ اَوْ اَمَةً ، ثُمَّ اِنَّ الْمَرْأَةَ التَّبِي قَضَى عَلَيْهَا بِالْغُرَّةِ تُوفِيَتُ فَقَضَى رَسُوْلُ اللهِ بَعْرَّة عَبْدٍ اَوْ اَمَة ، ثُمَّ اِنَّ الْمَرْأَةَ التَّبِي قَضَى عَلَيْهَا بِالْغُرَّة تُوفِيَتُ فَقَضَى رَسُوْلُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ الله

৬৪৪১ আবদুল্লাহ্ ইব্ন ইউসুফ (র).....আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। রাস্লুল্লাহ্ ক্রিট্র বনি লিহ্য়ানের জনৈকা মহিলার জ্রণ হত্যার ব্যাপারে একটি গোলাম অথবা বাঁদী প্রদানের ফায়সালা করেন। তারপর দণ্ডপ্রাপ্ত মহিলার মৃত্যু হল, যার সম্পর্কে নবী ক্রিট্রেট্র ঐ ফায়সালা করেছিলেন। তখন রাস্লুল্লাহ্ ক্রিট্রেট্র পুনঃ ফায়সালা প্রদান করলেন যে, তার ত্যাজ্য সম্পত্তি তার ছেলে সন্তান ও স্বামী পাবে। আর দিয়াত আদায় করবে তার আসাবা।

ডি৪৪২ আহ্মাদ ইব্ন সালিহ (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, হুযায়ল গোত্রের দু'জন মহিলা ঝগড়াকালে একে অপরের প্রতি পাথর নিক্ষেপ করে এবং একজন অপর জনের গর্ভস্থিত সন্তানকে হত্যা করে ফেলল। এরপর তারা নবী ক্রিক্রি -এর কাছে বিচার নিয়ে এল। তিনি ফায়সালা দিলেন যে, জ্রণের দিয়াত হলো একটি গোলাম অথবা বাঁদী আর এ ফায়সালাও দিলেন যে, নিহত মহিলার দিয়াত হত্যাকারিণীর আসাবার উপর আসবে।

٢٨٩٢ بَأْبُ مَنْ اسِنْتَعَارَ عَبْدًا أَوْ صَبِيًا ، وَيُذْكَرُ أَنَّ أُمَّ سَلْمَةَ بَعَثَتْ الِي مُعَلِّمِ الْكُتَّابِ الْمُثَّ الْمَ عُلْمَانًا يَنْفُشُونَ صُوفًا وَلاَ تَبْعَثْ الْيَّ حُرًّا

২৮৯২. অনুচ্ছেদ ঃ যে কেউ গোলাম অথবা বালক থেকে সাহায্য চায়। বর্ণিত আছে যে, উন্মে সালামা (রা) একটি পাঠশালার শিক্ষকের কাছে বার্তা পাঠালেন যে, আমার কাছে কয়েকজন বালক পাঠিয়ে দিন, যারা পশমের জট ছাড়াবে। তবে কোন আযাদ (বালক) পাঠাবেন না

آكِلًا حَدَّثَنِي عَمْرُو بْنُ زُرَارَةَ قَالَ اَخْبَرَنَا اِسْمُعِيْلَ بْنُ اِبْرَاهِيْمَ عَنْ عَبْدِ الْعَزِيْزِ عَنْ اَنْسِ بْنِ مَالِكٍ لَمَّا قَدِمَ رَسُوْلُ اللَّهِ عَنْ اللَّهِ الْمَدِيْنَةَ اَخَذَ اَبُوْ طَلْحَةَ بِيَدِي فَانْطَلَقَ بِي عَنْ اَنْسِ بْنِ مَالِكٍ لَمَّا قَدَمَ رَسُوْلُ اللَّهِ إِنَّ اَتَسَا غُلامٌ كَيْسٌ فَلْيَخْدُمُكَ ، قَالَ اللهِ إِنَّ اَتَسَا غُلامٌ كَيْسٌ فَلْيَخْدُمُكُ ، قَالَ فَخَدَمْتُهُ فِي الْحَضَرِ وَالسَّفَرِ ، فَوَ اللهِ مَا قَالَ لِي لِشَيْءٍ صَنَعْتُهُ لِمَ صَنَعْتَ هٰذَا هَكَذَا ، وَلاَ لِشَيْءٍ لَمْ اَصْنَعْهُ لِمَ لَمْ تَصْنَعْ هٰذَا هَكَذَا –

৬৪৪৩ আম্র ইব্ন যুরারা (র)......আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত যে, যখন রাস্লুল্লাহ ক্রিট্রান্থ মদীনায় আগমন করলেন, তখন আবৃ তাল্হা (রা) আমার হাতে ধরে আমাকে নিয়ে রাস্লুলাহ ক্রিট্রান্থ -এর কাছে গেলেন এবং বললেন, হে আল্লাহ্র রাস্ল! আনাস একজন হুঁশিয়ার ছেলে। সে যেন আপনার খেদমত করে। আনাস (রা) বলেন, আমি মুকীম এবং সফরকালে তাঁর খেদমত করেছি। আল্লাহ্র কসম! যে কাজ আমি করে নিয়েছি এর জন্য তিনি আমাকে কোন দিন এ কথা বলেননি, এটা এরূপ কেন করেছ? আর যে কাজ আমি করিনি এর জন্যও এ কথা বলেননি, এটা এরূপ কেন করনি?

٢٨٩٣ بَابُ الْمَعْدِنُ جُبَارٌ وَالْبِئْرُ جُبَارٌ

২৮৯৩. অনুচ্ছেদ ঃ খনি দণ্ডমুক্ত এবং কৃপ দণ্ডমুক্ত

آ كَدَّ اللَّهِ بِنُ اللَّهِ بِنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ قَالَ حَدَّثَنَا ابْنُ شَهَابٍ عَنْ سَعِيْد بِنِ الْمُسَيَّبِ وَالبِي سَلَمَةَ بِن عَبْدِ الرَّحْمُٰنِ عَنْ اَبِي هُرَيْرَةَ اَنَّ رَسُوْلَ اللَّهِ اللَّهِ اللَّهِ عَنْ اَبِي هُرَيْرَةَ اَنَّ رَسُوْلَ اللَّهِ اللَّهِ اللَّهِ عَنْ اَبِي هُرَيْرَةَ اَنَّ رَسُوْلَ اللَّهِ اللَّهِ اللَّهِ عَنْ اللهِ عَنْ النَّهُ اللهُ عَنْ اللهِ عَنْ اللهُ عَنْ اللهِ عَنْ اللهُ اللهِ عَنْ اللهِ عَنْ اللهُ عَنْ اللّهُ اللهُ عَنْ الللهُ عَنْ اللّهُ عَنْ اللهُ عَنْ اللّهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ اللّهُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللللّهُ اللللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللللّهُ الللّهُ اللللّهُ الللّهُ اللّهُ اللللّهُ الللّهُ اللّهُ

৬৪৪৪ আবদুল্লাহ্ ইব্ন ইউসুফ (র)......আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ ক্রিষ্ট্রির বলেছেন ঃ কোন পশু কাউকে আহত করলে, কূপে বা খনিতে পতিত হয়ে কেউ নিহত বা আহত হলে তাতে কোন দণ্ড বা রক্তপণ নেই। আর কেউ গুপ্তধন প্রাপ্ত হলে তার প্রতি এক-পঞ্চমাংশ দেয়া ওয়াজিব।

٢٨٩٤ بَابُ الْعَجْمَاءُ جُبَارٌ ، وَقَالَ ابْنُ سِيْرِيْنَ كَانُواْ لاَ يُضَمِّنُونَ مِنَ النَّفْحَةِ ، وَيُضَمِّنُونَ مِنْ رَدِّ الْعِنَانِ ، وَقَالَ حَمَّادٌ لاَ يُضَمَّنُ مِنَ النَّفْحَةِ الاَ أَنْ يَنْخُسَ اِنْسَانٌ الدَّابُةَ ، وَقَالَ شُرَيْحٌ لاَ يُضَمَّنُ مَا عَاقَبَتُ أَنْ يَضْرِبَهَا فَتَضْرِبَ بِرِجْلِهَا وَقَالَ الْحَكُمُ وَحَمَّادٌ اذَا سَاقَ الْمُكَارِي حِمَارًا عَلَيْهِ إِمْرَاةً فَتَخْرُ لاَ شَيْءَ عَلَيْهِ وَقَالَ الشَّعْبِيُّ إِذَا سَاقَ الْمُكَارِي حِمَارًا عَلَيْهِ إِمْرَاةً فَتَخْرُ لاَ شَيْءَ عَلَيْهِ وَقَالَ الشَّعْبِيُّ إِذَا سَاقَ الْمُكَارِي حِمَارًا عَلَيْهِ إِمْرَاةً فَتَخْرُ لاَ شَيْءَ عَلَيْهِ وَقَالَ الشَّعْبِيُّ إِذَا سَاقَ الْمُكَارِي حِمَارًا عَلَيْهِ إِمْرَاةً فَتَخْرُ لاَ شَيْءَ عَلَيْهِ وَقَالَ الشَّعْبِيُّ إِذَا سَاقَ الْمُكَارِي حِمَارًا عَلَيْهِ إِمْرَاةً فَتَخْرُ لاَ شَيْءَ عَلَيْهِ وَقَالَ الشَّعْبِيُّ إِنَّا لَا عَالَيْهِ إِلَّا لَهُ فَا مُتَرَسِّلاً لَمْ يَضْمَنْ –

২৮৯৪. অনুচ্ছেদ ঃ পণ্ড আহত করলে তাতে কোন ক্ষতিপূরণ নেই। ইব্নে সীরীন (র) বলেন, তাদের সময়ে পণ্ডর লাথির আঘাতের ক্ষত্রে ক্ষতিপূরণ প্রদানের ফায়সালা দিতেন না। এবং লাগাম টানার দর্মন কোন ক্ষতি সাধিত হলে ক্ষতিপূরণের ফায়সালা দিতেন। হাম্মাদ (র) বলেন, লাথির আঘাতের দর্মন দায়ী করা যাবে না। তবে যদি কোন ব্যক্তি পশুটিকে খোঁচা মারে। গুরায়হ্ (র) বলেন, প্রতিশোধমূলক আঘাতের দর্মন পশুকে দায়ী করা যাবে না। যেমন কেউ কোন পশুকে আঘাত করল, তখন পশুটিও তাকে পা দিয়ে আঘাত করল। হাকাম (র) ও হাম্মাদ (র) বলেন, যদি ভাড়াটিয়া ব্যক্তি গাধাকে হাঁকিয়ে নেয়, যে গাধার উপর কোন মহিলা বসা থাকে আর মহিলাটি গাধা থেকে পড়ে যায়, তাহলে তার উপর কিছু বর্তিবে না। শা'বী (র) বলেন, যদি কেউ কোন পশু চালায় এবং তাকে ক্লান্ত করে ফেলে, তাহলে তার উপর ক্ষতিপূরণ বর্তিবে। আর যদি ধীরে ধীরে চালায় তাহলে বর্তিবে না।

آ٤٤٥ حَدَّثَنَا مُسْلِمٌ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادٍ عَنْ اَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ النَّحُ قَالَ الْعَجْمَاءُ عَقْلُهَا جُبَارٌ ، وَالْبِئْرُ جُبَارٌ ، وَالْمَعْدِنُ جُبَارٌ ، وَفِي الرِّكَانِ الْخُمُسُ-

৬৪৪৫ মুসলিম (র) আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রিট্র থেকে বর্ণিত। তিনি বলেন, পশু আহত করলে, খনি বা কূপে পতিত হয়ে কেউ ক্ষতিগ্রস্ত হলে তাতে কোন ক্ষতিপূরণ নেই। গুপ্তধনের এক-পঞ্চমাংশ দেওয়া ওয়াজিব।

٧٨٩٥ بَابُ اِثْمِ مَنْ قَتَلَ ذِمِّيًا بِغَيْرِ جُرْمٍ-

২৮৯৫. অনুচ্ছেদ ঃ যে ব্যক্তি যিশ্বীকে বিনা দোষে হত্যা করে তার পাপ

آ كَدَّ مَا اللَّهِ بِنْ عَمْرٍ عَنِ النَّبِيِّ عَلَّا عَبِدُ الْوَاحِدِ حَدَّثَنَا الْحَسَنُ حَدَّثَنَا مُجَاهِدٌ عَنْ عَبِد اللَّهِ بِن عَمْرٍ عَنِ النَّبِيِّ عَلَّا قَالَ مَنْ قَتَلَ نَفْسًا مُعَاهِدَةً لَمْ يَرَحْ رَائِحَةً الْجَنَّةِ ، وَإِنَّ رِيْحَهَا تُوْجَدُ مِنْ مَسِيْرَةٍ اَرْبَعِيْنَ عَامًا-

৬৪৪৬ কায়স ইব্ন হাফ্স (র)...... আবদুল্লাহ্ ইব্ন আমর (রা) সূত্রে নবী ক্ল্রাঞ্জী থেকে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি নিরাপত্তার প্রতিশ্রুতি প্রদত্ত কাউকে হত্যা করে, সে ব্যক্তি জান্নাতের সুগন্ধ পর্যন্ত ভঁকতে পারবে না। অথচ তার সুগন্ধ চল্লিশ বছরের দূরত্ব থেকে অনুভূত হবে।

٢٨٩٤ بَابُ لاَ يُقْتَلُ الْمُسْلِمُ بِالْكَافِرِ

২৮৯৬. অনুচ্ছেদ ঃ কাফেরের বদলে মুসলমানকে হত্যা করা যাবে না

آكُذِكَ حَدَّثَنَا صَدَقَةُ بِنُ الْفَضِلِ قَالَ آخْبَرَنَا ابْنُ عُيَيْنَةَ قَالَ حَدَّثَنَا مُطَرِّفُ قَالَ سَمِعْتُ الشَّعْبِيَّ قَالَ سَمِعْتُ ابَا جُحَيْفَةَ قَالَ سَالْتُ عَلِيًّا هَلْ عِنْدَكُمْ شَيْءُ مِمَّا لَيْسَ فِي الْقُرْانِ قَالَ الْعَقْلُ وَفَكَاكُ الْآسِيْرِ وَا لاَّ يُقْتَلَ مُسْلِمٌ بِكَافِرٍ -

৬৪৪৭ সাদাকা ইবনুল ফযল (র) আবৃ জুহায়ফা (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আলী (রা)-কে জিজ্ঞাসা করলাম, আপনাদের কাছে এমন কিছু আছে কি যা কুরআনে নেই? তিনি বললেন, দিয়াতের বিধান, বন্দী-মুক্তির বিধান এবং (এ বিধান যে) কাফেরের বদলে কোন মুসলমানকে হত্যা করা যাবে না।

- بَابُ اِذَا لَطَمَ الْمُسْلِمُ يَهُوْدِيًا عِنْدَ الْغَضَبِ رَوَاهُ أَبُوْ هُرَيْرَةً عَنِ النَّبِيِ رَبَّ ২৮৯৭. অনুছেদ ঃ যখন কোন মুসলমান কোন ইহুদীকে ক্রোধের সময় থাপ্পড় লাগাল। এ প্রসঙ্গে আবৃ হুরায়রা (রা) নবী ক্রিট্রি থেকে বর্ণনা করেছেন

آ كَدَّأَنَا اَبُوْ نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بْنِ يَحْيِلَى عَنْ اَبِيْهِ عَنْ اَبِيْ سَعِيْدٍ عَنِ النَّبِيِّ إِلَيُّ قَالَ لاَ تُخَيِّرُواْ بَيْنَ الْاَنْبِيَاءِ-

৬৪৪৮ আবৃ নু'আয়ম (র)......আবৃ সাঈদ (রা) সূত্রে নবী ্রাট্রি থেকে বর্ণিত। তিনি বলেছেন ঃ তোমরা নবীদের একজনকে অপর জনের উপর শ্রেষ্ঠত্ব প্রদান করো না।

٦٤٤٩ حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ يُوسُفُ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بِنْ يَحْيَى الْمَاذِنِيِّ عَنْ اَبِيهِ عَنْ اَبِى سَعِيْدِ الْخُدْرِيِّ قَالَ جَاءَ رَجُلُ مِنَ الْيَهُوْدُ الْيَ النَّبِيِّ عَنْ أَبِي سَعِيْدٍ الْخُدْرِيِّ قَالَ جَاءَ رَجُلُ مِنَ الْيَهُوْدُ الْيَ النَّبِيِ عَنْ أَلُطُمَ وَجُهُم وَجُهُم وَ عَلْمَ اللَّهِ عَنْ الْاَنْصَارِ لَطَمَ فِي وَجْهِي قَالَ اُدْعُوْهُ وَجُهُم فَي وَجُهِي قَالَ اُدْعُوْهُ

فَدَعَوْهُ قَالَ لِمَ لَطَمْتَ وَجْهَهُ قَالَ يَا رَسُوْلَ اللهِ انِّي مَرَرْتُ بِالْيَهُوْدِ فَسَمِعْتُهُ يَقُوْلُ وَالّذِي اصْطَفَى مُوسْلَى عَلَى الْبَشَرِ قَالَ فَقُلْتُ عَلَى مُحَمَّدٍ عَلَى الْبَشَرِ قَالَ فَقُلْتُ عَلَى مُحَمَّدٍ عَلَى الْبَشَرِ قَالَ فَقُلْتُ عَلَى مُحَمَّدٍ عَلَى الْبَسَرِ قَالَ فَقُلْتُ عَصْبَةِ فَاللّهُ قَالَ لاَ تُخيرُوننِي مِنْ بَيْنِ الْاَنْبِيَاءِ فَانَّ النَّاسَ يَصِعْقَوْنَ يَوْمَ الْقيامَةِ فَاكُونُ أَوْلًا مَنْ يُفِيْقُ فَاذَا أَنَا بِمُوسْلَى اخِذُ بِقَائِمَةً مِنْ قَوَائِمِ الْعَرْشِ فَلاَ اَدْرِي اَفَاقَ قَبْلِي اَمْ جُزَى بصَعْقَةِ الطّور -

ড৪৪৯ মুহাম্মদ ইব্ন ইউসুফ (র) আবৃ সাঈদ খুদ্রী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈক ইহুদী, যার মুখমগুলে চপেটাঘাত করা হয়েছিল, নবী ক্রিট্রে -এর কাছে এসে বলল, হে মুহাম্মদ! আপনার জনৈক আন্সারী সাহাবী আমার মুখমগুলে চপেটাঘাত করেছে। তিনি বললেন, তোমরা তাকে ডেকে আন। তারা তাকে ডেকে আনল। তিনি জিজ্ঞাসা করলেন, তুমি তাকে কেন চড় মারলেং সে বলল, হে আল্লাহ্র রাসূল! আমি এক ইহুদীর কাছ দিয়ে যাচ্ছিলাম, তখন আমি তাকে বলতে জনলাম যে, ঐ সন্তার কসম! যিনি মূসাকে মানবমগুলীর উপরে শ্রেষ্ঠত্ব প্রদান করেছেন। তখন আমি বললাম, মুহাম্মদ ক্রিট্রে -এর উপরেও কিং অতঃপর আমার ভীষণ রাগ এসে গেল। ফলে আমি তাকে চড় মেরে ফেলি। তিনি বললেন ঃ তোমরা আমাকে নবীদের মাঝে কারো উপর শ্রেষ্ঠত্ব দিও না। কেননা সকল মানুষই কিয়ামতের দিন বেহুঁশ হয়ে পড়বে। তখন আমিই হব প্রথম ব্যক্তি যে হুঁশ ফিরে পাবে। কিন্তু আমি তখন মূসা (আ)-কে এমন অবস্থায় পাব যে, তিনি আরশের খুঁটিসমূহ থেকে একটি খুঁটি ধরে আছেন। আমি বুঝতে পারব না যে, তিনি আমার আগে হুঁশ ফিরে পেলেন, না তুর পর্বতে বেহুঁশ হওয়ার বিনিময় দেয়া হয়েছে যে (এখন বেহুঁশই হননি) ং

كَتَابُ اسْتَتَابَةَ الْمُعَانِدِيْنَ وَالْمُرْتَدِّيْنَ وَقِتَالِهِمْ আল্লাহ্দোহী ও ধর্মত্যাগীদেরকে তাওবার প্রতি আহ্বান ও তাদের সাথে যুদ্ধ অধ্যায়

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيْمِ

كِتَابُ اسْتِتَابَةَ الْمُعَانِدِيْنَ وَالْمُرْتَدِّيْنَ وَقِتَالِهِمْ আল্লাহ্দোহী ও ধর্মত্যাগীদেরকে তাওবার প্রতি আহ্বান ও তাদের সাথে যুদ্ধ অধ্যায়

٢٨٩٨ اتْمُ مَنْ أَشْرَكَ بِاللّهِ وَعُنْفُوبَتِهِ فِي الدُّنْيَا وَالْأَخِرَةِ وَقَالَ اللّهَ تَعَا لَى : إِنَّ الشِّرْكَ لَظُلُمٌ عَظِيْمٌ وَلَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُوْنَنَّ مِنَ الْخَاسِرِيْنَ

২৮৯৮. যে ব্যক্তি আল্লাহর সাথে শিরক করে তার শুনাহ এবং দুনিয়া ও আখিরাতে তার শান্তি। আল্লাহ্ তা'আলা বলেনঃ নিশ্চয়ই শির্ক চরম জুল্ম। (৩১ ঃ ১৩) তুমি আল্লাহ্র শরীক স্থির করলে তোমার কর্ম তো নিক্ষল হবে এবং তুমি হবে ক্ষতিগ্রস্ত (৩৯ ঃ ৬৫)

ডি৪৫০ কুতায়বা ইব্ন সাঈদ (র) আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, যখন এ আয়াত নাঘিল হলো ঃ যারা ঈমান এনেছে এবং তাদের ঈমানকে জুল্ম দ্বারা কলুষিত করেনি (৬ ঃ ৮২), তখন তা রাসূলুল্লাহ্ ক্রিট্রা -এর সাহাবাদের কাছে গুরুতর মনে হলো। তারা বললেন, আমাদের মাঝে এমন কে আছে যে তার ঈমানকে জুল্ম দ্বারা কলুষিত করে না। তখন রাসূলুল্লাহ্ ক্রিট্রাই বললেন ঃ তা অবশ্যই এমনটা নয়, তোমরা কি লুকমানের কথার প্রতি লক্ষ্য করনিঃ শিরকই চরম জুলম (সীমালংঘন)। (৩১ ঃ ১৩)

آوَهَ حَدَّثَنَا مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا بِشْرُ بِنُ الْمُفَضَلُ قَالَ حَدَّثَنَا الْجُرَيْرِيُّ ح وَحَدَّثَنَا قَيْسُ بِنُ حَفْصِ قَالَ حَدَّثَنَا اسْمُعَيْلُ بِنُ ابْرَاهِيْمَ قَالَ اَخْبَرَنَا سَعِيْدُ الْجُرَيْرِيُّ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بِنُ اَبِي بَكْرَةً عَنْ اَبِيْهِ قَالَ قَالَ النَّبِيُّ لَمُّ الْكَبَائِرِ : حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بِنُ اَبِي بَكْرَةً عَنْ اَبِيْهِ قَالَ قَالَ النَّبِيُّ لَمُّا النَّبِيُ لَمُ الْكَبَائِرِ : الْأَشْراكُ بِالله ، وَعُقُوقُ الْوَالدَيْنِ ، وَشَهَادَةُ الزُّوْرِ ، وَشَهَادَةُ الزُّوْرِ ، وَشَهَادَةُ الزُّوْرِ فَمَا زَالَ يُكَرِّرُهَا حَتَّى قُلُنَا لَيْتَهُ سَكَتَ—

৬৪৫১ মুসাদ্দাদ আবৃ বাকরা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্লিট্রা বলেছেন ঃ সবচেয়ে কঠিন কবীরা গুনাহ্ হচ্ছে আল্লাহ্র সঙ্গে শরীক করা, পিতা-মাতার অবাধ্য হওয়া ও মিথ্যা সাক্ষ্য দেওয়া। মিথ্যা সাক্ষ্য কথাটি তিনবার বললেন। অথবা বলেছেন, মিথ্যা বক্তব্য। কথাটি বারবার বলতে থাকলেন, এমন কি আমরা আকাজ্জা করতে লাগলাম, হায় যদি তিনি নিরব হয়ে যেতেন।

TEOY حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ الْحُسنَيْنِ بِنِ ابْرَاهِيْمَ قَالَ اَخْبَرَنَا عُبَيْدُ اللّهِ قَالَ اَخْبَرَنَا شَيْبِيِّ شَيْبَانُ عَنْ فِراسٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ عَبْدَ اللّه بِن عَمْرِهِ قَالَ جَاءَ اَعْرَابِيٍّ اللّهِ النَّبِيِّ شَيْبَانُ عَنْ فِراسٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ عَبْدَ اللّه بِن عَمْرِهِ قَالَ جَاءَ اَعْرَابِيٍّ اللّهِ النَّبِيِّ اللّهُ فَقَالَ يَارَسُوْلَ اللّهِ مَا الْكَبَائِرُ ؟ قَالَ السَّرَاكُ بِاللّه ، قَالَ ثُمَّ مَاذَا ؟ قَالَ ثُمَّ الْيَمِيْنُ الْغُمُوسُ عُلُتُ وَمَا الْيَمِيْنُ الْغُمُوسُ عُلُوبَ فَلْ الْعَمُوسُ عَلَا الْعَمِيْنُ الْغُمُوسُ عَلَيْ الْعَمُوسُ عَلَا الْعَمِيْنُ الْغُمُوسُ عَلَيْ اللّهِ عَلَى اللّهِ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى الللّهُ عَلْمُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَى الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللللّهُ الللللّهُ الللّهُ اللّهُ الللللللّهُ الللللللّهُ الللللللّهُ اللّهُ اللللّهُ الللللّهُ اللللل

[٦٥٧١] حَدَّثْنَا مُؤَمَّلُ بْنُ هِشَامٍ اَبُوهشِامٍ قَالَ حَدَّثَنَا اسْمُعِيْلُ بْنُ اِبْرَاهِيْمَ قَالَ حَدَّثَنَا عَوْفٌ قَالَ حَدَّثَنَا اَبُوْرَجَاء ِ حَدَّثَنَا سَمُرةُ بِنُ جُنْذُبٍ قَالَ كَانَ رَسُوْلُ اللَّهِ وَلَيْ ممَّا يُكْثِّرُ أَنْ يَقُولُ لاَصِحْابِهِ هَلْ رَأَى أَحَدُ مِنْكُمْ قَالَ فَيَقُصُّ عَلَيْهِ مَنْ شَاءَ اللَّهُ أَنْ يَقُصَّ وُإِنَّهُ قَالَ لَنَا ذَاتَ غَدَاة إِنَّهُ اتَانِي اللَّيْلَةَ أَتِيَانِ وَإِنَّهُمَا ابْتَعَثَانِي وَإِنَّهُمَا قَالاً لِي انْطَلِقْ، وَإِنِّي انْطَلَقْتُ مَعَهُمَا وَإِنَّا ٱتَيْنَا عَلَى رَجُلٍ مُضْطَجِعٍ وَإِذَا أَخَرُ قَائِمٌ عَلَيْه بصَخْرَة وَاذَا هُوَ يَهْوى بِالصَّخْرَة لرَأْسِهِ فَيَثْلَغُ رَأْسَهُ فَيَتَدْهَدُهُ الْحَجَرُ هَاهُنَا فَيَتَبِعُ الْحَجَرُ فَيَاخُذُهُ فَلاَيَرْجِعُ اِلَيْهِ حَتَّى يَصِحَّ رَاْسُهُ كَمَا كَانَ ثُمَّ يَعُوْدُ عَلَيْهِ فَيَفْعَلُ بِهِ مِثْلَ مَافَعَلَ بِهِ الْمَرَّةَ الأُوْلَى قَالَ قُلْتُ لَهُمَا سُبْحَانَ اللهِ مَا هٰذَانِ ؟ قَالَ قَالاً لِي انْطَلِقْ اِنْطَلِقْ قَالَ فَانْطَلَقْنَا فَاتَيْنَا عَلَى رَجُلِ مُسْتَلْقِ لِقَفَاهُ، وَإِذَا الْخَرُ قَائِمٌ عَلَيْهِ بِكَلُّوْبٍ مِنْ حَدِيْدٍ وَاذِا هُوَ يَاْتِي اَحَدَ شِقَّىْ وَجْهِهِ فَيُشَرُّشِرُ شِدْقَهُ اِلَى قَفَاهُ وَمَنْخِرَهُ إِلَى فَقَاهُ وَعَيْنَهُ إِلَى قَفَاهُ قَالَ وَرَبُّمَا قَالَ اَبُوْرَجَاءِ فَيَشُقُّ ثُمَّ يَتَحَوَّلُ إِلَى الْجَانِبِ الْأَخَرِ فَيَفْعَلُ بِهِ مِثْلَ مَا فَعَلَ بِالْجَانِبِ الْأَوَّلِ فَمَا يَفْرُغُ مِنْ ذَٰلِكَ الْجَانِبِ حَتَّى يَصِعَّ ذَلِكَ الْجَانِبُ كَمَا كَانَ ثُمَّ يَعُودُ عَلَيْهِ فَيَفْعَلُ مِثْلَ مَا فَعَلَ الْمَرَّةَ الْأُولَى، قَالَ قُلْتُ سُبْحَانِ اللَّهِ مَا هٰذَانِ؟ قَالَ قَالا لِي انْطَلقْ اِنْطَلَقْ فَانْطَلَقْنَا فَاتَيْنَا عَلَى مِثْلِ التَّنُوْرِ قَالَ فَاَحْسِبُ اَنَّهُ كَانَ يَقُوْلُ فَاِذَا فِيْهِ لَغَطُّ وَاصْوَاتٌ قَالَ فَاطَّلَعْنَا فِيْهِ فَاِذَا فِيْهِ رِجَالٌ وَنِسَاءٌ عُرَاةٌ فَاذَا هُمْ يَاْتِيْهِمْ لَهَبُّ مِنْ اَسْفَلَ مِنْهُمْ فَاذَا اتَاهُمْ ذٰلِكَ اللَّهْبُ ضَوْضَوْا قَالَ قُلْتُ لَهُمَا مَا هُؤُلاءٍ؟ قَالَ قَالا لِي انْطَلِقْ انْطَلِقْ قَالَ فَانْطَلَقْنَا فَأَتَيْنَا عَلَى نَهَرِ حَسبِنْتُ أَنَّهُ كَانَ يَقُولُ أَحْمَرَ مِثْلِ الدَّم، وَإِذَا فِي النَّهَرِ رَجُلٌ سَابِحٌ يَسْبَحُ، وَإِذَا عَلَى شَطِّ النَّهَرِ رَجُلُ قَدْ جَمَعَ عِنْدَهُ حِجَارَةً كَثِيْرَةً، وَإِذَا ذٰلِكَ السَّابِحُ يَسْبَحُ مَا يَسْبَحُ، ثُمًّ يَاْتِي ذٰلِكَ الَّذِي قَدْ جَمَعَ عنْدَهُ اَلْحِجَارَةُ فَيَفْغَرَ لَهُ فَاهُ فَيَلْقَمُهُ حَجَرًا فَيَنْطَلِقُ فَيَسْبَحُ، ثُمَّ يَرْجِعُ الَيْهِ كُلُّمَا رَجَعَ الَيْهِ فَغَرَلَهُ فَاهُ فَالْقَمَّهُ حَجَرًا قَالَ قُلْتُ لَهُمَا مَا هٰذَان قَالَ قَالاً لَى انْطَلَقْ انْطَلَقْ قَالَ فَانْطَلَقْنَا فَاتَيْنَا عَلَى رَجُلِ كَرِيْه الْمَرْأَة كَأَكَرَهِ مَا أَنْتَ رَاءٍ رَجُلاً مَرْاأةً وَاذَا عِنْدَهُ نَارٌ لَهُ يَحُشُهَا وَيَسْعٰى حَوْلَهَا، قَالَ قُلْتُ لَهُمَا مَا

هٰذَا؟ قال قالاً لِي انْطَلِقِ انْطَلِقْ فَانْطَلَقْنَا فَاتَيْنَا عَلَى رَوْضَةٍ مُعْتَمَّةٍ فِيهَا مِنْ كُلِّ نَوْرِ الرَّبِيْعِ، وَاذِا بَيْنَ ظَهْرَىِ الرَّوْضَةِ رَجُلٌ طَوِيْلُ لا أَكَادُ اَرَى رَاْسَهُ طَوْلاً في السَّمَاءِ، وَاذِا حَوْلَ الرَّجُلِ مِنْ اَكْثَرِ وِلْدَانِ رَايْتُهُمْ قَطُّ، قَالَ قُلْتُ لَهُمَا مَا هذَا مَا هؤُلاء قَالَ قَالاً لِي انْطَلِقْ انْطَلِقْ قَالَ فَانْطَلَقْنَا فَأَنْتَهَيْنَا إِلَى رَوْضَةٍ عَظِيْمَةٍ لَمْ أَرَ رَوْضَةً قَطُّ اَعْظَمَ مِنْهَا وَلا اَحْسَنَ قَالاَ قِالاً لِي اَرْقَ فِيْهَا قَالاَ فَارْتَقَيْنَا فِيْهَا فَانْتَهَيْنَا اِلِّي مَدِيْنَةٍ مَبَنيَّةٍ بِلَبَنِ ذَهَبٍ وَلَبِنِ فِضَّةٍ فَاتَيْنَا بَابَ الْمَدِيْنَةِ فَاسْتَفْتَحْنَا فَفُتِحَ لَنَا فَدَخَلْنَاهَا فَتَلَقَّانَا فِيها رِجَالٌ شَطُرٌ مِنْ خَلْقِهمْ كَاحْسنن مَا أَنْتَ رَاءٍ، وَشَطْرٌ كَاقْبَحِ مَا اَنْتَ رَاءٍ، قَالَ قَالاَ لَهُمُ اذْهَبُواْ فَقَعُواْ فِي ذٰلِكَ النَّهَرِ ، قَالَ وَاِذَا نَهَرُّ مُعْتَرضٌ يَجْرِي كَانَّ مَاءَهُ الْمَحْضُ فِي الْبَيَاضِ فَذَهَبُواْ فَوَقَعَوا فِيهِ ثُمَّ رَجَعُواْ الِّيْنَا قَدْ ذَهَبَ ذٰلِكَ السُّوءُ عَنْهُمْ فَصَارُواْ فِي آحْسَنِ صُوْرَةٍ ، قَالَ قَالاَ لِي هَذِهِ جَنَّةُ عَدْن وَهُذَاكَ مَنْزِلُك ، قَالَ فَسَمَا بَصَرِيْ صُعَدًا فَإِذَا قَصْرٌ مِثْلُ الرَّبَابَةِ الْبَيْضَاءِ قَالَ قَالاً لِي هٰذَاكَ مَنْزِلُكَ قَالَ قُلْتُ لَهُمَا بَارَكَ اللَّهُ فيكُمَا ذَرَاني فَاَدْخُلَهُ قَالاَ اَمَّا ٱلْأَنَ فَلاَ وَاَنْتَ دَاخلَهُ قَالَ قُلْتُ لَهُمَا فَانِّي قَدْ رَاَيْتُ مُنْذُ اللَّيْلَة عَجَبًا ، فَمَا هٰذَا الَّذي رَاَيْتُ ؟ قَالَ قَالاً لي اَمَا انَّا سَنُخْبِرُكَ ، اَمَّا الرَّجُلُ الْاَوَّلُ الَّذِي اَتَيْتَ عَلَيْهِ يَتْلَغُ رَاْسُهُ بِالْحَجَرِ فَاِنَّهُ الرَّجُلُ يَاْخُذُ الْقُرْأَنَ فَيَرْفُضُهُهُ وَيَنَامُ عَنِ الصَّلاَةِ الْمَكْتُوبَةِ ، وَاَمَّا الرَّجُلُ الَّذِي اَتَيْتَ عَلَيْهِ يُشَرْشَرُ شبِدْقُهُ إِلَى قَفَاهُ وَمَنْخِرَهُ إِلَى قَفَاهُ وَعَيْنُهُ إِلَى قَفَاهُ فَانَّهُ الرَّجُلُ يَغْدُوْ مِنْ بَيْتِهِ فَيَكْذِبُ الْكَذْبَةَ تَبْلَغُ الْاَفَاقَ ، وَأَمَّا الرِّجَالُ وَالنِّسَاءُ الْعَرَاةُ الَّذِيْنَ هُمْ في مِثْلِ بِنَاءِ التَّنُّوْرِ فَانَّهُمْ الزُّنَاةُ وَالزَّوَانِي وَاَمًّا الرَجُلُ الَّذِي اَتَيْتَ عَلَيْهِ يَسْبَحُ في النَّهَرِ وَيُلْقَمُ الْحِجَارَةَ فَانَّهُ أَكِلُ الرِّبَا ، وَآمَّا الرَّجُلُ الْكَرِيْهُ الْمَرْأَةِ الَّذِي عِنْدَ النَّارِ يَحُشُّهَا وَيَسْعٰى حَوْلهَا فَاِنَّهُ مَالِكٌ خَازِنُ جَهَنَّمَ، وَأَمَّا الرَّجُلُ الطَّويْلُ الَّذِي فِي الرَّوْضَةِ فَإِنَّهُ ابْرَاهِيْمَ وَامَّا الْولْدَانَ الَّذِيْنَ حَوْلَهُ فَكُلُّ مَوْلُودٍ مَاتَ عَلَى الْفِطْرَةِ قَالَ فَقَالَ بَعْض الْمُسْلِمِيْنَ يَارَسُولَ اللّهِ وَاوْلاَدُ الْمُشْرِكِيْنَ فَقَالَ رَسُولُ اللّهِ وَأَوْلاَدُ الْمُشْرِكِيْنَ، وَامَّا الْقَوْمُ الَّذِيْنَ كَانُوا شَطْرٌ منْهُمْ حَسَنُ وَشَطْرٌ قَبِيْحُ فَانَّهُمْ قَوْمٌ خَلَطُوا عَمَلاً صَالِحًا وَالْخَرَ سَيِّئًا تَجَاوَزَ اللَّهُ عَنْهُمْ-

৬৫৭১ মুয়াম্মাল ইব্ন হিশাম আবৃ হিশাম (র) সামুরা ইব্ন জুনদাব (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ৰাষ্ট্র প্রায়ই তাঁর সাহাবীদেরকে বলতেন, তোমাদের কেউ কোন স্বপ্ন দেখেছ কি? রাবী বলেন, যাদের বেলায় আল্লাহ্র ইচ্ছা, তারা রাসূলুল্লাহ্ 🚟 -এর কাছে স্বপু বর্ণনা করত। তিনি একদিন সকালে আমাদেরকে বললেন ঃ গত রাতে আমার কাছে দু'জন আগন্তুক আসল। তারা আমাকে উঠাল। আর আমাকে বলল, চলুন। আমি তাদের সাথে চলতে লাগলাম। আমরা কাত হয়ে শায়িত এক ব্যক্তির কাছে পৌছলাম। দেখলাম, অপর এক ব্যক্তি তার নিকট পাথর নিয়ে দাঁড়িয়ে রয়েছে। সে তার মাথায় পাথর নিক্ষেপ করছে। ফলে তার মাথা ফেটে যাচ্ছে। আর পাথর নিচে গিয়ে পতিত হচ্ছে। এরপর আবার সে পাথরটি অনুসরণ করে তা পুনরায় নিয়ে আসছে। ফিরে আসতে না আসতেই লোকটির মাথা পূর্বের ন্যায় পুনরায় ভাল হয়ে যায়। ফিরে এসে আবার অনুরূপ আচরণ করে, যা পূর্বে প্রথমবার করেছিল। তিনি বলেন, আমি তাদের (সাথীদ্বয়কে) বললাম, সুবহানুাল্লাহ্! এরা কারা? তিনি বললেন, তারা আমাকে বলল, চলুন, চলুন। তিনি বলেন, আমরা চললাম, এরপর আমরা চিৎ হয়ে শায়িত এক ব্যক্তির কাছে পৌছলাম। এখানেও দেখলাম, তার নিকট এক ব্যক্তি লোহার আঁকড়া নিয়ে দাঁড়িয়ে রয়েছে। আর সে তার চেহারার একদিকে এসে এটা দ্বারা মুখমণ্ডলের একদিক মাথার পিছনের দিক পর্যন্ত এবং অনুরূপভাবে নাসারন্ধ্র, চোখ ও মাথার পিছন দিক পর্যন্ত চিরে ফেলছে। আওফ (র) বলেন, আবু রাজা (র) কোন কোন সময় 'ইয়ুশারশিরু' শব্দের পরিবর্তে 'ইয়ান্তক্কু' শব্দ বলতেন। এরপর ঐ লোকটি শায়িত ব্যক্তির অপরদিকে যায় এবং প্রথম দিকের সাথে যেরূপ আচরণ করেছে অনুরূপ আচরণই অপরদিকের সাথেও করে। ঐ দিক হতে অবসর হতে না হতেই প্রথম দিকটি পূর্বের ন্যায় ভাল হয়ে যায়। তারপর আবার প্রথমবারের ন্যায় আচরণ করে। তিনি বলেন ঃ আমি বললাম, সুবহানাল্লাহ্! এরা কারা? তিনি বলেন, তারা আমাকে বলল, চলুন, চলুন। আমরা চললাম এবং চুলা সদৃশ একটি গর্তের কাছে পৌছলাম। রাবী বলেন, আমার মনে হয় যেন তিনি বলেছিলেন, আর তথায় শোরগোলের শব্দ ছিল। তিনি বলেন, আমরা তাতে উঁকি মারলাম, দেখলাম তাতে বেশ কিছু উলঙ্গ নারী ও পুরুষ রয়েছে। আর নিচ থেকে নির্গত আগুনের লেলিহান শিখা তাদেরকে স্পর্শ করছে। যখনই লেলিহান শিখা তাদেরকে স্পর্শ করে, তখনই তারা উচ্চস্বরে চিৎকার করে উঠে। তিনি বলেন, আমি তাদেরকে বললাম, এরা কারা? তারা আমাকে বলল, চলুন ,চলুন। তিনি বলেন, আমরা চললাম এবং একটা নদীর (তীরে) গিয়ে পৌছলাম। রাবী বলেন, আমার যতদূর মনে পড়ে তিনি বলেছিলেন, নদীটি ছিল রক্তের মত লাল। আর দেখলাম, এই নদীতে এক ব্যক্তি সাঁতার কাটছে। আর নদীর তীরে অপর এক ব্যক্তি রয়েছে এবং সে তার কাছে অনেকগুলো পাথর একত্রিত করে রেখেছে। আর ঐ সাঁতারকারী ব্যক্তি বেশ কিছুক্ষণ সাঁতার কাটার পর সে ব্যক্তির কাছে এসে পৌছে, যে নিজের নিকট পাথর একত্রিত করে রেখেছে। তথায় এসে সে তার মুখ খুলে দেয় আর ঐ ব্যক্তি তার মুখে একটি পাথর ঢুকিয়ে দেয়। এরপর সে চলে যায়, সাঁতার কাটতে থাকে; আবার তার কাছে ফিরে আসে, যখনই সে তার কাছে ফিরে আসে তখনই সে তার মুখ খুলে দেয়, আর ঐ ব্যক্তি তার মুখে একটা পাথর ঢুকিয়ে দেয়। তিনি বলেন, আমি জিজ্ঞাসা করলাম, এরা কারা ? তারা বলল, চলুন, চলুন। তিনি বলেন, আমরা চললাম এবং এমন একজন কুশ্রী ব্যক্তির কাছে এসে পৌছলাম, যা তোমার দৃষ্টিতে সর্বাধিক কুশ্রী বলে মনে হয়। আর দেখলাম, তার নিকট রয়েছে আগুন, যা সে জ্বালাচ্ছে ও তার চতুর্দিকে দৌড়াচ্ছে। তিনি বলেন, আমি তাদেরকে জিজ্ঞাসা করলাম, ঐ লোকটি কে ? তারা বলল, চলুন, চলুন। আমরা চললাম এবং একটা সজীব শ্যামল বাগানে উপনীত হলাম, যেখানে বসন্তের হরেক রকম ফুলের কলি রয়েছে। আর বাগানের মাঝে আসমানের থেকে অধিক উঁচু দীর্ঘকায় একজন পুরুষ রয়েছে যার মাথা যেন আমি দেখতেই পাচ্ছি না। এমনিভাবে তার চতুম্পার্শ্বে এত বিপুল সংখ্যক বালক-বালিকা দেখলাম যে, এত বেশি আর কখনো আমি দেখিনি। আমি তাদেরকে বললাম, উনি কে ? এরা কারা ? তারা আমাকে বলল, চলুন, চলুন। আমরা চললাম এবং একটা বিরাট বাগানে গিয়ে পৌছলাম। এমন বড় এবং সুন্দর বাগান আমি আর কখনো দেখিনি। তিনি বলেন, তারা আমাকে বলল, এর ওপরে চড়ুন। আমরা ওপরে চড়লাম। শেষ পর্যন্ত সোনা-রূপার ইটের তৈরি একটি শহরে গিয়ে আমরা উপনীত হলাম। আমরা শহরের দরজায় পৌছলাম এবং দরজা খুলতে বললাম। আমাদের জন্য দরজা খুলে দেয়া হল, আমরা তাতে প্রবেশ করলাম। তখন তথায় আমাদের সাথে এমন কিছু লোক সাক্ষাৎ করল যাদের শরীরের অর্ধেক খুবই সুন্দর, যা তোমার দৃষ্টিতে সর্বাধিক সুন্দর মনে হয়। আর শরীরের অর্ধেক এমনই কুশ্রী ছিল। যা তোমার দৃষ্টিতে সর্বাধিক কুশ্রী মনে হয়। তিনি বলেন, সাথীদ্বয় ওদেরকে বলল, যাও ঐ নদীতে গিয়ে নেমে পড়। আর সেটা ছিল সুপ্রশস্ত প্রবহমান নদী, যার পানি ছিল দুধের মত সাদা। ওরা তাতে গিয়ে নেমে পড়ল। অতঃপর এরা আমাদের কাছে ফিরে এল, দেখা গেল তাদের এ কুশ্রীতা দূর হয়ে গিয়েছে এবং তারা খুবই সুন্দর আকৃতির হয়ে গিয়েছে। তিনি বলেন, তারা আমাকে বলল, এটা জানাতে আদন এবং এটা আপনার বাসস্থান। তিনি বলেন, আমি বেশ উপরের দিকে তাকালাম, দেখলাম ধবধবে সাদা মেঘের ন্যায় একটি প্রাসাদ রয়েছে। তিনি বলেন, তারা আমাকে বলল, এটা আপনার বাসগৃহ। তিনি বলেন, আমি তাদেরকে বললাম, আল্লাহ্ তোমাদের মাঝে বরকত দিন! আমাকে ছেড়ে দাও। আমি এতে প্রবেশ করি। তারা বলল, আপনি অবশ্য এতে প্রবেশ করবেন। তবে এখন নয়। তিনি বলেন, আমি এ রাতে অনেক বিস্ময়কর ব্যাপার দেখতে পেলাম, এগুলোর তাৎপর্য কি ? তারা আমাকে বলল, আচ্ছা! আমরা আপনাকে বলে দিচ্ছি। ঐ যে প্রথম ব্যক্তিকে যার কাছে আপনি পৌছেছিলেন, যার মাথা পাথর দিয়ে চূর্ণ-বিচূর্ণ করা হচ্ছিল, সে হল ঐ ব্যক্তি যে কুরআন গ্রহণ করে তা ছেড়ে দিয়েছে। আর ফর্য সাশাত ছেড়ে ঘুমিয়ে থাকে। আর ঐ ব্যক্তি যার কাছে গিয়ে দেখেছেন যে, তার মুখের এক ভাগ মাথার পিছন দিক পর্যন্ত, এমনিভাবে নাসারন্ধ ও চোখ মাথার পিছন দিক পর্যন্ত চিরে ফেলা হচ্ছিল। সে হল ঐ ব্যক্তি, যে সকালে আপন ঘর থেকে বের হয়ে এমন কোন মিখ্যা বলে যা চতুর্দিকে ছড়িয়ে পড়ে। আর এ সকল উলঙ্গ নারী-পুরুষ যারা চুলা সদৃশ গর্তের অভ্যন্তরে রয়েছে তারা হল ব্যভিচারী ও ব্যভিচারিণীর দল। আর ঐ ব্যক্তি, যার কাছে পৌঁছে দেখেছিলেন যে, সে নদীতে সাঁতার কাটছে ও তার মুখে পাথর ঢুকিয়ে দেয়া হচ্ছে সে হল সুদখোর। আর ঐ কুশ্রী ব্যক্তি, যে আগুনের কাছে ছিল এবং আগুন জ্বালাচ্ছিল আর সে এর চতুম্পার্শ্বে দৌড়াচ্ছিল, সে হল জাহান্নামের দারোগা, মালিক ফেরেশ্তা। আর ঐ দীর্ঘকায় ব্যক্তি যিনি বাগানে ছিলেন, তিনি হলেন, ইবরাহীম (আ)। আর তাঁর আশেপাশের বালক-বালিকারা হলো ঐসব শিশু, যারা ফিত্রাত (স্বভাবধর্মের) ওপর মৃত্যুবরণ করেছে। তিনি বলেন, তখন কিছু সংখ্যক মুসলমান জিজ্ঞাসা করলেন, হে আল্লাহ্র রাসূল! মুশরিকদের শিশু সম্ভানরাও কি ? তখন রাসূলুল্লাহ্ 🌉 বললেন ঃ মুশরিকদের শিশু সম্ভানরাও। আর ঐসব লোক যাদের অর্ধেকাংশ অতি সুন্দর ও অর্ধেকাংশ অতি কুশ্রী। তারা হল ঐ সম্প্রদায় যারা সৎ-অসৎ উভয় প্রকারের কাজ মিশ্রিতভাবে করেছে। আল্লাহ্ তাদেরকে ক্ষমা করে দিয়েছেন।

كتَابُ الْفتَن ফিত্না অধ্যায়

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيْمِ

كتَابُ الْفِتَن

ফিত্না অধ্যায়

٢٩٧٧ بَابُ مَا جَاءَ فِي قَوْلِ اللّهِ وَاتَّقُواْ فِتْنَةً لاَ تُصِيْبَنُّ الّذِيْنَ ظَلَمُواْ مِنْكُمْ خَاصّةً ، وَمَا كَانَ النّبِيُّ يُرَبِّقُ يُحَذِّرُ مِنَ الْفِتَنِ

২৯৭৭. অনুচ্ছেদ ঃ আল্লাহ্ তা'আলার বাণী ঃ তোমরা সেই ফিত্না সম্পর্কে সতর্ক হও যা তোমাদের কেবল জালিমদের উপরই আপতিত হবে না। এবং যা নবী ক্লাক্র ফিত্না সম্পর্কে সতর্ক করতেন

آورد عَلَى ابْنِ اَبِى مُلَيْكَةَ قَالَتْ اَسْمَاءُ عَنِ النَّبِي وَلَيْ قَالَ اَنَا عَلَى حَوْضِى اَنْتَظِرُ مَنْ عُمَرَ عَنِ ابْنُ السَّرِي قَالَ حَوْضِى اَنْتَظِرُ مَنْ عُمَرَ عَنِ ابْنِ الْعَلْمُ اللَّهُمَّ اللَّهُ الْمُ اللَّهُ اللِّهُ اللَّهُ اللِّهُ اللَّهُ الْمُلْمُ اللْمُلْمُ اللَّهُ الْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُ اللْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُ اللْمُلْمُ اللْمُولِمُ اللْمُلْمُ اللْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُ اللْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُ اللْمُلْمُ ا

ডি৫৭২ আলী ইব্ন আবদুল্লাহ্ (র)..... আসমা (রা) থেকে বর্ণনা করেছেন যে নবী ক্রিট্রা বলেছেন ঃ আমি আমার হাউযের পাশে আগমনকারী লোকদের অপেক্ষায় থাকব। তখন আমার সমুখ থেকে কতিপয় লোককে ধরে নিয়ে যাওয়া হবে। আমি বলব, এরা তো আমার উন্মত। তখন বলা হবে, আপনি জানেন না, এরা আপনার পথ ছেড়ে) পিছনে চলে গিয়েছিল। (বর্ণনাকারী) ইব্ন আবৃ মুলায়কা বলেন ঃ হে আল্লাহ্! পিছনে ফিরে যাওয়া কিংবা ফিত্নায় পতিত হওয়া থেকে আমরা আপনার নিকট আশ্রয় প্রার্থনা করি।

آمَالَ قَالَ عَبْدُ اللهِ قَالَ النَّبِيُّ عَلَّا النَّبِيُّ عَلَى اللهِ عَنْ مُغِيْرَةَ عَنْ اَبِي وَائِلِ قَالَ قَالَ عَدْتُنَا اَبُوْ عَوَانَةَ عَنْ مُغِيْرَةَ عَنْ اَبِي وَائِلِ قَالَ قَالَ النَّبِيُّ عَلَى الْحَوْضِ لَيُرْفَعَنَّ النَّ رِجَالٌ مِنْكُمْ عَلَى الْحَوْضِ لَيُرْفَعَنَّ النَّ رِجَالٌ مِنْكُمْ عَلَى الْحَوْضِ لَيُرُفَعَنَّ النَّ رِجَالٌ مِنْكُمْ حَتَّى اذَا اَهْوَيْتُ لاَنَاوِلَهُمْ الْخُتُلِجُوْا دُونِي فَاقُولُ أَى رَبِّ اَصْحَابِي يَقُولُ لاَ تَدْرِي مَا اَحْدَتُواْ بَعْدَكَ—

৬৫৭৩ মূসা ইব্ন ইসমাঈল (র).....আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্লাট্রাই বলেছেন ঃ আমি হাউযে কাউসারের নিকট তোমাদের আগেই উপস্থিত থাকব। তোমাদের থেকে কিছু লোককে আমার নিকট পেশ করা হবে। কিন্তু আমি যখন তাদের পান করাতে অগ্রসর হব, তখন তাদেরকে আমার কাছ থেকে ছিনিয়ে নেওয়া হবে। আমি বলব, হে রব! এরা তো আমার সাথী। তখন তিনি বলবেন, আপনার পর তারা নতুন কী ঘটিয়েছে তা আপনি জানেন না।

آمَا عَدْ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى الْحَوْضِ مَنْ اللّهُ عَلَى الْحَوْضِ مَنْ اللّهُ عَلَى الْحَوْضِ مَنْ اللّهُ عَلَى الْحَوْضِ مَنْ وَرَدَهُ شَرِبَ مِنْهُ وَمَنْ شَرِبَ مِنْهُ لَمْ يَظْمَأُ اَبَدًا لَيَرِدُنَ عَلَى الْقُوامُ اَعْرِفُهُمْ وَيَعْرِفُونِي وَرَدَهُ شَرِبَ مِنْهُ وَمَنْ شَرِبَ مِنْهُ لَمْ يَظْمَأُ اَبَدًا لَيَرِدُنَ عَلَى ّاَقْوَامُ اعْرِفُهُمْ وَيَعْرِفُونِي وَرَدَهُ شَرِبَ مِنْهُ وَمَنْ شَرِبَ مِنْهُ لَمْ يَظْمَأُ اَبَدًا لَيَرِدُنَ عَلَى ّاقْوَامُ اعْرِفُهُمْ وَيَعْرِفُونِي تُمُّمَّ يُحَالًا بَعْدِيكِ وَابَيْنَهُمْ قَالَ اَبُو حَازِمٍ فَسَمِعْتِي النّعُمْ مَنْ ابيى عَيَّاشٍ وَانَا الْحَدِّرُهُ اللّهُ الللّهُ اللّ

৬৫৭৪ ইয়াহ্ইয়া ইব্ন বুকায়র (র) সাহল ইব্ন সা'দ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী ক্রিট্রা-কে বলতে শুনেছি যে, আমি হাউয়ের পাড়ে তোমাদের আগে উপস্থিত থাকব। যে সেখানে উপস্থিত হবে, সে সেখান থেকে পান করার সুযোগ পাবে। আর যে একবার সে হাউয় থেকে পান করবে সে কখনই তৃষ্ণার্ত হবে না। অবশ্যই এমন কিছু দল আমার কাছে উপস্থিত হবে যাদেরকে আমি (আমার উন্মত বলে) চিনতে পারব এবং তারাও আমাকে চিনতে পারবে। কিন্তু এর পরই তাদের ও আমার মাঝে প্রতিবন্ধকতা সৃষ্টি করে দেওয়া হবে।

আবৃ হাযিম (র) বলেন, আমি হাদীস বর্ণনা করছিলাম, এমতাবস্থায় নু'মান ইব্ন আবৃ আয়াস আমার কাছ থেকে এ হাদীসটি শুনে জিজ্ঞাসা করলেন, আপনি কি সাহ্ল থেকে হাদীসটি অনুরূপ শুনেছেন। আমি বললাম, হাাঁ। তখন সে বলল, আমি সাক্ষ্য প্রদান করছি যে, আমি আবৃ সাঈদ খুদ্রী (রা)-কে এ হাদীসে অতিরিক্ত বলতে শুনেছি যে, নবী ক্রাট্রা তখন বলবেনঃ এরা তো আমারই অনুসারী। তখন বলা হবে, আপনি নিশ্চয়ই অবহিত নন যে, আপনার পরে এরা দীনের মধ্যে কি পরিবর্তন করেছে। এ শুনে আমি বলব, যারা আমার পরে পরিবর্তন করেছে, তারা দূর হোক, দূর হোক।

٢٩٧٨ بَابُ قَوْلِ النَّبِيِّ وَلِيَّةِ سَتَرَوْنَ بَعْدِى أُمُوْرًا تُنْكِرُوْنَهَا وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدٍ قَالَ النَّبِيُّ وَلِيَّةٍ اللَّهِ بْنُ زَيْدٍ قَالَ النَّبِيُّ وَلِيَّةٍ اصْبِرُوْا حَتَى تَلْقَوْنِي عَلَى الْحَوْضِ-

২৯৭৮. অনুচ্ছেদ ঃ নবী ক্রিট্র-এর বাণী ঃ আমার পরে তোমরা এমন কিছু দেখতে পাবে, যা তোমরা পছন করবে না। আবদুল্লাহ্ ইব্ন যায়িদ (রা) বলেন, নবী ক্রিট্রের বলেছেন ঃ তোমরা ধৈর্য ধারণ কর যতক্ষণ না হাউযের পাড়ে আমার সঙ্গে মিলিত হও।

[٦٥٧٥] حَدَّثَنَا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا يَحْيى بْنُ سَعِيْدٍ قَالَ حَدَّثَنَا الْاَعْمَشُ حَدَّثَنَا زَيْدُ بْنُ وَهَبٍ قَالَ سَمِعْتُ عَبْدَ اللهِ قَالَ قَالَ لَنَا رَسُوْلُ اللهِ عَلَيْ اللهِ عَقَلَهُمْ وَسَلُوا وَالله عَلَيْ الله عَلَيْ الله عَلَيْ اللهِ عَقَلَهُمْ وَسَلُوا الله عَلَيْ الله عَلَيْ الله عَلَيْ اللهُ عَقَلَمُ مَا تَامُرُنَا يَا رَسُولُ الله عَلَيْ الله عَلَيْ الله عَلَيْ الله عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ اللهُ اللهُ عَلَيْ اللهُ اللهُ اللهُ عَلَيْ اللهُ اللهُ اللهُ عَلَيْ اللهُ اللهُ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ اللهُهُ اللهُ ال

ভি৫৭৫ মুসাদ্দাদ (র)...... আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্র আমাদের বলেছেন ঃ আমার পরে তোমরা অবশ্যই ব্যক্তিস্বার্থকে প্রাধান্য দেওয়ার প্রবণতা লক্ষ্য করবে। এবং এমন কিছু বিষয় দেখতে পাবে, যা তোমরা পছন্দ করবে না। তাঁরা জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলাল্লাহ্ ক্রিট্র ! তাহলে আমাদের জন্য কি হুকুম করছেন ? উত্তরে তিনি বললেন ঃ তাদের হক পরিপূর্ণরূপে আদায় করবে, আর তোমাদের প্রাপ্য আল্লাহ্র কাছে চাইবে।

٦٥٧٦ حَدَّثَنَا مُسَدَّدُ عَنْ عَبْدِ الْوَارِثِ عَنِ الْجَعْدِ عَنْ اَبِيْ رِجَاءٍ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِ وَجَاءً عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِ وَلَيْ قَالَ مَنْ كَرِهَ مِنْ اَمِيْرِهِ شَيْئًا فَلْيَصْبُرْ فَانِّهُ مَنْ خَرَجَ مِنَ السَّلْطَانِ شَبِبْرًا مَاتَ مَيْتَةً جَاهِلِيَّةً-

৬৫৭৬ মুসাদ্দাদ (র)..... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত যে, নবী ক্রিট্রা বলেছেন ঃ কেউ যদি আমীরের কোন কিছু অপছন্দ করে, তাহলে সে যেন ধৈর্য ধারণ করে। কেননা, যে ব্যক্তি সুলতানের আনুগত্য থেকে এক বিঘত পরিমাণও সরে যাবে, তার মৃত্যু হবে জাহিলি যুগের মৃত্যুর ন্যায়।

حَدَّثَنَا اَبُو النُّعْمَانِ قَالَ حَدَّثَنَا حَمَّادِ بِنُ زَیْدٍ عَنِ الْجَعْدِ اَبِیْ عُثْمَانَ حَدَّثَنِی اَبُوْ رَجَاءِ العُطَارَدِیُّ قَالَ سَمِعْتُ ابْنُ عَبَّاسٍ عَنِ النَّبِیِّ وَلَیِّ قَالَ مَنْ رَاَی مِنْ اَمِیْدِهِ شَیْدًه لَا یَکْرَهُهُ فَلْیَصْبِرْ عَلَیْهِ فَانِّهُ مَنْ فَارَقَ الْجَمَاعَةَ شَبِّرًا فَمَاتَ الْآ مَاتَ مِیْتَةً حَالِيَّةً مَاتَ مِیْتَةً حَالِيَّةً مَاتَ مِیْتَةً حَالِیَّةً مَاتَ اللهِ مَاتَ مِیْتَةً حَالِیَّةً مَاتَ اللهُ مَاتَ مِیْتَةً مَاتَ مَاتَ مَیْتَةً مَاتَ مَاتِهُ مَاتًا مِیْتَةً مَاتَ مَاتَ مَاتًا اللهُ مَاتَ مَاتًا اللهُ مَاتَ مَاتَ مَاتًا مَاتًا مَاتًا مَاتَ مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتَ مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتَ مَاتًا مَاتًا مَاتًا مَاتَ مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتَ مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتَ مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتَ مَاتَ مَاتًا مَاتَ مَاتًا مِنْ مُنْ فَاتِ مَاتًا مَاتًا مِنْ مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مُنْ مُنْ فَالْمُ مِنْ فَاتِلًا مِنْ مُلْمَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مَاتًا مِنْ مُاتًا مَاتًا مُنْ مُنْ فَاتًا مَاتًا مِنْ مُنْ مُاتًا مَاتًا مُنْ مُاتِعًا مِنْ مَاتًا مِنْ مَاتًا مُاتًا مِنْ مُاتًا

ডি৫৭৭ আবৃ নু'মান (র)..... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্ষ্মীর বলেছেন ঃ যে ব্যক্তি স্বীয় আমীরের নিকট থেকে অপছন্দনীয় কিছু দেখবে সে যেন এতে ধৈর্য ধারণ করে। কেননা, যে ব্যক্তি জামাআত থেকে এক বিঘত পরিমাণ বিচ্ছিন্ন হয়ে মরবে তার মৃত্যু হবে অবশ্যই জাহিলি মৃত্যুর ন্যায়।

آولاً حَدَّثَنَا اسْمُعِيْلُ قَالَ حَدَّثَنِيْ ابْنُ وَهْبِ عَنْ عَمْروِعَنْ بُكَيْرٍ عَنْ بُسْرَ ابْنِ سَعِيْدٍ عَنْ جُنَادَةَ بْنِ الصَّامِتِ وَهُوَ مَرِيْضٌ قُلْنَا سَعِيْدٍ عَنْ جُنَادَةَ بْنِ الصَّامِتِ وَهُوَ مَرِيْضٌ قُلْنَا السَّبِيِّ عَنْ جُنَادَةً بْنِ الصَّامِتِ وَهُوَ مَرِيْضٌ قُلْنَا النَّبِيُّ اللَّهُ بِهِ سَمِعْتُهُ مَنِ النَّبِيِّ وَالطَّاعَةِ قَالَ دَعَانَا النَّبِيُّ اللَّهُ فَ اللَّهُ بِهِ سَمِعْتُهُ مَنِ النَّبِيِ وَالطَّاعَةِ فِيْ مَنْشَطِنًا فَلَى السَّمْعِ وَالطَّاعَةِ فِيْ مَنْشَطِنًا فَلَى السَّمْعِ وَالطَّاعَةِ فِيْ مَنْشَطِنًا

وَمَكْرَهِنَا وَعُسْرِنَا وَيُسْرِنَا وَاَثَرَةً عَلَيْنَا وَاَنْ لاَنْنَازِعَ الْاَمْرَ اَهْلَهُ الِاَّ اَنْ تَرَوْا كُفْرًا بَوَاحًا عِنْدَكُمْ مِنَ اللَّهِ فِيْهِ بِرُهَانٌ –

ভি৫৭৮ ইসমাঈল (র) জুনাদা ইব্ন আবৃ উমাইয়া (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা উবাদা ইব্ন সামিত (রা)-এর নিকট উপস্থিত হলাম। তখন তিনি অসুস্থ ছিলেন। আমরা বললাম, আল্লাহ্ আপনাকে সুস্থ করে দিন। আপনি আমাদের এরূপ একটি হাদীস বর্ণনা করুন, যা আপনাকে উপকৃত করবে এবং যা আপনি নবী ক্রিট্রেই থেকে শুনেছেন। তিনি বললেন, নবী ক্রিট্রেই আমাদের আহ্বান করলেন। আমরা তাঁর কাছে বায়আত করলাম। এরপর তিনি (উবাদা) বললেন, আমাদের থেকে যে অঙ্গীকার তিনি গ্রহণ করেছিলেন তাতে ছিল যে, আমরা আমাদের সুখে-দুঃখে, বেদনায় ও আনন্দে এবং আমাদের উপর অন্যকে অগ্রাধিকার দিলেও পূর্ণাঙ্গরূপে শোনা ও মানার উপর বায়আত করলাম। আরও (বায়আত করলাম) যে আমরা ক্ষমতা সংক্রান্ত বিষয়ে ক্ষমতাসীনদের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হব না। কিন্তু যদি এমন স্পষ্ট কুফ্রী দেখ, তোমাদের নিকট আল্লাহ্র পক্ষ থেকে যে বিষয়ে সুস্পষ্ট প্রমাণ বিদ্যমান, তবে ভিন্ন কথা।

[٦٥٧٨] حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ عَرْعَرَةَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ اَنَسِ بِنْ مَالِكِ عَنْ اُسَيْدِ بِنْ حَصْنَيْرٍ اَنَّ رَجُلاً اَتَى النَّبِى ۚ يُرَّالُهُ فَقَالَ يَا رَهُولُ اللهِ اسْتَعْمَلْتَ فُلاَنًا وَلَمْ تَسْتَعْمَلْنِيْ قَالَ اِنَّكُمْ سَتَرَوْنَ بَعْدِى اَثَرَةً فَاصَبْرُواْ حَتَّى تَلْقَوْنِيْ -

৬৫৭৯ মুহাম্মদ ইব্ন আরআরা (র)...... উসায়দ ইব্ন হুযায়র (রা) থেকে বর্ণিত যে, এক ব্যক্তি নবী ক্রিট্রে-এর কাছে এসে বলল, ইয়া রাস্লাল্লাহ্! আপনি অমুক ব্যক্তিকে প্রশাসক নিযুক্ত করলেন, অথচ আমাকে নিযুক্ত করলেন না। তখন নবী ক্রিট্রের্র বললেন ঃ নিশ্চয়ই তোমরা আমার পর অগ্রাধিকারের প্রবণতা দেখবে। সে সময় তোমরা ধৈর্য ধারণ করবে, যতক্ষণ না আমার সঙ্গে মিলিত হও।

٢٩٧٩ بَابُ قَوْلِ النَّبِيِّ يَزَلِنَّهُ هَلَاكُ أُمُّتِيْ عَلَى يَدَى أُغَيْلِمَةٍ سُفَهَاءَ

২৯৭৯ অনুচ্ছেদ ঃ নবী হ্নী এর বাণী ঃ কতিপয় নির্বোধ বালকের হাতে আমার উন্মত ধ্বংস হবে

 ভি৫৮০ মূসা ইব্ন ইসমাঈল (র) আম্র ইব্ন ইয়াহ্ইয়া ইব্ন সাঈদ ইব্ন আমর ইব্ন সাঈদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার দাদা আমাকে জানিয়েছেন যে, আমি আবৃ হুরায়রা (রা)-এর সাথে মদীনায় নবী করীম ক্রিট্রেই -এর মসজিদে বসা ছিলাম। আমাদের সাথে মারওয়ানও ছিল। এ সময় আবৃ হুরায়রা (রা) বললেন, আমি 'আস্-সাদিকুল্ মাস্দুক' ক্রিট্রেই (সত্যবাদী ও সত্যবাদী হিসাবে স্বীকৃত)-কে বলতে শুনেছি আমার উন্মতের ধ্বংস কুরাইশের কতিপয় বালকের হাতে হবে। তখন মারওয়ান বলল, এ সকল বালকের প্রতি আল্লাহ্র 'লা'নত' বর্ষিত হউক। আবৃ হুরায়রা (রা) বললেন, আমি যদি বলার ইচ্ছা করি যে তারা অমুক অমুক গোত্রের লোক তাহলে বলতে সক্ষম।

আমর ইব্ন ইয়াহ্ইয়া বলেন, মারওয়ান যখন সিরিয়ায় ক্ষমতাসীন হল, তখন আমি আমার দাদার সঙ্গে তাদের সেখানে গেলাম। তিনি যখন তাদের অল্প বয়স্ক বালক দেখতে পেলেন, তখন তিনি আমাদের বললেন, সম্ভবত এরা সেই দলেরই অন্তর্ভুক্ত। আমরা বললাম, এ বিষয়ে আপনিই ভাল বোঝেন।

. ٢٩٨ بَابُ قَوْلِ النَّبِيِّ وَيْلٌ لِلْعَرَبِ مِنْ شَرِّ قَدِ اقْتَرَبَ

২৯৮০. অনুচ্ছেদ ঃ নবী ﷺ -এর বাণী ঃ আরবরা অত্যাসর এক দুর্যোগে হালাক হয়ে যাবে

آه آ حَدَّثَنَا مَالِكُ بْنُ اسْمُعِيْلَ قَالَ حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ اَتَّهُ سَمِعَ الزُّهْرِيِّ عَنْ عُرُوةَ عَنْ زَيْنَبَ بِنْت جَحْشٍ اَنَّهَا قَالَت اسْتَيْقَظَ عَنْ زَيْنَبَ بِنْت جَحْشٍ اَنَّهَا قَالَت اسْتَيْقَظَ النَّبِيُّ مَنَ النَّوْمِ مُحْمَراً وَجْهُهُ يَقُولُ لاَ اللهَ الاَ اللهُ وَيْلُ لِلْعَرَبِ مِنْ شَرِّ قَد النَّبِيُ مَنَ النَّوْمَ مِنْ رَدَمٍ يَأْجُوجَ وَمَأْجُوجَ مَثْلُ هَٰذِهِ وَعَقَدَ سَفْيَانُ تَسْعِيْنَ اَوْ مِانَّةٍ ، وَيَلْ للعَرَبِ مِنْ النَّهُ وَيُلُ لِلْعَرَبِ مِنْ شَرِ قَد القُتْرَبَ فُتِحَ الْيَوْمَ مِنْ رَدَمٍ يَأْجُوجَ وَمَأْجُوجَ مِثْلُ هَٰذِهِ وَعَقَدَ سَفْيَانُ تِسْعِيْنَ اَوْ مِانَةٍ ، قَيْلُ اَنَهْلِكُ وَفِيْنَا الصَّالِحُونَ ؟ قَالَ نَعَمْ ، اذَا كَثُرَ الْخُبُثُ -

ডি৫৮১ মালিক ইব্ন ইসমাঈল (র) যায়নাব বিন্ত জাহাশ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা নবী ক্রিল্লির রক্তবর্ণ চেহারা নিয়ে নিদা থেকে জাগলেন এবং বলতে লাগলেন, লা ইলাহা ইল্লাল্লাহ্! আল্লাহ্ ছাড়া কোন ইলাহ্ নেই। অত্যাসনু এক দুর্যোগে আরব ধ্বংস হয়ে যাবে। ইয়াজ্জ-মা'জ্জের (প্রতিরোধ) প্রাচীর আজ এতটুকু পরিমাণ খুলে গেছে। সুফিয়ান নব্বই কিংবা একশতের রেখায় আঙ্গুল রেখে গিঁট বানিয়ে পরিমাণটুকু দেখালেন। জিজ্ঞাসা করা হল, আমরা কি ধ্বংস হয়ে যাব অথচ আমাদের মধ্যে নেককার লোকও থাকবে? নবী ক্রিল্লের বললেন ঃ হাঁ, যখন পাপাচার বৃদ্ধি পাবে।

[٢٥٨٦ حَدَّثَنَا آبُوْ نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا آبْنُ عُيَيْنَةَ عَنِ آلزُّهْرِيِّ ح وَحَدَّثَنِيْ مَحْمُودٌ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ آخْبَرَنَا مَعْمَرُّ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرُوةَ عَنْ أُسَامَةَ نْنِ زَيْدٍ قَالَ اَشْرَفَ النَّبِيُّ إِلَيْهِ عَلَى أُطُمِ مِنْ اِطَامِ الْمَدِيْنَةِ ، فَقَالَ هَلْ تَرَوْنَ مَا اَرَى ؟ قَالُواْ لاَ، وَالله فَانِيْ لاَرَى الْفَتَنَ تَقَعُ خُلاَلَ بُيُوْتِكُمْ كَوَقَعِ الْمَطَرِ –

ডি৫৮২ আবৃ নু'আয়ম (র) ও মাহমূদ (র)..... উসামা ইব্ন যায়িদ (রা) থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন, একদা নবী ক্রীষ্ট্রী মদীনার টিলাসমূহের একটির উপর উঠে বললেন ঃ আমি যা দেখি তোমরা কি তা দেখতে পাও? উত্তরে সাহাবা-ই-কিরাম বললেন, না। তখন নবী ্লাক্রিব বললেন ঃ নিঃসন্দেহে আমি দেখতে পাচ্ছি, তোমাদের ঘরগুলোর ফাঁকে ফাঁকে ফিত্না বৃষ্টিধারার মতো নিপতিত হচ্ছে।

٢٩٨١ بَابُ ظُهُوْرُ الْفِتَنِ

২৯৮১. অনুচ্ছেদ ঃ ফিত্নার প্রকাশ

آمَهُ حَدَّثَنَا عَيَّاشُ بُنُ الْوَلِيْدِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْآعْلَى قَالَ حَدَّثَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ البِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ وَالنَّهِ قَالَ يَتَقَارَبُ الزَّمَانُ ، وَيَنْقُصُ الْعَمَلُ وَيُلْقُى الشَّحَ ، وَتَظْهَرُ الْفِتَنِ ، وَيَكْثُرُ الْهَرْجِ قَالُواْ يَا رَسُولَ الله الله اَيَّمُ هُو ، قَالَ الْقَتْلُ وَيُلْقَى الشَّحُ ، وَتَظْهَرُ الْفِتَنِ ، وَيَكْثُرُ الْهَرْجِ قَالُواْ يَا رَسُولَ الله الله الله الله الله الله القَتْلُ الْقَتْلُ الْقَتْلُ ، وَقَالَ النَّهُ مِي عَنْ حُمَيْدٍ عَنْ الزَّهْرِيِّ عَنِ الزَّهْرِيِّ عَنْ حُمَيْدٍ عَنْ النَّهْرِيِّ عَنْ النَّهْرِيِّ عَنْ حُمَيْدٍ عَنْ البَيْمِ اللهَ اللهُ ا

৬৫৮৩ আইয়াস ইব্ন ওয়ালীদ (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। নবী ক্রিট্র বলেছেন ঃ সময় নিকটবর্তী হতে থাকবে, আর আমল ব্রাস পেতে থাকবে, কার্পণ্য ছড়িয়ে দেওয়া হবে, ফিত্নার বিকাশ ঘটবে এবং হারজ (৯০০) ব্যাপকতর হবে। সাহাবা-ই-কিরাম জিজ্ঞাসা করলেন, সেটা (৯০০) কিঃ নবীক্রিট্র বললেন ঃ হত্যা, হত্যা। তুর্ণআয়ব, ইউনুস, লাইস এবং যুহরীর ভ্রাতুপুত্র আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রিট্রে থেকে এ হাদীসটি বর্ণিত আছে।

[٦٥٨٤] حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُوسِنِي عَنِ الْاَعْمَشِ عَنْ شَقِيْقِ قَالَ كُنْتُ مَعَ عَبْدِ اللهِ وَاَبِيْ مُوسِنِي مَوْسِنِي عَنِ الْاَعْمَشِ عَنْ شَقِيْقِ قَالَ كُنْتُ مَعَ عَبْدِ اللهِ وَاَبِيْ مُوسِنِي مُوسِنِي مَوْسِنِي السَّاعَةِ لَايَّامًا يَنْزِلُ فَيِهَا الْجَهْلِ ، وَالهَرْجُ الْقَتْلِ –

ডি৫৮৪ উবায়দুল্লাহ্ ইব্ন মূসা (র) শাকিক থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবদুল্লাহ্ ও আবৃ মূসা (রা)-এর সাথে ছিলাম। তাঁরা বলেন, নবী ক্ষুট্রা বলেছেন ঃ অবশ্যই কিয়ামতের পূর্বে এমন একটি সময় আসবে যখন সর্বত্র মূর্খতা ছড়িয়ে পড়বে এবং তাতে ইল্ম উঠিয়ে নেওয়া হবে। সে সময় 'হারজ্' ব্যাপকতর হবে। আর 'হারজ্' হল (মানুষ) হত্যা।

الله عَدُّثَنَا عُمَرَ بُنُ حَفْصِ قَالَ حَدَّثَنَا آبِيْ حَدَّثَنَا الْاَعْمَشِ حَدَّثُنَا شَقِيْقٌ قَالَ جَلَسَ عَبُدُ الله وَ اَبُوْ مُوسِلى قَالَ النَّبِيُّ وَاللهُ وَابُو مُوسِلى قَالَ النَّبِيُّ وَاللهُ اَنُ بَيْنَ يَدَى السَّاعَةِ اللهُ وَابُو مُوسِلى قَالَ النَّبِيُّ وَاللهُ وَيَكُثُرُ اللهَ اللهُ وَيَكُثُرُ فَيْهَا الْهَرْجُ الْقَتْلِ الْجَهْلُ ، وَيَكْثُرُ فَيْهَا الْهَرْجُ ، وَالْهَرْجُ الْقَتْلِ

৬৫৮৫ উমর ইব্ন হাফ্স্ (র) আবৃ মূসা (রা) থেকে বর্ণনা করেন। তিনি বলেন, নবী ক্রাট্রাই বলেছেনঃ কিয়ামতের পূর্বে এমন একটি সময় আসবে যখন ইল্ম উঠিয়ে নেওয়া হবে এবং সর্বত্র মূর্খতা ছড়িয়ে পড়বে, আর তখন হারজ ব্যাপকতর হবে। 'হারজ' হলো হত্যা। ٦٥٨٦ حَدَّثَنَا قُتَيْبَةُ قَالَ حَدَّثَنَا جَرِيْرٌ عَنِ الْاَعْمَشِ عَنْ آبِيْ وَائِلٍ قَالَ انِيْ لَجَالِسٌ مَعَ عَبْدِ اللهِ وَآبِيْ مُوسْلَى فَقَالَ آبُوْ مُوسْلَى سَمِعْتُ النَّبِيَّ يَقُولُ مِثْلَهُ ، وَالْهَرْجُ بِلِسَانِ الْحَبَشَةِ الْقَتْلُ-

৬৫৮৬ কুতায়বা (র) আবৃ মূসা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী 🏣 -কে পূর্বোক্ত হাদীসের ন্যায় একটি হাদীস বর্ণনা করতে শুনেছি। আর হাবশী ভাষায় হারজ অর্থ (মানুষ) হত্যা।

آمَدُ اللهِ وَاَحْسِبُهُ رَفَعَهُ قَالَ بَيْنَ يَدَى السَّاعَةِ اَيَّامُ الْهَرْجُ يَزُولُ فَيْهَا الْعِلْمُ وَيَظْهَرُ عَبْدِ اللهِ وَاَحْسِبُهُ رَفَعَهُ قَالَ بَيْنَ يَدَى السَّاعَةِ اَيَّامُ الْهَرْجُ يَزُولُ فَيْهَا الْعِلْمُ وَيَظْهَرُ فَيْهَا الْعِلْمُ وَيَطْهَرُ فَيْهَا الْعَلْمُ الْاَيَّامِ الْجَهْلُ ، قَالَ اَبُو عَوَانَةَ عَنْ عَامِم عَنْ اَبِى وَائِلٍ عَنِ الْاَشْعَرِيِّ انَّهُ قَالَ لِعَبْدِ اللهِ تَعْلَمُ الْاَيَّامِ التَّتِى ذَكَرَ النَّبِي مُنْ عَلَيْهُ النَّامِ الْعَبْدِ اللهِ يَعْلَمُ الْاَيَّامِ التَّيْمِ النَّالِ مَنْ شَرَارِ النَّاسِ مَنْ تَدُرِكَهُمْ للسَّاعَةِ وَهُمْ اَحْيَاءً -

৬৫৮৭ মুহাম্মদ (র) আবদুলাহ্ (রা) থেকে বর্ণিত। তার ব্যাপারে আমার ধারণা, তিনি হাদীসটি নবী ক্রিট্রি থেকে মারফু হিসাবে বর্ণনা করেছেন। তিনি বলেন, কিয়ামতের পূর্বে হারজ অর্থাৎ হত্যার যুগ শুরু হবে। তখন ইল্ম বিলুপ্ত হয়ে যাবে এবং মূর্খতা মাথাচাড়া দিয়ে উঠবে। আবৃ মূসা (রা) বলেন, হাবশী ভাষায় 'হারজ' অর্থ (মানুষ) হত্যা। আবৃ আওয়ানা তাঁর বর্ণনাসূত্রে আবৃ মূসা আশ্আরী (রা) থেকে বর্ণনা করতে গিয়ে বলেন যে, তিনি আবদুল্লাহ্কে জিজ্ঞাসা করেছিলেন, নবী ক্রিট্রে যে যুগকে 'হারজ'-এর যুগ বলে আখ্যায়িত করেছিলেন সে যুগ সম্পর্কে আপনি কিছু জানেন কিঃ এর উত্তরে তিনি পূর্বোক্ত হাদীসটি বর্ণনা করেন। ইব্ন মাসউদ (রা) বলেন, আমি নবী ক্রিট্রে -কে বলতে শুনেছি যে, কিয়ামত যাদের জীবদ্দশায় কায়েম হবে তারাই সবচেয়ে নিকৃষ্ট লোক।

٢٩٨٢ بَابٌ لاَ يَأْتِي زَمَانُ الاَّ الَّذِيْ بَعْدَهُ شَرُّ مِنْهُ

২৯৮২. অনুচ্ছেদ ঃ প্রতিটি যুগের চেয়ে পরবর্তী যুগ আরও নিকৃষ্টতর হবে

آمَمَهُ عَدْ اللهُ عَدِي قَالَ حَدَّثَنَا سِنُفْيَانُ عَنِ الزَّبَيْرِ بِنْ عَدِي قَالَ اَتَيْنَا اللهُ الل

ডি৫৮৮ মুহাম্মদ ইব্ন ইউসুফ (র) যুবায়র ইব্ন আদী (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা আনাস্ ইব্ন মালিক (রা)-এর নিকট গেলাম এবং হাজ্জাজের পক্ষ থেকে মানুষ যে নির্যাতন ভোগ করছে সে সম্পর্কে অভিযোগ পেশ করলাম। তিনি বললেন, ধৈর্য ধারণ কর। কেননা, মহান প্রতিপালকের সহিত মিলিত হওয়ার পূর্ব পর্যন্ত (অর্থাৎ মৃত্যুর পূর্বে) তোমাদের উপর এমন কোন যুগ অতিবাহিত হবে না, যার পরবর্তী যুগ তার চেয়েও নিকৃষ্টতর নয়। তিনি বলেন, এ কথাটি আমি তোমাদের নবী ক্ষান্ত্রী থেকে শ্রবণ করেছি।

৬৫৮৯ আবুল ইয়ামান (র) ও ইসমাঈল (র)...... নবী-পত্নী উদ্মে সালামা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন এক রাতে নবী ক্রিট্র ভীত অবস্থায় নিদ্রা থেকে জাগ্রত হয়ে বলতে লাগলেন, সুবহানাল্লাহ্, আল্লাহ্ তা'আলা কতই না খাযানা নাযিল করেছেন আর কতই না ফিত্না অবতীর্ণ হয়েছে। কে আছে যে হুজরাবাসিনীদেরকে জাগিয়ে দেবে, যেন তারা নামায আদায় করে। এ বলে তিনি তাঁর স্ত্রীগণকে উদ্দেশ্য করেছিলেন। তিনি আরও বললেনঃ দুনিয়ার মধ্যে বহু বস্ত্র পরিহিতা পরকালে বিবস্ত্রা থাকবে।

٢٩٨٣ بَابُ قَوْلِ النَّبِيِّ إِنَّا مَنْ حَمَلَ عَلَيْنَا السِّلاَحَ فَلَيْسَ مِنَّا -

২৯৮৩. অনুচ্ছেদ ঃ নবী ক্রিক্রি এর বাণী ঃ যে ব্যক্তি আমাদের উপর অস্ত্র উত্তোলন করবে সে আমাদের দলভুক্ত নয়

_______ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوْسُفَ قَالَ حَدَّثَنَا مَالِكِ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ اَنَّ رَسَوْلُ اللَّهِ. وَلِيَّهُ قَالَ مَنْ حَمَلَ عَلَيْنَا السِّلاَحَ فَلَيْسَ مِنَّا–

৬৫৯০ আবদুল্লাহ্ ইব্ন ইউসুফ (র) আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ ক্রিট্রির্বলেছেন ঃ যে ব্যক্তি আমাদের উপর অস্ত্র উত্তোলন করবে সে আমাদের অন্তর্ভুক্ত নয়।

7091 حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ قَالَ حَدَّثَنَا اَبُوْ اُسَامَةَ عَنْ بُرَيْدٍ عَنْ اَبِيْ بُرْدَةَ عَنْ اَبِيْ مُوسَى عَنِ النَّبِيِ مِنَّا – مُوسَى عَنِ النَّبِي مِنَّا –

৬৫৯১ মুহাম্মদ ইব্ন আলা (রা) আবৃ মূসা (রা) থেকে বর্ণিত। নবী ক্রিক্রী বলেছেন ঃ যে ব্যক্তি আমাদের উপর অস্ত্র উত্তোলন করবে সে আমাদের দলভুক্ত নয়।

[٦٥٩٢] حَدَّثَنَا مُحَمَّدُ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ عَنْ مَعْمَرٍ عَنْ هَمَّامٍ سَمِعْتُ اَبَا هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ وَالنَّهُ لاَ يَدْرِي لَعَلَّ الشَّيْطَانَ عَنِ النَّبِيِّ وَالنَّهُ لاَ يَدْرِي لَعَلَّ الشَّيْطَانَ يَنْزِعُ فِي يَدِهِ قَيَقَعُ فِي حُفَرَةٍ مِنَ النَّارِ –

৬৫৯২ মুহাম্মদ (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। নবী ক্ষার্ক্ত্র বলেছেন ঃ তোমাদের কেউ যেন তার অপর কোন ভাইয়ের প্রতি অস্ত্র উত্তোলন করে ইশারা না করে। কেননা সে জানে না হয়ত শয়তান তার হাতে ধাক্কা দিয়ে বসবে, ফলে (এক মুসলমানকে হত্যার অপরাধে) সে জাহান্নামের গর্তে নিপতিত হবে।

آوُهِ حَدَّثَنَا عَلِيُّ ابْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا سِنُفْيَانُ قَالَ قُلْتُ لِعَمْرِهِ يَا اَبَا مُحَمَّدٍ سَمَعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ يَقُولُ مَرَّ رَجُلُّ بِسِهَامٍ فِي الْمَسْجِدِ فَقَالَ لَهُ رَسَوْلُ اللهِ

ডি৫৯৩ আলী ইব্ন আবদুল্লাহ্ (র) সুফিয়ান ইব্ন উয়ায়না (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আমরকে জিজ্ঞাসা করলাম, হে আবৃ মুহাম্মদ! আপনি কি জাবির ইব্ন আবদুল্লাহ্কে বলতে ওনেছেন যে, এক ব্যক্তি মসজিদে কতক তীর নিয়ে যাচ্ছিল, তখন রাস্লুল্লাহ্ ক্লিট্রা তাকে বললেন ঃ তীরের লৌহ ফলাগুলো মুষ্টিবদ্ধ করে রাখে। উত্তরে তিনি বললেন, হাঁ।

[٦٥٩٤] حَدَّثَنَا اَبُوْ النُّعْمَانِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَمْرِو بْنِ دِيْنَارٍ عَنْ جَابِرٍ اَنَّ رَجُلاَ مَرَّ فِي الْمَسْجِدِ بِإَسْهُم قَدْ اَبْدَى نُصُولُهَا فَأُمِرَ اَنْ يَاْخُذَ بِنُصُولُهَا لاَ يَخْدِشُ مُسُلْمًا اللهَ عَدْ اللهَ اللهَ عَدْ اللهُ عَدْ اللهُ عَدْ اللهُ عَدْ اللهُ عَلَى اللهُ عَدْ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَنْ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَنْ اللهُ عَنْ عَمْ اللهُ عَنْ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَنْ اللهُ عَلَى اللّهُ عَلَى اللهُ عَلَى اللّهُ عَلَى اللهُ عَلَى اللّهُ عَلَى ال

ডি৫৯৪ আবৃ নু'মান (র) জাবির (রা) থেকে বর্ণিত যে, এক ব্যক্তি কতক তীর নিয়ে মসজিদে এলো। সেগুলোর ফলা খোলা অবস্থায় ছিল। তখন তাকে নির্দেশ দেওয়া হয়, যেন সে তার তীরের ফলাগুলো ধরে রাখে, যাতে কোন মুসলমানের গায়ে আঘাত না লাগে।

٦٥٩٥ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ قَالَ حَدَّثَنَا اَبُوْ اُسَامَةَ عَنْ بُرَيْدٍ عَنْ اَبِي بُرْدَةَ عَنْ اَبِي مُوْدَةً عَنْ اَبِي مُودَةً عَنْ اللهُ سُوقَنَا وَمَعَهُ نَبْلُ مُوسِي عَنِ النِّبِيِ عَلَيْ اللهُ قَالَ الدَّقَبِضْ بِكَفِّهِ الاَّ يُصِيْبَ اَحَدًا مِنَ الْمُسْلِمِيْنَ مِنْهَا فَلْيُمْ سِكُفِّهِ الاَّ يُصِيْبَ اَحَدًا مِنَ الْمُسْلِمِيْنَ مِنْهَا بِشَيْءً -

৬৫৯৫ মুহাম্মদ ইব্ন আ'লা (র).....আবৃ মৃসা (রা) থেকে বর্ণিত। নবী ক্রিট্র বলেছেন ঃ তোমাদের কেউ যদি তীর সঙ্গে নিয়ে আমাদের মসজিদে কিংবা বাজারে যায়, তাহলে সে যেন তীরের ফলাগুলো ধরে রাখে, কিংবা তিনি বলেছিলেন ঃ তাহলে সে যেন তা মুষ্টিবদ্ধ করে রাখে, যাতে সে তীর কোন মুসলমানের গায়ে লেগে না যায়।

كَفَّارًا يُضْرِبُ بَعْضُكُمْ رِقَابَ بَعْضَ كَفَّارًا يُضْرِبُ بَعْضُكُمْ رِقَابَ بَعْضَ ٢٩٨٤ ২৯৮৪. অনুচ্ছেদ ঃ নবী ﷺ-এর বাণী ঃ আমার পর তোমরা পরস্পরে হানাহানি করে কৃফ্রীর দিকে প্রত্যাবর্তন করো না

آ٩٩٦ حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ قَالَ حَدَّثَنَا أَبِي قَالَ حَدَّثَنَا الْاَعْمَشُ قَالَ حَدَّثَنَا شَقِيْقُ قَالَ عَبْدُ اللهِ قَالَ النَّبِيُّ وَاللَّهِ سَبَابُ الْمُسْلِمِ فُسُوْقٌ وَقَتِالُهُ كُفْرٌ –

৬৫৯৭ হাজ্জাজ ইব্ন মিনহাল (রা)...... ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি নবী ্ল্লাট্র-কে বলতে ওনেছেন যে, আমার পর তোমরা পরস্পরে হানাহানি করে কুফ্রীর দিকে প্রত্যাবর্তন করো না।

سيْرِيْنَ عَنْ عَبْدِ الرَّحْمُنِ بْنِ اَبِي بِكْرَةَ وَعَنْ رَجُلُ أَخْرَ هُو اَهْضَلُ هَي نَهْسِي مِنْ عَبْدِ الرَّحْمُنِ بْنِ اَبِي بِكْرَةَ وَعَنْ رَجُلُ أَخْرَ هُو اَهْضَلُ هَي نَهْسِي مِنْ عَبْدِ الرَّحْمُنِ بْنِ اَبِي بِكْرَةَ اَنَّ رَسُولً اللهِ وَلَيْ خَطَبَ النَّاسَ فَقَالَ اللهِ وَلَيْ يَوْمُ هٰذَا ؟ قَالُوا اللهُ وَرَسُولُهُ اَعْلَمُ ، قَالَ حَتَّى ظَنَنَا اَنَّهُ سَيُسَمِّيهِ بِغَيْرِ السُمِهِ ، فَقَالُ النَّهُ سَيُسَمِّيهِ بِغَيْرِ السُمِ ، فَقَالُ اللهُ ، قَالَ الله ، قَالَ الله ، قَالَ اللهُ مَا الله ، قَالَ الله وَالمُوا الله مَا الله وَالله وَالله ، قَالَ الله وَالله ، قَالَ الله وَالله وَالله وَالله وَالله وَالْكُمْ وَاعْرَاضَكُمْ وَاعْرَاضَكُمْ وَابْشَارِكُمْ عَلَيْكُمْ حَرَامُ كَحُرْمَة يَوْمِكُمْ هُذَا ، فِي شَهْرِكُمْ هٰذَا ، فِي بَلَدِكُمْ هٰذَا ، الا هَلْ فَانَ الله بَلَا الله وَالله وَله وَالله وَالله وَله وَالله وَله وَالله وَله وَالله وَاله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله

৬৫৯৮ মুসাদাদ (র)..... আব্ বাক্রা (রা) থেকে বর্ণিত যে, (একদা) রাস্লুল্লাহ্ জনতার উদ্দেশে বক্তা দিছিলেন। তিনি (নবী ক্রিট্রা) বললেনঃ তোমরা কি জান না আজ কোন্ দিনং তারা বললেন, আল্লাহ্ ও তাঁর রাস্লই এ সম্পর্কে অধিক জ্ঞাত। (বর্ণনাকারী বলেন) এতে আমরা মনে করলাম হয়ত তিনি অন্য কোন নামে এ দিনটির নামকরণ করবেন। এরপর তিনি (নবী ক্রিট্রাই) বললেনঃ এটি কি ইয়াওমুন নাহ্র (কুরবানীর দিন) নয়ং আমরা বললাম হ্যা, ইয়া রাস্লাল্লাহ্। এরপর তিনি বললেনঃ এটি কোন্ নগরং এটি

হারম নগর' (সংরক্ষিত নগর) নয়? আমরা বললাম হাঁা, ইয়া রাস্লাল্লাহ্। তিনি বললেন নিঃসন্দেহ তোমাদের এ নগরে, এ মাসের এ দিনটি তোমাদের জন্য যেরূপ হারাম, তোমাদের (একের) রক্ত, সম্পদ, ইয্যত ও চামড়া অপরের জন্য তেমনি হারাম। শোন! আমি কি তোমাদের নিকট পৌছিয়েছি? আমরা বললাম, হাঁ। তখন তিনি বললেন ঃ হে আল্লাহ্, তুমি সাক্ষী থাক। (অতঃপর তিনি বললেন) উপস্থিত ব্যক্তি যেন (আমার বাণী) অনুপস্থিতের নিকট পৌছিয়ে দেয়। কেননা অনেক প্রচারক এমন ব্যক্তির নিকট (আমার বাণী) পৌছাবে যারা তার চাইতে অধিক সংরক্ষণকারী হবে। বস্তুত ব্যাপারটি তাই। এরপর নবী ক্রিট্রা বললেন ঃ আমার পরে একে অপরের গর্দান মেরে কুফ্রীর দিকে ফিরে যেয়া না।

যে দিন জারিয়্যাহ্ ইব্ন কুদামা কর্তৃক আলা ইব্ন হাযরামীকে পুড়িয়ে হত্যা করা হয়, সেদিন জারিয়্যাহ্ তার বাহিনীকে বলেছিল, আবৃ বাকরার খবর নাও। তারা বলেছিল এই তো আবৃ বাকরা (রা) আপনাকে দেখছেন। আবদুর রহমান বলেন, আমার মা আমার কাছে বর্ণনা করেছেন। আবৃ বাকরা (রা) বলেছেন। (সেদিন) যদি তারা আমার গৃহে প্রবেশ করত, তাহলে আমি তাদেরকে একটি বাঁশের লাঠি নিক্ষেপ (প্রতিহত) করতাম না। আবৃ আবদুল্লাহ্ বলেন, হাদীসে ব্যবহৃত ক্রিলিট্ন শব্দের অর্থ ক্রেট্ন। অর্থাবদুল্লাহ্ বলেন, হাদীসে ব্যবহৃত্ত

۲۹۸۰ بَابُ قَوْلُ النَّبِىِّ بَرِّكَ تَكُوْنُ فِتْنَةً الْقَاعِدُ فِيْهَا خَيْرٌ مِنَ الْقَائِمِ ٢٩٨٥ بَابُ قَوْلُ النَّبِىِّ بَرِّكَ تَكُوْنُ فِتْنَةً الْقَاعِدُ فِيْهَا خَيْرٌ مِنَ الْقَائِمِ ٢٩٨٥ جُهُهُ ٤ جُهُهُ هُمُ ٤٤٠ جُهُهُ اللهُ عَلَيْهُ اللهُ اللهُولِيَّ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الله

الْبِي عَبْدِ الرَّحْمُنِ عَنْ اَبِي هُرَيْرَةَ قَالَ حَدَّثَنَا ابْرَاهِيْمُ بْنُ سَعْدٍ عَنْ اَبِيْهِ عَنْ اَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمُنِ عَنْ اَبِي هُرَيْرَةَ قَالَ ابْرَاهِيْمُ وَحَدَّثَنِي صَالِحُ بْنُ كَيْسَانَ عَنِ البْنِ شَبِهَابٍ عَنْ سَعِيْدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ اَبِي هُرُيَرْةَ قَالَ قَالَ رَسُولُ اللّٰهِ عَنْ اللّهِ عَنْ اللّٰهِ عَنْ اللّٰهِ عَنْ اللّٰهِ عَنْ اللّٰهِ عَنْ اللّهِ عَنْ اللّٰهِ عَنْ اللّٰهِ عَنْ اللّٰهِ عَنْ اللّٰهِ عَنْ اللّهُ اللّٰهُ اللّٰهِ عَنْ اللّٰهِ عَنْ اللّٰهِ عَلَيْهُ اللّٰهِ عَنْ اللّٰهِ عَنْ اللّٰهُ اللّٰهِ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهِ اللّٰهُ ا

سَتْكُوْنُ فِتَنُّ اَلْقَاعِدُ فِيْهَا خَيْرٌ مِنَ الْقَائِمِ ، وَالْقَائِمُ فِيْهَا خَيْرٌ مِنَ الْمَاشِي ، وَالْمَاشِي فَيْهَا خَيْرٌ مِنَ السَّاعِيْ ، مَنْ تَشَرَّفَ لَهَا تَسْتَشْرِفْهُ فَمَنْ وَجَدَ فِيْهَا مَلْجَا اَوْمَعَاذَا فَلْيَعُدُ بِهِ-

৬৬০১ মুহাম্মদ ইব্ন উবায়দুল্লাহ্ (র)......আবৃ হুরায়রা (র) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ ক্রিট্রাই বলেছেন ঃ অচিরেই অনেক ফিত্না দেখা দেবে। তখন উপবিষ্ট ব্যক্তি দাঁড়ানো ব্যক্তির চাইতে উত্তম। দাঁড়ানো ব্যক্তি পদাচারী ব্যক্তির চাইতে উত্তম। পদাচারী ব্যক্তি ধাবমান ব্যক্তির চাইতে উত্তম। যে ব্যক্তি ফিত্নার দিকে তাকাবে ফিত্না তাকে পেয়ে বসবে। তখন কেউ যদি কোন আশ্রয়স্থল কিংবা নিরাপদ জায়গা পায়, তাহলে সে যেন তথায় আত্মরক্ষা করে।

آ حَدَّثَنَا اَبُوْ الْيَمَانِ قَالَ اَخْبَرَنَا شُعَيْبٌ عَنِ الزُّهْرِيِّ قَالَ اَخْبَرَنِى اَبُوْ سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمْنِ اَنَّ اَبًا هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللّهِ عَبْدِ الرَّحْمْنِ اَنَّ اَبًا هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللّهِ عَبْهُ سَتَكُونُ فِتَنْ اَلْقَاعِدُ فَيْهَا خَيْرٌ مِنَ الْقَاعِمُ فَيْهَا خَيْرٌ مِنَ السَّاعِي مَنْ تَشَرَّفَ مَنْ الْقَائِمِ، وَالْقَائِمِ، وَالْقَائِمِ مَنَ السَّاعِي مَنْ تَشَرَّفَ لَهَا تَسْتَشْرِفْهُ ، فَمَنْ وَجَدَ مَلْجَا اَوْمَعَاذًا فَلْيَعُدْ بِهِ –

ডি৬০২ আবুল ইয়ামান (র).....আবৃ হুরায়রা (র) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রার বলেছেন ঃ অচিরেই ফিত্না দেখা দেবে। তখন উপবিষ্ট ব্যক্তি দাঁড়ানো ব্যক্তির তুলনায় ভাল (ফিত্নামুক্ত) থাকবে, দাঁড়ানো ব্যক্তি চলমান ব্যক্তির তুলনায় ভাল থাকবে, চলমান ব্যক্তি ধাবমান ব্যক্তির তুলনায় ভাল থাকবে। যে ব্যক্তি সে ফিত্নার দিকে তাকাবে, ফিত্না তাকে পেয়ে বসবে। সুতরাং তখন কেউ যদি (কোথাও) কোন নিরাপদ আশ্রয়হুল কিংবা আত্মরক্ষার ঠিকানা পায়, তাহলে সে যেন সেখানে আশ্রয় নেয়।

٢٩٨٦ بَابُ إِذَا الْتَقِي الْمُسْلِمَانِ بِسَيْفَيْهِمَا

২৯৮৬. অনুচ্ছেদঃ দু'জন মুসলিম তরবারী নিয়ে পরস্পরে মারমুখী হলে

آ عَبْدُ اللّٰهِ ابْنُ عَبْدِ الْوَهَّابِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ عَنْ رَجُلٍ لَمْ يُسَمِّهِ عَنِ الْحَسَنِ قَالَ خَرَجْتُ بِسِلاَحِي لَيَالِي الْفَتْنَةَ ، فَاسْتَقْبَلَنِي اَبُوْ بَكْرَةَ فَقَالَ اَيْنَ تُرِيْدُ ؟ الْحَسَنِ قَالَ خَرَجْتُ بِسِلاَحِي لَيَالِي الْفَتْنَةَ ، فَاسْتَقْبَلَنِي اَبُوْ بَكْرَةَ فَقَالَ اَيْنَ تُرِيْدُ ؟ فَتُلْتُ أُرِيْدُ نُصْرَةَ ابْنِ عَمِّ رَسُولُ اللّٰهِ عَلَيْكُ قَالَ وَسَالُ رَسُولُ اللّٰهِ عَلَيْكُ اللّٰهِ اللّٰهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ

ডি৬০০ আবদুল্লহ্ ইব্ন আবদুল ওয়াহাব (র)..... হাসান বস্রী (র) থেকে বর্ণিত। তিনি বলেন, ফিত্না কবলিত রজনীতে (অর্থাৎ জঙ্গে জামাল কিংবা জঙ্গে সিফ্ফীনে) আমি হাতিয়ার নিয়ে বের হলাম। হঠাৎ আবৃ বাকরা (রা) আমার সামনে পড়লেন। তিনি জিজ্ঞাসা করলেন, কোথায় যাচ্ছং আমি বললাম, রাস্লুল্লাহ্ ক্রিট্রা বলেছেন ঃ যদি দু'জন মুসলিম এর চাচাত ভাইয়ের সাহায্যার্থে যাচ্ছি। তখন তিনি বললেন, রাস্লুল্লাহ্ ক্রিট্রা বলেছেন ঃ যদি দু'জন মুসলিম তরবারী নিয়ে পরস্পর সংঘর্ষের জন্য মুখোমুখী হয়, তাহলে উভয়েই জাহান্নামীদের অন্তর্ভুক্ত হবে। তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল, হত্যাকারী তো জাহান্নামী। কিন্তু নিহত ব্যক্তির কি অপরাধ ং তিনি বললেন, সেও তার প্রতিপক্ষকে হত্যা করার সংকল্প করেছিল। বর্ণনাকারী হাম্মাদ ইব্ন যায়িদ বলেন, আমি এ হাদীসটি আইউব ও ইউনুস ইব্ন আবদুল্লাহ্র কাছে পেশ করলাম। আমি চাচ্ছিলাম তাঁরা এ হাদীসটি আমাকে বর্ণনা করবেন। তাঁরা বললেন, এ হাদীসটি হাসাান বসরী (র) আহ্নাফ ইব্ন কায়সের মধ্যস্থতায় আবৃ বাকরা (র) থেকে বর্ণনা করেছেন।

آبَى بَكْرَةَ عَنِ النَّبِي بَلْ وَيُونُسُ وَهَشَامٌ وَمُعَلِّى بْنُ زِيَادٍ عَنِ الْحَسَنِ عَنِ الْاَحْنَفِ عَنْ أَبِي بَكْرَةَ عَنِ النَّبِي بَلْ وَيُونُسُ وَهَشَامٌ وَمُعَلِّى بْنُ زِيَادٍ عَنِ الْحَسَنِ عَنِ الْاَحْنَفِ عَنْ أَبِي بَكْرَةَ عَنِ النَّبِي بَلْ وَرَوَاهُ مَعْمَرٌ عَنْ أَيُّوْبَ وَرَوَاهُ بَكَّارُ بْنُ عَبِهِ الْعَزِيْزِ عَنْ أَبِي بَكْرَةَ وَقَالَ غُنْدَرُ حَدَّثَنَا شُعْبَةً عَنْ مَنْصُورٍ عَنْ رَبْعِي عَنْ آبِي بَكُرَةَ وَقَالَ غُنْدَرُ حَدَّثَنَا شُعْبَةً عَنْ مَنْصُورٍ عَنْ رَبْعِي عَنْ آبِي بَكُرَةَ عَنِ النَّبِي بَكُرَةً وَقَالَ غُنْدَرُ حَدَّثَنَا شُعْبَةً عَنْ مَنْصُورٍ عَنْ رَبْعِي عَنْ آبِي بَكُرَةً عَنِ النَّبِي بَلْكُونَ وَلَمْ يَرْفَعُهُ سَفْيَانُ عَنْ مَنْصُورٍ -

৬৬০৪ সুলায়মান ইব্ন হারব ও মুআশাল (র)...... আবৃ বাক্রা (রা) নবী ক্রাপ্রী থেকে এ হাদীসটি বর্ণনা করেছেন। এ ছাড়া মা'মার আইউব থেকে এটি বর্ণনা করেছেন। বাক্কার ইব্ন আবদুল আযীয স্বীয় পিতার মধ্যস্থতায় আবৃ বাকরা (র) থেকে এটি বর্ণনা করেছেন এবং গুন্দার ও আবৃ বাকরা (রা)-র বর্ণনায় নবী ক্রাপ্রী থেকে এ হাদীসটি বর্ণনা করেছেন। তবে সুফিয়ান সাওরী (র) মানসূর থেকে (পূর্বোক্ত সনদে হাদীসটি বর্ণনা করার সময়) মারফু' রূপে উল্লেখ করেননি।

٢٩٨٧ بَابُ كَيْفَ الْأَمْنُ إِذَا لَمْ تَكُنْ جَمَاعَةُ

২৯৮৭. অনুচ্ছেদ ঃ যখন জমাআত (মুসলমানরা সংঘবদ্ধ) থাকবে না তখন কি করতে হবে

آ ٦٦. حَدَّثَنِى بُسْرُ بُنُ عُبَيْدِ اللّٰهِ الْحَضْرَمِيُّ اَنَّهُ سَمِعَ اَبَا اِدْرِيْسَ الْخَوْلاَنِيَّ اَنَّهُ سَمِعَ اَبَا اِدْرِيْسَ الْخَوْلاَنِيَّ اَنَّهُ سَمِعَ اَبَا اِدْرِيْسَ الْخَوْلاَنِيَّ اَنَّهُ سَمِعَ حُدَيْفَةَ ابْنَ الْيَعَانِ يَقُولُ كَانَ النَّاسُ يَسْأَلُونَ رَسُولَ اللهِ وَلَيُّ عَنِ الْخَيْرِ وَكُنْتُ صَالَهُ عَنِ الشَّرِ ، مُخَافَةَ اَنَّ يُدْرِكَنِي ، فَقُلْتُ يَا رَسُولُ اللهِ انَّا كُنَّا فِي جَاهِلِيَّةٍ وَشَرِّ اَسْالُهُ عَنِ الشَّرِ ، مُخَافَةَ اَنَّ يُدْرِكَنِي ، فَقُلْتُ يَا رَسُولُ اللهِ انَّا كُنَّا فِي جَاهِلِيَّةٍ وَشَرِ الشَّرِ مَنْ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ ال

تَعْرِفُ مِنْهُمْ وَتُنْكِرُ قُالَ قُلْتُ فَهَلْ بَعْدَ ذَٰلِكَ الْخَيْرِ مِنْ شَرِّ ؟ قَالَ نَعَمْ دُعَاةٌ عَلَى اَبْوَابِ جَهَنَّمَ مَنْ اَجَابَهُمْ اللهِ عَلَى اَنْهُمْ مِنْ جَهَنَّمَ مَنْ اَجَابَهُمْ اللهِ عَلَى اَنْهُمْ مِنْ جَهَنَّمَ مَنْ اَجَابَهُمْ اللهِ عَلَى اَنْهُمُ مِنْ جَلَدَتِنَا ، وَيَتَكَلِّمُونَ بِالْسِنَتِنَا ، قُلْتُ فَمَا تَاْمُرُنِي اِنْ اَدْركَنِي ذَٰلِكَ ؟ قَالَ تَلْزَمُ جَمَاعَةَ الْمُرسُلِمِيْنَ وَامَامَهُمْ ، قُلْتُ فَانْ لَمْ يكُنْ لَهُمْ جَمَاعَةٌ وَلاَ امَامٌ ؟ قَالَ فَاعْتَزِلْ تِلْكَ الْفِرَقَ كُلُهَا ، وَلَوْ اَنْ اَنْ تَعَضَّ بَاصِلْ شَجَرَةٍ ، حَتَّى يُدْرككَ الْمَوْتُ وَانْتَ عَلَى ذَٰلِكَ –

৬৬০৫ মুহাম্মদ ইব্ন মুসানা (র) হুযায়ফা ইব্ন ইয়ামান (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, লোকেরা রাসূলুল্লাহ্ 🚛 -কে কল্যাণের বিষয়াদি জিজ্ঞাসা করত। কিন্তু আমি তাঁকে অকল্যাণের বিষয় সম্পর্কে জিজ্ঞাসা করতাম এ ভয়ে যে, অকল্যাণ আমাকে পেয়ে না বসে। আমি জিজ্ঞাসা করলাম, ইয়া রাসূলাল্লাহ্! আমরা তো জাহিলিয়্যাত ও অকল্যাণের মাঝে ছিলাম। এরপর আল্লাহ্ তা'আলা আমাদেরকে এ কল্যাণের মধ্যে নিয়ে আসলেন। এ কল্যাণের পর আবারও কি অকল্যাণ আসবে ? তিনি বললেন, হ্যা। আমি জিজ্ঞাসা করলাম, সে অকল্যাণের পর আবার কি কোন কল্যাণ আসবে ? তিনি বললেন, হ্যা। তবে এর মধ্যে কিছুটা ধুমাচ্ছনুতা থাকবে। আমি প্রশ্ন করলাম এর ধুম্রাচ্ছ্যুতাটা কিরূপ ? তিনি বললেন ঃ এক জামাআত আমার তরীকা ছেড়ে অন্য পথ অবলম্বন করবে। তাদের থেকে ভাল কাজও দেখবে এবং মন্দ কাজও দেখবে। আমি জিজ্ঞাসা করলাম, সে কল্যাণের পর কি আবার অকল্যাণ আসবে ? তিনি বললেন, হঁয়। জাহান্নামের প্রতি আহ্বানকারী এক সম্প্রদায় হবে। যে ব্যক্তি তাদের আহ্বানে সাড়া দেবে, তাকে তারা জাহান্নামে নিক্ষেপ করে ছাড়বে। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! তাদের কিছু বৈশিষ্ট্যের কথা আমাদের বর্ণনা করুন। তিনি বললেন ঃ তারা আমাদের লোকই এবং আমাদের ভাষায়ই কথা বলবে। আমি বললাম, যদি এরূপ পরিস্থিতি আমাকে পেয়ে বসে, তাহলে কি করতে নির্দেশ দেন ? তিনি বললেন ঃ মুসলিমদের জামাআত ও ইমামকে আঁকড়ে থাকবে। আমি বললাম, যদি তখন মুসলমানদের কোন (সংঘবদ্ধ) জামাআত ও ইমাম না থাকে ? তিনি বললেন ঃ তখন সকল দলমত পরিত্যাগ করে সম্ভব হলে কোন গাছের শিকড় কামড়িয়ে পড়ে থাকবে, যতক্ষণ না সে অবস্থায় তোমার মৃত্যু উপস্থিত হয়।

٢٩٨٨ بَابُ مَنْ كَرِهَ أَنْ يُكَثِّرَ سَوَادَ الْفِتَنِ وَالظُّلْمِ

২৯৮৮. অনুচ্ছেদ ঃ যে ফিত্নাবাজ ও জালিমদের দল ভারী করাকে অপছন্দনীয় মনে করে

ভিড০৬ আবদুল্লাহ্ ইব্ন ইয়ায়ীদ ও লাইস (র)...... আবুল আসওয়াদ (র) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, একবার মদীনাবাসীদের উপর একটি যোদ্ধাদল প্রস্তুতের সিদ্ধান্ত হল। আমার নামও সে দলের অন্তর্ভুক্ত করা হল। এরপর ইক্রামা (র)-র সঙ্গে দেখা হলে আমি তাকে এ সংবাদ জানালাম। তিনি আমাকে কঠোরভাবে নিষেধ করলেন এবং বললেন, আমাকে ইব্ন আব্বাস (রা) অবগত করেছেন যে, মুসলিমদের কতিপয় লোক মুশরিকদের সাথে ছিল। এতে তারা রাস্লুল্লাহ্ ক্রিট্রেই -এর মুকাবিলায় মুশরিকদের দল ভারী করছিল। তখন কোন তীর আসত যা নিক্ষিপ্ত হত এবং তাদের কাউকে আঘাত করে এটি তাকে হত্যা করত। অথবা কেউ তাকে তরবারীর আঘাতে হত্যা করত। এ প্রসঙ্গে আল্লাহ্ তা আলা আয়াত অবতীর্ণ করলেন ঃ যারা নিজেদের উপর যুলুম করে তাদের প্রাণ গ্রহণের সময় ফেরেশতারা বলে...... (৪ ঃ ৯৭)।

٢٩٨٩ بَابُ إِذَا بَقِيَ فِيْ حُثَالَةٍ مِنَ النَّاسِ

২৯৮৯. অনুচ্ছেদ ঃ যখন মানুষের আবর্জনা (নিকৃষ্ট) অবশিষ্ট থাকবে

TT.V حَدَّثَنَا مُحَمَّدُ بُنُ كَثَيْرِ اَخْبَرَنَا سُفْيَانُ عَنِ الْاَعْمَشِ عَنْ زَيْدِ بُنِ وَهْبِ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ قَالَ حَدَّثَنَا رَسُولُ اللّٰهِ وَلَيْ اللّٰهِ وَلَيْتُيْنِ رَاَيْتُ اَحَدُهُمَا وَاَنَا انْتَظِرُ الْأَخْرَ حَدَّثَنَا اَنَّ الاَمَانَةَ نَزَلَتْ فِيْ جَدْرٍ قُلُوْبِ الرِّجَالِ ، ثُمَّ عَلِمُواْ مِنَ الْقُرْانِ ، ثُمَّ عَلِمُواْ مِنَ الْقُرْانِ ، ثُمَّ عَلِمُواْ مِنَ السَّنَة ، وَحَدَّثَنَا عَنْ رَفَعِهَا قَالَ يَنَامُ الرَّجُلُ النَّوْمَةَ فَتَقْبَضُ الْاَمَانَةُ مِنْ قَلْبِهِ فَيَظُلُّ السَّنَة ، وَحَدَّثَنَا عَنْ رَفَعِهَا قَالَ يَنَامُ الرَّجُلُ النَّوْمَةَ فَتَقْبَضُ الْاَمَانَةُ مِنْ قَلْبِهِ فَيَظُلُّ اللّهُ مِثْلَ اللّهُ مَا اللّهُ مَنْ اللّهُ اللّهُ مَا اللّهُ مَتْ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَى رَجُلِكَ فَنَفِطَ فَتَرَاهُ مُنْتَبِرًا وَلَيْسَ فَيْهِ شَىءٌ وَيُصُبِحُ النّاسُ كَجَمْر دَحْرَجْتُهُ عَلَى رَجُلِكَ فَنَفَطَ فَتَرَاهُ مُنْتَبِرًا وَلَيْسَ فَيْهِ شَىءٌ وَيُصْبِحُ النّاسُ يَتَبَايَعُونَ وَلاَ يَكَادُ اَحَدُّ يُؤَدِّى الْاَمَانَةَ فَيُقَالُ انَ فِي بَنِي فَلَانٍ رَجُلاً اَمِيْنَا ، وَيُقَالُ يَتَبَايَعُونَ وَلاَ يَكَادُ اَحَدُّ يُؤَدِّى الْاَمَانَةَ فَيُقَالُ انَ فِي بَنِي فَلَابِهِ مِثْقَالَ حَبَّةٍ خَرْدَلَ مِنْ ايْمَانٍ ، وَلاَ الطَّرَفَةُ وَمَا الْمُلْوَةُ وَمَا فَيْ قَلْبِهِ مِثْقَالَ حَبَّةٍ خَرْدَلَ مِنْ ايْمَانٍ ، وَلاَ الْبَالِي الْكُومُ بَايَعْتُ لَتُنْ كَانَ مُسلِمًا رَدَّهُ عَلَى الْاسِلَامَ رَدَّهُ عَلَى الْاسِلَامَ رَدَّهُ عَلَى الْاسِلَامَ رَدَّهُ عَلَى الْاسِلَامَ وَمَا الْيَوْمَ فَمَا كُنْتُ الْبَالِي عُلَا الْيَوْمَ فَمَا كُنْتُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الْمَالَى اللّهُ اللّهُ الْمَالَ الْيَوْمَ فَمَا كُنْتُ الْبَالِي اللّهُ اللّهُ اللّهُ الْمَالِي الللّهُ اللّهُ اللّهُ الللّهُ الْمَالِقُ اللّهُ اللللللْ اللللّهُ الللّهُ اللللللْ

ড্ড০৭ মুহাম্মদ ইব্ন কাসীর (র)...... হুযায়ফা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ আর্ট্রা আমাদের দুটি হাদীস বর্ণনা করেছিলেন, যার একটি আমি দেখেছি (বাস্তবায়িত হয়েছে) আর অপরটির অপেক্ষায় আছি। তিনি আমাদের বলেন ঃ আমানত মানুষের অন্তর্মূলে প্রবিষ্ট হয়। এরপর তারা কুরআন শিখে, তারপর তারা সুন্নাহ্র জ্ঞান অর্জন করে। তিনি আমাদের আমানত বিলুপ্তি সম্পর্কেও বর্ণনা করেছেন। তিনি বলেছেন ঃ মানুষ এক সময় ঘুমাবে। তার অন্তর থেকে আমানত উঠিয়ে নেওয়া হবে। তখন একটি বিন্দুর ন্যায় চিহ্ন অবশিষ্ট থাকবে। এরপর সে আবার ঘুমাবে। তারপর আবার তুলে নেওয়া হবে, তখন ফোসকার ন্যায় তার চিহ্ন অবশিষ্ট থাকবে। যেমন একটা জ্বলন্ত অঙ্গারকে যদি তুমি পায়ের উপর রেখে দাও এতে পায়ে ফোস্কা পড়ে, তখন তুমি সেটাকে ফোলা দেখবে। অথচ তার মধ্যে কিছুই নেই। (এ সময়) মানুষ বেচাকেনা

করবে বটে কিন্তু কেউ আমানত আদায় করবে না। তখন বলা হবে, অমুক গোত্রে একজন আমানতদার ব্যক্তি আছেন। কোন লোক সম্পর্কে বলা হবে যে, লোকটি কতই না বৃদ্ধিমান, কতই না বিচক্ষণ, কতই না বীর, অথচ তার অন্তরে সরিষার দানা পরিমাণ ঈমান নেই। [এরপর হুযায়ফা (রা) বললেন] আমার উপর দিয়ে এমন একটি যুগ অতিবাহিত হয়েছে তখন আমি তোমাদের কার সাথে লেনদেন করছি এ-সম্পর্কে মোটেও চিন্তা-ভাবনা করতাম না। কেননা, সে যদি মুসলিম হয় তাহলে তার দীনই (হক আদায়ের জন্য) তাকে আমার কাছে ফিরিয়ে আনবে। আর যদি সে খৃষ্টান হয়, তাহলে তার অভিভাবকরাই (হক আদায়ের জন্য) তাকে আমার কাছে ফিরে আসতে বাধ্য করবে। কিন্তু বর্তমানে আমি অমুক অমুককে ছাড়া কারো সঙ্গে বেচাকেনা করি না।

. ٢٩٩ بَابُ التَّعَرُّبِ فِي الْفِتْنَةِ

২৯৯০. অনুচ্ছেদ ঃ ফিতনার সময় বেদুঈন সুলভ জীবনযাপন করা বাঞ্ছনীয়

آلاً كُوْعَ انَّهُ دَخَلَ عَلَى الْحَجَّاجُ فَقَالَ يَا ابْنَ الْأَكُوعِ ارْتَدَدْتَ عَلَى عَقبَيْكَ تَعَرَّبْتَ قَالَ لاَ الْأَكُوعِ ارْتَدَدْتَ عَلَى عَقبَيْكَ تَعَرَّبْتَ قَالَ لاَ الْأَكُوعِ ارْتَدَدْتَ عَلَى عَقبَيْكَ تَعَرَّبْتَ قَالَ لاَ وَلَكِنَّ رَسُولَ اللهِ يَرْفِقُ الْهِ الْمَا اللهِ عَلَى الْبَدُو ، وَعَنْ يَزِيْدَ بْنِ ابِي عُبَيْدٍ قَالَ لَمَّا قَتلَ وَلَكِنَّ رَسُولَ الله يَرْفِقُ اللهِ الْمَدِيْدَ بُنِ اللهِ عَلَى الْبَدُو ، وَعَنْ يَزِيْدَ بْنِ ابِي عُبَيْدٍ قَالَ لَمَّا قَتلَ لَهُ عُثَمَانُ بْنُ عَفَانَ خَرَجَ سَلَمَةً بْنِ الْآكُوعِ اللهِ الرَّبْذَةِ وَتَزَوَّجَ هُنَاكَ امْرَاةً وَوَلَدَتْ لَهُ اولاً لَا اللهُ يَزَلُ بِهَا حَتّى قَبْلَ اللهُ يَعْفُونَ بِلَيَالِي فَنَزَلَ الْمَدِيْنَةَ -

ডি৬০৮ কুতায়বা ইব্ন সাঙ্গদ (র).... সালমা ইব্ন আকওয়া (রা) থেকে বর্ণিত যে, একবার হাজ্জাজ আমার কাছে এলেন। তখন সে তাঁকে বলল, হে ইব্ন আক্ওয়া! আপনি সাবেক অবস্থায় প্রত্যাবর্তন করলেন না কি-যে বেদুঈন সুলভ জীবন যাপন করতে শুরু করেছেন। তিনি বললেন, না। বরং রাসূলুল্লাহ্ ক্রিট্রি আমাকে বেদুঈন সুলভ জীবন যাপনের অনুমতি প্রদান করেছেন। ইয়াযীদ ইব্ন আবৃ উবায়দুল্লাহ্ বর্ণনা করেন যে, যখন উসমান ইব্ন আফ্ফান (রা) নিহত হলেন, তখন সালমা ইব্ন আকওয়া (রা) 'রাবাযা'য় চলে যান এবং সেখানে তিনি এক মহিলাকে বিয়ে করেন। সে মহিলার ঘরে তাঁর কয়েকজন সন্তান জন্মলাভ করে। মৃত্যুর কয়েক দিন পূর্বে তিনি মদীনায় আগমন করেন। এর পূর্ব পর্যন্ত তিনি সেখানেই বসবাসরত ছিলেন।

أَكُونُ اللهِ يَوْنُسَ قَالَ حَدَّثَنَا عَاصِمُ بْنُ مُحَمَّد قَالَ سَمِعْتُ اَبِي يَقُولُ اللهِ يَوْنُسَ قَالَ حَدَّثَنَا عَاصِمُ بْنُ مُحَمَّد قَالَ سَمِعْتُ اَبِي يَقُولُ اللهِ يَزَالُ هٰذَا الْأَمْرُ فِي قُرَيْشٍ مَا بَقِيَ مِنْهُمْ الْنَانِ وَاللهُ يَلِيُ لاَ يَزَالُ هٰذَا الْأَمْرُ فِي قُرَيْشٍ مَا بَقِيَ مِنْهُمْ الْنَانِ وَاللهِ يَوْلِهُ اللهِ يَوْلُ اللهِ يَوْلُ الله يَوْلُهُ اللهِ يَزَالُ هٰذَا الْأَمْرُ فِي قُرَيْشٍ مَا بَقِيَ مِنْهُمْ الْنَانِ وَاللهِ يَوْلُ اللهِ يَوْلُ الله يَوْلُونُ الله يَوْلُونُ الله يَوْلُ الله يَوْلُونُ اللهُ يُولُونُ الله يَوْلُونُ الله يَوْلُونُ الله يَوْلُونُ الله يَوْلُونُ اللهُ يَوْلُونُ الله يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُهُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يَقِي اللهُ يُولُونُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يُولُونُ اللهُ يُولُونُ اللهُ يَعْلِمُ اللهُ يَوْلُونُ اللهُ يَوْلُونُ اللهُ يُولُونُ اللهُ يَوْلُ

٣٠٠٧ بَابُ اَجْرِ مَنْ قَضَى بِالْحِكْمَةِ ، لِقَوْلِهِ وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا اَنْزَلَ اللَّهُ فَأُولُئِكَ هُمُ الْفَاسِقُونَ

৩০০৭. অনুচ্ছেদঃ হিকমাত (সঠিক জ্ঞান)-এর সাথে বিচার ফয়সালাকারীর প্রতিদান। আল্লাহ্ তা'আলার বাণীঃ আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তদনুসারে যারা বিধান দেয় না তারা সত্যত্যাগী (৫ঃ ৪৭)

[٦٦٥٦] حَدَّثَنَا شِهَابُ بْنُ عَبَّادٍ قَالَ حَدَّثَنَا ابْرَاهِيْمُ بْنُ حُمَيْدٍ عَنْ اسْمُعِيْلَ عَنْ قَيْسٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ رَسُولُ اللَّهِ عَنْ اللَّهِ عَلْمَ الْآ فِي اثْنَتَيْنِ رَجُلٌ اَتَاهُ اللَّهُ مَالاً فَسَلَطَهُ عَلَى هَلَكَتِهِ فِي الْحَقِّ وَاٰخَرُ اَتَاهُ اللَّهُ حِكْمَةً فَهُوَ يَقْضِي بِهَا وَيُعَلِّمُهَا –

ডিও৫৬ শিহাব ইব্ন আব্বাদ (র)...... আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন যে, রাস্লুল্লাহ্ ক্রিট্রের বলেছেন, দু'ধরনের লোক ছাড়া অন্য কারো প্রতি ঈর্ষা করা যায় না। একজন হলো এমন ব্যক্তি, যাকে আল্লাহ্ ধন-সম্পদ দান করেছেন এবং তাকে তা সৎপথে ব্যয় করার ক্ষমতা দিয়েছেন। অপরজন হল, যাকে আল্লাহ্ হিকমাত (সঠিক জ্ঞান) দান করেছেন, সে তার দ্বারা বিচার ফয়সালা করে এবং তা অপরকে শিক্ষা দেয়।

٢٠٠٨ بَابُ السُّمْعِ وَالطَّاعَةِ لِلْإِمَامِ مَالَّمْ تَكُنْ مَعْصِيلةً

৩০০৮. অনুচ্ছেদ ঃ ইমামের আনুগত্য ও মান্যতা, যতক্ষণ তা নাফরমানীর কাজ না হয়

آمَالَ قَالَ رَسُولُ اللّٰهِ يُرْتُ قَالُ حَدَّثَنَا يَحْيِلَى عَنْ شُعْبَةَ عَنْ اَبِى التَّيَّاحِ عَنْ اَنَسِ بِنْ مَالِكِ قَالَ وَالْ السَّتُعُملِ عَلَيْكُمْ عَبْدٌ حَبَشِيٍّ كَانَّ وَالْ السَّتُعُملِ عَلَيْكُمْ عَبْدٌ حَبَشِيٍّ كَانَّ رَاسُهُ زَيِبَةُ.

ডি৬৫৭ মুসাদ্দাদ (র)...... আনাস্ ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ ক্রিল্লাই বলেছেনঃ যদি তোমাদের উপর এরূপ কোন হাবশী দাসকেও শাসক নিযুক্ত করা হয়, যার মাথাটি কিশমিশের ন্যায় তবুও তার কথা শোন ও তার আনুগত্য কর।

آ مَدَّتَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ قَالَ حَدَّثَنَا حَمَّادٌ عَنِ الْجَعْدِ عَنْ اَبِي رَجَاءٍ عَنِ ابْنِ عَبَّاسٍ يَرُويْهِ قَالَ قَالَ النَّبِيُّ عَلِيًّ مَنْ رَاىَ مِنْ اَمِيْرِهِ شَيْئًا فَكَرِهَهُ فَلْيَصْبِرْ فَانِّهُ لَيْسَ اَحَدٌ يُفَارِقُ الْجَمَاعَةَ شَبِبْرًا فَيَمُوْتُ الاَّ مَاتُ مِيتَةً جَاهِلِيَّةً –

৬৬৫৮ সুলায়মান ইব্ন হারব (র) ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রার বলেছেন ঃ যদি কেউ তার আমীর (ক্ষমতাসীন) থেকে এমন কিছু দেখে, যা সে অপছন্দ করে, তাহলে সে যেন ধৈর্য ধারণ করে। কেননা, যে কেউ জামাআত থেকে এক বিঘত পরিমাণ দূরে সরে মরবে, তার মৃত্যু হবে জাহিলিয়্যাতের মৃত্যু।

آ مَرَّ عَبَيْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ عَلَيْ قَالَ حَدَّثَنَا يَحْيِى بْنُ سَعِيْدٍ عَنْ عُبَيْدِ اللَّهِ قَالَ حَدَّثَنِي نَافِعٌ عَنْ عَبَيْدِ اللَّهِ عَنِ النَّهِ قَالَ حَدَّثَنِي نَافِعٌ عَنْ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ عَلَى الْمَرْءِ الْمُسْلِمِ فَيْمَا اَحَبَّ وَكَرِهَ مَا لَمْ يُؤْمَرُ بِمَعْصِيةً فَال السَّمْعُ وَالطَّاعَةُ عَلَى الْمَرْءِ الْمُسْلِمِ فَيْمَا اَحَبُّ وَكَرِهَ مَا لَمْ يُؤْمَرُ بِمَعْصِيةً فَاذَا أُمِرَ بِمَعْصِيةٍ فَلا سَمْعَ وَلاَ طَاعَةً،

ডি৬৫৯ মুসাদ্দাদ (র) আবদুল্লাহ্ (রা) নবী ক্রিক্রি থেকে বর্ণনা করেন। তিনি বলেছেন ঃ যতক্ষণ পর্যন্ত আল্লাহ্র নাফরমানীর নির্দেশ দেওয়া না হয়়, ততক্ষণ পছন্দনীয় ও অপছন্দনীয় সব বিষয়ে প্রত্যেক মুসলমানের জন্য তার মান্যতা ও আনুগত্য করা কর্তব্য। যখন নাফরমানীর নির্দেশ দেওয়া হয়, তখন আর কোন মান্যতা ও আনুগত্য নেই।

[. 177] حَدَّثَنَا عُمَرُ بُنُ حَفْصِ بُنُ غِيَاتُ قَالَ حَدَّثَنَا اَبِى قَالَ حَدَّثَنَا الْإَعْمَشُ قَالَ عَدْ الرَّحْمُنِ عَنْ عَلِيٍّ قَالَ بَعَثَ النَّبِيُ إِلَيْ سَرِيَةً وَامَرَ هُمْ اَنْ يُطِيعُوْهُ فَغَضَبَ عَلَيْهِمْ وَقَالَ اَلَيْسَ قَدْ اَمَرَ وَامَرَهُمْ اَنْ يُطِيعُوْهُ فَغَضَبَ عَلَيْهِمْ وَقَالَ النَّيْسَ قَدْ اَمَرَ النَّبِيُ وَامَّرَ عَلَيْهُمْ وَقَالَ النَّيْسَ قَدْ اَمَرَ النَّبِي وَامَرَ اللَّهِمِ عَلَيْكُمْ لَمَّا جَمَعْتُمْ حَطَبًا وَاوَقَدْتُمْ النَّبِي وَاللَّهُمُ اللَّهُ مَوْنِي قَالُوا بَلَى ، قَالَ عَزَمْتُ عَلَيْكُمْ لَمَّا جَمَعْتُمْ حَطَبًا وَاوَقَدْتُمْ نَارًا تُمَّ دَخَلْتُمْ فِيهَا فَجَمَعُوا حَطَبًا فَاوْقَدُوا فَلَمَّا هَمُوا بِالدُّحُولِ فَقَامَ يَنْظُرُ بَعْضَهُمْ انْمَا اللَّهِي وَلَا النَّبِي وَلَا اللَّهِي وَاللَّ اللَّهُ اللَّهُ الْمَعْرُونُ فَعَلَم اللَّهُ عَلَيْكُمْ لَمَا اللَّهِ وَاللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْكُمْ اللَّهُ عَلَيْكُمْ لَكُولَ اللَّهُ وَاللَّهُ اللَّهُ عَلَيْكُمْ اللَّهُ وَاللَّهُ وَلَا اللَّهُ عَلَيْكُمْ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْكُمْ اللَّهُ اللَّهُ عَلَيْكُمْ اللَّهُ عَلَيْكُمْ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْكُمْ اللَّهُ الْمَعْرُونُ اللَّهُ اللَّهُ

ভিড্রত উমর ইব্ন হাফস ইব্ন গিয়াস (র)...... আলী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রে একটি ক্ষুদ্র সৈন্যদল প্রেরণ করলেন এবং একজন আনসারী ব্যক্তিকে তাঁদের আমীর নিযুক্ত করে সেন্রবাহিনীকে তার আনুগত্য করার নির্দেশ দিলেন। এরপর তিনি (আমীর) তাদের উপর ক্ষুব্ধ হলেন এবং বললেন ঃ নবী ক্রিট্রের কি তোমাদেরকে আমার আনুগত্য করার নির্দেশ দেননিং তাঁরা বললেন, হাঁ। তখন তিনি বললেন, আমি তোমাদের দৃঢ়ভাবে বলছি যে, তোমরা কাঠ সংগ্রহ করবে এবং তাতে আগুন প্রজ্বলিত করবে। এরপর তোমরা তাতে প্রবেশ করবে। তারা কাঠ সংগ্রহ করল এবং তাতে আগুন প্রজ্বলিত করল। এরপর যখন তারা প্রবেশ করতে ইচ্ছা করল, তখন একে অপরের দিকে তাকাতে লাগল। তাঁদের কেউ কেউ বলল, আগুন থেকে পরিত্রাণের জন্যই তো আমরা নবী ক্রিট্রের এর অনুসরণ করেছি। তাহলে কি আমরা (অবশেষে) আগুনেই প্রবেশ করবং তাঁদের এসব কথোপকথনের মাঝে হঠাৎ আগুন নিভে যায়। আর তাঁর (আমীরের) ক্রোধণ্ড অবদমিত হয়ে পড়ে। এ ঘটনা নবী ক্রিট্রেই-এর নিকট বর্ণনা করা হলে তিনি বললেন ঃ যদি তারা তাতে প্রবেশ করত, তাহলে কোন দিন আর এর থেকে বের হত না। জেনে রেখো! আনুগত্য কেবলমাত্র বিধিসঙ্গত কাজেই হয়ে থাকে।

٣٠٠٩ بَابُ مَنْ لَمْ يَسْأَلِ اللَّهَ الْإِمَارَةَ اَعَانَهُ اللَّهُ

৩০০৯. অনুচ্ছেদ ঃ যে ব্যক্তি আল্লাহ্র কাছে নেতৃত্ব চায় না, তাকে আল্লাহ্ তা'আলা সাহায্য করেন

آ آ آ آ آ حَدَّثَنَا حَجَّاجُ بِنُ مِنْهَالِ قَالَ حَدَّثَنَا جَرِيْرُ بِنُ حَازِمٍ عَنِ الْحَسَنِ عَنْ عَبِد الرَّحْمٰنِ بِنْ سَمُرَةَ لاَ تَسْأَلُ الْامَارَةَ الرَّحْمٰنِ بِنْ سَمُرَةَ لاَ تَسْأَلُ الْامَارَةَ فَالتَّكَ الْ الْعَمْنِ بِنْ مَسْئَلَة وكلاتَ اللَّهُا ، وَإِنْ الْعَطِيْتَهَا عَنْ غَيْرِ مَسْئَلَة الْعَنْتَ عَلَيْهَا ، وَإِنْ الْعَطِيْتَهَا عَنْ غَيْرِ مَسْئَلَة الْعَنْتَ عَلَى يَمِيْنِ فِرَايْتَ عَيْرَهَا خَيْرًا مَنْهَا فَكَفِّرْ عَنْ يَمِيْنِ فَرَايْتَ عَيْرَهَا خَيْرًا مَنْهَا فَكَفِرْ عَنْ يَمِيْنِ فَرَايْتَ اللَّهِ اللَّهُ اللَّهُ الْعَلْمُ اللَّهُ اللَّلْمُ اللّهُ اللّه

৬৬৬১ হাজ্জাজ ইব্ন মিন্হাল (র) আবদুর রহমান ইব্ন সামুরা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রির বলেছেন ঃ হে আবদুর রহমান ইব্ন সামুরা! তুমি নেতৃত্বের সাওয়াল করো না। কারণ চাওয়ার পর যদি তোমাকে তা দেওয়া হয়, তবে তার দায়িত্ব তোমার উপরই বর্তাবে। আর যদি সাওয়াল ছাড়া তা তোমাকে দেওয়া হয় তবে এ ব্যাপারে তোমাকে সাহায্য করা হবে। আর কোন বিষয়ের কসম করার পর, তার বিপরীত দিকটিকে যদি তার চেয়ে কল্যাণকর মনে কর, তাহলে কসমের কাফ্ফারা আদায় করে দিও এবং কল্যাণকর কাজটি বাস্তবায়িত করো।

٣٠١٠ بَابُّ مَنْ سَأَلَ الْامَارَةَ وُكُلَ الَيْهَا

৩০১০. অনুদেহদ ঃ যে ব্যক্তি নেতৃত্ব চায়, তা তার উপরই ন্যন্ত করা হয়

آ كَدَّ ثَنَا اَبُوْ مَعْمَرِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ قَالَ حَدَّثَنَا يُونُسُ عَنِ الْحَسَنِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمُنِ بْنُ سَمُرَةَ قَالَ قَالَ لِي رَسَوْلُ اللهِ عَبْدَ الرَّحْمُنِ بْنَ سَمُرَةَ قَالَ قَالَ لِي رَسَوْلُ اللهِ عَبْدَ الرَّحْمُنِ بْنَ سَمُرَةَ لاَ تَسْأَلُ الْإَمَارَةَ فَانْ أُعْطِيْتَهَا عَنْ مَسْئَلَة وُكُلْتَ اليَّهَا ، وَإِنْ أُعْطِيْتَهَا مِنْ غَيْرِ مَسْئَلَة أُعِنْتَ عَلَيْهَا ، وَإِذَا حَلَفْتَ عَلَى يَمِيْنٍ فَرَايَّتَ غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَأْتِ اللَّذِي هُوَ خَيْرٌ وَكَفِّرٌ عَنْ يَمِيْنِ أَ كَنْ يَمِيْنِ فَرَايْتَ غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَأْتِ اللَّذِي هُوَ خَيْرٌ وَكَفِّرٌ عَنْ يَمِيْنِ أَ كَنْ يَمِيْنِ إِنْ اللهَ عَلْمَ لَا عَلْمَ اللهَ اللهِ اللهُ اللهِ اللهُ ا

ভিডি২ আবূ মামার (র)...... আবদুর রহমান ইব্ন সামুরা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নথী ক্রিট্রা আমাকে বলেছেনঃ হে আবদুর রহমান ইব্ন সামুরা! নেতৃত্ব চেয়ে নিও না। কেননা, যদি চাওয়ার পর তুমি তা প্রদত্ত হও, তাহলে তার সকল দায়-দায়িত্ব তোমার উপরই অর্পিত হবে। আর থিদি না চাওয়া সত্ত্বেও তুমি তা প্রদত্ত হও, তাহলে এ ব্যাপারে (আল্লাহ্র পক্ষ থেকে) সহযোগিতা করা হবে। আর কোন বিষয়ে কসম করার পর তার বিপরীত দিকটিকে যদি উত্তম বলে মনে কর, তাহলে উত্তম কাজটি করে ফেল আর তোমার কসমের কাফ্ফারা আদায় করে দিও।

٣٠١١ بَابُ مَا يُكُرَهُ مِنَ الْحِرْصِ عَلَى الْإِمَارَةِ

৩০১১. অনুচ্ছেদ ঃ নেতৃত্বের লোভ অপছন্দনীয়

٦٦٦٣ حَدَّثَنَا اَحْمَدُ بِنُ يُونُسَ قَالَ حَدَّثَنَا ابْنُ اَبِى ذِئْبٍ عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ اَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ مَلِكُ قَالَ انْكُمْ سَتَحْرِصُونَ عَلَى الْاِمَارَةِ ، وَسَتَكُونُ نَدَامَةً يَوْمَ

৫২ — বখারী (দশম)

الْقَيَامَةِ ، فَنَعْمَ الْمُرْضِعَةُ وَبِئْسَتِ الْفَاطِمَةُ وَقَالَ مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّتَنَا عَبْدُ اللهِ بْنُ حُمْرَانَ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللهِ عَنْ اللهِ بْنُ الْحَكَمِ عَنْ أَبِي حُمْرَانَ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْحَكَمِ عَنْ السَعِيْدِ الْمَقْبُرِيِّ عَنْ عُمَرَ بْنِ الْحَكَمِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَوْلَهُ -

ড৬৬৩ আহ্মাদ ইব্ন ইউনুস (র).....আবৃ হুরায়রা (রা) নবী ক্রিট্রি থেকে বর্ণনা করেন। তিনি বলেছেন ঃ তোমরা নিশ্চয়ই নেতৃত্বের লোভ পোষণ কর, অথচ কিয়ামতের দিন তা লজ্জার কারণ হবে। কত উত্তম দুগ্ধদায়িনী এবং কত মন্দ দুগ্ধ পানে বাধাদানকারিণী (এটা) (অর্থাৎ এর প্রথম দিক দুগ্ধদানের ন্যায় তৃপ্তিকর, আর পরিণাম দুধ ছাড়ানোর ন্যায় যন্ত্রণাদায়ক)।

মুহাম্মদ ইব্ন বাশ্শার... আবৃ হুরায়রা (রা) থেকে এ হাদীসটি আবৃ হুরায়রা (রা)-র ভাষ্য হিসাবে বর্ণনা করেছেন।

7٦٦٤ حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ الْعَلاَءِ قَالَ حَدَّثَنَا اَبُو اُسَامَةً عَنْ بُرِيْدٍ عَنْ اَبِي بُرْدَةَ عَنْ اَبِي مُوسْلَى قَالَ دَخَلْتُ عَلَى النَّبِي ۗ وَلَا لَنَ اللَّهِ وَقَالَ الْحَدُ الرَّجُلَيْنِ اَمْرِنَا وَرَجُلَيْنِ مِنْ قَوْمِي فَقَالَ اَحَدُ الرَّجُلَيْنِ اَمْرِنَا مُوسَى فَقَالَ اللهِ وَقَالَ الْاحْرُ مِثْلَهُ فَقَالَ اَنَا لاَ نُولِي هٰذَا مَنْ سَأَلَهُ وَلاَ مَنْ حَرَصَ عَلَيْهِ — يَا رَسُولُ اللهِ وَقَالَ الْاحْرُ مِثْلَهُ فَقَالَ اَنَا لاَ نُولِي هٰذَا مَنْ سَأَلَهُ وَلاَ مَنْ حَرَصَ عَلَيْهِ — يَا رَسُولُ اللهِ وَقَالَ الْاحْرُ مِثْلُهُ فَقَالَ انَا لاَ نُولِي هٰذَا مَنْ سَأَلَهُ وَلاَ مَنْ حَرَصَ عَلَيْهِ وَهِ اللهِ وَقَالَ اللهِ وَلَا اللهِ وَلَا اللهِ وَلَيْنِ اللهِ وَقَالَ اللهِ وَقَالَ اللهِ وَقَالَ اللهِ وَقَالَ اللهِ وَلَا اللهِ وَلَا اللهِ وَقَالَ اللهِ وَلَا اللهِ وَلَا لَهُ وَقَالَ اللهِ وَلَا اللهِ وَالْمَالِ اللهُ وَلَا اللهُ وَلَا اللهِ وَلَا اللهِ وَلَا اللهُ وَقَالَ اللهُ وَلَا اللهُ وَقَالَ اللهِ وَلَا اللهِ وَلَا اللهُ اللهُ وَلَا اللهُ وَلَا اللهُ وَلَا اللهُ وَلَا اللهُ وَلَا اللهُ اللهِ وَلَا اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ وَلَا اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ الل

٣٠١٢ بَابُ مَنِ اسْتُرْعِيَ رَعِيَّةً فَلَمْ يَنْصَعُ

৩০১২. অনুচ্ছেদ ঃ জনগণের নেতৃত্ব লাভের পর তাদের কল্যাণ কামনা না করা

آ حَدَّثَنَا اَبُوْ نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا اَبُوْ الْاَشْهَبِ عَنِ الْحَسَنِ اَنَّ عُبَيْدَ اللّٰهِ بْنَ زِيَادٍ عَادَ مَعْقِلَ ابْنَ يَسَارِ فِي مَرَضِهِ الَّذِي مَاتَ فِيْهِ فَقَالَ لَهُ مَعْقِلٌ انِّي مُحَدِّثُكَ حَدِيْثًا سَمِعْتُهُ مِنَ النَّبِي وَلَيْ اللهُ مَعْقِلٌ اللهُ رَعِيَّةً فَلَمْ يَحُطُهَا سَمِعْتُهُ مِنَ النَّبِي وَلَيْ اللهُ رَعِيَّةً فَلَمْ يَحُطُهَا بِنَصِيْحَةً لَمْ يَجِدُ رَائِحَةَ الْجَنَّةِ -

ডি৬৬৫ আবৃ নু'আয়ম (র)... হাসান বস্রী (র) থেকে বর্ণিত যে, উবায়দুল্লাহ্ ইব্ন যিয়াদ (র) মাকিল ইব্ন ইয়াসারের মৃত্যুশয্যায় তাকে দেখতে গেলেন। তখন মাকিল (রা) তাকে বললেন, আমি তোমাকে এমন একটি হাদীস বর্ণনা করছি যা আমি নবী ক্রিট্রী থেকে শুনেছি। আমি নবী ক্রিট্রী থেকে শুনেছি যে, কোন বান্দাকে যদি আল্লাহ্ তা'আলা জনগণের নেতৃত্ব প্রদান করেন, আর সে কল্যাণকামিতার সাথে তাদের তত্ত্বাবধান না করে, তাহলে সে বেহেশ্তের ঘ্রাণও পাবে না।

آ آ آ آ حَدَّثَنَا اسْحُقُ بْنُ مَنْصُوْرِ قَالَ اَخْبَرَنَا حُسَيْنُ الْجُعْفِيُّ قَالَ زَائِدَةُ ذَكَرَهُ عَنْ هَشَامٍ عَنِ النَّهِ فَقَالَ لَهُ مَعْقِلُ اُحَدِّتُكَ هَشَامٍ عَنِ النَّهِ فَقَالَ لَهُ مَعْقِلُ اُحَدِّتُكَ حَدِيْثًا سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللَّهِ وَلَيْ اللهِ عَلَيْهُ اللهِ عَلَيْهُ اللهِ عَلَيْهُ اللهِ عَلَيْهُ الْجَنَّةُ مَنْ وَالْ يِلِي رَعِيَّةً مِنَ الْمُسْلِمِيْنَ فَيَمُوْتُ وَهُوْ غَاشٌ لَهُمْ الاَّ حَرَّمَ الله عَلَيْهِ الْجَنَّة -

ডিডেড ইসহাক ইব্ন মানসূর (র)... হাসান বস্রী (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা মাকিল ইব্ন ইয়াসারের কাছে তার শুশ্রষায় আসলাম। এ সময় উবায়দুল্লাহ্ প্রবেশ করল। তখন মাকিল (রা) বললেন, আমি তোমাকে এমন একটি হাদীস বর্ণনা করে শোনাব, যা আমি রাস্লুল্লাহ্ ক্রিট্রে থেকে শুনেছি। তিনি বলেন, যদি কোন দায়িত্বশীল ব্যক্তি মুসলিম জনগণের দায়িত্ব লাভ করল এবং তার মৃত্যু হল এ অবস্থায় যে, সে ছিল খিয়ানতকারী, তাহলে আল্লাহ্ তা'আলা তার জন্য জানাত হারাম করে দেবেন।

٣٠١٣ بَابُ مَنْ شَاقٌ شَقَّ اللَّهُ عَلَيْه

৩০১৩ অনুচ্ছেদঃ যে কঠোর ব্যবহার করবে আল্লাহ্ও তার প্রতি কঠোর ব্যবহার করবেন

آمَدِيْمَةَ قَالَ شَهِدْتُ صَفْوَانَ وَجُنْدَبًا وَاصْحَابَهُ وَهُوْ يُوصِيْهِمْ فَقَالُواْ هَلْ سَمَعْتُ مَنْ رَسُولِ اللّهِ عَلَيْهِمْ فَقَالُواْ هَلْ سَمَعْتُ مَنْ رَسَمُعْ سَمَعْ اللّهُ بِهِ يَوْمَ الْقَيَامَة قَالَ رَسَوْلِ اللّهِ عَلَيْهُ عَلَيْه يَوْمَ الْقيَامَة فَقَالُواْ اَوْصِنَا، فَقَالَ انَّ اَوَّلَ مَا يُنْتِنُ مِنَ وَمَنْ يُشَاقِقُ لِللّهُ عَلَيْه يَوْمَ الْقيَامَة فَقَالُواْ اَوْصِنَا، فَقَالَ انَّ اَوَّلَ مَا يُنْتِنُ مِنَ الانْسَانِ بَطْنُهُ، فَمَن اسْتَطَاعَ اَنْ لاَ يَأْكُلُ الاَّ طَيّبًا فَلْيَفْعَلْ ، وَمَن اسْتَطَاعَ اَنْ لاَ يَكُلُ الاَّ طَيّبًا فَلْيَفْعَلْ ، وَمَن اسْتَطَاعَ اَنْ لاَ يَعُولُ بَيْنَا فَلْيَفْعَلْ قَالَ قُلْتُ لاَبِي عِبْدِ اللّهِ مَنْ يَقُولُ بَيْنَهُ وَبَيْنَ الْجَنَّة بِمِلْ ء كَفِّه مِنْ دَمِ اَهْرَاقَهُ فَلْيَفْعَلْ قَالَ قُلْتُ لاَبِي عِبْدِ اللّهِ مَنْ يَقُولُ سَمَعْتُ رَسُولً اللّهُ مَنْ اللّهُ مَنْ يَقُولُ لَيَا لَا اللّهُ مَنْ اللّهُ مَنْ يَقُولُ لَا اللّهُ مَنْ يَقُولُ لاَ يَعْمُ جُنْدَبٌ -

ডি৬৬৭ ইসহাক ওয়াসেতী (র).... তারীফ আবৃ তামীমা (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি সাফওয়ান (র), জুনদাব (রা) ও তাঁর সাথীদের কাছে ছিলাম। তখন তিনি তাদের উপদেশ দিচ্ছিলেন। তারা জিজ্ঞাসা করল, আপনি কি রাসূলুল্লাহ্ ক্রিল্লাই থেকে কোন কথা ওনেছেন? উত্তরে তিনি বললেন, আমি তাঁকে বলতে ওনেছি যে, যারা মানুষকে শোনাবার জন্য কোন কাজ করে, কিয়ামতের দিন আল্লাহ্ তার এ কথা ওনিয়ে দেবেন। আর যারা অন্যের প্রতি কঠোর ব্যবহার করে কিয়ামতের দিন আল্লাহ্ তা আলা তার প্রতি কঠোর ব্যবহার করেবেন। তাঁরা পুনরায় বলল, আমাদেরকে কিছু উপদেশ দিন। তিনি বললেন, মানুষের দেহের যে অংশ প্রথম দুর্গন্ধময় হবে, তা হল তার পেট। সূতরাং যে ব্যক্তি সামর্থ্য রাখে যে একমাত্র পবিত্র (হালাল) খাদ্য ছাড়া আর কিছু সে আহার করবে না, সে যেন তাই করতে চেষ্টা করে। আর যে ব্যক্তি সামর্থ্য রাখে যে এক আঁজলা পরিমাণ রক্তপাত ঘটিয়ে তার ও জানাতের মাঝে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না, সে যেন অবশ্যই তা করে। (ইমাম বুখারী (র)-এর ছাত্র ফেরাবরী) বলেন, আমি আবৃ আবদুল্লাহ্ (রা) (ইমাম বুখারী)-কে জিজ্ঞাসা করলাম, নবী ক্রিলাই থেকে আমি ওনেছি- এ কথা কি জুন্দাব বলেছিলেন? তিনি বললেন, হাাঁ, জুন্দাবই।

٣٠١٤ بَابُ الْقَضَاءِ وَالْفُتْيَا فِي الطَّرِيْقِ ، وَقَضَى يَحْيلَى بْنُ يَعْمَرَ فِي الطَّرِيْقِ ، وَقَضَلَى الشَّعْبِيُّ عَلَى بَابِ دَارِهِ

৩০১৪. অনুচ্ছেদঃ রাস্তায় দাঁড়িয়ে বিচার করা, কিংবা ফাত্ওয়া দেওয়া। ইয়াহ্ইরা ইব্ন ইয়ামার (র) রাস্তায় বিচার কার্য করেছেন। শাবী (র) তাঁর ঘরের দরজায় বিচার কার্য করেছেন

آ كَدَّ تَنِي عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ حَدَّثَنَا جَرِيْرٌ عَنْ مَنْصُوْرٍ عَنْ سَالِم بْنِ أَبِي الْجَعْدِ قَالَ حَدَّثَنَا وَالنَّبِيُّ وَالْ جَنْ مَنْصُوْرٍ عَنْ سَالِم بْنِ أَمِسْجِدِ الْمَسْجِدِ الْمَسْجِدِ مَنْ اللهِ عَنْدَ سُدَّة الْمَسْجِدِ ، فَقَالَ يَا رَسُوْلَ اللهِ مَتَّى السَّاعَةُ ؟ قَالَ النَّبِيُّ إِلَّا مَا أَعْدَدْتَ لَهَا فَكَانَ الرَّجُلُ اسْتَكَانَ ثُمَّ قَالَ يَا رَسُوْلَ اللهِ مَا أَعْدَدْتُ لَهَا كَثِيْرَ صِيامٍ وَلاَ صَلاَةٍ وَلاَ صَدَقَة وَلكنِي أُحِبُّ اللَّهُ وَرَسُولُهُ ، قَالَ انْتَ مَعَ مَنْ أَحْبَبْتَ-

উসমান ইব্ন আবৃ শায়বা (র) আনাস ইব্ন মালিক (র) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার আমি ও নবী ক্রান্ত্রী উভয়ে মসজিদ থেকে বের হচ্ছিলাম। এমন সময় একজন লোক মসজিদের আঙ্গিনায় আমাদের সাথে সাক্ষাত করে বলল, ইয়া রাস্লাল্লাহ্! কিয়ামত কখন হবে? নবী ক্রান্ত্রী বললেন ঃ তুমি তার জন্য কি প্রস্তুতি গ্রহণ করেছ? এতে লোকটি যেন কিছুটা লজ্জিত হল। তারপর বলল, ইয়া রাস্লাল্লাহ্! রোযা, নামায, সাদাকা খুব একটা তার জন্য করতে পারিনি। তবে আমি আল্লাহ্ ও তাঁর রাস্লকে ভালবাস। তিনি বললেন ঃ তুমি যাকে ভালবাস (কিয়ামতে) তার সাথেই থাকবে।

٣٠١٥ بَابُ مَا ذُكِرَ أَنَّ النَّبِيِّ إِلَيَّ لَمْ يَكُنْ لَهُ بَوَّابً

৩০১৫. অনুচ্ছেদ ঃ উল্লেখ আছে যে, নবী ্ল্ল্ল্র-এর কোন দারোয়ান ছিল না

৬৬৬৯ ইস্হাক্ ইব্ন মানসূর (র)..... সাবিত বুনানী (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আনাস ইব্ন মালিক (রা)-কে তাঁর পরিবারের একজন মহিলাকে এ মর্মে বলতে শুনেছি যে, তুমি কি অমুক মহিলাকে চেনঃ সে বলল, হাা। আনাস (রা) বললেন, একবার নবী ক্রীষ্ট্রি তাঁর নিকট দিয়ে যাচ্ছিলেন। সে তখন একটি কবরের পাশে কাঁদছিল। নবী স্ক্রান্ত্র তাকে বললেন ঃ আল্লাহ্কে ভয় কর এবং ধৈর্য ধারণ কর। তখন সে বলল, আমার কাছ থেকে সরে যাও, কেননা, তুমি আমার মুসীবত থেকে মুক্ত। আনাস (রা) বলেন, নবী ক্রান্ত্রেই তাঁকে অতিক্রম করে চলে গেলেন। এ সময় অপর লোক তার পাশ দিয়ে যাচ্ছিল। সে তাকে জিজ্ঞাসা করল, রাস্লুল্লাহ্ ক্রান্ত্রেই তোমাকে কি বললেন। স্ত্রীলোকটি বলল, আমি তো তাঁকে চিনতে পারিনি। লোকাট বলল, ইনিই তো রাস্লুল্লাহ্ ক্রান্ত্রেই । তিনি বললেন, পরে সে (স্ত্রীলোকটি) রাস্লুল্লাহ্ ক্রান্ত্রেই এর দরজায় আসল। তবে দরজায় কোন দারোয়ান দেখতে পেল না। তখন সে বলল, ইয়া রাস্লাল্লাহ্! আল্লাহ্র শপথ! আমি আপনাকে চিনতে পারিনি। নবী ক্রান্ত্রেই বললেন ঃ প্রথম আঘাতেই ধৈর্য ধারণ করতে হয়।

٣٠١٤ بَابُ الْحَاكِمُ يَحْكُمُ بِالْقَتْلِ عَلَى مَنْ وَجَبَ عَلَيْهِ دُوْنَ الْإِمَامِ الَّذِي فَوْقَهُ

৩০১৪. অনুচ্ছেদ ঃ বিচারক উপরস্থ শাসনকর্তার বিনা অনুমতিতেই হত্যাযোগ্য আসামীকে মৃত্যুদণ্ড প্রদান করতে পারেন

[٦٦٧] حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَالِدٍ قَالَ حَدَّثَنَا الأَنْصَارِيُّ مُحَمَّدُ قَالَ حَدَّثَنِي اَبِي عَنْ ثُمَامَةَ عَنْ اَنَسِ اَنَّ قَيْسَ بْنَ سَعْدٍ كَانَ يَكُوْنَ بَيْنَ يَدَيِ النَّبِيِّ آلِيُّ بِمَنْزِلَةٍ صَاحِبِ الشُّرَطِ مِنَ الْاَمِيْرِ –

৬৬৭০ মুহাম্মদ ইব্ন খালিদ যুহলী (র.) আনাস (রা) থেকে বর্ণিত যে, কায়স ইব্ন সা'দ নবী ক্রিট্রিই -এর সামনে এরপ থাকতেন যেরূপ আমীরের (রাষ্ট্রপ্রধানের) সামনে পুলিশ প্রধান থাকেন।

آلاً عَدَّثَنَا اَبُوْ بُرْدَةَ عَنْ اَبِى مُوسَى اَنَّ النَّبِى عَنْ قُرَّةَ قَالَ حَدَّثَنِي حُمَيْدُ بِنُ هِلاَلٍ قَالَ حَدَّثَنَا اَبُوْ بُرْدَةَ عَنْ اَبِى مُوسَى اَنَّ النَّبِى لَيْ الْكَبِي لَيْ الْكَبِي اللّهِ بَنُ الصَّبَاحِ قَالَ حَدَّثَنَا مَحْبُوبُ بِنُ الْحَسَنِ قَالَ حَدَّثَنَا خَالِدٌ عَنْ حُمَيْد بِن هِلاَل اللّهِ بِنُ الصَّبَاحِ قَالَ حَدَّثَنَا مَحْبُوبُ بِنُ الْحَسَنِ قَالَ حَدَّثَنَا خَالِدٌ عَنْ حُمَيْد بِن هِلاَل عِنْ اللّهِ بِنُ الصَّبَاحِ قَالَ حَدَّثَنَا خَالِدٌ عَنْ حُمَيْد بِن هِلاَل عِنْ اللّهِ بِنُ اللّهِ مُوسَلَى اَنَّ رَجُلاً اسْلَمَ ثُمَّ تَهَوَّدَ ، فَالَا لاَ اجْلِسُ حَتَّى اَقْتُلُهُ قَضَاءُ اللّه وَ اللّهِ وَاللّهُ لَهُ اللّهُ لَهُ اللّهُ الللللّهُ اللللللللللللللّهُ اللّهُ اللّهُ الللللللللللللللللل

ডি৬৭১ মুসাদাদ (র) আবৃ মৃসা (রা) থেকে বর্ণিত যে, নবী ক্রিট্রি তাঁকে (গভর্নর করে) পাঠালেন এবং তার পশ্চাতে মু'আয (রা) ক্রিট্রি -কেও পাঠালেন। অন্য সনদে পরবর্তী অংশটুকু আবদুল্লাহ্ ইব্ন সাধ্বাহ্ (র) আবৃ মৃসা (রা) থেকে বর্ণিত যে, এক ব্যক্তি ইসলাম গ্রহণ করার পর পুনরায় ইয়হুদী ধর্ম অবলম্বন করে। তার কাছে মু'আয ইব্ন যাবাল (রা) এলেন। তখন সে লোকটি আবৃ মৃসা (রা) -এর কাছে ছিল। তিনি মু'আয (র) জিজ্ঞাসা করলেন, এর কি হয়েছেঃ তিনি বললেন, ইসলাম গ্রহণ করেছিল। অতঃপর ইহুদী হয়ে গেছে। মু'আয (রা) বললেন, একে হত্যা না করে আমি বসব না। আল্লাহ্ ও তাঁর রাসূলের বিধান (এটাই)।

٣٠١٧ بَابٌ هَلْ يَقْضِي الْحَاكِمُ أَوْ يُفْتِي وَهُو غَضْبَانُ

৩০১৭. অনুচ্ছেদ ঃ রাগের অবস্থায় বিচারক বিচার করতে এবং মুফ্তী ফাত্ওয়া দিতে পারবেন কি

آلك عَبْدُ الرَّحْمُنِ ابْنُ أَبِى بَكْرَةَ قَالَ كَتَبَ اَبُوْ بَكْرَةَ الْمَلِك بْنُ عُمَيْرِ قَالَ سَمِعْتُ عَبْدُ الرَّحْمُنِ ابْنَ اَبِى بَكْرَةَ قَالَ كَتَبَ اَبُوْ بَكْرَةَ الَى ابْنه وَكَانَ بسجستانَ اَنْ لاَ تَقْضَى بَيْنَ اثْنَيْنِ وَاَنْتَ غَضْبَانُ فَانِي سَمِعْتُ النَّبِي النَّبِي النَّهَ يَوُلُ لاَ يَقْضَيَنَ حَكَمُ بَيْنَ اثْنَيْنِ وَهُوَ غَضْبَانُ -

৬৬৭২ আদাম (র.) আবদুর রাহমান ইব্ন আবূ বাকরা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন যে, আবূ বাকরা (রা) তাঁর ছেলেকে লিখে পাঠালেন- সে সময় তিনি সিজিস্থানে অবস্থানরত ছিলেন যে, তুমি রাগের অবস্থায় বিবদমান দু'ব্যক্তির মাঝে ফায়সালা করো না। কেননা, আমি নবী ক্রান্ত্রী -কে বলতে শুনেছি যে, কোন বিচারক রাগের অবস্থায় দু'জনের মধ্যে বিচার করবে না।

آ آ آلَكَ اللهِ عَنْ قَلْ اللهِ اللهِ عَنْ اللهِ اللهِ عَنْ اللهِ مَبَارَكَ قَالَ اَخْبَرَنِي اسْمُعِيْلُ الْنُ مَبَارِكَ قَالَ اَخْبَرَنِي اسْمُعِيْلُ الْنِي حَالِم عَنْ اَبِي مَسْعُود الْاَنْصَارِي جَاءَ رَجُلُ اللهِ ابْنُ وَالله لاَتَأَخَّرُ عَنْ صَلاَة الْغَدَاة مِنْ اَجْلُ فُلاَن رَسُولَ اللهِ انْ وَالله انْ وَالله لاَتَأَخَّرُ عَنْ صَلاَة الْغَدَاة مِنْ اَجْلُ فُلاَن مِسَّا يُطِيْلُ بِنَا فِيْهَا قَالَ فَمَا رَايْتُ النَّبِي وَالله عَنْ اَلله الله الله عَنْ عَضَابًا فِي مَوْعِظَة مِنْهُ مِنْ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهِ

ড৬৭৩ মুহাম্মদ ইব্ন মুকাতিল (র) আবৃ মাসউদ আনসারী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি রাস্লুল্লাহ্ ক্রিট্র -এর কাছে এসে বলল, ইয়া রাস্লুল্লাহ্! আল্লাহ্র শপথ! আমি অমুক ব্যক্তির কারণে ফজরের জামাতে উপস্থিত হই না। কেননা, তিনি আমাদেরকে নিয়ে দীর্ঘ নামায আদায় করেন। আবৃ মাসউদ (রা) বলেন, আমি নবী ক্রিট্রেল্র -কে কোন ওয়াযে সে দিনের মত অধিক রাগান্বিত হতে আর দেখিনি। এরপর তিনি বললেন ঃ হে লোক সকল! তোমাদের মধ্যে কেউ কেউ বিতৃষ্ণার উদ্রেককারী রয়েছে। অতএব তোমাদের মধ্যে যে কেউ লোকদেরকে নিয়ে নামায আদায় করবে, সে যেন সংক্ষিপ্ত করে। কেননা, তাদের মধ্যে রয়েছে বয়ন্ধ, দুর্বল ও কর্মব্যস্ত লোকেরা।

آلكَ عَبْدُ الله مُحَمَّدُ بْنُ ابِي يَعْقُوْبَ الْكَرْمَانِيُّ قَالَ حَدَّثَنَا حَسَّانُ بْنُ ابْرَاهِيْمَ قَالَ حَدَّثَنَا يُونُسُ قَالَ مُحَمَّدُ اَخْبَرَنِي سَالِمُ بْنُ عَبْدِ الله اَنَّ عَبْدَ الله بْنَ عُمَرَ اَخْبَرَهُ اَنَّهُ طَلَّقَ امْرَاْتَهُ وَهِي حَائِضٌ فَذَكَرَ عُمَرُ للنَّبِي لِللَّهِ فَتَغَيَّظَ فِيْهِ رَسُوْلُ الله لَهُ الله لَمُ قَالَ ليراجعْهَا ثُمَّ ليُمُسكُها حَتَّى تَطْهُرَ ثُمَّ تَحِيْضَ فَتَطْهُرَ فَانَ بَدَالَهُ اَنْ يُطَلِّقَهَا فَلْيُطَلِّقُهَ ليراجعْها ثُمُّ ليُمُسكُها حَتَّى تَطْهُرَ ثُمَّ تَحِيْضَ فَتَطْهُرَ فَانَ بَدَالَهُ اَنْ يُطَلِّقَهَا فَلْيُطَلِّقُهَ قَالَ الله مُحَمَّدُ هُو الْزُهْرِيُّ-

ডি৬৭৪ মুহাম্মদ ইব্ন আবৃ ইয়াকৃব কিরমানী (র) আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি তাঁর স্ত্রীকে ঋতুবতী অবস্থায় তালাক দিয়েছিলেন। উমর (রা) এ ঘটনা নবী ক্রিট্রেই -এর কাছে বর্ণনা করেন। এতে রাস্লুল্লাহ্ ক্রিট্রের রাগান্বিত হন। এরপর তিনি বলেন ঃ সে যেন তার স্ত্রীকে ফিরিয়ে আনে এবং তাকে আটকিয়ে রাখে, যতক্ষণ পর্যন্ত সে পবিত্র হয়ে পুনরায় ঋতুবতী না হয় এবং পুনরায় পবিত্র না হয়। এরপরও যদি তার তালাক দেওয়ার প্রয়োজন হয়, তাহলে যেন তখন (পবিত্রাবস্থায়) তালাক দেয়। আবৃ আবদুল্লাহ (বুখারী) (রা) বলেন, য়ুহ্রী-ই মুহাম্মদ।

٣٠١٨ بَابُ مَنْ رَاىَ قَساضِىَ أَنَّ يَحْكُمَ بِعِلْمِهِ فِي أَمْسِ النَّاسِ إِذَا لَمْ يَخَفِ الظَّنُوْنَ وَالتُّهُمَةَ كَمَا قَالَ النَّبِيُّ إِلَيْهِ لَهِنْدٍ خُذِي مَا يَكُفِيْكِ وَوَلَدَكِ بِالْمَعْرُوْفِ، وَذَٰلِكَ اِذَا كَانَ اَمَرُ مَشْهُوْرً —

৩০১৮. অনুচ্ছেদ ঃ যে ব্যক্তি মনে করে যে, বিচারকের তার জ্ঞানের ভিত্তিতে লোকদের ব্যাপারে বিচার ফায়সালা করার অধিকার রয়েছে। যদি জনগণের কুধারণা ও অপবাদের ভয় তার না থাকে। যেমন নবী ক্রিয়াল বিন্ত উত্বাকে বলেছিলেন, তুমি তোমার (স্বামী আবৃ সুফিয়ানের সম্পদ থেকে) এতটুকু পরিমাণ গ্রহণ কর, যতটুকু তোমার ও তোমার সন্তানের জন্য যথেষ্ট হবে ন্যায়সঙ্গতভাবে। আর এটা হবে তখন, যখন বিষয়টি খুবই প্রসিদ্ধ

آلاً حَدَّثَنَا اَبُوْ الْيَمَانِ قَالَ اَخْبَرَنَا شُعَيْبٌ عَنِ الزُّهْرِيِ قَالَ حَدَّثَنِي عُرُوةُ اَنَّ عَائِشَةَ قَالَتْ جَاءَتْ هِنْدُ بِنْتُ عُتْبَةَ بْنِ رَبِيْعَةَ فَقَالَتْ يَارَسُوْلَ اللّهِ وَاللّهِ مَا كَانَ عَلَى ظَهْرِ الْاَرْضِ اَهْلُ خَبَائِكَ وَمَا اَصْبَحَ الْيَوْمَ عَلَى ظَهْرِ الْاَرْضِ اَهْلُ خَبَاءً اَحَبُّ اللَّي اَنْ يَعِزُوا مِنْ اَهْلِ خَبَائِكَ ثُمَّ قَالَتُ اِنَّ اَبَا سُفْيَانَ رَجُلُّ الْاَرْضِ اَهْلُ خَبَائِكَ ثُمَّ قَالَتُ اِنَّ اَبَا سُفْيَانَ رَجُلُّ مَسِيْكُ ، فَهَلُ عَبَاء لَحَرَجَ مِنْ اَنْ اَطْعَمَ الَّذِي لَهُ عَيَالَنَا ؟ قَالَ لَهَا لاَ حَرَجَ عَلَيْكِ اَنْ لَطُعُميْهُمْ مِنْ مَعْرُوْفٍ —

ডিউ৭ে আবুল ইয়ামান...... আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একঁদা হিন্দা বিন্ত উত্বা (রা) নবী ক্রিট্রা এর নিকট এসে বলল, ইয়া রাস্লাল্লাহ্। আল্লাহ্র কসম। যমীনের বুকে এমন কোন পরিবার ছিল না, আপনার পরিবারের চেয়ে যার লাঞ্ছনা ও অবমাননা আমার নিকট বেশি প্রিয় ও পছন্দনীয় ছিল। কিছু আজ আমার নিকট এরপ হয়েছে যে, এমন কোন পরিবার যমীনের বুকে নেই, যে পরিবার আপনার পরিবারের চাইতে বেশি উত্তম ও সম্মানিত। তারপর হিন্দা (রা) বলল, আবৃ সুফিয়ান (রা) একজন ভীষণ কৃপণ লোক। কাজেই আমি আমাদের সন্তানদেরকে তার সম্পদ থেকে খাওয়াই, আমার জন্য এটা দোষের হবে কিঃ নবীজী ক্রিট্রা তখন বললেনঃ না, তোমার জন্য তাদেরকে খাওয়ানো কোন দোষের হবে না, যদি তা ন্যায়সঙ্গত হয়।

٣٠١٩ بَابُ الشَّهَادَةِ عَلَى الْخَطِّ الْمَخْتُومُ وَمَا يَجَوْزُ مِنْ ذَٰلِكَ وَمَا يَضِيْقُ عَلَيْهِ وَكِتَابِ الشَّاسِ كِتَابُ الْحَاكِمِ وَقَالَ بَغْضُ النَّاسِ كِتَابُ الْحَاكِمِ

جَائِزٌ إِلاَّ فِي الْحُدُودِ ثُمَّ قَالَ إِنْ كَانَ الْقَتْلُ خَطَا فَهُو جَائِزٌ لاِّنَّ هٰذَا مَالِ بِزَعْمِهِ وَانِّمَا صَارَ مَالاً بَعْدَ أَنْ تَبَتَ الْقَتْلُ وَالْخَطَأْ وَالْعَمْدُ وَاحِدٌ ، وَقَدْ كَتَبَ عُمَرُ إِلِي عَامِلِهِ فِي الْجَارُوْدِ وَكَتَبَ عُمَرُبْنُ عَبْدِ الْعَزِيْزِ فِي سِنَّ كُسِرَتْ ، وَقَالَ اِبْرَاهِيْمُ كِتَابُ الْقَاضِي إِلَى الْقَاضِي جَائِزٌ إِذَا عَرَفَ الْكِتَابَ وَالْخَاتَمَ وَكَانَ الشَّعْبِيُّ يُجِيْزُ الْكِتَابَ الْمَخْتُومَ . بِمَا فِيهِ مِنَ الْقَاضِي ، وَيُرُورَى عَنِ ابْنِ عُمَرَ نَحْوُهُ ، وَقَالَ مُعَاوِيَةُ بْنُ عَبْدِ الْكَرِيْم الثَّقَفِيُّ شَهِدْتُ عَبْدَ الْمَلِكِ بْنَ يَعْلَى قَاضِيَ الْبَصْدَةِ وَاِيَاسَ بْنَ مُعَاوِيَةَ وَالْحَسَنَ وَتُمَسَامَـةً بْنَ عَـبْدِ اللَّهِ بْنُ أَنَسٍ وَبِلالَ بْنَ آبِي بُرْدَةً وَعَـبْدَ اللَّهِ بْنَ بُرَيْدَةَ الْاَسْلَمِيُّ وَعَامِرَ بْنَ عَبِيْدَةَ وَعَبَّادَ بْنِ مَنْصُوْرٍ يُجِيْزُوْنَ كُتُبَ الْقُضَاةِ بِغَيْرِ مَحْضَرٍ مِنَ الشُّهُوْدِ فَإِنْ قَالَ الَّذِي جِيْءَ عَلَيْهِ بِالْكِتَابِ اَنَّهُ زُوْرٌ ، قِيْلَ لَهُ اِذْهَبْ فَالْتَمِسِ الْمَخْرَجَ مِنْ ذُلِكَ وأَوَّلُ مَنْ سَالَ عَلَى كِتَابِ الْقَاضِي الْبَيِّنَةَ ابْنُ أَبِي لَيْلِي وَسَوَارُ بْنُ عَبْدِ اللَّهِ وَقَالَ لَنَا اَبُوْ نُعَيْمِ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُحْرِزٍ جِئْتُ بِكِتَابٍ مِنْ مُوْسَلَى بْنُ اَنَسٍ قَاضِي الْبَحسْرَةِ وَأَقَمْتُ عِنْدَهُ الْبَيَّنَةَ أَنَّ لِي عِنْدَ فُلاَن كَذَا وَكَذَا وَهُوَ بِالْكُوْفَةِ وَجِئْتُ بِهِ الْقَاسِمُ بْنَ عَبْدِ الرَّحْمَٰنِ فَاجَازَهُ ، وَكَرِهَ الْحَسَنُ وَٱبُّواْ قِلابَةَ ٱنْ يَشْهَدَ عَلَى وَصبِيَّةٍ حَتَّى يُعْلَمُ مَا فِيْهَا لأِنَّهُ لاَ يَدْرِي لَعْلَ فِيهَا جَوْرًا ، وَقَدْ كَتَبَ النَّبِيُّ ﷺ إِلَى اَهْلِ خَيْبَرَ إِمًّا أَنْ تَدُواْ صَاحِبَكُمْ ،وَإِمًّا أَنْ تُوْذِنُوا بِحَرْبَ وَقَالَ الزُّهْرِيُّ فِي شَهَادَةٍ عَلَى الْمَرْأَةِ مِنْ وَرَاءِ السِّتْرِ أَنْ عَرَفْتَهَا فَأَشْهَدْ وَالِاَ فَلاَّ تَشْهَدْ-

৩০১৯. অনুচ্ছেদ ঃ মোহরকৃত চিঠির ব্যাপারে সাক্ষ্য, এতে যা বৈধ ও যা সীমিত করা হয়েছে। রাষ্ট্র পরিচালকের চিঠি প্রশাসকদের কাছে এবং বিচারপতির চিঠি বিচারপতির কাছে। কোন কোন লোক বলেছেন, 'হদ' (শরীয়তের নির্ধারিত শাস্তি) ব্যতীত অন্যান্য ব্যাপারে রাষ্ট্র পরিচালককে চিঠি দেওয়া বৈধ। এরপর তিনি বলেছেন, হত্যা যদি ভুলবশত হয় তাহলে রাষ্ট্র পরিচালকের চিঠি বৈধ। কেননা, তাঁর মতে এটি মাল সংক্রান্ত বিষয়। অথচ এটি মাল সংক্রান্ত বিষয় বলে ঐ সময় প্রতীয়মান হবে, যখন হত্যা প্রমাণিত হবে। ভুলবশত হত্যা ও ইচ্ছাকৃত হত্যা একই। উমর (রা) তাঁর কর্মকর্তার নিকট জারুদের উত্থাপিত অভিযোগের ভিত্তিতে চিঠি লিখেছিলেন। উমর ইব্ন আবদুল আজিজ (র) ভেঙ্গে যাওয়া দাঁতের ব্যাপারে চিঠি লিখেছিলেন। ইব্রাহীম (র) বলেন, লেখা ও মোহর যদি চিনতে পারেন, তাহলে বিচারপতির কাছে অন্য বিচারপতির চিঠি লেখা বৈধ। শাবী বিচারপতির পক্ষ থেকে মোহরকৃত চিঠি বৈধ মনে করতেন। ইব্ন উমর (রা) থেকেও অনুরূপ বর্ণিত। মুআবিয়া ইব্ন আবদুল কারীম সাকাফী বলেন, আমি বস্রার বিচারপতি আবদুল মালিক ইব্ন ইয়ালা, ইয়স ইব্ন মুআবিয়া, হাসান, সুমামাহ ইব্ন আবদুল্লাহ্ ইব্ন আনাস, বিলাল ইবন আব্ বুরদা, আবদুল্লাহ্ ইব্ন বুরায়দা, আসলামী, আমের ইব্ন

আবীদা ও আব্বাদ ইব্ন মানস্রকে প্রত্যক্ষ করেছি, তাঁরা সকলেই সাক্ষীদের অনুপস্থিতিতে বিচারপতিদের চিঠি বৈধ মনে করতেন। চিঠিতে যার বিরুদ্ধে অভিযোগ আনা হত সে যদি একে মিথ্যা বা জাল বলে দাবি করত, তাহলে তাকে বলা হত যাও, এ অভিযোগ থেকে মুক্তির পথ অম্বেষণ কর। সর্বপ্রথম যারা বিচারপতির চিঠির ব্যাপারে প্রমাণ দাবি করেছেন তারা হলেন, ইব্ন আবৃ লায়লা এবং সাওয়ার ইব্ন আবদুল্লাহ্

আবৃ নৃ'আয়ম (র) আমাদের বলেছেন, উবায়দুল্লাহ্ ইব্ন মুহ্রেয আমাদের কাছে বর্ণনা করেছেন যে, "আমি বস্রার বিচারপতি মৃসা ইব্ন আনাদের কাছ থেকে চিঠি নিয়ে আসলাম। সেখানে আমি তাঁর নিকট এ মর্মে প্রমাণ পেশ করলাম যে, অমুকের নিকট আমার এত এত পাওনা আছে, আর সে কৃফায় অবস্থানরত। এ চিঠি নিয়ে আমি কাসেম ইব্ন আবদুর রাহমানের কাছে আসলাম, তিনি তা কার্যকর করলেন। হাসান ও আবৃ কেলাবা অসিয়্যতনামায় কি লেখা আছে তা না জেনে তার সাক্ষী হওয়াকে মাক্রহ মনে করতেন। কেননা, সে জানে না, হয়ত এতে কারো প্রতি অবিচার করা হয়েছে। নবী ক্রিম্মার্থী খায়বারবাসীদের প্রতি চিঠি লিখেছিলেন যে, হয়ত তোমরা তোমাদের সাথীর 'দিয়ত' (রক্তপণ) আদায় কর, না হয় যুদ্ধের ঘোষণা গ্রহণ কর। পর্দার অন্তরাল থেকে মহিলাদের ব্যাপারে সাক্ষ্য দেওয়া সম্পর্কে ইমাম যুহরী বলেন, যদি তুমি তাকে চিনতে পার তাহলে তার সম্পর্কে সাক্ষ্য দেবে, তা না হলে সাক্ষ্য দেবে না

آ كَلَّ اللَّهُ مُحَمَّدُ بْنُ بَشُّارٍ قَالَ حَدَّثَنَا غُنْدَرٌ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ سَمعْتُ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ لَمَّا أَرَادَ النَّبِيُ لِلَّهُ أَنْ يَكْتُبَ اللَّي الرُّوْمِ قَالُوْا انِّهُمْ لاَ يَقْرَوْنَ كَتَابًا الاَ مَخْتُوْمًا فَاتَّخَذَ النَّبِيُ لِلَّهُ خَاتَمًا مِنْ فَضَّة كَانِّيْ أَنْظُرُ اللَّي وَبِيْصِهِ وَنَقْشُهُ مُحَمَّدُ رُسُولُ اللَّه -

৬৬৭৬ মুহাম্মদ ইব্ন বাশ্শার (র)...... আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রাম্রাই যখন রোম সমাটের কাছে চিঠি লিখতে চাইলেন, তখন লোকেরা বলল, মোহরকৃত চিঠি না হলে তারা তা পাঠ করে না। তাই নবী ক্রাম্রাই একটি রূপার আংটি তৈরি করলেন। আনাস (র) বলেন আমি এখনও যেন এর উজ্জ্ল্য প্রত্যক্ষ করছি। তাতে مُحَمَّدُ رَّسُوْلُ اللَّه অংকিত ছিল।

٣٠٢٠ بَابُ مَتَى يَسْتَوْجِبُ الرَّجُلُ الْقَضَاءَ ، وَقَالَ الْحَسَنُ اَخَذَ اللَّهُ عَلَى الْحُكَّامِ اَنْ لاَ يَتْبِعُواْ الْهَوْى ، وَلا يَخْشُواْ النَّاسَ ، وَلا يَشْتَرُواْ بِايَاتِهِ ثَمَنًا قَلِيْلاً ، ثُمَّ قَرَأْ : يَا دَاوُدُ اِنَّا جَعَلْنَاكَ خَلِيْفَةً فِي الْاَرْضِ فَاحْكُمْ بَيْنَ النَّاسِ بِالْحَقِّ وَلا تَتَّبِعِ الْهَوْى فَيُضِلِّكَ عَنْ سَبِيلِ اللّهِ لَهُمْ عَنَابٌ شَدِيْدٌ بِمَا نَسُواْ يَوْمَ سَبِيلِ اللّهِ لَهُمْ عَنَابٌ شَدِيْدٌ بِمَا نَسُواْ يَوْمَ الْحِسَابِ، وَقُرْراً النَّا النَّبِيُّونَ عَنْ سَبِيلِ اللّهِ لَهُمْ عَنَابٌ شَدِيْدٌ بِمَا النَّبِيُّونَ الدِيْنَ الْدَيْنَ النَّوْرَاةَ فِيلَهَا هُدًى وَتُورُ يَحْكُمُ بِهَا النَّبِيُّونَ الدِيْنَ الْدَيْنَ الْدَيْنَ النَّوْرَاةَ فِيلَهَا هُدًى وَتُورُ يَحْكُمُ بِهَا النَّبِيلُونَ الدِيْنَ الْدَيْنَ النَّوْلِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ الله

وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا اَنْزَلَ اللّٰهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ وَقُرْأُ وَدَاوُدَ وَسَلَيْمَانَ اذْ يَحْكُمَانِ فَي الْحَرْثِ اِذْ نَفَشَتْ فِيهِ غَنَمُ الْقَوْمِ وَكُنّا لِحُكُمهِمْ شَاهِدِيْنَ فَفَهّمْنَا هَا سَلَيْمَانَ وَكُلاً فِي الْحَرْثِ اللّٰهُ مِنْ اَمْرٍ هٰذَيْنِ أَتَيْنَا حُكْمًا وَعُلْمًا ، فَحَمِدَ سَلَيْمَانَ وَلَمْ يَلُمْ دَاوِدَ ، وَلَوْ لاَ مَا ذَكَرَ اللّٰهُ مِنْ اَمْرٍ هٰذَيْنِ لَرَ النّيْتُ اَنَّ الْقُضَاةَ هَلَكُوا فَانَّهُ اَثْنَى عَلَى هٰذَا بِعِلْمِهِ وَعَذَرَ هٰذَا بِإِجْتِهَادِهِ ، وَقَالَ لَرَ النّيْتَ اللّٰ اللّٰهُ مِنْ اَمْرُ بُنُ عَبْدُ الْعَزِيْزِ خَمْسٌ إِذَا اَخَطَا الْقَاضِيْ مَنْهُنَّ خَصْلَةً مُنْ الْعَلْمِ وَصْمَةً اَنْ يَكُونَ فَهِمًا حَلِيْمًا عَفِيْفًا صَلِيْبًا عَالِمًا سَوْلاً عَنِ الْعِلْمِ

৩০২০. অনুচ্ছেদ ঃ লোক কখন বিচারক হওয়ার যোগ্য হয়। হাসান (র) বলেন, আল্লাহ্ তা'আলা বিচারকদের থেকে অঙ্গীকার নিয়েছেন যে, তারা যেন কখনও প্রবৃত্তির অনুসরণ না করেন, মানুষকে ভয় না করেন এবং স্বল্প মূল্যের বিনিময়ে আল্লাহ্র আয়াতকে বিক্রয় না করেন। এরপর তিনি (এর প্রমাণ হিসাবে পড়লেন। ইরশাদ হলোঃ হে দাউদ! আমি তোমাকে পৃথিবীতে প্রতিনিধি করেছি। অতএব তুমি লোকদের মধ্যে সুবিচার কর এবং খেয়াল-খুশীর অনুসরণ করবে না। কেননা তা তোমাকে আল্লাহ্র পথ থেকে বিচ্যুত করবে। যারা আল্লাহ্র পথ পরিত্যাগ করে তাদের জন্য রয়েছে কঠিন শান্তি। কারণ তারা বিচার দিবসকে বিস্মৃত হয়ে আছে (৩৮ ঃ ২৬)। তিনি আরো পাঠ করলেন, (মহান আল্লাহ্র বাণী) ঃ আমি তাওরাত অবতীর্ণ করেছিলাম। এতে ছিল পথনির্দেশ ও আলো। নবীগণ, যারা আল্লাহ্র অনুগত ছিল তারা ইল্দীদের তদনুসারে বিধান দিত, আরো বিধান দিত রাব্বানীরা এবং বিজ্ঞানীরা, কারণ তাদের করা হয়েছিল আল্লাহ্র কিতাবের রক্ষক.... আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তদনুসারে যারা বিধান দেয় না তারাই সত্য প্রত্যাখ্যানকারী (৫ ঃ ৪৪) এবং আরো পাঠ করলেন (আল্লাহ্ তা'আলার বাণী) ঃ স্মরণ কর দাউদ ও সুলায়মানের কথা, যখন তারা বিচার করেছিল শস্যক্ষেত্র সম্পর্কে; এতে রাতে প্রবেশ করেছিল কোন সম্প্রদারের মেষ; আমি প্রত্যক্ষ করছিলাম তাদের বিচার এবং সুলায়মানকে এ বিষয়ের মিমাংসা বৃঝিয়ে দিয়েছিলাম। আমি তাদের প্রত্যেককে দিয়েছিলাম প্রজ্ঞা ও জ্ঞান.... (২১ ঃ ৭৮ -৭৯)

(আল্লাহ্ তা'আলা) সুলায়মান (আ)-এর প্রশংসা করেছেন, তবে দাউদ (আ)-এর তিরস্কার করেননি। যদি আল্লাহ্ তা'আলা দু'জনের অবস্থাকেই উল্লেখ না করতেন, তাহলে মনে করা হত যে, বিচারকরা ধ্বংস হয়ে গেছেন। তিনি তাঁর (সুলায়মানের) ইল্মের প্রশংসা করেছেন এবং (দাউদকে) তাঁর (ভুল) ইজ্তিহাদের জন্য ক্ষমা করে দিয়েছেন।

মুযাহিম ইব্ন যুফার (র) বলেন উমর ইব্ন আবদুল আযীয (র) আমাদের বলেছেন যে, পাঁচটি গুণ এমন যে, কাষীর মধ্যে যদি একটিরও অভাব থাকে তা হলে সেটা তার জন্য দোষ বলে গণ্য হবে। তাকে হতে হবে বুদ্ধিমান, ধৈর্যশীল, পূত-পবিত্র চরিত্রের অধিকারী, দৃঢ়প্রত্যয়ী ও জ্ঞানী, জ্ঞানের অনুসন্ধিৎসু

٣٠٢١ بَابُ رِزْقِ الْحَاكِمِ وَالْعَامِلِيْنَ عَلَيْهَا ، وَكَانَ شُرَيْحٌ يَاْخُذُ عَلَى الْقَضَاءِ اَجْرًا ، وَكَانَ شُرَيْحٌ يَاْخُذُ عَلَى الْقَضَاءِ اَجْرًا ، وَقَالَتْ عَائِشَةٌ يَأْكُلُ الْوَصِيِّ بِقَدْرِ عُمَالَتِهِ وَاكَلَ اَبُوْ بَكْرٍ وَعُمَرُ

৩০২১. অনুচ্ছেদ ঃ প্রশাসক ও প্রশাসনিক কাজে নিয়োজিত ব্যক্তিদের ভাতা। বিচারপতি শুরায়হ্ (র) বিচার কার্যের জন্য পারিশ্রমিক গ্রহণ করতেন। আয়েশা (রা) বলেন, (ইয়াতীমের) তত্ত্বাবধানকারী সম্পদ থেকে তার পারিশ্রমিকের সমপরিমাণ খেতে পারবেন। আবৃ বকর (রা) ও উমর (রা) (রাষ্ট্রীয় ভাতা) ভোগ করেছেন

عَرْبِدُ ابْنُ أُخْتَ نَمِرٍ انَّ حُويْطِبَ بْنَ عَبِدِ الْعُزِّى اَلْنُهْرِىِ قَالَ اَخْبَرَنِى السَّائِبُ بْنُ عَبِدِ الْعُزَى اَخْبَرَهُ أَنَّ عَبِدَ اللّهِ بْنِ السَّعْدِى يَرْبِدُ ابْنُ أَخْتَ نَمِرٍ اَنَّ حُويْطِبَ بْنَ عَبِدِ الْعُزَى اَخْبَرَهُ أَلَمْ أُحَدَّتْ اَنَّكَ تَلَى مِنْ اَعْمَالِ السَّعْدِي الْخُبَرَهُ أَنَّهُ قَدِمَ عَلَى عُمَرَ فَى خُلافَتِهِ فَقَالَ لَهُ عُمَرُ أُلَمْ اُحَدَّتْ اَنَّكَ تَلِى مِنْ اَعْمَالاً فَاذَا أُعْطِيْتَ الْعُمَالَةَ كَرَهْتَهَا فَقُلْتُ بَلَى فَقَالَ عُمَرُ مَا تُرِيدُ الْى ذٰلِكَ النَّاسِ اَعْمَالاً فَاذَا أُعْطِيْتَ الْعُمَالَةَ كَرَهْتَهَا فَقُلْتُ بَلَى فَقَالَ عُمَرُ مَا اللّهِ عَلَى صَدَقَتَ عَلَى الْمُسلَميْنَ قَالَ عُمَرُ لاَ تَفْعَلْ فَانِي كُنْتُ ارَدْتُ الدِّيْ اَرَدْتَ وَكَانَ رَسُولُ اللّهِ يَعْطِينِي الْعُطَاءَ ، فَاقُولُ اعْطِهِ اَفْقَرَ الِيْهِ مِنَى حَتَى اعْطَانِى مَرَةً مَالاً ، فَقُلْتُ اعْطِهِ الْفَقَرَ الْيه مِنَى حَتَى اعْطَانِى مَرَةً مَالاً ، فَقُلْتُ اعْطِهِ الْفَقَرُ اللّهِ مِنَى حَتَى اعْطَانِى مَرَةً مَالاً مَوْدُولُ اللّهِ بَنَ عُمْرَ اللهِ مَنِى عَمْرَ يَقُولُ كَانَ النّبِي عُلْكَ اللهُ اللهِ الْمَالُ وَالْمُ بُنُ عَبْدِ اللّهِ أَنَّ عَبْدَ اللّهِ بْنَ عُمْرَ قَالَ سَمِعْتُ عُمْرَ يَقُولُ كَانَ النّبِي مِنْ فَقَالَ النّبِي مُنْ عُمْرَ قَالَ سَمِعْتُ عُمْرَ يَقُولُ كَانَ النّبِي مُنْ اللهُ مِنْ عُمْرَ يَقُولُ اللهُ مِنْ عُمْرَ يَقُولُ لَكَانَ النّبِي مُنْ اللهُ مَنْ اللّهُ مِنْ عُمْرَ يَقُولُ لَكُنَ النّبِي مُنْ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلْمَ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلْمَ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ الله

ডিড৭৭ আবুল ইয়ামান (র)...... আবদুল্লাহ্ ইব্ন সাদী (র) থেকে বর্ণিত। তিনি বর্ণনা করেন যে, উমর (রা)-এর খিলাফতকালে তিনি একবার তাঁর কাছে আসলেন। তখন উমর (রা) তাঁকে বললেন-আমাকে কি এ মর্মে অবগত করা হয়নি যে তুমি জনগণের অনেক দায়িত্ব আঞ্জাম দিয়ে থাক। অথচ যখন তোমাকে এর পারিশ্রমিক প্রদান করা হয়, তখন তুমি তা গ্রহণ করাকে অপছন্দ কর ? আমি বললাম, হাঁঁ। উমর (রা) বললেন, কি উদ্দেশ্যে তুমি এরূপ কর। আমি বললাম, আমার বহু ঘোড়া ও গোলাম রয়েছে এবং আমি ভাল অবস্থায় আছি। সুতরাং আমি চাই যে, আমার পারিশ্রমিক মুসলমান জনসাধারণের জন্য সাদাকা হিসাবে পরিগণিত হোক। উমর (রা) বললেন, এরূপ করো না। কেননা, আমিও তোমার মত এরূপ ইচ্ছা পোষণ করতাম। আর রাস্লুল্লাহ্ ক্রিট্রাই যখন আমাকে কিছু দিতেন, তখন আমি বলতাম, আমার চেয়ে যার প্রয়োজন বেশি তাকে প্রদান করন। এতে একবার তিনি আমাকে কিছু মাল দিলেন। আমি বললাম, আমার চেয়ে এ মালের প্রয়োজন যার বেশি তাকে দিন। তখন নবী ক্রিট্রাই বললেন ঃ একে গ্রহণ করে মালদার হও এবং বৃদ্ধি করে তা থেকে সাদাকা কর। আর এই মাল সম্পদের যা কিছু তোমার নিকট এভাবে আসে, তুমি যার প্রত্যাশী

নও বা প্রার্থী নও তা গ্রহণ করো । অন্যথায় তাহলে তার পিছনে নিজেকে নিরত করো না। যুহরী আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) সূত্রে বলেন, তিনি উমর (রা)-কে বলতে শুনেছেন যে, নবী ক্রাট্রাই আমাকে যখন কিছু দান করতেন, তখন আমি বলতাম, আমার চেয়ে যার প্রয়োজন বেশি তাকে দিন। এভাবে একবার তিনি আমাকে কিছু মাল দিলেন। আমি বললাম, আমার চেয়ে যার প্রয়োজন বেশি তাকে প্রদান করুন। তখন নবী ক্রাট্রাই বললেন ঃ একে গ্রহণ কর এবং বৃদ্ধি করে তা থেকে সাদাকা কর। আর এই প্রকার মালের যা কিছু তোমার কাছে এমতাবস্থায় আসে যে তুমি তার প্রত্যাশীও নও এবং প্রার্থীও নও তাহলে তা গ্রহণ কর। তবে যা এভাবে আসবে না তার পিছনে নিজেকে ধাবিত করো না।

٣٠٢٢ بَابُ مَنْ قَضَى وَلاَعَنْ فِي الْمَسْجِدِ ، وَلاَعَنَ عُمَرُ عِنْدَ مِنْبَرِ النَّبِيِّ إِلَيْ وَقَضَى مَصْرُوانُ عَلَى زَيْدِ بْنِ ثَابِت بِالْيَصِيْنِ عِنْدَ الْمِنْبَرِ النَّبِيِّ إِلَيْ وَقَصَى شُريْحُ وَالشَّعْبِيُّ وَيَحْيَى ابْنُ يَعْمَرُ فِي الْمَسْجِدِ ، وَكَانَ الْحَسَنُ وَزُرَارَةُ بْنُ أَوْفى يَقْضِيَانِ فِي المَسْجِدِ ، وَكَانَ الْحَسَنُ وَزُرَارَةُ بْنُ أَوْفى يَقْضِيَانِ فِي المَّحْبِ فَي المَسْجِدِ ، وَكَانَ الْحَسَنُ وَزُرَارَةُ بْنُ أَوْفى يَقْضِيانِ فِي الرَّحْبَةِ خَارِجًا مِنَ الْمَسْجِدِ

৩০২২. অনুচ্ছেদ ঃ যে ব্যক্তি মসজিদে বসে বিচার করে ও লি'আন ফরে। উমর (রা) নবী ক্রিট্রা -এর মিম্বরের সন্নিকটে লি'আন করিয়েছেন। মারওয়ান যায়িদ ইব্ন সাবিত (রা)-এর উপর নবী ক্রিট্রা -এর মিম্বরের কাছে কসম করার রায় দিয়েছিলেন। গুরায়হ্, শাবী, ইয়াহ্ইয়া ইব্ন ইয়ামার মসজিদে বিচার করেছেন। হাসান ও যুরারাহ্ ইব্ন আওফা (র) মসজিদের বাইরের চত্তরে বিচার করতেন

آ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ الزُّهْرِيُّ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ شَهِدْتُ الْمُتَلاعِنَيْنِ وَاَنَا ابْنُ خَمْسَ عَشْرَةَ فُرِّقَ بَيْنَهُمَا-

ডি৬৭৮ আলী ইব্ন আবদুল্লাহ্ (র)...... সাহল ইব্ন সাদ (রা) থেকে বর্ণিত। আমি দু'জন (স্বামী-স্ত্রী) লি'আনকারীকে প্রত্যক্ষ করেছি, তাদের বিবাহ বন্ধন ছিন্ন করে দেওয়া হয়েছিল। তখন আমার বয়স ছিল পনের বছর।

[٦٦٧٩ حَدَّثَنِيْ يَحْيِى قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ اَخْبَرَنِيْ ابْنُ جُرَيْجٍ اَخْبَرَنِيْ ابْنُ شَهْلٍ اَخْبَرَنِيْ ابْنُ شَهْلٍ اَخِيْ بَنِيْ سَاعِدَةَ اَنَّ رَجُلاً مِنَ الْاَنْصَارِ جَاءَ الِّي النَّبِيِّ لَلْكُ فَقَالَ اَرَايْتَ رَجُلاً مَنَ الْاَنْصَارِ جَاءَ الِّي النَّبِيِّ لَلْكُ فَقَالَ الرَّايْتِ رَجُلاً اَيَقْتُلُهُ فَتَلاَعَنَا فِي الْمَسْجِدِ وَانَا شَاهِدُ –

৬৬৭৯ ইয়াহ্ইয়া (র).... সাহল ইব্ন সা'দ (রা) বন্ সাঈদার ভ্রাতা থেকে বর্ণিত। তিনি বলেন যে, এক আনসারী ব্যক্তি নবী ক্রিট্রেই -এর নিকট এসে বলল, আপনার কি রায় ? যদি কোন ব্যক্তি তার স্ত্রীর সাথে অন্য কোন পুরুষকে দেখতে পায় তাহলে কি সে তাকে হত্যা করবে? পরে সে ব্যক্তি ও তার স্ত্রীকে মসজিদে লি'আন করানো হয়েছিল, তখন আমি সেখানে উপস্থিত ছিলাম।

১. স্বামী বা স্ত্রীর একে অপরের প্রতি যিনার অভিযোগ উত্থাপন করলে শরীয়তসম্মত বিধান মুতাবিক উভয়কে যে কসম করানো হয় তাকে 'লি'আন' বলে।

٣٠٢٣ بَابُ مَنْ حَكَمَ فِي الْمَسْجِدِ حَتِّى إِذَا أَتَى عَلَى حَدِّ آمَرَ أَنْ يُخْرَجَ مِنَ الْمَسْجِدِ فَيُقَامَ ، وَقَالَ عُمَرُ أَخْرِجَاهُ مِنَ الْمَسْجِدِ ، وَيُذْكَرُ عَنْ عَلِيّ نَحْوُهُ

৩০২৩. অনুচ্ছেদ ঃ যে ব্যক্তি মসর্জিদে বিচার করে। পরিশেষে যখন 'হদ' কার্যকর করার সময় হয়, তখন দণ্ডপ্রাপ্তকে মসজিদ থেকে বের করে হদ্ কার্যকর করার নির্দেশ দেয়। উমর (রা) বলেন, তোমরা দু'জন একে মসজিদ থেকে বাইরে নিয়ে যাও। আলী (রা) থেকেও এরূপ বর্ণনা পাওয়া যায়।

آمَهِ عَنْ النَّهُ مِنْ النَّهُ مِنْ النَّهُ اللهِ عَنْ البَيْ عَنْ اللَّهُ اللهِ عَنْ البَيْ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ اللهِل

৬৬৮০ ইয়াহ্ইয়া ইব্ন বুকায়র (র)...... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। এক ব্যক্তি রাস্লুল্লাহ্ ক্রিট্রার নিকট এল। তখন তিনি মসজিদে ছিলেন। লোকটি নবী ক্রিট্রেল্লাই কে ডেকে বলল, ইয়া রাস্লাল্লাহ্! আমি যিনা করে ফেলেছি। তিনি তার থেকে মুখ ফিরিয়ে নিলেন। এভাবে সে যখন নিজের ব্যাপারে চারবার সাক্ষ্য প্রদান করল, তখন তিনি বললেন ঃ তুমি কি পাগলা লোকটি বলল, না। তখন তিনি বললেন ঃ একে নিয়ে যাও এবং রজম (পাথর মেরে হত্যা) কর। ইব্ন শিহাব বলেন, জাবির ইব্ন আবদুল্লাহ্ (রা) থেকে যিনি ওনেছেন, তিনি আমাকে বলেছেন যে, যারা তাকে জানাযা পড়ার স্থানে নিয়ে রজম করেছিলেন আমি তাদের মধ্যে অন্তর্ভুক্ত ছিলাম। ইউনুস, মা'মার ও ইব্ন জুরায়জ (র) জাবির (রা) সূত্রে নবী ক্রিট্রেলি থেকে রজম সম্পর্কে এ হাদীসটি বর্ণনা করেছেন।

٣٠٢٤ بَابُ مَوْعِظَةِ الْإِمَامِ لِلْخُصُوْمِ

৩০২৪. অনুচ্ছেদ ঃ বিচারকের বিবদমান পক্ষকে উপদেশ দেয়া

آمَمَا عَنْ أَبِيْهِ عَنْ زَيْنَبَ بِنُ مَسْلَمَةَ عَنْ مَالِكِ عَنْ هِشَامٍ عَنْ أَبِيْهِ عَنْ زَيْنَبَ بِنْتِ أَبِيْ سَلَمَةَ عَنْ أَبِيهُ عَنْ أَمِّ سَلَمَةَ عَنْ أَمِّ سَلَمَةَ أَنَّ رَسُولَ اللهِ عَلَيِّ قَالَ انْمَا أَنَا بَشَرٌ وَانْكُمْ تَخْتَصِمُونَ اللّهِ عَلَيْ فَنَ اللّهِ عَلَيْ فَعَنْ أَمِّ سَلَمَةً مَنْ أَمِّ سَلَمَةً أَنْ يَكُونَ اللّهَ عَلَي نَحْوِ مَا اَسْمَعُ ، فَمَنْ وَلَعَلَّ بَعْضٍ فَاقْضِي عَلَى نَحْوِ مَا اَسْمَعُ ، فَمَنْ قَضَيْتُ لَهُ بِحَقِّ آخِيْهِ شَيْئًا فَلا يَأْخُذُهُ فَانَّمَا اَقْطَعُ لَهُ قِطْعَةً مِنَ النَّارِ –

৬৬৮১ আবদুল্লাহ্ ইব্ন মাস্লামা (র)...... উম্মে সালামা (রা) থেকে বর্ণিত যে, রাস্লুল্লাহ্ ক্রিট্রেবলেছেন ঃ আমিও মানুষ ছাড়া কিছু নই। তোমরা আমার কাছে বিবাদ নিয়ে এসে থাক। হয়ত তোমাদের

কেউ অন্যের তুলনার প্রমাণ উপস্থাপনের ব্যাপারে অধিক স্পষ্টবাদী। আর আমি তো যেরূপ শুনি সে ভিত্তিতেই বিচার করে থাকি। সুতরাং আমি যদি কারোর জন্য তার অপর কোন ভাইয়ের হক সম্পর্কে কোন ফায়সালা দেই, তবে সে যেন তা গ্রহণ না করে। কেননা, আমি তার জন্য যে অংশ নির্ধারিত করলাম তা তো এক টুক্রা আগুন মাত্র।

٣٠٢٥ بَابُ الشَّهَادَة تَكُوْنُ عِنْدَ الْحَاكِم في وِلاَيَتِهِ الْقَضَاءِ اَوْ قَبْلَ ذَٰلِكَ لِلْخَصْمِ، وَقَالَ شُرَيْحُ الْقَاضِيْ وَسَالَهُ انْسَانُ الشَّهَادَةَ فَقَالَ اَنْتِ الْاَمِيْرَ حَتَّى اَشْهَدَ لَكَ ، وَقَالَ عَكْرِمَةُ قَالَ عُمْرُ لِعَبْدِ الرَّحْمَٰنِ بِنِ عَوْف لَوْ رَاَيْتُ رَجُلاً عَلَى حَدّ زِنًا أَوْ سَرِقَة وَاَنْتَ عَكْرِمَةُ قَالَ عُمْرُ لَوْلاَ اَنْ يَقُولُ اَمْيُرُ، فَقَالَ شَهَادَةُ رَجُلِ مِنَ الْمُسْلِمِيْنَ ، قَالَ صَدَقْتَ قَالَ عُمْرُ لَوْلاَ اَنْ يَقُولُ النَّاسُ زَادَ عُمْرُ في كَتَابِ الله لَكَتَبْتُ الْيَةَ الرَّجْمِ بِيَدِي ، وَاقَرَّ مَاعِزُ عِنْدَ النَّبِي لِيَّ إِلَيْ اللهُ لَكَتَبْتُ النَّبِي لِيَالَيْ اللهُ لَكَتَبْتُ اللهُ لَكَتَبْتُ اللهُ ا

৩০২৫. অনুচ্ছেদ ঃ বিচারক নিজে বিবাদের সাক্ষী হলে, চাই তা বিচারকের পদে সমাসীন থাকাকালেই হোক কিংবা তার পূর্বে। বিচারক শুরায়হ্কে এক ব্যক্তি তার পক্ষে সাক্ষ্য দেওয়ার আবেদন করলে তিনি তাকে বললেন, তুমি শাসকের কাছে যাও, সেখানে আমি তোমার পক্ষে সাক্ষ্য দিব। ইক্রামা (র) বলেন যে, উমর (রা) আবদুর রহমান ইব্ন আওফ (রা)-কে বললেন, যদি তুমি শাসক হও, আর তুমি নিজে কোন ব্যক্তিকে হদের কাজ যিনা বা চুরিতে লিগু দেখ (তাহলে তুমি কি করবে?) উত্তরে তিনি বললেন (আপনি শাসক হওয়া সত্ত্বেও) আপনার সাক্ষ্য একজন সাধারণ মুসলমানের সাক্ষ্যের মতই। তিনি [উমর (রা)] বললেন, তুমি ঠিকই বলেছ। উমর (রা)বলেন, যদি মানুষ এরূপ বলবে রলে আশংকা না হত যে, উমর আল্লাহ্র কিতাবে নিজের পক্ষ থেকে বৃদ্ধি করেছে, তাহলে আমি নিজ হাতে রজমের আয়াত লিখে দিতাম। মায়েয নবী ক্রিট্রেই-এর কাছে চারবার যিনার কথা স্বীকার করেছিলেন; তখন তাকে রজম করার নির্দেশ দেন। আর এরূপ বর্ণনা পাওয়া যায় না যে, নবী ক্রিট্রেই উপস্থিত ব্যক্তিদের থেকে সাক্ষ্য গ্রহণ করেছেন। হামাদ (র) বলেন, বিচারকের নিকট কেউ একবার স্বীকার করলে তাকে রজম করা হবে। আর হাকাম (র) বলেন, চারবার স্বীকার করতে হবে

 قُريْشٍ وَتَدَعُ اسَدًا مِنْ اسْدِ اللهِ يُقَاتِلُ عَنِ اللّهِ وَرَسُوْلِهِ قَالَ رَسُوْلُ اللّهِ عَنِ اللّهِ عَنِ اللّهِ عَنَ النّبِي الْكَاهِ فَاسَّتُ اللّهِ عَنِ اللّيْثِ فَقَامَ النّبِي الْكَاهِ فَاسَّتُ فَالَا عَبْدُ اللّهِ عَنِ اللّيْثِ فَقَامَ النّبِي الْكَاهِ فَادَّاهُ اللّهِ عَنِ اللّيْثِ فَقَامَ النّبِي الْكَهِ فَادًا فَادًا اللهِ الْكَاهِ فَادَّاهُ اللهِ عَنِ اللّيْثِ فَقَامَ النّبِي الْكَهْ فَادًا وَاللّهُ فَادًا وَقَالَ اللهِ الْمَعْمَ الْمَلْ الْحَجَازِ الْحَاكِمُ لاَ يَقْضَى بِعِلْمِهِ شَهِدَ بِذُلكَ فَي ولاَيتِهِ أَوْ بَعْضَ اللهِ الْعَرَاقِ مَا سَمِعَ بَعْضَهِمْ حَتّى يَدْعُو بِشَاهِدَيْنِ فَيُحْضَرُهُمَا اقْرَارَهُ وَقَالَ بَعْضَ اللهِ الْعَرَاقِ مَا سَمِعَ اوْ رَاهُ فِي مَجْلِسِ الْقَضَى بِعَلْمِهِ فَي عَيْرِهِ لَمْ يَقْضِ الاَّ بشَاهِدَيْنِ ، وَقَالَ الْحَرُونَ مَنْهُمْ بَلْ يَقْضَى بِعِلاَهِ مَى عَيْرِهِ لَمْ يَقْضِ الاَّ بشَاهِدَيْنِ ، وَقَالَ الْحَرُونَ مَنْهُمْ بَلْ يَقْضَى بِعِلاَهُ مُونَّتَمَا يُرَادُ مِنَ الشَّهَادَةِ مَعْرِفَةُ الْحَقِّ فَعِلْمُهُ الْحَرُونَ مَنْهُمْ بَلْ يَقْضَى بِعِلْمَهِ فِي الْالشَّهَادَةِ مَعْرِفَةُ الْحَقِ فَعْلَمُهُ الْكُرُونَ وَقَالَ الشَّهَادَة غَيْرِهِ وَلَكَنَّ فَي يُعْضَى بَعِلْمِهِ فَى الْالشَّهَادَة عَيْرِهِ مَعَ الْ يَقْضَى بَعِلْمِهُ مَا الْمُسْلِمِيْنَ وَايْقَالًا لَهُمْ فِي وَقَالَ الشَّالُونَ وَقَالَ الشَّاهُ فَي وَلَيْقَاعًا لَهُمْ فِي الْطُنُونِ وَقَدْ كَرِهَ اللّهُ النَّبِي الْطَّنَ فَقَالَ النَّمَا هُذِهِ صَفِيَّةً الْمُسْلِمِيْنَ وَايْقَاعًا لَهُمْ فِي الطَّنُونَ وَقَدْ كَرِهَ اللْتُلْمَةُ مَا النَّبِي الْفَلْدُ وَالْ الْقُلْدُة وَاللَّا الْمُسْلَمِيْنَ وَالْفَلْدُ وَالْ اللْمُ الْعُومُ الْمُعْلِقِي وَالْمُ الْمَالُولُ اللْمُ الْمُسْلِمِيْنَ وَالْفَلْدُ وَالْمَا الْمُوالِ الْمُعْلَى الْمَالُولُ الْمَالُولُ اللْمُعْلِقَ الْمَالُولُ اللّهُ الْمُعْلَى الْمُعْقَالَ الْمُعْلَى الْمُعْمُ الْمُعْفَى الْمُعْلَى الْمُعْلِقِ الْمُعْلَى الْمُعْلِمُ الْمُعْلِقُ الْمَالُونُ وَقَالَ الْمُعْلَى الْمُعْمِ الْمُعْلِقِ الْمُعْلِقُ الْمُعْلِقُ الْمُعْلِقُ الْمُعْلَى الْمُعْلِقُ الْمُعْلِقُ الْمُعْلِمُ الْمُعْلِقُ الْمُعْلِقُ الْمُعْلِمُ الْمُعْلِقُ الْمُعْلِقُ

৬৬৮২ কুতায়বা (র)..... আবূ কাতাদা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, হুনায়নের দিন রাসূলুল্লাহ্ বলেন, শত্রুপক্ষের কোন নিহত ব্যক্তিকে হত্যা করার ব্যাপারে যার সাক্ষী আছে, সেই তার পরিত্যক্ত সম্পদ পাবে। (রাবী বলেন) আমি আমা কর্তৃক নিহত ব্যক্তির সাক্ষী তালাশ করতে দাঁড়ালাম। কিন্তু আমার ব্যাপারে সাক্ষ্য দিবে এমন কাউকে দেখতে পেলাম না, সুতরাং আমি বসে গেলাম। তারপর আমার খেয়াল হল। আমি তার হত্যার বিষয়টিকে রাসূলুল্লাহ্ 🚟 ্রু -এর কাছে উল্লেখ করলাম। তখন তাঁর নিকট উপবিষ্ট ব্যক্তিদের মধ্যে একজন বলল, যে নিহত ব্যক্তির আলোচনা হচ্ছে তার হাতিয়ার আমার কাছে রয়েছে। অতএব আপনি তাকে আমার পক্ষ হয়ে সন্তুষ্ট করে দিন। আবৃ বকর (রা) বললেন, কখনো না। আপনি এই পাংশু কুরাইশকে কখনো দিবেন না। আল্লাহ্ ও রাসূলের পক্ষে যে আল্লাহর সিংহ (পুরুষ) যুদ্ধ করছে, তাকে আপনি বঞ্চিত করবেন। রাবী বলেন, রাসূলুল্লাহ্ 🚟 বিষয়টি অনুধাবন করলেন এবং তা (হাতিয়ার ইত্যাদি) আমাকে প্রদান করলেন। আমি তা দিয়ে একটি বাগান খরিদ করলাম। এটাই ছিল আমার প্রথম সম্পদ, যা আমি মূলধন হিসাবে সংরক্ষণ করেছিলাম। আবদুল্লাহ্ (র) লাইছের সূত্রে হাদীসটি বর্ণনা করতে 🛍 فعلم رسبول الله (রাসূলুল্লাহ্ ক্লাম্ট্র বিষয়টি অনুধাবন করলেন) এর স্থলে ৄ فقام النبي (নবী ক্লাম্ট্র দাঁড়িয়ে গেলেন) বর্ণনা করেছেন। হিজাযের আলেমরা বলেন, শাসক তার জ্ঞানানুসারে বিচার করবে না, চাহে তা দায়িত্বকালে প্রত্যক্ষ করে থাকুক, কিংবা তার পূর্বেই। তাদের কারো কারো মতে যদি বাদী বিবাদীর কোন এক পক্ষ অপর পক্ষের হক সম্পর্কে বিচার চলাকালে তার সমুখেও স্বীকার করে তবুও তার ভিত্তিতে ফয়সালা করা যাবে না, যতক্ষণ পর্যন্ত দু'জন সাক্ষী ডেকে সে ব্যক্তির স্বীকারোক্তির সময় তাদের উপস্থিত না রাখবেন। কোন ইরাকী আলেম বলেন, বিচার চলাকালে যা কিছু শুনবে বা দেখবে সে ভিত্তিতে ফায়সালা করবে। তবে অন্য স্থানে যা কিছু শুনবে বা দেখবে দু'জন সাক্ষী ছাড়া ফায়সালা করতে পারবে না। তাদের অন্যরা বলেন বরং সে ভিত্তিতে ফায়সালা করতে পারবে। কেননা সে তো বিশ্বস্ত। আর সাক্ষ্য গ্রহণের উদ্দেশ্য তো প্রকৃত সত্যকে অনুধাবন করা। সূতরাং তার জানা (সাক্ষীর) সাক্ষ্যের চেয়ে অধিক নির্ভরযোগ্য। তাদের অন্য কেউ বলেন যে, মাল সংক্রান্ত বিষয়ে বিচারক তার নিজের জানার ভিত্তিতে ফায়সালা করবে। তবে অন্য ব্যাপারে নয়। কাসেম (র) বলেন যে, অন্যের সাক্ষ্য গ্রহণ ছাড়া শাসকের নিজের জ্ঞানানুসারে ফায়সালা করা উচিত নয়, যদিও তার জানা অন্যের সাক্ষীর চেয়ে অধিক নির্ভরযোগ্য তবুও। এতে মুসলিম জনসাধারণের কাছে নিজেকে অপবাদের সম্মুখীন হতে হয় এবং তাদেরকে (মিথ্যা) সন্দেহে ফেলা হয়। কেননা নবী ক্রান্ট্র্য সন্দেহ করাকে পছন্দ করতেন না। এজন্যেই তিনি পথচারীকে ডেকে বলে দিয়েছেন ঃ এ হচ্ছে (আমার স্ত্রী) সাফিয়্যা।

آ مَدَّ تَنَا عَبْدُ الْعَزِيْزِ بِنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّ تَنَا ابْرَاهِيْمُ عَنِ ابْنِ شَهَابٍ عَنْ عَلِي بِنِ حُسَيْنِ اَنَّ النَّبِي مَّ النَّهِ اَتَتْهُ صَفِيَّةُ بِنْتُ حُيَى فَلَمَّا رَجَعَتِ انْطَلَقَ مَعَهَا فَمَرَّ بِهِ بِن حُسَيْنِ اَنَّ النَّبِي الْقَلَقَ مَعَهَا فَمَرَّ بِهِ رَجُلاَنِ مِنَ الْاَنْصَارِ فَدَعَاهُمَا فَقَالَ انَّمَا هِي صَفِيَّةُ فَقَالاً سُبْحَانَ اللهِ قَالَ انَّ رَجُلاَنِ مِنَ الْاَنْصَارِ فَدَعَاهُمَا فَقَالاً انَّمَا هِي صَفِيَّةُ فَقَالاً سُبْحَانَ اللهِ قَالَ انَّ اللهِ قَالَ انَّ اللهِ قَالَ انَّ اللهُ قَالاً سَبْحَرَى مِن البن الدَّم مَجْرَى الدَّم ، رَوَاهُ شُعَيْبُ وَابْنُ مَسَافِرٍ وَابْنُ ابِي عَنْ عَلِي عَنْ النَّبِي اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ الل

ডিড৮৩ আবদুল আযীয ইব্ন আবদুল্লাহ্ (র).... আলী ইব্ন হুসাইন (র) থেকে বর্ণিত। উমুল মু'মিনীন সাফিয়্যা বিন্ত হুয়াই (রা) নবী ক্রুক্ত্রি-এর কাছে এসেছিলেন। যখন তিনি প্রত্যাবর্তন করছিলেন তখন রাসূলুল্লাহ্ ক্রুক্ত্রি তার সাথে সাথে হাঁটছিলেন। এমতাবস্থায় দু'জন আনসারী ব্যক্তি তার পাশ দিয়ে অতিক্রম করল। তিনি তাঁদেরকে ডাকলেন এবং বললেন ঃ এ হচ্ছে সাফিয়্যা। তাঁরা (অবাক হয়ে) বলল, সুবহানাল্লাহ্ (আমরা কি আপনার ব্যাপারে সন্দেহ করতে পারিং) তিনি বললেন ঃ শয়তান বনী আদমের ধমনীতে বিচরণ করে থাকে। ভ্র্আয়ব সাফিয়্যা (রা) সূত্রে নবী

৩০২৬. অনুচ্ছেদ ؛ দু'জন আমীরের প্রতি শাসনকর্তার নির্দেশ, যখন তাদের কোন স্থানের দায়িত্ব দিয়ে পাঠানো হয় যেন তারা পরস্পরকে মেনে চলে, বিরোধিতা না করে

آبِي بُرْدَةَ قَالَ سَمِعْتُ أَبِيْ قَالَ بَعَثَ النَّبِيُّ أَلَيُّ آبِي وَمُعَاذَ بْنَ جَبَلِ إِلَى الْيَمَنِ فَقَالَ لَبِي بُرْدَةَ قَالَ سَمِعْتُ أَبِي قَالَ بَعَثَ النَّبِيُّ أَبِي وَمُعَاذَ بْنَ جَبَلِ إِلَى الْيَمَنِ فَقَالَ يَسِرَا وَلاَ تُعَيِّرا وَلاَ تُنَفِّرا وَتَطَاوَعَا فَقَالَ لَهُ أَبُوْ مُوسَى انَّهُ يُصْنَعُ بِاَرْضِنَا لِيسِرَا وَلاَ تُنفِرا وَتَطَاوَعَا فَقَالَ لَهُ أَبُوْ مُوسَى انَّهُ يُصْنَعُ بِاَرْضِنَا الْبِيْعُ فَقَالَ كُلُّ مُسْكِرٍ حَرَامٌ ، وَقَالَ النَّصْرُ وَابُوْ دَاوُدَ وَيَزِيْدُ بْنُ هَارُونَ وَوَكِيْعٌ عَنْ الْبِيْعِ عَنْ جَدِّهِ عَنِ النَّبِي عَلَيْ اللهِ اللهِ عَنْ جَدِّهِ عَنِ النَّبِي عَلَى اللهِ اللهِ عَنْ جَدِّهِ عَنِ النَّبِي عَلَى اللهِ اللهِ اللهِ عَنْ جَدِّهِ عَنِ النَّبِي عَلَى اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ عَنْ النَّبِي عَلَى اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ عَنْ جَدِّهِ عَنْ النَّبِي عَنْ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ

آمَدَ النَّبِيُّ وَتُعَيْمُ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِيْنَارِ عَنِ ابْنِ عُمَرَ قَالَ النَّبِيُّ وَاللَّهِ بْنِ دِيْنَارِ عَنِ ابْنِ عُمَرَ قَالَ النَّبِيُّ وَالْقَالَ النَّبِيُّ وَاللَّهِ بَنِ ذَهَبٍ فَقَالَ النَّبِيُّ وَلَيْكُ النَّاسُ خَوَاتِيْمَ مِنْ ذَهَبٍ فَقَالَ النَّبِيُّ وَلَيْكُ النَّاسُ لَنَّ النَّاسُ لَيْ النَّاسُ مَهُمْ -

ড৮০০ আবৃ নুআয়ম (র).....ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রে একটি স্বর্ণের আংটি বানিয়েছিলেন। (তাঁর দেখাদেখি) লোকেরাও স্বর্ণের আংটি বানিয়েছিল। এরপর (একদিন) নবী ক্রিট্রে বললেন ঃ আমি অবশ্য স্বর্ণের আংটি বানিয়েছিলাম- তারপর তিনি তা ছুড়ে ফেলে দিলেন এবং বললেন ঃ আমি আর কোন দিনই তা পরিধান করব না। ফলে লোকেরা তাদের আংটিগুলো ছুড়ে ফেলে দিল।

٣٠٧٩ بَابُ مَا يُكْرَهُ مِنَ النَّعَمُّقِ وَالتَّنَازُعِ وَالْغُلُوِّ فِي الدِّيْنِ وَالْبِدَعِ لِقَوْلِهِ يَا اَهْلَ الْكِتَابِ لاَ تَغْلُواْ فِي دِيْنِكُمْ وَلاَ تَقُوْلُواْ عَلَى اللهِ الْأَوْلُوا الْحَقُّ

৩০৭৯. অনুচ্ছেদ ঃ দীনের ক্ষেত্রে মাত্রাতিরিক্ত কঠোরতা অবলম্বন, তর্ক-বিতর্কে প্রবৃত্ত হওয়া, বাড়াবাড়ি করা এবং বিদ্আত অপছন্দনীয়। কেননা, আল্লাহ্ তা'আলা ইরশাদ করেছেন ঃ হে কিতাবীরা! তোমরা দীনের ব্যাপারে বাড়াবাড়ি করো না এবং আল্লাহ্ সম্পর্কে সত্য ব্যতীত বলো না (৪ ঃ ১৭১)

آ . [حَدَّثَنِي عَبْدُ الله بْنُ مُحَمَّد قَالَ حَدَّثَنَا هِشَامٌ قَالَ اَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِ
عَنْ اَبِي سَلَمَةَ عَنْ اَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ النَّبِيُ وَيَلِّهُ لاَ تُواصِلُوْا قَالُوْا انَّكَ تُواصِلُ قَالَ النَّبِيُ وَيَسْقَيْنِيْ فَلَمْ يَنْتَهُوْا عَنِ الْوصِالُ قَالَ النَّيِيُ اللهِ لَا يَعْمُ لَكُمْ انِيْ الْوصَالُ قَالَ النَّبِيُ وَيَسْقَيْنِيْ فَلَمْ يَنْتَهُوْا عَنِ الْوصَالُ قَالَ النَّبِيُ اللهِ اللهُ ال

حَدَّثَنِي ابْرَاهِيْمُ التَّيْمِي قَالَ حَدَّثَنِي أَبِيْ قَالَ حَدَّثَنِي ابْرَاهِيْمُ التَّيْمِي قَالَ حَدَّثَنِي ابْرَاهِيْمُ التَّيْمِي قَالَ حَدَّثَنِي أَبِيْ قَالَ خَطَبَنَا عَلِي عَلَى منْبَرِ مِنْ اَجُرِّ وَعَلَيْهِ سَيْفُ فَيْهُ مَعَيْفَةٌ مُعَلَّقَةٌ فَقَالَ وَاللّه مَا عِنْدَنَا مِنْ كَتَابِ يُقْرَأُ الاَّ كَتَابُ اللّهِ وَمَا فِي سَيْفُ فَيْهَا الْمَدِيْنَةُ حَرَمُ مِنْ عَيْرِ الّي هَذِهِ الصَّحَيْفَة فَنَشَرَهَا فَاذَا فَيْهَا اَسْنَانِ الْإبلِ وَاذَا فَيْهَا الْمَدِيْنَةُ حَرَمُ مِنْ عَيْرِ الّي كَذَا فَيْهَا الْمَدِيْنَةُ وَالنَّاسِ اَجْمَعِيْنَ لاَ يَقْبَلُ اللّهُ كَذَا فَمَنْ اَحْدَثَ فَيْهَا حَدَثًا فَعَلَيْهِ لَعْنَةُ اللّهِ وَالْمَلاَئِكَةَ وَالنَّاسِ اَجْمَعِيْنَ لاَ يَقْبَلُ اللّهُ مَنْهُ صَرْفًا وَلاَ عَدْلاً مَنْ وَاحِدَةٌ يَسْعَى بِهَا اَدْنَاهُمْ فَمَنْ اَحْفَرَ مُسُلّمِيْنَ وَاحِدَةٌ يَسْعَى بِهَا اَدْنَاهُمْ فَمَنْ اَخْفَرَ مُسُلّمِيْنَ وَاحِدَةٌ يَسْعَى بِهَا اللّهُ مَنْهُ صَرْفًا وَلاَ عَدْلاً مُسُلّمِيْنَ وَاحِدَةٌ يَسْعَى بِهَا اللّهُ مَنْهُ صَرْفًا وَلاَ عَدْلاً مَنْ وَالِيْهِ فَعَلَيْهِ لَعْنَةُ اللّه وَالْمَلاَئِكَة وَالنَّاسِ اَجْمَعِيْنَ لاَ يَقْبَلُ اللّه مِنْهُ صَرْفًا وَلاَ عَدْلاً وَالنَّاسِ اَجْمَعِيْنَ لاَ يَقْبَلُ اللّه وَالْمَلائِكَة وَالنَّاسِ اَجْمَعِيْنَ لاَ يَقْبَلُ اللّه وَالْمَلائِكَة وَالنَّاسِ اَجْمَعِيْنَ لاَ يَقْبَلُ اللّه وَالْمَلائِكَة وَالنَّاسِ اَجْمَعِيْنَ لاَ يَقْبَلُ اللّه مِنْهُ صَرْفًا وَلاَ عَدْلاً

৬৮০২ উমর ইব্ন হাফস ইব্ন গিয়াস (র) ইব্রাহীম তায়মী (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার পিতা বর্ণনা করেছেন যে, একবার আলী (রা) পাকা ইটে নির্মিত একটি মিম্বরে আরোহণ করে আমাদের উদ্দেশ্যে খুত্বা পাঠ করলেন। তাঁর সঙ্গে একটি তরবারী ছিল, যার মাঝে একটি সহীফা ঝুলন্ত ছিল। তিনি বললেন, আল্লাহ্র কসম! আমাদের নিকট আল্লাহ্র কিতাব এবং যা এই সহীফাতে লিপিবদ্ধ আছে এ ছাড়া অন্য এমন কোন কিতাব নেই যা পাঠ করা যেতে পারে। তারপর তিনি তা খুললেন। তাতে উটের বয়স সম্পর্কে লেখা ছিল এবং লেখা ছিল যে, 'আয়র' (পর্বত) থেকে অমুক স্থান পর্যন্ত মদীনা হারাম (পবিত্র এলাকা) বলে বিবেচিত হবে। যে কেউ এখানে কোন অন্যায় করবে তার উপর আল্লাহ্, ফেরেশ্তাকুল ও সমস্ত মানব সম্প্রদায়ের অভিসম্পাত। আর আল্লাহ্ তা'আলা তার ফরয ও নফল কোন ইবাদতই কবৃল করবেন না এবং তাতে আরও ছিল যে, এখানকার সকল মুসলমানের নিরাপত্তা একই পর্যায়ের। একজন নিম্ন পর্যায়ের ব্যক্তিও (অন্য কাউকে) নিরাপত্তা প্রদান করতে পারবে। যদি কোন ব্যক্তি অপর একজন মুসলমানের প্রদন্ত নিরাপত্তাকে লংঘন করে, তাহলে তার উপর আল্লাহ্র, ফেরেশ্তাকুলের ও সমস্ত মানব সম্প্রদায়ের লানত (অভিসম্পাত)। আল্লাহ্ তা'আলা তার ফরয ও নফল কোন ইবাদতই কবৃল করবেন না। তাতে আরও ছিল, যদি কোন ব্যক্তি তার (আযাদকারী) মনিবের অনুমতি ছাড়া অন্য কাউকে নিজের (গোলাম থাকাকালীন সময়ের) মনিব বলে উল্লেখ করে, তাহলে তার উপর আল্লাহ্র, ফেরেশ্তাকুলের ও সমস্ত মানব সম্প্রদায়ের অভিসম্পাত। আর আল্লাহ্ তা'আলা তার ফরয, নফল কোন ইবাদতই গ্রহণ করবেন না।

آ مَدَّثَنَا الْاَعْمَشُ قَالَ حَدَّثَنَا البِي قَالَ حَدَّثَنَا الْبِي قَالَ حَدَّثَنَا الْاَعْمَشُ قَالَ حَدَّثَنَا مُسلْمُ عَنْ مَسْرُوْقٍ قَالَ قَالَتْ عَائِثَةُ صَنَعَ النَّبِيُ عَلَيْهِ شَيْئًا تَرَخَّصَ فِيه وَتَنَزَّهُ عَنْهُ قَوْمٌ عَنْ مَسْرُوْقٍ قَالَ قَالَ قَالَتَ عَائِثَةُ صَنَعَ النَّبِي عَلَيْهِ ثُمَّ قَالَ مَا بَالُ اَقْوامٍ يَتَنَزَّهُوْنَ عَنِ فَبَلَغَ ذَلِكَ النَّبِي عَلَيْهِ ثَمُّ قَالَ مَا بَالُ اَقْوامٍ يَتَنَزَّهُوْنَ عَنِ الشَّيْءِ اَصْنَعُهُ فَوَاللَّهِ إِنَّى لَاعْلَمُهُمْ بِاللَّهِ وَاشَدُّهُمْ لَهُ خَشْيَةً –

৬৮০৩ উমর ইব্ন হাক্স (র)..... আয়েশা (রা) থেকে বর্ণিত যে, নবী ক্রিট্রে নিজে একটি কাজ করলেন এবং তাতে তিনি অবকাশ দিলেন। তবে কিছু লোক এর থেকে বিরত রইল। নবী ক্রিট্রে -এর কাছে এ সংবাদ পৌছল। তিনি আল্লাহ্র হামদ ও ছানা পাঠ করলেন, তারপর বললেন ঃ লোকদের কি হল যে, তারা এমন কাজ থেকে বিরত থাকে যা আমি নিজে করি। আল্লাহ্র কসম! আমি আল্লাহ্ সম্পর্কে তাদের থেকে অধিক জানি এবং আমি তাদের তুলনায় আল্লাহ্কে অধিক ভয় করি।

 وَلَمْ يَذْكُرْ ذَٰلِكَ عَنْ اَبِيْهِ بَعْنِي اَبَا بَكْرِ إِذَا حَدَّثَ النَّبِيِّ وَأَلَّ بِحَدِيْثٍ حَدَّثَهُ كَاخِي السِّرَارِ لَمْ يُسْمِعْهُ حَتَّى يَسْتَفْهِمَهُ-

ডি৮০৪ মুহাম্মদ ইব্ন মুকাতিল (র) ইব্ন আবৃ মুলায়কা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, দুইজন অতি ভাল লোক ধ্বংসের কাছাকাছি পৌছে গিয়েছিলেন। তাঁরা হলেন আবৃ বকর (রা) ও উমর (রা)। বনী তামীমের প্রতিনিধি দল যখন নবী ক্লাট্রা-এর কাছে আসল, তখন তাদের একজন [উমর (রা)] আকরা ইব্ন হাবিস হান্যালী নামে বনী মুজাশে গোত্রের ভ্রাতা জনৈক ব্যক্তির দিকে ইশারা করলেন, অপরজন [আবৃ বকর (রা)] অন্য আর একজনের প্রতি ইশারা করলেন। এতে আবৃ বকর (রা) উমর (রা)-কে বললেন, আপনার ইচ্ছা হল আমার বিরোধিতা করা। উমর (রা) বললেন, আমি আপনার বিরোধিতার ইচ্ছা করিনি। নবী ক্লাট্রা-এর সামনে তাঁদের দু'জনেরই আওয়াজ বুলন্দ হয়ে যায়। ফলে (নিম্নোক্ত আয়াতটি) নাযিল হয় ঃ হে মু'মিনগণ! তোমরা নবীর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উঁচু করবে না...... (৪৯ ঃ ২)। ইব্ন আবৃ মুলায়কা বলেন, ইব্ন যুবায়র (রা) বর্ণনা করেন যে, এরপরে উমর (রা) যখন নবী ক্লাট্রা-এর সাথে কোন কথা বলতেন, তখন গোপন বিষয়ের আলাপকারীর ন্যায় চুপে চুপে বলতেন, এমন কি তা শোনা যেত না, যতক্ষণ নবী ক্লাট্রা তার থেকে পুনরায় জিজ্ঞাসা না করতেন। এ হাদীসের রাবী ইব্ন যুবায়র তাঁর পিতা অর্থাৎ নানা আবৃ বকর (রা) থেকে উল্লেখ করেননি।

آ١٨٠٥ حَدَّثَنَا اسْمُعَيْلُ قَالَ حَدَّثَنِى مَالِكٌ عَنْ هِشَام بْنِ عُرُوهَ عَنْ اَبِيْهِ عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِيْنَ اَنَّ رَسُولَ اللهِ وَلَيُّ قَالَ فِي مَرَضِهِ مَرُواْ اَبَا بَكْرِ فَلْيُصلِّ بِالنَّاسِ قَالَتُ عَائِشَةً أَمْ فَي مَلَوْا اَبَا بَكْرِ فَلْيُصلِّ بِالنَّاسِ قَالَتُ عَائِشَةً فَقُلْتُ لِحَفْصَةَ قُولِيْ اِنَّ اَبَا فَمَر عُمَر فَلْيُصلِّ لِلنَّاسِ فَقَالَتْ عَائِشَةُ فَقُلْتُ لِحَفْصَةَ قُولِيْ اِنَّ اَبَا بَكْرِ اِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعِ النَّاسَ مِنَ الْبُكَاءِ فَمُر عُمَر فَلْيُصلِّ لِلنَّاسِ فَقَالَتْ عَائِشَةُ فَقُلْتُ لِحَفْصَةَ قُولِيْ اِنَّ اَبَا بَكْرِ اِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعِ النَّاسِ فَقَالَتْ عَائِشَةُ فَقُلْتُ لِحَفْصَةَ قُولِيْ اِنَّاسٍ بَكُر اِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعِ النَّاسِ مَنَ الْبُكَاءِ فَمُرْ عُمْرَ فَلْيُصلِّ بِالنَّاسِ فَقَالَتْ حَفْصَةُ فَقَالَ رَسُولُ اللَّهِ وَلِيَّ انَّكُنَّ لَانْتُنَ صَوَاحِبُ يُوسُفَ مُرُوا اَبَا بَكُر فَلَيُصلَلِ لِلنَّاسِ فَقَالَتْ حَفْصَةُ لَعَائِشَةُ مَا كُنْتُ لُأُصِيْبَ مِنْكِ خَيْرًا -

ডিচ০ে ইসমাঈল (র).... উমুল মু'মিনীন আয়েশা (রা) থেকে বর্ণিত যে, রাস্লুল্লাহ্ ক্রান্ত্র তাঁর অসুস্থতার সময় বললেন ঃ তোমরা আবৃ বকরকে বল, লোকদের নিয়ে যেন সালাত আদায় করে নেন। আয়েশা (রা) বলেন, আমি বললাম যে, আবৃ বকর (রা) যদি আপনার স্থানে দাঁড়ান তাহলে কান্নার কারণে মানুষকে তার আওয়াজ শোনাতে পারবেন না। সুতরাং আপনি উমর (রা)-কে নির্দেশ দিন, তিনি যেন লোকদের নিয়ে সালাত আদায় করেন। তিনি পুনরায় বললেন, তোমরা আবৃ বকরকে বল, যেন তিনি লোকদের নিয়ে সালাত আদায় করেন। আয়েশা (রা) বলেন, আমি হাফসা (রা)-কে বললাম, তুমি বল যে, আবৃ বকর আপনার জায়গায় দাঁড়ালে কান্নার কারণে লোকদের তার আওয়াজ শোনাতে পারবেন না। সুতরাং আপনি উমর (রা)-কে নির্দেশ দিন। তিনি যেন লোকদের নিয়ে সালাত আদায় করেন। হাফসা (রা) তাই করলেন। তখন

রাসূলুক্লাহ্ ক্রিক্রির বললেন ঃ তোমরা তো ইউসুফ (আ)-এর (বিভ্রান্তকারিণী) মহিলাদের ন্যায়। আবূ বকরকে বল, তিনি যেন লোকদের নিয়ে নামায আদায় করেন। হাফসা (রা) আয়েশা (রা)-কে বললেন, আমি আপনার কাছ থেকে কখনই ভাল কিছু পাওয়ার মত নই।

حَدَّثَنَا أَدَمُ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ عَبْدُ الرَّحْمٰنِ ابْنُ اَبِى ذَبْبِ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ عَبْدُ الرَّحْمٰنِ ابْنُ اَبِى ذَبْبِ قَالَ اَرَايْتَ رَجُلاً الزُّهْرِى عَنْ سَهْل بْنِ السَّاعِدِى قَالَ جَاءَ عُويْمِرُ الْى عَاصِمِ بْنِ عَدِى قَالَ اللهِ اللهِ وَعَلَى اللهِ وَعَلَى اللهِ وَعَلَى اللهِ المسَائِلَ وَعَابَ فَرَجَعَ عَاصِمُ فَا خَبْرَهُ انَّ اللهُ الْقُرْانَ خَلْفَ عَاصِم فَقَالَ فَقَالَ عُويْمِرُ وَاللهُ اللهُ اللهُ الْقُرْانَ خَلْفَ عَاصِم فَقَالَ لَهُ قَدْ انْزَلَ الله اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ المُعَلَّامِ اللهُ الْمُعَلَّى اللهُ المُعَلَّى اللهُ المُكْلُ واللهُ اللهُ اللهُ

৬৮০৬ আদাম (র)..... সাহল ইব্ন সাদ সাঈদী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, উওয়ায়মির (রা) আসিম ইব্ন আদীর কাছে এসে বলল, আচ্ছা বলুন তো, যদি কোন ব্যক্তি তার স্ত্রীর সাথে অন্য কাউকে পায় এবং তাকে হত্যা করে ফেলে, তাহলে এর জন্য (কিসাস হিসাবে) আপনারা কি তাকে হত্যা করবেন? হে আসিম! আপনি আমার জন্য এ বিষয়টি রাসূলুল্লাহ্ 🚛 -কে জিজ্ঞাসা করুন। তিনি জিজ্ঞাসা করলে নবী 🚛 এহেন বিষয় সম্পর্কে জিজ্ঞাসা করাকে অপছন্দ করলেন এবং দৃষণীয় মনে করলেন। আসিম (রা) ফিরে এসে তাকে জানাল যে, নবী 🚟 বিষয়টিকে খারাপ মনে করেছেন। উওয়ায়মির (রা) বললেন, আল্লাহ্র কসম! আমি নিজেই নবী 🚛 -এর নিকট যাব। তারপর তিনি আসলেন। আসিম (রা) চলে যাওয়ার পরেই আল্লাহ্ তা আলা কুরআন নাযিল করেছেন। নবী 🚟 তাকে বললেন ঃ তোমাদের ব্যাপারে আল্লাহ্ তা আলা কুরআনের আয়াত নাযিল করেছেন। তিনি তাদের দু'জনকেই (সে ও তার স্ত্রী) ডাকলেন। তারা উপস্থিত হল এবং 'লি'আন' করল। তারপর উওয়ায়মির (রা) বলল, ইয়া রাসূলাল্লাহ্! যদি আমি তাকে আটকিয়ে রাখি তাহলে তো আমি তার উপর মিথ্যারোপ করেছি, এ বলে তিনি তার সাথে বিবাহ বন্ধনকে ছিন্ন করলেন। অবশ্য নবী 🚟 তাকে বিবাহ বন্ধন ছিন্ন করতে বলেননি। পরে 'লি'আন'কারীদের মাঝে (বিবাহ বন্ধন ছিন্ন করার) এ প্রথাই প্রচলিত হয়ে পড়ে। নবী 🚟 (মহিলাটি সম্পর্কে) বললেন ঃ একে লক্ষ্য রেখ, যদি সে খাটো ওয়াহারার (এক জাতীয় পোকা) ন্যায় লালচে সন্তান প্রসব করে, তাহলে আমি মনে করব উওয়ায়মির ্মিথ্যাই বলেছে। আর যদি সে কাল চোখবিশিষ্ট ও অপেক্ষাকৃত বৃহৎ নিতম্বধারী সন্তান প্রসব করে, তাহলে মনে করব উওয়ায়মির তার সম্পর্কে সত্যই বলেছে। পরে সে অবাঞ্ছিত সম্ভানই প্রসব করে।

٦٨.٧ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ حَدَّثَنِيْ عُقَيْلٌ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ آخْبَرَنِي مَالِكُ بْنُ أَوْسِ النَّصْرِيُّ وَكَانَ مُحَمَّدُ بْنُ جُبَيْرِ بْنِ مُطْعِمِ ذَكَرَ لِي ذكْرًا مِنْ ذَٰلِكَ ، فَدَخَلْتُ عَلَى مَالِكِ فَسَالْتُهُ ، فَقَالَ انْطَلَقْتُ حَتّٰى اَدْخُلَ عَلَى عُمَر اتَاهُ حَاجِبُهُ يَرْفَأَ فَقَالَ هَلْ لَكَ فِي عُثْمَانَ وَعَبْدِ الرَّحْمْنِ وَالزُّبَيْرِ وَسَعْدٍ يَسْتَأْذِنُوْنَ قَالَ نَعَمْ فَدَ خَلُواْ فَسلَّمُواْ وَجَلَسُواْ قَالَ هَلْ لَكَ فِي عَلِيٍّ وَعَبَّاسٍ فَاذِنَ لَهُمَا قَالَ الْعَبَّاسُ يَا أَمِيْرَ الْمُؤْمِنِيْنَ اِقْضِ بِينْنِي ْ وَبَيْنَ الظَّالِمِ اسْتَبًّا فَقَالَ الرَّهْطُ عُثْمَانَ وَأَصْحَابُهُ يَا اَمِيْرَ الْمُؤْمِنِيْنَ اقْضِ بَيْنَهُمَا وَاَرِحْ اَحَدَهُمَا مِنَ الْاَخَرِ ، فَقَالَ اتَّبْدُوْا انْشُدُكُمْ بِاللَّهِ الَّذِي بِاذْنِه تَقُوْمُ السَّمَاءُ وَالْاَرْضُ هَلْ تَعْلَمُوْنَ اَنَّ رَسُوْلَ اللَّهِ ﴿ إِلَّهُ قَالَ : لاَ نُوْرَثُ مَا تَرَكْنَا صَدَقَةٌ يُرِيْدُ رَسُوْلُ اللهِ مَرَاقً نَفْسَهُ ، قَالَ الرَّهْطُ قَدْ قَالَ ذُلكَ ، فَاقْبَلَ عُمَرُ عَلَى عَلِى وَعَبَّاسٍ فَقَالَ اَنْشُدُكُمًا بِاللَّهِ هَلْ تَعْلَمَانِ اَنَّ رَسُولً اللَّهِ مَرَّكُ قَالَ ذلكَ ؟ قَالاَ نَعَمْ ، قَالَ عُمَرُ فَانِيِّيْ مُحَدِّثُكُمْ عَنْ هٰذَا الْأَمْرِ انَّ اللَّهَ كَانَ خَصَّ رَسُوْلَهُ ۖ وَلَا عُمْر هٰذَا الْمَالِ بشَىْء ِلَمْ يُعْطِه اَحَدًا غَيْرَهُ ، قَالَ اللَّهُ : مَا اَفَاءَ اللَّهُ عَلَى رَسُوْله منْهُمْ فَمَا اَوْجَفْتُمْ عَلَيْهِ الْآيَةَ ، فَكَانَتْ هٰذِهِ خَالِصَةً لِرَسُولُ اللهِ عَلَيْهِ ثُمٌّ وَاللهُ مَا احْتَازَهَا دُوْنَكُمْ وَلاَ اسْتَاثَرَهَا عَلَيْكُمْ وَقَدْ اَعْطَاكُمُوْهَا وَبَثَّهَا فيكُمْ حَتَّى بَقىَ منْهَا هٰذَا الْمَالُ ، وكَانَ النَّبِيُّ وَإِلْيْ ينْفِقُ عَلَى آهْلِهِ نَفَقَةَ سَنَتِهِمْ مِنْ هٰذَا الْمَالِ، ثُمَّ يَاْخُذُ مَا بَقِي فَيَجْعَلُهُ مَجْعَلَ مَالِ اللَّهِ ، فَعَمِلَ النَّبِيُّ إِنَّ لِللَّهِ عَلَمُونَ وَعَلَّمُونَ عَلْمُونَ ذُلِكَ ؟ قَالُواْ نَعَمْ ، ثُمَّ قَالَ لِعَلِيّ وَعَبَّاسِ إَنْشُدُكُمَا بِا للَّهِ هَلْ تَعْلَمَانِ ذَٰلِكَ ؟ قَالاَ نَعَمْ ، ثُمَّ تَوَفَّى اللَّهُ نَبِيَّهُ ۚ مُلَّكًّ فَقَالَ اَبُوْ بَكْرِ اَنَا وَلِيُّ رَسُولُ اللَّهِ ۖ مَلَّكُ فَقَبَضَهَا اَبُوْ بَكْرٍ فَهُملَ فِيهَا بِمَا عَمِلَ فِيهًا رَسُولُ اللَّهِ ﴾ وَأَنْتُمَا حِيْنَئِذٍ قَاَقْبَلَ عَلَى عَلِيّ وَعَبَّاسٍ تَزْعُمَانِ أَنَّ أَبَا بَكْرٍ فِيهَا كَذَا وَاللَّهُ يَعْلَمُ أَنَّهُ فِيهَا صَادِقٌ بَارٌّ رَاشِدٌ تَابِعٌ لِلْحَقِّ ، ثُمَّ تَوَفَّى اللَّهُ أَبَا بَكْرِ فَقُلْتُ أَنَا وَلَىُّ رَسُولُ اللَّهِ ﴾ وَأَبِى بَكْرِ فَقَبَضْتُهَا سَنَتَيْنِ اَعْمَلُ فِيْهَا بِمَا عَمِلَ رَسُوْلُ اللَّهِ ﴿ إِلَّهُ ۚ وَابُوْ بَكْرِ ثُمَّ جِئْتُمَانِي وَكَلِمَتُكُمَا عَلَى كَلِمَةٍ وَاحِدَةٍ وَأَمْرُ كُمَا جَمِيْعٌ ، جِئْتَنِي تَسْأَلُنِي نَصيْبِكَ مِنِ ابْن اَحْيْكِ ، وَاتَانِيْ هٰذَا يَسْأَلُنِيْ نَصِينْ امْرَاتِهِ مِنْ أَبِيْهَا فَقُلْتُ إِنْ شِئْتُمَا دَفَعْتُمَا اِلَيْكُمَا حَتَّى أَنَّ عَلَيْكُمَا عَهْدَ اللّه وَمَيْثَقَهُ تَعْمَلاَن فِيْه بِمَا عَملَ بِه رَسُولُ اللّه بَرُكُ وَبِمَا عَملَ فِيْهَا اَبُوْ بَكْرٍ ، وَبِمَا عَملَ الله عَلْتُ فَيْهَا ، فَقُلْتُمَا الْفَعَهَا الْيُنَا بِذٰلِكَ ، وَالاَّ فَلاَ تُكَلّمَانِي فِيْهَا ، فَقُلْتُمَا الْفَعْهَا الْيَيْنَا بِذٰلِكَ ، فَدَفَعْتُهَا الَيْهِمَا بِذٰلِكَ ، قَالَ الْرَهْطُ نَعَمْ ، فَدَفَعْتُهَا الَيْهُمَا بِذٰلِكَ ، قَالَ الْرَهْطُ نَعَمْ ، فَاقْبلَ عَلَى عَلَى وَعَبّاسٍ ، فَقَالَ انْشُدُكُمَا بِاللّه هَلْ دَفَعْتُهَا الَيْكُمَا بِذٰلِكَ ؟ قَالاَ نَعَمْ ، فَاقْبلَ انْشُدُكُمَا بِاللّه هَلْ دَفَعْتُهَا الَيْكُمَا بِذٰلِكَ ؟ قَالاَ نَعَمْ ، فَاقَالَ انْشُدُكُمَا بِاللّهِ هَلْ دَفَعْتُهَا الَيْكُمَا بِذٰلِكَ ؟ قَالاَ نَعَمْ ، فَاللّهُ هَلْ دَفَعْتُهَا اللّهُ عَلَى عَلَى وَعَبّاسٍ ، فَقَالَ انْشُدُكُمَا بِاللّه هَلْ دَفَعْتُهَا اللّيكُمَا بِذُلِكَ ؟ قَالاَ نَعَمْ ، فَاللّهُ هَلْ دَفَعْتُهَا اللّهُ عَلَى مَنّى قَضَاءً عَيْرَ ذَلِكَ ، فَوَالّذِي بِإِذْنِهِ تَقُومُ السّمَاءُ وَالْاَرْضُ لاَ اقْضِي فَلْ اللّهَ عَلْمَا عَنْهَا فَادْفَعَاهَا الِيَّ فَانَا فَيْمُ فَلْ إِلْكُ حَتَّى تَقُومُ السّاعَةُ فَانِ عَجَزْتُمَا عَنْهَا فَادْفَعَاهَا الِيَّ فَانَا اللّهُ اللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللّهُ اللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللللّهُ الللللّهُ الللللّهُ اللللللّهُ اللللّهُ اللللّهُ اللللللّهُ الللللللّهُ الللللّهُ اللللللّهُ اللللللّهُ اللللللّهُ اللل

৬৮০৭ আবদুল্লাহ্ ইব্ন ইউসুফ (র)..... ইব্ন শিহাব (র) থেকে বর্ণিত। তিনি বলেন, মালিক ইব্ন আওস নাযরী (র) আমাকে এ হাদীসটি বর্ণনা করেছেন। অবশ্য মুহাম্মদ ইব্ন জুবায়র ইব্ন মুতঈম এ সম্পর্কে কিছু কথা বলেছিলেন। পরে আমি মালিকের নিকট যাই এবং তাকে এ সম্পর্কে জিজ্ঞাসা করি। তখন তিনি বলেন, উমর (রা)-এর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে রওনা হয়ে তাঁর দরবারে উপস্থিত হলাম। এমন সময় তাঁর দ্বাররক্ষক ইয়ারফা এসে বলল, উসমান, আবদুর রহমান, যুবাইর এবং সা'দ (রা) আসতে চাচ্ছেন। আপনার পক্ষ থেকে অনুমতি আছে কি? তিনি বললেন, হাাঁ। তারপর তাঁরা প্রবেশ করলেন এবং সালাম দিয়ে আস্ন গ্রহণ করলেন। দ্বাররক্ষক (পুনরায় এসে) বলল, আলী এবং আব্বাসের ব্যাপারে আপনার অনুমতি আছে কি? তিনি তাদের উভয়কে অনুমতি দিলেন। আব্বাস (রা) এসে বললেন, হে আমীরুল মু'মিনীন! আমার ও সীমালংঘনকারীর মাঝে ফায়সালা করে দিন। এবং তারা পরস্পরে গালমন্দ করলেন। তখন দলটি বললেন উসমান ও তাঁর সঙ্গীরা, হে আমীরুল মু'মিনীন! এ দু'জনের মাঝে ফায়সালা করে দিয়ে একজনকৈ অপরজন থেকে শান্তি দিন। উমর (রা) বললেন, আপনারা একটু ধৈর্য ধরুন। আমি আপনাদেরকে সেই আল্লাহ্র কসম দিয়ে জিজ্ঞাসা করছি যার হুকুমে আসমান ও যমীন স্বস্থানে বিদ্যমান, আপনারা কি এ কথা জানেন? যে রাসূলুল্লাহ্ 🚟 বলেছিলেন ঃ আমাদের সম্পদ উত্তরাধিকারীদের মধ্যে বন্টন হয় না, আমরা যা রেখে যাই তা সাদাকা হিসাবে গণ্য হয়। এ কথা দ্বারা নবী 📆 নিজেকেই উদ্দেশ্য করেছিলেন। (আগত) দলের সকলেই বললেন, হাাঁ তিনি এ কথা বলেছিলেন। তারপর উমর (রা) আলী ও আব্বাস (রা)-এর দিকে ফিরে বললেন, আপনাদের দু'জনকে আল্লাহ্র কসম দিয়ে জিজ্ঞাসা করছি, আপনারা কি জানেন যে, রাস্লুল্লাহ্ ক্রিক্ট্র এ কথা বলেছিলেন? তাঁরা দু'জনেই বললেন, হাা। উমর (রা) বললেন, আমি আপনাদেরকে জানিয়ে দিচ্ছি যে, আল্লাহ্ তা'আলা এই সম্পদের একাংশ তাঁর রাসূল 🚟 এর জন্য নির্ধারিত করে দিয়েছিলেন, অপর কারো জন্য দেওয়া হয়নি। এ মর্মে আল্লাহ্ তা'আলা ইরশাদ করেছেন ঃ আল্লাহ্ ইহুদীদের কাছ থেকে তাঁর রাসূলকে যে ফায় দিয়েছেন তার জন্য তোমরা ঘোড়া কিংবা উটে আরোহণ করে যুদ্ধ করনি....(৫৯ ঃ ৬)। সূতরাং এ সম্পদ একমাত্র রাস্লুল্লাহ্ 🚟 এর জন্যই নির্দিষ্ট ছিল। তারপর আল্লাহ্র কসম! তিনি আপনাদেরকে বাদ দিয়ে এককভাবে নিজের জন্য তা সঞ্চিত করে রাখেননি, কিংবা এককভাবে আপনাদেরকেও দিয়ে দেননি। বরং তিনি আপনাদের সকলকেই তা থেকে প্রদান করেছেন এবং সকলের মাঝে

বন্টন করে দিয়েছেন। অবশেষে তা থেকে এই পরিমাণ সম্পদ অবশিষ্ট রয়েছে। নবী 🚟 এই সম্পদ থেকে তাঁর পরিবার-পরিজনের জন্য তাদের বছরের খরচ দিতেন। এরপর যা অবশিষ্ট থাকত তা আল্লাহর মাল যে পথে ব্যয় হয় সে পথে ব্যয়ের জন্য রেখে দিতেন। নবী 🏣 তাঁর জীবদ্দশায় এরূপ করতেন। আল্লাহ্র কসম দিয়ে জিজ্ঞাসা করছি! আপনারা কি এ সম্পর্কে অবগত আছেন? সকলেই বললেন, হাঁ। তারপর আলী (রা) ও আব্বাস (রা) -কে লক্ষ্য করে বললেন, আল্লাহ্র কসম দিয়ে আপনাদের দু'জনকে জিজ্ঞাসা করছি! আপনারা কি এ সম্পর্কে জানেন? তারা দু'জনেই বললেন, হ্যা। এরপর আল্লাহ তা'আলা তাঁর নবী -কে ওফাত দান করলেন। তখন আবু বকর (রা) বললেন, আমি রাসূলুল্লাহ্ 🚟 এর স্থলাভিষিক্ত। অতএব তিনি সে সম্পদ অধিগ্রহণ করলেন এবং রাসূলুল্লাহ্ ক্রীন্ত্রী যে খাতে এ সম্পদ খরচ করতেন তিনিও হুবহু সেভাবেই খরচ করতেন। আপনারা তখন ছিলেন। তারপর আলী (রা) ও আব্বাস (রা)-এর দিকে ফিরে বললেন, আপনারা দু'জন তখনও মনে করতেন যে আবৃ বকর (রা) এ ব্যাপারে এরূপ ছিলেন। আল্লাহ্ জানেন ্তিনি এ ব্যাপারে সত্যবাদী, সৎপরায়ণ, ন্যায়নিষ্ঠ ও হক্কের অনুসারী ছিলেন। তারপর আল্লাহ্ তা'আলা আবৃ বকর (রা)-কেও ওফাত দিলেন। তখন আমি বললাম, এখন আমি আবু বকর ও রাসুলুল্লাহ 🚟 এর স্থলাভিষিক্ত। সুতরাং দু'বছর আমি তা আমার তত্ত্বাবধানে রাখলাম এবং আবৃ বকর (রা) ও রাসূলুল্লাহ্ তা যে খাতে ব্যয় করতেন, আমিও অনুরূপ করতে লাগলাম। তারপর আপনারা দু'জন আমার কাছে এলেন। আপনাদের দু'জনের একই কথা ছিল, দাবিও ছিল অভিনু। আপনি এসেছিলেন স্বীয় ভ্রাতৃষ্পুত্র থেকে নিজের অংশ আদায় করে নেওয়ার দাবি নিয়ে, আর ইনি (আলী) এসেছিলেন তাঁর স্ত্রীর পৈতৃক সূত্রে প্রাপ্ত অংশ আদায় করে নেওয়ার দাবি নিয়ে। আমি বললাম, যদি আপনারা চান তাহলে আমি আপনাদেরকে তা দিয়ে দিতে পারি, তবে এ শর্তে যে, আপনারা আল্লাহ্র নামে এই অঙ্গীকার ও প্রতিশ্রুতিতে আবদ্ধ হবেন যে, এ সম্পদ রাসূলুল্লাহ্ 🚟 ও আবৃ বকর (রা) যে ভাবে ব্যয় করতেন এবং আমি এর দায়িত্বভার গ্রহণ করার পর যেভাবে তা ব্যয় করেছি, আপনারাও অনুরূপভাবে ব্যয় করবেন। তখন আপনারা দু'জনে বলেছিলেন, এ শর্তেই আপনি তা আমাদের হাতে অর্পণ করুন। ফলে আমি তা আপনাদের কাছে সোপর্দ করে দিয়েছিলাম। আল্লাহুর কসম দিয়ে আপনাদেরকে জিজ্ঞাসা করছি ! আমি কি সেই শর্তের উপর এদের কাছে সে সম্পদ দিয়ে দেইনি? সকলেই বলল, হাা। তখন তিনি আলী (রা) ও আব্বাস (রা)-এর দিকে ফিরে বললেন, আল্লাহ্র কসম দিয়ে আপনাদের দু'জনকে জিজ্ঞাসা করছি! আমি কি ঐ শর্তে আপনাদেরকে সে সম্পদ দিয়ে দেইনি? তাঁরা দু'জন বললেন, হাা। তখন তিনি বললেন, আপনারা কি আমার কাছ থেকে এর ভিনু কোন মিমাংসা পেতে চানং সে সন্তার কসম করে বলছি, যাঁর নির্দেশে আকাশ ও যমীন স্বস্থানে বিদ্যমান, কিয়ামতের পূর্বে আমি এ ব্যাপারে নতুন কোন মিমাংসা করব না। যদি আপনারা এর তত্ত্বাবধানে অক্ষম হন, তাহলে তা আমার নিকট ফিরিয়ে দিন। আপনাদের দু'জনের স্থলে আমি একাই এর তত্ত্বাবধানের জন্য যথেষ্ট।

٣٠٨٠ بَابُ اثْم مَنْ أَوَى مُحْدِثًا ، رَوَاهُ عَلِيٌّ عَنِ النَّبِيِّ إِلَّا اللَّهِيِّ إِلَّا اللَّهِيّ

৩০৮০. অনুচ্ছেদ ঃ বিদআত-এর প্রবর্তকদের আশ্রয়দানকারীর অপরাধ। আলী (রা) নবী 🏭 থেকে এ মর্মে একটি হাদীস বর্ণনা করেছেন

 آثَنَا مُوسٰى بْنُ اسْمُعِیْلُ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَا عَاصِمٌ قُلْتُ لَا يَعْطَعُ شَجَرُهَا لاَنِس اِحَرَّمَ رَسُولُ اللهِ عُلْكُ الْمَدِیْنَةَ ؟ قَالَ نَعَمْ مَا بَیْنَ كَذَا الِّی كَذَا لاَ یُقْطَعُ شَجَرُهَا

مَنْ اَحْدَثَ فِيْهَا حَدَثًا فَعَلَيْهِ لَعْنَةُ اللهِ وَالْمَلاَئِكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ، قَالَ عَاصِم فَاَخْبَرَنِي مُوْسُى بْنُ اَنَسِ اَنَّهُ قَالَ اَوْ اَوْى مُحْدِثًا-

৬৮০৮ মৃসা ইব্ন ইসমাঈল (র)..... আসিম (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আনাস (রা)-কে জিজ্ঞাসা করলাম যে, নবী ক্রিট্রা কি মদীনাকে হারাম (সংরক্ষিত এলাকা) হিসাবে ঘোষণা করেছিলেন। উত্তরে তিনি বললেন, হাঁা, অমুক স্থান থেকে অমুক স্থান পর্যন্ত। এ এলাকার কোন গাছ কাটা যাবে না, আর যে ব্যক্তি এখানে বিদ্আত সৃষ্টি করবে। তার উপর আল্লাহ্ তা আলা, ফেরেশ্তা ও সকল মানব সম্প্রদায়ের লানত। আসিম বলেন, আমাকে মৃসা ইব্ন আনাস বলেছেন, বর্ণনাকারী —او اوی محدثا কিংবা বিদ্আত সৃষ্টিকারীকে আশ্রয় দেয় বলেছেন।

٣٠٨١ بَابُ مَا يُذْكَرُ مِنْ ذَمِّ الرَّانِي وَتَكَلُّفِ الْقِيَاسِ وَقَوْلُ اللَّهِ وَلاَ تَقْفُ مَا لَيْسَ لَكَ بِ عِلْمٌ

৩০৮১. অনুচ্ছেদ ঃ মনগড়া মত ও ডিব্তিহীন কিয়াস নিন্দনীয়। আর আল্লাহ্ তা'আলার বাণী ঃ যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই, তার অনুসরণ করো না....(১৭ ঃ ৩৬)।

آ مَدَّثَنَا سَعِيْدُ بِنُ تَلِيْدٍ قَالَ حَدَّثَنِي ابْنُ وَهْبِ قَالَ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمْنِ بِنُ شُرَيْحٍ وَغَيْرُهُ عَنْ اَبِي الْاَسْوَدِ عَنْ عُرُوَةَ قَالَ حَجَّ عَلَيْنَا عَبْدُ اللَّهِ بِنُ عَمْرٍ فَسَمِعْتُهُ يَقُوْلُ سَمِعْتُ النَّبِي عَلَيْهَ النَّبِي عَلَيْهَ اللَّهَ لاَ يَنْزِعُ الْعِلْمِ بَعْدَ اَنْ اَعْطَاكُمُوْهُ انْتَزَاعًا ، وَلَكِنَّ يَنْقُولُ سَمِعْتُ النَّبِي يَرُكُ عَنْهُمْ مَعَ قَبْضِ الْعُلَمَاءِ بِعِلْمِهِمْ فَيَبْقَى نَاسٌ جُهَّالٌ يُسْتَفْتَوْنَ فَيَفْتُوْنَ وَلَكِنَّ يَنْتُرْعِهُ عَنْهُمْ مَعَ قَبْضِ الْعُلَمَاءِ بِعِلْمِهِمْ فَيَبْقَى نَاسٌ جُهَّالٌ يُسْتَفْتَوْنَ فَيَفْتُونَ فَيَفْتُونَ فَيَعْمُونَ فَيَعْمُونَ فَيَعْمُونَ عَنْهُمْ مَعَ قَبْضِ الْعُلَمَاء بِعِلْمِهِمْ فَيَبْقَى نَاسٌ جُهَّالٌ يُسْتَفْتَوْنَ فَيَفْتُونَ فَيَعْمُونَ عَمْرٍ بِرِأَيهِمْ فَيَضِلُونَ وَيُضِلُونَ فَحَدَّتْتَى انْطَلِقُ النَّيْقَ زَوْجَ النَّبِي وَلِكُ ثُمَّ إِنَّ عَبْدَ اللَّهُ بِنُ عَمْرٍ مَعْ بَعْدُ الله فَاسْتُتْبِتْ لِي مِنْهُ الدِّي حَدَّثَنِي عَبْدَ اللّه فَاسْتُنْتُ بِي مِنْهُ الَّذِي حَدَّتَنِي بِهِ كَنَحُو مَا حَدَّثَنِي فَاتَيْتُ عَائِشَةَ فَاخْبَرُنَّهُا فَعَجِبَتْ عَنْ الله لَقَدْ حَفِظَ عَبْدُ اللّه بَنُ عَمْرٍ وَ مَا حَدَّثَنِي فَاتَيْتُ عَائِشَةَ فَاكُتْ وَاللّهُ لِقَدْ حَفِظَ عَبْدُ اللّه بِنُ عَمْرُو

ভি৮০৯ সাঈদ ইব্ন তালীদ (র) উরওয়া (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আবদুল্লাহ্ ইব্ন আমর (রা) আমাদের এ দিক দিয়ে হজ্জে যাছিলেন। আমি শুনতে পেলাম, তিনি বলছেন যে, আমি নবী ক্রিট্রাই -কে বলতে শুনেছি, আল্লাহ্ তা আলা তোমাদেরকে যে ইল্ম দান করেছেন, তা হঠাৎ করে ছিনিয়ে নেবেন না বরং ইল্মের বাহক উলামায়ে কিরামকে তাদের ইলম্সহ ক্রমশ তুলে নেবেন। তখন শুধুমাত্র মূর্খ লোকেরা অবশিষ্ট থাকবে। তাদের কাছে ফাত্ওয়া চাওয়া হবে। তারা মনগড়া ফাত্ওয়া দেবে। ফলে নিজেরাও পথভ্রষ্ট হবে, অন্যদেরকেও পথভ্রষ্ট করবে। উরওয়া (রা) বলেন, আমি এ হাদীসটি নবী ক্রিট্রা-এর সহধর্মিণী আয়েশা (রা)-কে বললাম। তারপর আবদুল্লাহ্ ইব্ন আম্র (রা) পুনরায় হজ্জ করতে এলেন। তখন আয়েশা (রা) আমাকে বললেন, হে ভাগ্লে! তুমি আবদুল্লাহ্র কাছে যাও এবং তার থেকে যে হাদীসটি তুমি আমাকে বর্ণনা

করেছিলে, তার সত্যাসত্য পুনরায় তাঁর নিকট থেকে যাচাই করে আস। আমি তাঁর নিকট গেলাম এবং জিজ্ঞাসা করলাম। তিনি আমাকে ঠিক সে রূপই বর্ণনা করলেন, যেরূপ পূর্বে বর্ণনা করেছিলেন। আমি আয়েশা (রা)-র কাছে ফিরে এসে এ কথা জানালাম। তিনি আশ্চর্য হয়ে গেলেন এবং বললেন, আল্লাহ্র কসম! আবদুল্লাহ্ ইব্ন আম্র (রা) ঠিকই স্মরণ রেখেছে।

ড৮১০ আবদান (র)...... আমাস (র) বলেন। আমি আবৃ গুয়ায়েলকে জিজ্ঞাসা করলাম, আপনি কি সিফ্ফীনের যুদ্ধে অংশগ্রহণ করেছিলেনং তিনি বললেন, হাঁ। মূসা ইব্ন ইসমাঈল... সাহল ইব্ন হুনায়ফ (রা) বলেন, হে লোকেরা! দীনের ব্যাপারে তোমাদের মনগড়া মতামতকে নির্ভরযোগ্য মনে করো না। কেননা আবৃ জান্দাল দিবসে (হুদায়বিয়ার দিবসে) আমার এমন মনে হচ্ছিল যে, যদি রাস্লুল্লাহ্ ক্রিট্র এর সিদ্ধান্তকে প্রত্যাখ্যান করতে পারতাম, তাহলে অবশ্যই আমি তা প্রত্যাখ্যান করতাম। যে কোন ভয়ঙ্কর পরিস্থিতির জন্য আমরা যখনই তরবারী কাঁধে ধারণ করেছি, তখনই তরবারী আমাদের কাজ্কিত লক্ষ্যের দিকে পথ সুগম করে দিয়েছে। বর্তমান বিষয়টি স্বতন্ত্র। রাবী বলেন, আবৃ গুয়ায়েল (রা) বলেছেন, আমি সিফ্ফীনের যুদ্ধে শরীক ছিলাম; বড়ই মন্দ ছিল সিফফীনের লড়াই।

٣٠٨٢ بَابُ مَا كَانَ النَّبِيُّ يَّلِيُّ يُسْأَلُ مِمَّا لَمْ يُنْزَلُ عَلَيْهِ الْوَحْيُ فَيَقُولُ لاَ اَدْدِيْ اَوْلَمْ يُجْبِ حَتَّى يُنْزَلَ عَلَيْهِ الْوَحْيُ وَلَمْ يَقُلْ بِرَأْيِ وَلاَ بِقِيَاسٍ ، لِقَوْلِهِ بِمَا أَرَاكَ اللهُ وَقَالَ لِبُنُ مَسْعُوْدٍ سِنُدِلَ النَّبِيُّ عَنِ الرُّوْحِ فَسَكَتَ حَتَّى نَزَلَتُ

৩০৮২. অনুচ্ছেদ ঃ ওহী অবতীর্ণ হয়নি এমন কোন বিষয়ে নবী ক্রিট্রে -কে জিজ্ঞাসা করলে তিনি বলতেন ঃ আমি জানি না কিংবা সে ব্যাপারে ওহী অবতীর্ণ না হওয়া পর্যন্ত কোন জবাব দিতেন না এবং তিনি ব্যক্তিগত মতের উপর ভিত্তি করে কিংবা অনুমান করে কিছু বলতেন না। কেননা, আল্লাহ্ তা'আলার বাণী ঃ আল্লাহ্ আপনাকে যা কিছু জানিয়ে দিয়েছেন তার ঘারা (ফয়সালা করুন)। ইব্ন মাসউদ (রা) বলেন, নবী ক্রিট্রে-কে রহ্ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে ওহী অবতীর্ণ হওয়া পর্যন্ত তিনি চুপ ছিলেন

مَالِي مَعْتُ ابْنُ الْمُنْكَدِرِ يَقُولُ مَرضْتُ فَجَاءَنِي رَسُولُ اللّٰهِ بَالْكَ يَعُودُنِي وَاَبُو بَكْرِ وَهُمَا مَا شَيَانِ فَاتَانِي وَقَدْ اللّٰهِ عَلَيْ فَتَوضَا رَسُولُ اللّٰهِ اللّٰهِ عَلَيْ يَعُودُنِي وَاَبُو بَكْرِ وَهُمَا مَا شَيَانِ فَاتَانِي وَقَدْ اُغْمِي عَلَيَّ فَتَوضَا رَسُولُ اللّٰهِ اللّٰهِ عَلَيْ تُمْ صَبَّ وَضُوءُهُ عَلَيَ فَافَقُتُ اللّٰهِ عَلَيْ اللّٰهِ كَيْفَ اَقَضِي في فَالَى مَ فَالَى مَ قَالَ سَفْيَانُ فَقُلْتُ اَي رَسُولُ اللّٰهِ كَيْفَ اَقَضِي في مَالِي ، قَالَ شَمَا اَجَابَنِي بِشَيْءٍ حَتَّى نَزلَتَ اللّٰهِ كَيْفَ اَقَضِي في مَالِي ، قَالَ فَمَا اَجَابَنِي بِشَيْءٍ حَتَّى نَزلَتَ اللّٰهِ كَيْفَ اَقَضِي في مَالِي ، قَالَ فَمَا اَجَابَنِي بِشَيْءٍ حَتَّى نَزلَتَ اللّٰهِ كَيْفَ اَقَضِي في مَالِي ، قَالَ فَمَا اَجَابَنِي بِشَيْءٍ حَتَّى نَزلَتَ اللّٰهِ كَيْفَ اَقَضِي في مَالِي ، قَالَ فَمَا اَجَابَنِي بِشَيْءٍ حَتَّى نَزلَتَ اللّٰهِ كَيْفَ اَقَضِي في اللهِ الله

٣٠٨٣ بَابُ تَعْلِيْمِ النَّبِيِّ وَلِيُّ أُمَّتَهُ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ مِمَّا عَلَّمَهُ اللَّهُ لَيْسَ بِرَأْيِ وَلَاِتَسَاءِ مِمَّا عَلَّمَهُ اللَّهُ لَيْسَ بِرَأْي

৩০৮৩. অনুচ্ছেদ ঃ নবী ক্রী-পুরুষ নির্বিশেষে তাঁর উত্মতদেরকে সে বিষয়েরই শিক্ষা দিতেন, যা আল্লাহ্ তাঁকে শিখিয়ে দিতেন, ব্যক্তিগত মত বা দৃষ্টান্তের উপর ভিত্তি করে নয়

৬৮১২ মুসাদ্দাদ (র)....... আবৃ সাঈদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈকা মহিলা নবী ক্রাট্রান্ধ -এর কাছে এসে বলল, ইয়া রাস্লাল্লাহ্! আপনার হাদীস তো কেবলমাত্র পুরুষ শুনতে পায়। সুতরাং আপনার পক্ষ থেকে আমাদের জন্য একটি দিন নির্দিষ্ট করে দিন, যে দিন আমরা আপনার নিকট আসব, আল্লাহ্ আপনাকে যা কিছু শিক্ষা দিয়েছেন তা থেকে আপনি আমাদের শিক্ষা দেবেন। তিনি বললেন ঃ তোমরা অমুক অমুক দিন

অমুক অমুক স্থানে সমবেত হবে। তারপর (নির্দিষ্ট দিনে) তাঁরা সমবেত হলেন এবং নবী ক্রাম্ট্র তাদের কাছে এলেন এবং আল্লাহ্ তাঁকে যা কিছু শিক্ষা দিয়েছেন তা থেকে তাদের শিক্ষা দিলেন। এবং বললেন ঃ তোমাদের কেউ যদি সন্তানদের থেকে তিনটি সন্তান আগে পাঠিয়ে দেয় (মৃত্যুবরণ করে) তাহলে এ সন্তানরা তার জন্য জাহান্নামের পথে অন্তরায় হয়ে যাবে। তাদের মাঝ থেকে একজন মহিলা জিজ্ঞাসা করল, ইয়া রাস্লাল্লাহ্! যদি দু'জন হয়ে? বর্ণনাকারী বলেন, মহিলা কথাটি পরপর দুইবার জিজ্ঞাসা করলেন। তারপর নবী ক্রাম্ট্রের বললেনঃ দু'জন হলেও, দু'জন হলেও, দু'জন হলেও।

٣٠٨٤ بَابُ شَوْلِ النَّبِيِّ إِنِّ لاَ تَزَالُ طَائِفَةً مِنْ أُمَّتِي ظَاهِرِيْنَ عَلَى الْحَقِّ وَهُمْ اَهْلُ الْعِلْم

৩০৮৪. অনুচ্ছেদ ঃ নবী ক্রিক্রিএর বাণী ঃ আমার উন্মতের মাঝে এক জামাআত সর্বদাই হকের উপর বিজয়ী থাকবেন। আর তাঁরা হলেন আহলে ইল্ম (দীনি ইল্মে বিশেষজ্ঞ)

آ١٨١٣ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُوسَىٰ عَنْ اسْمعِيْلَ عَنْ قَيْسٍ عَنِ الْمُغَيْرَةِ بْنِ شُعْبَةَ عَنِ النَّبِيِّ عَلَيْ اللهِ عَنْ السَّعِيْلَ عَنْ قَيْسٍ عَنِ الْمُغَيْرَةِ بْنِ شُعْبَةَ عَنِ النَّبِيِّ عَلَيْكَ قَالَ لاَ تَزَالُ طَائِفَةُ مِنْ أُمَّتِى ظَاهِرِيْنَ حَتَّى يَاتِيْهُمْ اَمْرُ اللهِ وَهُمْ ظَاهِرُونْ حَتَّى يَاتِيْهُمْ اَمْرُ اللهِ وَهُمْ ظَاهِرُونْ -

ডি৮১৩ উবায়দুল্লাহ্ ইব্ন মূসা (র)...... মুগীরা ইব্ন শুবা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রিই বলেছেন ঃ আল্লাহ্র হুকুম অর্থাৎ কিয়ামত আসা পর্যন্ত আমার উন্মতের এক জামাআত সর্বদাই বিজয়ী থাকবে। আর তাঁরা হলেন (সেই দল যারা প্রতিপক্ষের উপর) প্রভাবশালী।

آمَادً حَدَّثَنَا اسْمُعِيْلُ عَنِ ابْنِ وَهْبٍ عَنْ يُوْنُسَ عَنِ ابْنِ شَهَابٍ قَالَ اَخْبَرَنِي حُمَيْدٌ وَاللَّهُ سَمَعْتُ النَّبِيُّ يَقُولُ : مَنْ يُرِدِ فَاللَّهُ سِمَعْتُ النَّبِيُّ يَقُولُ : مَنْ يُرِدِ لَللَّهُ بِهَ خَيْرًا يُفَقَّهُهُ فِي الدِّيْنِ وَانَّمَا اَنَا قَاسِمٌ وَيُعْطِي اللَّهُ وَلَنْ يَزَالَ اَمْرُ هٰذِهِ الْاُمَّةَ مُسْتَقَيْمًا حَتَّى تَقُومُ السَّاعَةُ اَوْ حَتَّى يَأْتِي اَمْرُ اللهِ عَزَّ وَجَلَّ-

৬৮১৪ ইসমাঈল (র)..... মুআবিয়া ইব্ন আবৃ সুফয়ান (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী ক্রাট্রাই -কে বলতে ওনেছি যে, আল্লাহ্ তা আলা যার কল্যাণ চান, তাকে দীনের জ্ঞান দান করেন। আমি তো (ইলমের) বন্টনকারী মাত্র; আল্লাহ্ তা প্রদান করে থাকেন। এ উন্মতের কর্মকাণ্ড কিয়ামত পূর্যন্ত কিংবা বলেছিলেন, মহান আল্লাহ্ তা আলার হুকুম আসা পর্যন্ত (সত্যের উপর) সুদৃঢ় থাকবে।

٣٠٨٥ بَابٌ قَوْلِ اللَّهِ : أَوْ يِلْبِسَكُمْ شَيِعًا

৩০৮৫. অনুচ্ছেদঃ আল্লাহ্ তা'আলার বাণীঃ অথবা তোমাদেরকে বিভিন্ন দলে বিভক্ত করতে..... (৬ঃ৬৫)

٦٨١٥ حَدَّثَنَا عَلِى ۗ بْنُ عَبْدِ اللّهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ عَمْرُو بْنُ دِيْنَارِ سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللّهِ يَقُولُ لَمَّا نَزَلَ عَلَى رَسُولِ اللّهِ لِيُّا ۖ قُلْ هُوَ الْقَادِرُ عَلَى أَنْ يَبْعَثَ

عَلَيْكُمْ عَذَابًا مِنْ فَوْقِكُمْ قَالَ اَعُوْذُ بِوَجْهِكَ اَوْ مِنْ تَحْتِ اَرْجُلِكُمْ قَالَ اَعُوْذُ بِوَجْهِكَ ، فَلَمَّا نَزَلَتْ : اَوْ يَلْبِسَكُمْ شِيَعًا وَيُذِيْقَ بَعْضَكُمْ بَأْسَ بَعْضَ ٍ قَالَ هَاتَانِ اَهْوَنُ اَوْ اَيْسَرُ-

৬৮১৫ আলী ইব্ন আবদুল্লাহ্ (র)...... জাবির ইব্ন আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, যখন রাসূলুল্লাহ্ ক্রিল্লাই -এর উপর এই আয়াত ঃ বল, তিনি সক্ষম তোমাদের উর্ধ্বদেশ থেকে শান্তি প্রেরণ করতে.... নাযিল হল, তখন তিনি বললেন ঃ (হে আল্লাহ!) আমি আপনার কাছে (এহেন আযাব থেকে) আশ্রয় প্রার্থনা করি (তারপর যখন নাযিল হল) অথবা তোমাদের পায়ের নিচে থেকে। তখনও তিনি বললেন ঃ (হে আল্লাহ্!) আমি আপনার নিকট (এহেন আযার থেকে) আশ্রয় প্রার্থনা করি। এরপর যখন অবতীর্ণ হল ঃ অথবা তোমাদেরকে বিভিন্ন দলে বিভক্ত করতে এবং একদলকে অপর দলের সংঘর্ষের আস্বাদ গ্রহণ করাতে তখন তিনি বললেন ঃ এ দুটি অপেক্ষাকৃত নরম অথবা বলেছেন ঃ সহজ।

ত০৮৬ অনুচ্ছেদ ঃ কোন বিষয় সম্পর্কে প্রশ্নকারীকে সুম্পষ্টরূপে বুঝিয়ে দেওয়ার উদ্দেশ্যে (আল্লাহ্র পক্ষ থেকে) সুম্পষ্ট হকুম বর্ণিত আছে এরূপ কোন বিষয়ের সাথে অন্য আর একটি বিষয়ের নিয়ম মোতাবেক তুলনা করা

آ آ آ آ حَدَّثَنَا اَصْبَغُ بِنُ الْفَرَجِ قَالَ اَخْبَرَنِي ابْنُ وَهْبٍ عَنْ يُونُسَ عَنِ ابْنِ شَهَابٍ عَنْ اَبِيْ سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمُنِ عَنْ اَبِيْ هُرَيْرَةَ اَنَّ اَعْرَابِيًّا اَتَى رَسُولً اللَّهِ وَلَيَّ فَقَالَ اِنَّ اَمْرَاتِيْ وَلَدَتْ غُلاَمًا اَسْوَدَ وَانِي اَنْكَرْتُهُ ، فَقَالَ لَهُ رَسُولُ اللّهِ وَلَيْ اللّهِ عَلَيْهُ هَلْ لَكَ مِنْ ابلٍ ؟ اَمْرَاتِيْ وَلَدَتْ غُلاَمًا اَسْوَدَ وَانِي اَنْكَرْتُهُ ، فَقَالَ لَهُ رَسُولُ اللّهِ وَلَيْ اللّهِ عَلَيْهُا مِنْ اَوْرَقَ ؟ قَالَ انَّ فَيْهَا لَوُرْقًا ، قَالَ نَعَمْ ، قَالَ فَمَا الْوَانُهَا قَالَ حَمْرٌ ، قَالَ هَلْ فَيْهَا مِنْ اَوْرَقَ ؟ قَالَ انَ فَيْهَا لَوُرْقًا ، قَالَ فَا نَدْعَهُ اللّهُ عَرْقُ نَزَعَهَا قَالَ وَلَعَلَّ هَذَا عِرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَّ هَذَا عِرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَّ هَذَا عِرْقُ نَزَعَهُا وَلَكُ وَلَا عَرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَّ هَذَا عِرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَ هُذَا عِرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَّ هَذَا عَرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلُ هَا اللّهُ عَرْقُ نَوْعَهُا قَالَ وَلَعَلَ هُذَا عَرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَ هُذَا عَرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَ هَا فَالَ عَرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَ هُذَا عَرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَ هُولَا اللّهُ عَرْقُ نَزَعَهُا قَالَ وَلَعَلَ هُمَا اللّهُ عَلَى اللّهُ عَلَيْ اللّهُ عَلَى اللّهُ عَلَا اللّهُ عَلْتُهُ مَنْ اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَا عَلَى اللّهُ عَالَا عَلَى اللّهُ عَلَا عَلَى اللّهُ عَلَا عَلَا عَلَا عَلَى اللّهُ عَلَا عَلَا عَلَا عَلَا عَلَى اللّهُ عَلَا عَ

آمَاً حَدَّثَنَا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا اَبُوْ عَوَانَةَ عَنْ اَبِيْ بِشْرِ عَنْ سَعِيْد بِنْ جُبَيْرِ عَنِ ابْنِ عَبَّاسٍ إِنَّ امْرَاَةً جَاءَتْ اللّهِ النَّبِيِّ وَلَيْ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الرَّايْتِ لَوْ كَانَ عَلَى الْمَّكِ دَيْنُ اكُنْتِ قَاضِيَةٌ ؟ تَحُجَّ ، اَفَاحُجُ عَنْهَا ؟ قَالَ نَعَمْ حُجِّى عَنْهَا ارَاَيْتِ لَوْ كَانَ عَلَى اُمِّكِ دَيْنُ اكُنْتِ قَاضِيَةٌ ؟ قَالَتُ نَعَمْ قَالَ وَاقْضُوا الَّذِي لَهُ فَإِنَّ اللّهُ اَحَقَّ بِالْوَفَاءِ –

৬৮১৭ মুসাদ্দাদ (র)...... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত যে, জনৈকা মহিলা নবী ক্রিট্র -এর নিকট এসে বলল, আমার মাতা হজ্জ করার মানত করেছিলেন। এরপর তিনি হজ্জ করার পূর্বেই মৃত্যুবরণ করেন। এখন আমি কি তার পক্ষ থেকে হজ্জ আদায় করে দেব? উত্তরে তিনি বললেন, হাঁা, তার পক্ষ থেকে হজ্জ আদায় করে দাও। মনে কর যদি তার উপর ঋণ থাকত তাহলে কি তুমি তা আদায় করতে? সে বলল, নিশ্চয়ই। তিনি বললেন ঃ অতএব তার উপর যে মানত রয়েছে তা তুমি আদায় করে দাও। আল্লাহ্ তা'আলা অধিক হক্দার, তাঁর মানত পূর্ণ করার।

* ٣٠٨٧ بَابُ مَا جَاءَ فِي اِجْتِهَادِ الْقَضَاءِ بِمَا أَنْزَلَ اللّهُ لِقَوْلِهِ وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللّهُ لِقَوْلِهِ وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللّهُ لِقَوْلِهِ وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللّهُ فَأُولُكِ هُمُ الظَّالِمُونَ ، وَمَدَحَ النَّبِيُّ وَلَيْ صَاحِبَ الْحِكْمَةِ حِيْنَ يَقْضِي بِهَا وَيُعَلِّمُهَا لاَ يَتَكَلَّفُ مِنْ قَبِلِهِ وَمُشَاوَرَةِ الْخُلَفَاءِ وَسُؤَالِهِمْ أَهْلَ الْعِلْمِ-

৩০৮৭. অনুচ্ছেদ ঃ আল্লাহ্ তা'আলা যা অবতীর্ণ করেছেন, তার আলোকে ফায়সালার মধ্যে ইচ্ছতিহাদ করা। কেননা, আল্লাহ্ তা'আলার বাণী ঃ আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তদনুসারে যারা বিধান দেয় না তারাই যালিম....... (৫ ঃ ৪৫)। যারা হিক্মতের সাথে বিচার করে ও হেক্মতের তালীম দেন এবং মনগড়া কোন ফায়সালা করেন না, (এরূপ হিক্মতের অধিকারী ব্যক্তির) নবী ক্রান্ত্রী প্রশংসা করেছেন। খলীফাদের সাথে পরামর্শ করা এবং বিচারকদের আহলে ইল্মদের কাছে জিজ্ঞাসা করা

آمَمَهُ عَنْ عَبْدِ اللّهِ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَبَّادٍ قَالَ حَدَّثَنَا ابْرَاهِیْمُ بْنُ حُمَیْدٍ عَنْ اسْمُعیْلَ عَنْ قَیْسٍ عَنْ عَبْدِ اللّهِ قَالَ قَالَ رَسُولُ اللّهِ عَلَّهُ مَالاً عَنْ عَبْدِ اللّهِ قَالَ قَالَ رَسُولُ اللّهِ عَلَيْهِ لَا حَسَدَ الِاّ فِي اثْنَتَیْنِ رَجُلُ اَتَاهُ اللّهُ مَالاً

ভি৮১৮ শিহাব ইব্ন আব্বাদ (র).....আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিটিটিচিচেন ও দু'রকম লোক ছাড়া কারো প্রতি ঈর্ষা করা বৈধ নয়। (এক) যাকে আল্লাহ্ তা'আলা সম্পদ্দিয়েছেন এবং ন্যায়পথে ব্যয় করার ক্ষমতা দান করেছেন। (দুই) যাকে আল্লাহ্ তা'আলা হিক্মাত (শরয়ী বিচক্ষণতা) দান করেছেন, আর সে এর আলোকে বিচার করে এবং তা অপরকে শিক্ষা দেয়।

7۸۱۹ حَدَّثَنَا مُحَمَّدُ قَالَ اَخْبَرَنَا اَبُوْ مُعَاوِيَةَ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ اَبِيْهِ عَنِ الْمُغِيْرَةِ قَالَ سَالَ عُمَرُ ابْنُ الْخَطَّابِ عَنْ امْ لَأَصِ الْمَرْاَةِ وَهِيَ الثَّتِي يُضْرَبُ بَطْنُهَا فَتَلُقِيَ جَنِيْنًا فَقَالَ النَّبِي لِللَّهِ فَيَه ِ شَيْئًا ؟ فَقُلْتُ اَنَا ، فَقَالَ مَا هُوَ ؟ قُلْتُ جَنِيْنًا فَقَالَ اللهُو ؟ قُلْتُ

سَمِعْتُ النَّبِيَّ الْنَّهِ يَقُولُ فَيْهِ غُرَّةٌ عَبْدٌ أَوْ أَمَّةٌ ، فَقَالَ لاَ تَبْرَحْ حَتَّى تَجِيْئَنِى بِالْمَخْرَجِ فِيْمَا قُلْتُ فَخَرَجْتُ فَوَجَدْتُ مُحَمَّدَ بْنَ مَسْلَمَةَ فَجِئْتُ بِهِ فَشَهِدَ مَعَى أَنَّهُ سَمِعَ النَّبِيَّ فَيْ الزَّنَادِ عَنْ أَبِيْهِ عَنْ عَرْقَةً عَبْدٌ أَوْ أَمَةُ ، تَابَعَهُ ابْنُ أَبِي الزَّنَادِ عَنْ أَبِيْهِ عَنْ عُرُوّةَ عَن الْمُغَيْرَةِ -

৬৮১৯ মুহাম্মদ (র)....... মুগীরা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, উমর (রা) মহিলাদের গর্ভপাত সংক্রান্ত বিষয়ে জিজ্ঞাসা করলেন, অর্থাৎ তার পেটে আঘাত করা হয়, যার ফলে সন্তানের গর্ভপাত ঘটে। তিনি জিজ্ঞাসা করলেন, তোমাদের মধ্যে কে নবী ক্রিট্রেই থেকে এ ব্যাপারে কিছু শুনেছ? আমি বললাম, আমি শুনেছি। তিনি জিজ্ঞাসা করলেন, কি শুনেছ? আমি বললাম, নবী ক্রিট্রেই -কে এ ব্যাপারে আমি বলতে শুনেছি যে, এ কারণে গুর্রা অর্থাৎ একটি দাস কিংবা দাসী প্রদান করতে হবে। এ শুনে তিনি বললেন, তুমি যে হাদীস বর্ণনা করেছ এর প্রমাণ উপস্থিত না করা পর্যন্ত তুমি এখান থেকে যেও না। তারপর আমি বের হলাম এবং মুহাম্মদ ইব্ন মাসলামা (রা)-কে পেলাম। আমি তাকে নিয়ে উপস্থিত হলাম, সে আমার পক্ষে সাক্ষ্য প্রদান করল যে, তিনিও নবী ক্রিট্রেই -কে বলতে শুনেছেন যে, এতে গুর্রা অর্থাৎ একটি গোলাম কিংবা বাঁদী প্রদান করতে হবে। ইব্ন আবৃ যিনাদ....... মুগীরা (রা) থেকে অনুরূপ একটি হাদীস বর্ণনা করেছেন।

٣٠٨٨ بَابُ قَوْلِ النَّبِيِّ وَإِلَيْكُ لَتَتَّبِعُنَّ سُنَنَ مَنْ كَانَ قَبْلَكُمْ

৩০৮৮, অনুচ্ছেদ ঃ নবী হ্লী এর বাণী ঃ অবশ্যই তোমরা তোমাদের পূর্ববর্তীদের আচার-আচরণের অনুকরণ করতে থাকবে

آ كَلَا حَدَّثَنَا اَحْمَدُ بْنُ يُوْنُسَ قَالَ حَدَّثَنَا ابْنُ اَبِى ذَبْبِ عَنِ الْمَقْبُرِيِ عَنْ اَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِ عَنِ الْقُرُونِ قَبْلَهَا هُرَيْرَةَ عَنِ النَّبِي عَنِ النَّبِي عَنْ الْقُرُونِ قَبْلَهَا هُرَيْرَةَ عَنِ النَّبِي عَنْ النَّبِي عَنْ الْقُرُونِ قَبْلَهَا شَبْرًا بِشِبْرٍ وَذَرَاعً فَالَ وَمَنِ النَّاسُ اللهِ كَفَارِسَ وَالرَّوْمِ ، فَقَالَ وَمَنِ النَّاسُ اللهِ كَفَارِسَ وَالرَّوْمِ ، فَقَالَ وَمَنِ النَّاسُ اللهِ كَفَارِسَ وَالرَّوْمِ ، فَقَالَ وَمَن ِ النَّاسُ اللهِ اللهِ كَفَارِسَ وَالرَّوْمِ ، فَقَالَ وَمَن ِ النَّاسُ اللهِ اللهِ عَنْ النَّاسُ اللهِ عَنْ اللهُ عَنْ اللهِ عَنْ اللهُ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللهِ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهِ اللهُ اللّهُ اللهُ ال

ড৮২০ আহ্মাদ ইব্ন ইউনুস (র)...... আবৃ হুরায়রা (রা) নবী ক্রীট্র থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন ঃ কিয়ামত কায়েম হবে না যতক্ষণ না আমার উন্মাত পূর্বযুগীয়দের আচার-অভ্যাসকে বিঘতে বিঘতে, হাতে হাতে গ্রহণ না করবে। জিজ্ঞাসা করা হল, ইয়া রাস্লাল্লাহ্! পারস্য ও রোমকদের মত কিঃ তিনি বললেন ঃ লোকদের মধ্যে আর কারাঃ এরাই তো!

آلِكِهِ الصَّنْعَانِيُّ مِنُ عَبْدِ الْعَزِيْزِ قَالَ حَدَّثَنَا اَبُوْ عُمَرَ الصَّنْعَانِيُّ مِنَ الْيَمَنِ عَنْ زَيْدِ بِنْ اَسْلُمَ عَنْ عَطَاء بِنْ يَسَارِ عَنْ اَبِي سَعِيْدِنِ الْخُدْرِيِّ عَنْ النَّبِيِّ وَ النَّبِيِّ وَاللَّهِ قَالَ لَتَبِعُنَّ سُنْنَ مَنْ كَانَ قَبْلُكُمْ شَبِبْرًا شَبِرًا وَذِرَاعًا ذِرَاعًا حَتَّى لَوْ دَخَلُواْ جُحْرَ ضَبِّ تَبِعْتُمُوْهُمْ ، قُلْنَا يَا رَسُولُ اللَّهِ الْيَهُوْدَ وَالنَّصَارَى قَالَ فَمَنْ -

৬৮২১ মুহাম্মদ ইব্ন আবদুল আযীয় (র)...... আবু সাঈদ খুদ্রী (রা) নবী ক্ষ্মি থেকে বর্ণনা করেন। তিনি বলেছেন ঃ নিশ্চয় তোমরা তোমাদের পূর্ববর্তীদের আচার-আচরণকে বিঘতে বিঘতে, হাতে হাতে অনুকরণ করবে। এমনকি তারা যদি গুঁইসাপের গর্তেও প্রবেশ করে থাকে, তাহলে তোমরাও এতে তাদের অনুকরণ করবে। আমরা বললাম, ইয়া রাস্লাল্লাহ। এরা কি ইহুদী ও নাসারা। তিনি বললেন ঃ আর কারা।

٣٠٨٩ بَابُ اِثْمِ مَنْ دَعَا اِلَى ضَلاَ لَةٍ ، أَوْ سَنَّ سَنَّةُ سَيِّنَةً لِقَوْلِ اللَّهِ وَمِنْ أَوْزَارِ الَّذِيْنَ يُضْلِلُوْنَهُمْ بِغَيْرِ عِلْمِ

৩০৮৯. অনুচ্ছেদ ঃ গোমরাহীর দিকে আহবান করা অথবা কোন খারাপ তরীকা প্রবর্তনের অপরাধ। কারণ আল্লাহ্ তা'আলার বাণী ঃ এবং পাপভার তাদেরও যাদের তারা অজ্ঞতাহেতু বিদ্রান্ত করেছে...... (১৬ ঃ ২৫)

آكم الأوَّل كِفْلٌ مِنْهَا وَرُبَّمَا قَالَ سَفْيَانُ قَالَ حَدَّثَنَا الْاَعْمَشُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُرَّةَ عَنْ مَسْرُوْقٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ النَّبِيُّ لَيْسَ مِنْ نَفْسٍ تُقْتَلُ ظُلُمًا الاَّ كَانَ عَلَى ابْنِ مَسْرُوْقٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ النَّبِيُّ لَيْسَ مِنْ نَفْسٍ تُقْتَلُ ظُلُمًا الاَّ كَانَ عَلَى ابْنِ أَنْهُ سَنَّ الْقَتْلُ اَوَّلاً – أَدَمَ الأَوَّلُ كَفْلٌ مِنْهَا وَرُبُّمَا قَالَ سَفْيَانُ مِنْ دَمِهَا لاَنَّهُ سَنَّ الْقَتْلُ اَوَّلاً –

ఆ৮২২ হুমায়দী (র)আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রা বলেছেন ঃ যে কোন ব্যক্তিকেই অন্যায়ভাবে হত্যা করা হয়, তার পাপের হিস্যা আদাম (আ)-এর প্রথম (হত্যাকারী) পুত্রের উপরও বর্তাবে। রাবী সুফিয়ান من دمها তার রক্তপাত ঘটানোর অপরাধ তার উপরেও বর্তাবে উল্লেখ করেছেন। কারণ সেই সর্বপ্রথম হত্যার রীতি প্রবর্তন করে।

٣٠٩٠ بَابُ مَا ذَكَرَ النَّبِيُّ وَكَنْ عَلَى اِتَّفَاقِ اَهْلِ الْعِلْمِ وَمَا اَجْمَعَ عَلَيْهِ الْحَرَمَانِ مَكُةُ وَالْمُهَاجِرِيْنَ وَالْاَنْصَارِ النَّبِيِّ وَالْمُهَاجِرِيْنَ وَالْاَنْصَارِ وَمُصَلِّى النَّبِيِّ وَالْمُهَاجِرِيْنَ وَالْاَنْصَارِ وَمُصَلِّى النَّبِيُ وَالْمُهَاجِرِيْنَ وَالْاَنْصَارِ وَمُصَلِّى النَّبِيُ وَالْمَنْبَرِ وَالْقَبْرِ

৩০৯০. অনুচ্ছেদ ঃ নবী ক্রিট্রে যা বলেছেন এবং আলেমদেরকে ঐক্যের প্রতি যে উৎসাহ প্রদান করেছেন। আর যেসব বিষয়ে হারামাঈন মক্কা ও মদীনার আলেমগণ ঐকমত্য পোষণ করেছেন। মদীনায় নবী করীম ক্রিট্রে মুহাজির ও আনসারদের স্মৃতিচিহ্ন এবং নবী ক্রিট্রে এর নামাযের স্থান, মিন্বর ও কবর সম্পর্কে

آمَرَ عَنْ جَابِرِبْنِ عَبْدِ اللهِ اللهِ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ جَابِرِبْنِ عَبْدِ اللهِ اللهِ اللهِ اللهِ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ جَابِرِبْنِ عَبْدِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ عَلَى الْاسْلاَمِ فَاصَابَ الْاَعْرَابِيَّ وَعْكُ بِالْمُدِيْنَةِ فَجَاءَ الْاَعْرَابِيُّ اللهِ الل

بَيْعَتِى فَاَبِى فَخَرَجَ الْأَعْرَابِيُّ فَقَالَ رَسُوْلُ اللهِ عَلَيْهُ إِنَّمَا الْمَدِيْنةُ كَالْكِيْرِ تَنْفِى خَبَثَهَا وَتَنَصَعُ طِيْبُهَا-

ডি৮২৩ ইসমাঈল (র)...... জাবির ইব্ন আবদুল্লাহ্ সালামী (রা) থেকে বর্ণিত যে, জনৈক বেদুঈন রাসূলুল্লাহ্ ক্রিল্ট্রে -এর নিকট ইসলামের উপর বায়'আত গ্রহণ করল। এরপর সে মদীনায় জ্বরে আক্রান্ত হল। বেদুঈন রাসূলুল্লাহ্ ক্রিল্ট্রে -এর খিদমতে হাযির হয়ে বলল, ইয়া রাসূলাল্লাহ্। আমার বায়'আত প্রত্যাহার করুন। রাসূলুল্লাহ্ ক্রিল্ট্রে অস্বীকৃতি জানালেন। পুনরায় সে এসে বলল, আমার বায়'আত প্রত্যাহার করুন। রাসূলুল্লাহ্ ক্রিল্ট্রে অস্বীকৃতি জানালেন। এরপর সে আবার এসে বলল, আমার বায়'আত প্রত্যাহার করুন। এবারও নবী ক্রিল্ট্রে অস্বীকৃতি জানালে বেদুঈন বেরিয়ে গেল। তখন রাসূলুল্লাহ্ ক্রিল্ট্রে বললেনঃ মদীনা হয়েছে কামারের হাঁপরের মত। সে তার মধ্যকার আবর্জনাকে বিদূরিত করে এবং খাঁটিটুকু ধরে রাখে।

آكَكُنْ عَبْدُ الْوُاحِدِ قَالَ حَدَّثَنَا مُوسِلَى بُنُ اسْمُعِيْلَ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَى عَبْاسِ قَالَ كُنْتُ اَقْرِيُّ الزُّهْرِيِ قَالَ حَدَّثَنِيْ ابْنُ عَبْاسِ قَالَ كُنْتُ اَقْرِيُّ عَبْدَ اللَّهِ قَالَ حَدَّقَنِيْ ابْنُ عَبْدُ الرَّحْمُن بِمنِي لَوْ عَبْدَ الرَّحْمُن بِمنِي لَوْ عَبْدَ الرَّحْمُن بِمنِي لَوْ شَيْدَ الرَّحْمُن بِمنِي لَوْ مَن اللَّهُ قَالَ اللَّهُ قَالَ اللَّهُ قَالَ عَبْدُ الرَّحْمُن بِمنِي لَوْ مَن اللَّهُ عَبْدُ الرَّحْمُن بِمنِي لَوْ مَن اللَّهُ عَبْدُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ

ডিচ-২৪ মূসা ইব্ন ইসমাঈল (র)....... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবদুর রহমান ইব্ন আওফ (রা)-কে পবিত্র কুরআনের তালীম দিতাম। উমর (রা) যখন জীবনের সর্বশেষ হজ্জ পালন করতে আসলেন, তখন আবদুর রহমান (রা) মিনায় আমাকে লক্ষ্য করে বললেন, তুমি আজ আমীরুল মু'মিনীনদের নিকট থাকলে দেখতে পেতে যে, তাঁর কাছে এক ব্যক্তি এসে বলল, জনৈক ব্যক্তি বলেছে, যদি আমীরুল মু'মিনীন মারা যেতেন, তাহলে আমরা অমুক ব্যক্তির হাতে বায়'আত নিতে পারতাম। উমর (রা) বললেন, আজ বিকেলে দাঁড়িয়ে আমি তাদেরকে সতর্ক করব, যারা মুসলমানদের অধিকারকে ছিনিয়ে নিতে চায়। আমি বললাম, আপনি এটি করবেন না। কেননা, এখন হজ্জের মৌসুম। এখন সাধারণ লোকের উপস্থিতির সময়। তারা আপনার মজলিসকে ঘিরে ফেলবে। আমার ভয় হচ্ছে যে, তারা আপনার বক্তব্য

যথাযথভাবে অনুধাবন করবে না। রদ্-বদল করে চারদিকে ছড়িয়ে দেবে। বরং এখন আপনি হিজরত ও সুনাতের আবাসগৃহ মদীনায় পৌঁছা পর্যন্ত একটু অপেক্ষা করুন। এরপর একমাত্র রাসূলুল্লাহ্ ক্রিট্রে-এর মুহাজির ও আনসার সাহাবাদের নিকট আপনার বক্তব্য পেশ করুন। তাঁরা আপনার বক্তব্য সংরক্ষণ করবে এবং তার যথাযথ মর্যাদা প্রদান করবে। উমর (রা) বললেন, আল্লাহ্র কসম! আমি মদীনায় পৌঁছলে সবচেয়ে আগে এটি করব। ইব্ন আব্বাস (রা) বলেন, আমরা মদীনায় উপস্থিত হলাম। তখন উমর (রা) ভাষণ প্রসঙ্গে বললেন, আল্লাহ্ তা'আলা মুহাম্মদ ক্রিট্রে-কে সত্য বাণী দিয়ে প্রেরণ করেছেন, তাঁর উপর কিতাব অবতীর্ণ করেছেন। তন্মধ্যে 'রজ্ম' (তথা পাথর নিক্ষেপ করে হত্যা করা)-এর আয়াতও রয়েছে।

آمَرَهُ اللّهِ اللّهُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهِ عَنْ مُحَمَّد قَالَ كُنَّا عِنْدَ الْبِي هُرَيْرَة وَعَلَيْهِ ثَوْبَانِ مُمَشَّقَانِ مِنْ كَتَانِ فَتَمَخَّطَ فَقَالَ بَخْ بَخْ اَبُوْ هُرَيْرَةَ يَتَمَخَّطُ فَقَالَ بَخْ بَخْ اَبُو هُرَيْرَةَ يَتَمَخَّطُ فَقَالَ بَخْ بَخْ اَبُو هُرَيْرَةً يَتَمَخَّطُ فَقَالَ بَخْ بَخْ اَبُو هُرَيْرَةً يَتَمَخَّطُ فَقَالَ بَخْ بَخْ اللّهُ عَلَيْكُ اللّهِ عَلْمَ عَنْقِي وَيُرَى اللّهِ عَلَى عَنْقِي وَيُرَى اَنِي مَجْنُونُ وَمَا بِي مِنْ جُنُونَ مَابِي اللّهُ الْجُونُ وَمَا بِي مِنْ جُنُونَ مَابِي اللّهُ الْجُونُ وَمَا بِي مِنْ جُنُونَ مَابِي اللّهُ الْجُونُ وَمَا بِي مَنْ اللّهِ اللّهُ الْجُونُ وَمَا بِي مِنْ جُنُونَ مَابِي اللّهُ الْجُونُ وَمَا بِي مِنْ اللّهِ اللّهُ اللّهِ اللّهُ الْجُونُ وَمَا بِي مِنْ جُنُونَ مَابِي اللّهُ الْجُونُ وَمَا بِي مَا اللّهُ اللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ ال

ডিচ২৫ সুলায়মান ইব্ন হারব (র) মুহাম্মদ ইব্ন সীরীন (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা আবৃ হরায়রা (রা)-এর নিকটে ছিলাম। তিনি লাল রঙের দু'টি কাতান পরিহিত ছিলেন। এরপর তিনি নাক পরিষ্কার করলেন এবং বললেন, বাহঃ! বাহঃ! আবৃ হুরায়রা আজ কাতান দ্বারা নাক পরিষ্কার করছে। অথচ আমি এমন অবস্থায়ও ছিলাম, যখন রাসূলুল্লাহ্ ক্রিট্র এর মিন্বর ও আয়েশা (রা)-এর হুজ্রার মধ্যবর্তী স্থানে বেহুঁশ অবস্থায় পড়ে থাকতাম। আগত্তুক আসত, তার স্বীয় পা আমার গর্দানে রাখত, মনে হতো আমি যেন পাগল। অথচ আমার কিঞ্চিতও পাগলামী ছিল না। একমাত্র ক্ষুধার যন্ত্রণায় এমনটি হত।

آكم حَدَّثَنَا مُحَمَّدُ بِن كَثِيْرٍ قَالَ اَخْبَرَنَا سُفْيَانُ عَنْ عَبْدِ الرَّحْمُنِ بِنِ عَابِسٍ قَالَ سُئِلَ ابْنُ عَبَّاسٍ اَشْهَدْتُهُ مَا شُهِدْتُهُ مَا شُهِدْتُهُ مِنْ الصِّغَرِ فَاتَى الْعَلَمَ الْعَيْدَ مَعَ النَّبِي عَلَيْ قَالَ نَعَمْ وَلَوْلاَ مَنْزلَتِي مِنْهُ مَا شَهِدْتُهُ مِنْ الصِّغَرِ فَاتَى الْعَلَمَ الَّذِي عِنْدَ دَارِ كَثِيْرِ بِنِ الصَّلْتِ فَصلَلَى ثُمَّ خَطَبَ وَلَمْ يَذْكُرْ مِنَ الصَّغَرِ فَاتَى الْعَلَمَ الَّذِي عِنْدَ دَارِ كَثِيْرِ بِنِ الصَّلْتِ فَصلَلَى ثُمَّ خَطَبَ وَلَمْ يَذْكُرُ الْمَا الْعَلْمَ اللَّهِ فَا مَرَ بِالصَّدَقَةِ فَجَعَلَ النِّسَاءِ يُشْرِنُ الِي اذَانِهِنَّ وَحَلُوقِهِنَّ فَامَرَ بِالصَّدَقَةِ فَجَعَلَ النِّسَاءِ يُشْرِنْ الِي اذَانِهِنَّ وَحَلُوقِهِنَّ فَامَرَ بِالطَّا فَاتَاهُنَّ ثُمُّ رَجَعَ الِي النَّبِي عَلَيْلِ -

৬৮২৬ মুহাম্মদ ইব্ন কাসীর (র) আবদুর রহমান ইব্ন আবিস (র) থেকে বর্ণিত। আবদুল্লাহ্ ইব্ন আবাস (রা)-কে জিজ্ঞাসা করা হয়েছিল, আপনি কি নবী ক্রিট্রেল্ল -এর সাথে কোন ঈদে অংশ গ্রহণ করেছেনং তিনি বললেন, হাা। যদি তাঁর দরবারে আমার বিশেষ একটা অবস্থান না থাকত তবে এত অল্প বয়সে তাঁর সাথে যোগদানের সুযোগ পেতাম না। নবী ক্রিট্রেল্ল কাসীর ইব্ন সালতের বাড়ির নিকটস্থ স্থানের পতাকার কাছে তশরীফ আনলেন। এরপর ঈদের নামায আদায় করলেন। তারপর তিনি ভাষণ প্রদান করলেন। রাবী আযান এবং ইকামত-এর উল্লেখ করেননি। নবী ক্রিট্রেল্ল শ্রোতাদেরকে সাদাকা আদায়ের হুকুম করলেন। নারীরা

चीय कान ও গलात (ज्ञान काह पाउग्नात काह पाउग्नात काह पाउग्नात काह पाउग्नात काह पाउग्नात काह पाउग्नात काह किर्तन काह पाउग्नात काह किर्तन काह पाउग्नात काह किर्तन काह किर्तन काह किर्तन काह किर्ना किर्मा किर्

৬৮২৭ আবৃ নুআয়ম (র)...... ইব্ন উমর (রা) থেকে বর্ণিত যে, নবী হ্রাট্র কুবার মসজিদে কখনো পায়ে। হেঁটে আবার কখনো সাওয়ার হয়ে আসতেন।

آمَمَمَ حَدَّثَنَا عُبَيْدُ بْنُ اسْمُعِيْلَ حَدَّثَنَا اَبُوْ اُسَامَةَ عَنْ هِشَامٍ عَنْ اَبِيْهِ عَنْ عَائِشَةَ قَالَتْ لِعَبِيْدِ اللّهِ بْنِ الزُّبَيْدِ الدُّهِنِي مَعَ صَوَّاحِبِي وَلاَ تَدْفِنِي مَعَ النَّبِي عَنْ النَّبِي اللهِ فِي الْبَيْتِ فَانِي اَكْرَهُ اَنْ الزُّكِي وَعَنْ هِشَامٍ عَنْ اَبِيْهِ اَنَّ عُمَرَ اَرْسَلَ الِي عَائِشَةَ النَّذَنِي لِي الْبَيْتِ فَانِي اَكْرَهُ اَنْ الزَّكٰي وَعَنْ هِشَامٍ عَنْ اَبِيْهِ اَنَّ عُمَرَ اَرْسَلَ الِي عَائِشَةَ النَّذَنِي لِي الْبَيْتِ فَانِي اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ المَا اللهِ الله

ডি৮২৮ উবায়দ ইব্ন ইসমাঈল (র) আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি আবদুল্লাহ্ ইব্ন যুবায়রকে বললেন, আমার মৃত্যুর পর আমাকে আমার অন্যান্য সঙ্গিনী (উদ্মাহাতুল মু'মিনীন)-দের সাথে দাফন করবে। আমাকে নবী ক্রিট্রাই -এর সাথে হুজরায় দাফন করবে না। কেননা তাতে আমাকে প্রাধান্য দেয়া হবে, আমি তা পছন্দ করি না। বর্ণনাকারী হিশাম তাঁর পিতা উরওয়া (রা) থেকে বর্ণনা করেন, উমর (রা) আয়েশা (রা)-এর নিকট লোক পাঠালেন, আমাকে আমার দুই সঙ্গী তথা রাস্লুল্লাহ্ ক্রিট্রাই ও আবূ বকর (রা)-এর সাথে দাফন হওয়ার অনুমতি দিন। আয়েশা (রা) বললেন, হ্যা। আল্লাহ্র কসম! বর্ণনাকারী আরো বলেন, আয়েশা (রা) -এর নিকট যখনই সাহাবাদের কেউ এই অনুমতির জন্য কাউকে পাঠাতেন, তখনি তিনি বলতেন, না। আল্লাহ্র কসম! আমি তাঁদের সঙ্গে কাউকে প্রাধান্য দেব না।

آمَا حَدَّثَنَا اَيُّوْبُ بْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّثَنَا اَبُوْ بَكْرِبْنُ اَبِى اُوَيْسْ عَنْ سُلَيْمَانَ بْنِ بِلَالٍ عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ قَالَ ابْنُ شَهَابٍ إَخْبَرَنِيْ أَنَسُ ابْنُ مَالِكٍ أَنَّ رَسُوْلَ اللهِ بِلاَلٍ عَنْ صَالِحٍ بْنِ كَيْسَانَ قَالَ ابْنُ شَهَابٍ إَخْبَرَنِيْ أَنَسُ ابْنُ مَالِكٍ أَنَّ رَسُوْلَ اللهِ الله

ডি৮২৯ আইউব ইব্ন সুলায়মান (র)....আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। রাস্লুল্লাহ্ ক্রিট্র আসরের নামায় আদায় করতেন। অতঃপর আমরা 'আওয়ালী' (মদীনার পার্শ্বে উচ্চ টিলাবিশিষ্ট স্থান) যেতাম। তখন সূর্য উপরে থাকত। বর্ণনাকারী লায়স (র) ইউনুস (র) হতে আরো বর্ণনা করেছেন যে, 'আওয়ালী' মদীনা হতে চার অথবা তিন মাইল দুরে অবস্থিত।

آمَةً حَدَّثَنِيْ عَمْرُوْ بْنُ زُرَارَةَ قَالَ حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ مَالِكِ عَنِ الْجُعَيْدِ قَالَ سَمِعْتُ السَّائِبَ بْنُ مَالِكِ عَنِ الْجُعَيْدِ قَالَ سَمِعْتُ السَّائِبَ بْنُ يَوْدُ يَقُولُ كَانَ الصَّاعُ عَلَى عَهْدِ النَّبِيِّ بِرِّأَتُهُ مَدَّا وَتُلُثًا بِمُدَّكُمُ الْيَوْمَ وَقَدْ زِيْدَ فَيْهِ سَمِعَ الْقَاسِمُ بْنُ مَالِكِ الْجُعَيْدُ –

ভিচতত আমর ইব্ন যুরারা (র)...... সাইব ইব্ন ইয়াযীদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী ক্রিট্রা-এর যুগের সা' তোমাদের বর্তমানের এক মুদ ও এক মুদের এক-তৃতীয়াংশের বরাবর ছিল। অবশ্য (পরবর্তীকালে) তা বৃদ্ধি পেয়েছে। (উক্ত হাদীসটি) কাসিম ইব্ন মালিক (র) যুআয়দ (র) থেকে শুনেছেন।

آمَهً حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِكِ عَنْ اسِسْحُقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ اَبِي طَلْحَةَ عَنْ اَللَهُ عَنْ اَللَّهُ عَلَيْكُ اللَّهُ عَنْ اَللَّهُ عَنْ اَللَّهُ عَنْ اَللَّهُ عَنْ اَللَّهُ عَنْ اللَّهُ عَنْ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ عَنْ عَنْ اللَّهُ عَنْ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ اللَّهُ عَنْ عَنْ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَنْ اللَّهُ عَلَى اللَّهُ عَنْ اللَّهُ عَلَى اللَّهُ عَنْ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَنْ اللَّهُ عَلَا اللَّهُ عَنْ عَنْ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَنْ عَالْمُ اللَّهُ عَلَى اللَّهُ عَالْمُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللّهُ عَلَا اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَا اللّهُ عَلَا اللّهُ عَلَى اللّهُ عَلَا عَلَا عَلَا اللّهُ عَلَا اللّهُ عَلَى اللّهُ عَلَا اللّهُ عَلَا عَلَا

তারপর আমাকে বলা হবে, হে মুহান্দা! মাথা উঠান। বলুন, শোনা হবে। চান, দেওয়া হবে। সুপারিশ করুন, গ্রহণ করা হবে। তখন আমার প্রতিপালকের শিখিয়ে দেয়া প্রশংসারাজি দিয়ে আমি তাঁর প্রশংসা করব। এবং সুপারিশ কবর। তখনো আমার জন্য একটা সীমা নির্ধারণ করা হবে। আমি তাদেরকে জান্নাতে প্রবেশ করিয়ে দেব। তারপর আমি আবার ফিরে আসব। আমি এবারও আমার প্রতিপালককে দেখামাত্র সিজ্দায় পড়বো। আল্লাহ্ তা'আলা তাঁর মরজী অনুসারে যতক্ষণ ইচ্ছা আমাকে সেই অবস্থায় রেখে দেবেন। তারপর বলা হবে, হে মুহান্দা! মাথা উঠান। বলুন, শোনা হবে। চান, দেয়া হবে। সুপারিশ করুন, কবুল করা হবে। তখন আমার রব আমাকে শিখিয়ে দেয়া প্রশংসারাজি দ্বারা প্রশংসা করে শাফাআত করব। তখনও একটা সীমা বাতলানো থাকবে। আমি তাদেরকে জান্নাতে প্রবেশ করিয়ে দেব। এরপর আমি তাঁর কাছে ফিরে গিয়ে বলব, হে প্রতিপালক! এখন একমাত্র তারাই জাহান্নামে অবশিষ্ট রয়েছে, যাদেরকে কুরআন আটক করে রেখে দিয়েছে। এবং যাদের উপর স্থায়ীভাবে জাহান্নাম অবধারিত হয়ে গিয়েছে। নবী ক্রিট্রার্রাই বলেছেন ঃ যে ব্যক্তি লা ইলাহা ইল্লাল্লাহ্' পড়েছে, অথচ তার হৃদয়ে একটি যবের ওজন পরিমাণ কল্যাণ ঈমান আছে, তাকেও জাহান্নাম থেকে বের করা হবে। তারপর বের করা হবে জাহান্নাম থেকে তাদেরকেও, যারা 'লা ইলাহা ইল্লাল্লাহ্' পড়েছে এবং তার হৃদয়ে একটি গমের ওয়ন পরিমাণ কল্যাণ (ঈমান) আছে। (সর্বশেষে) জাহান্নাম থেকে তাকে বের করা হবে, যে ব্যক্তি 'লা ইলাহা ইল্লাল্লাহ্' পড়েছে এবং তার হৃদয়ে অণু পরিমাণ মাত্র কল্যাণ (ঈমান) আছে।

آمِیْ هُرَیْرَةَ اَنَّ رَسُولَ الْیَمَانِ قَالَ اَخْبَرَنَا شُعَیْبٌ قَالَ حَدُّثَنَا اَبُو الزِّنَادِ عَنِ الْاَعْرَجِ عَنْ اَبِیْ هُرَیْرَةَ اَنَّ رَسُولَ اللهِ عَلَیْ اللهِ عَلَیْ لاَ تَغییْضُهَا نَفْقَةُ سَحَّاءُ اللّیْلُ وَالنّهَارُ وَقَالَ اَرَایْتُمْ مَا اَنْفَقَ مُنْذُ خَلَقَ السَّمَاءِ وَالْاَرْضَ فَانَّهُ لَمْ یَغِضْ مَا فِیْ یَدِهِ وَالنّهَارُ وَقَالَ اَرَایْتُمْ مَا اَنْفَقَ مُنْذُ خَلَقَ السَّمَاءِ وَالْاَرْضَ فَانَّهُ لَمْ یَغِضْ مَا فِیْ یَدِهِ وَقَالَ عَرْشُهُ عَلَی الْمَاءِ وَبِیدِهِ الْاُخْری الْمیْزَانُ یَخْفِضُ وَیَرْفَعُ۔

৬৯০৭ আবুল ইয়ামান (র)...... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। রাস্লুল্লাহ ক্রিট্র বলেছেন ঃ শালু হুর হাত পরিপূর্ণ, রাত দিন খরচ করলেও তাতে ঘাটতি আসে না। তিনি আরো বলেছেন ঃ তোমরা লক্ষ্য করেছ কিঃ আসমান যমীন পয়দা করার পর থেকে তিনি যে কত খরচ করেছেন, এতদ্সত্ত্বেও তাঁর হাতে যা আছে, তাতে কিঞ্চিতও কমেনি। এবং নবী ক্রিট্রেট্র বলেছেন ঃ তখন তাঁর আরশ পানির উপর অবস্থান করছিল। তাঁর অপর হাতটিতে রয়েছে পাল্লা, যা ক্খনও তিনি নিচে নামান আবার কখনও উপরে উঠান।

آمَاً حَدَّثَنِيْ مُقَدَّمُ بْنُ مُحَمَّدٍ قَالَ حَدَّثَنِيْ عَمِّى الْقَاسِمُ بْنُ يَحْيِى عَنْ عُبَيْدِ الله عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ عَنْ رَسُولِ الله عَنْ الله عَمْلَ الله يَقْبِضُ الْاَرْضَ يَوْمَ الْقَيَامَةَ وَيَطُوي السَّموات بِيمينِه ثُمَّ يَقُولُ أَنَا الْمَلِكُ، وَقَالَ عُمَرُ ابْنُ حَمْزَةَ سَمِعْتُ الْقَيَامَةَ وَيَطُوي السَّموات بِيمينِه ثُمَّ يَقُولُ أَنَا الْمَلِكُ، وَقَالَ عُمَرُ ابْنُ حَمْزَةَ سَمَعْتُ الْقَيَامَةُ وَيَطُوي السَّموات بِيمينِه ثُمَّ يَقُولُ أَنَا الْمَلِكُ، وَقَالَ عُمَرُ ابْنُ حَمْزَةَ سَمَعْتُ الْمَلِكُ وَقَالَ ابُو الْيَمَانُ سَالِمًا سَمِعْتُ ابْنَ عُمَرَ عَنِ النَّهِرِيِّ قَالَ الْجَلَا وَرَوَاهُ سَعِيْدُ عَنْ مَالِكِ وَقَالَ ابُو الْيَمَانِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ

ডি৯০৮ মুকাদ্দাম ইব্ন মুহাম্মদ (র)...... ইব্ন উমর (রা) সূত্রে রাসূলুল্লাহ্ ক্রিল্লাই থেকে বর্ণিত। তিনি বলেছেন ঃ আল্লাহ্ তা আলা কিয়ামতের দিন পৃথিবীটা তাঁর মুঠোতে নিয়ে নেবেন। আসমানকে তাঁর ডান হাতে জড়িসে বলবেন; বাদশাহ্ একমাত্র আমিই। সাঈদ (র) মালিক (র) থেকে এমনই বর্ণনা করেছেন। উমর ইব্ন হাময়। (র) সালিম (র)-এর মাধ্যমে ইব্ন উমর (রা) সূত্রে নবী ক্রিল্লাই থেকে এরূপ বর্ণনা করেছেন। আবুল ইয়ামান (র).....আবৃ হুরায়রা (রা) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিল্লাই বলেছেন ঃ আল্লাহ্ তা আলা যমীনকে তাঁর মুঠোয় নিয়ে নেবেন।

ডি৯০৯ মুসাদ্দাদ (র)....... আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত যে, এক ইহুদী নবী ক্রাট্রান্ত -এর কাছে এসে বলল, হে মুহামদ! আল্লাহ্ কিয়ামতের দিনে আসমানগুলোকে এক আঙ্গুলের ওপর, যমীনগুলোকে এক আঙ্গুলের ওপর, পর্বতমালাকে এক আঙ্গুলের ওপর, পর্বতমালাকে এক আঙ্গুলের ওপর, ক্রাজিকে এক আঙ্গুলের ওপর এবং অবশিষ্ট সৃষ্টিকে এক আঙ্গুলের ওপর তুলে বলবেন, বাদশাহ্ একমাত্র আমিই। এতে রাস্লুল্লাহ ক্রাট্রা হেসে দিলেন। এমনকি তাঁর মাড়ির দাঁত মুবারক পর্যন্ত দীপ্ত হয়ে উঠল। তারপর তিনি তিলাওয়াত করলেন ঃ তারা আল্লাহ্ তা আলার যথোচিত মর্যাদা উপলব্ধি করেনি। ইয়াহ্ইয়া ইব্ন সাষ্ট্রদ বলেন, এই বর্ণনায় একটু সংযোজন করেছেন, ফুদায়ল ইব্ন আয়ায...... আবিদা (র) সূত্রে আবদুল্লাহ্ (রা) থেকে যে, এ কথা শুনে রাস্লুল্লাহ্ আর্ট্রা আর্ট্রান্তিত হয়ে তার সমর্থনে হেসে দিলেন।

آمَاً حَدَّثَنَا عُمَرُ بُنُ حَفْصِ بُنِ غِيَاتٍ قَالَ حَدَّثَنَا أَبِيْ قَالَ حَدَّثَنَا الْاَعْمَشُ قَالَ سَمِعْتُ ابْرُاهِيْمَ قَالَ سَمِعْتُ عَلْقَمَةَ يَقُولُ قَالَ عَبْدُ اللّهِ جَاءَ رَجُلُ الِى النّبِي عَلَيْ مِنْ اللّهِ مَا الْكَتَابِ فَقَالَ يَا أَبَا الْقَاسِمِ إِنَّ اللّهَ يُمْسِكُ السَّمْوَاتِ عَلَى اصْبَعِ وَالْاَرْضِيْنَ عَلَى اصْبَعِ وَالْاَرْضِيْنَ عَلَى اصْبَعِ وَالشَّجَرَ وَالشَّجَرَ وَالشَّرَى عَلَى اصْبَعِ وَالْخَلَائِقَ عَلَى اصْبَعِ ثُمُّ يَقُولُ أَنَا الْمَلكُ أَنَا الْمَلِكُ أَنَا الْمَلِكُ أَنَا الْمَلِكُ قَرَايْتَ النَّبِي النَّهِي عَلَى الْتَهَ حَتَّى بَدَتْ نَوَاجِدُهُ ، ثُمَّ قَرَا وَمَا قَدَرُوا اللّهَ حَتَّى الْمَلِكُ أَنَا الْمَلِكُ قَرَا وَمَا قَدَرُوا اللّهَ حَقَّ

ডি৯১০ উমর ইব্ন হাফ্স ইব্ন গিয়াস (র)...... আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আহ্লে কিতাবদের থেকে জনৈক ব্যক্তি নবী ক্রান্ত্রী—এর কাছে এসে বলল, হে আবুল কাসিম! (কিয়ামতের দিন) আল্লাহ্ তা আলা আসমানসমূহকে এক আঙ্গুলের ওপর, যমীনগুলোকে এক আঙ্গুলের ওপর, গাছ ও কাদামাটিকে এক আঙ্গুলের ওপর এবং বাকি সৃষ্টিরাজিকে এক আঙ্গুলের ওপর তুলে বলবেন, বাদশাহ্ একমাত্র আমিই, বাদশাহ্ একমাত্র আমিই। বর্ণনাকারী বলেন, আমি দেখতে পেলাম, নবী ক্রান্ত্রী হেসে ফেললেন। এমনকি তাঁর মাড়ির দাঁতগুলো প্রকাশিত হয়ে ওঠলো। এরপর তিনি তিলাওয়াত করলেনঃ আর তারা আল্লাহ্ পাকের মহানত্বের যথোচিত মর্যাদা উপলব্ধি করেনি।

٣١٢٢ بَابُ قَوْلُ النَّبِيِّ وَإِنَّهُ لاَ شَخْصَ اَغْيَرُ مِنَ اللَّهِ

৩১২২. অনুচ্ছেদ ঃ নবী 🏭 -এর বাণী ঃ আল্লাহ্ অপেক্ষা বেশি আত্মর্যাদাসম্পন্ন কেউই নয়

৬৯১১ মূসা ইব্ন ইসমাঈল (র)....... মুগীরা (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, সা'দ ইব্ন উবাদা (রা) বললেন, আমি আমার স্ত্রীর সাথে অন্য কোন পুরুষকে যদি দেখি, তাকে সোজা তরবারি দ্বারা হত্যা করব। এই উক্তি রাস্লুল্লাহ্ ক্রিল্ট্রাই -এর কাছে পৌছলে তিনি বললেন ঃ তোমরা কি সাদের আত্মমর্যাদাবোধ দেখে আশ্বর্যাধিত হচ্ছা আল্লাহ্র কসম! আমি তার চেয়েও বেশি আত্মমর্যাদাবোধসম্পন্ন। আর আল্লাহ্ আমার চেয়েও বেশি আত্মমর্যাদাবোধসম্পন্ন। আল্লাহ আত্মমর্যাদাবোধসম্পন্ন হওয়ার কারণে প্রকাশ্য ও অপ্রকাশ্য (সর্বপ্রকার) অশ্বীলতাকে হারাম করে দিয়েছেন। অক্ষমতা প্রকাশকে আল্লাহ্র চাইতে বেশি পছন্দ করেন এমন কেউই নেই। আর এইজন্য তিনি ভীতি প্রদর্শনকারী ও সুসংবাদদাতাদেরকে পাঠিয়েছেন। আত্মন্থতি আল্লাহ্র চেয়ে বেশি কারো কাছে প্রিয় নয়। তাই তিনি জান্নাতের প্রতিশ্রুতি প্রদান করেছেন।

٣١٢٣ بَابُ قُلْ أَى شَيْءً إِكْبَرُ شَهَادَةً قُلِ اللَّهُ وَسَمَّى اللَّهُ نَفْسَهُ شَيْئًا ، وَسَمَّى النَّبِيُّ التَّهِ مَالِكُ اللَّهُ مَنْ صِفَاتِ اللَّهِ ، وَقَالَ كُلُّ شَيْءٍ هَالِكُ الِا وَجْهَهُ وَجُهَهُ

৩১২৩. অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ বল, সাক্ষ্য প্রদানে সর্বশ্রেষ্ঠ কে? বল, আল্লাহ্। এখানে আল্লাহ্ তা'আলা নিজেকে 'শাইউন' (বস্তু) বলে আখ্যায়িত করেছেন। আবার নবী ক্রীক্রী কুরআনকে বস্তু আখ্যায়িত করেছেন। অথচ এটি আল্লাহ্র গুণাবলির মধ্যে একটি গুণ। মহান আল্লাহ্ বলেছেনঃ আল্লাহ্র সন্তা ব্যতীত সমস্ত কিছুই ধ্বংসশীল

آ كَاللهُ عَنْ الله بنُ يُوسُفَ قَالَ اَخْبَرَنَا مَالِكُ عَنْ اَبِيْ حَارِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ النَّبِيُ عَنْ اللهُ عَلَا عَ

৬৯১২ আবদুল্লাহ্ ইব্ন ইউসুফ (র)...... সাহাল ইব্ন সাদ (রা) থেকে বর্ণিত। নবী ক্রীষ্ট্র এক ব্যক্তিকে (সাহাবী) বললেন, তোমার কাছে কুরআনের কোন বস্তু আছে কি? তিনি বললেন, হ্যা, অমুক সূরা অমুক সূরা। তিনি সূরাগুলোর নাম উল্লেখ করেছিলেন।

٣١٢٤ بَابُ قَوْلِهِ وَكَانَ عَرْشُهُ عَلَى الْمَاءِ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ وَقَالَ آبُوْ العَالِيَةِ: اسْتَوَى عَلَى الْعَالِيَةِ فَاسْتَوَى عَلَى الْعَرْشِ وَعَلاَ الْعَرْشِ وَعَلاَ مُجَاهِدٌ: اسْتَوَى عَلَى الْعَرْشِ وَعَلاَ عَلَى الْعَرْشِ وَعَلاً عَلَى الْعَرْشِ وَقَالَ الْعَرْشِ وَقَالَ الْمُحَدِيْدُ الْكَرِيْمُ ، وَالْوَدُودُ الْحَبِيْبُ ، يُقَالُ حَمِيدٌ مَجِيْدٌ ، كَانَّهُ فَعِيْلٌ مِنْ مَاجِدٍ وَمَحْمُودٌ مِنْ حَمِدٍ ،

৩১২৪. অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ তখন তাঁর আরশ পানির ওপর ছিল। তিনি আরশে আযীমের প্রতিপালক। আবুল আলীয়া (র) বলেন, استوى الى السماء -এর মর্মার্থ হচ্ছে আসমানকে উজ্জীন করেছেন। আব এর মর্মার্থ হচ্ছে, তিনি আসমানরাজিকে সৃষ্টি করেছেন। মুজাহিদ (র) বলেছেন, করেছেন। এর মর্মার্থ হল, আরশের উপর অধিষ্ঠিত হলেন। আবদুল্লাহ্ ইব্ন আব্বাস (রা) বলেছেন, محيد مجيد مجيد العرش অর্থ সম্মানিত, الودود অর্থ রেছা হয়ে থাকে, محميد مجيد (প্রশংসনীয় ও পবিত্র। বস্তুত এটি محمود (প্রশংসনীয়) এসেছে এর ওয়নে এসেছে। আর

ভি৯১৩ আবদান (র) ইমরান ইব্ন হুসায়ন (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, আমি নবী ব্রুল্লি এর কাছে ছিলাম। এমন সময় তাঁর কাছে বনু তামীম-এর কাওমটি এল। নবী ক্রুল্লি তাদেরকে লক্ষ্য করে বললেনঃ হে বনু তামীম। তোমরা সুসংবাদ গ্রহণ কর। প্রতিউত্তরে তারা বলল, আপনি আমাদেরকে শুভ সংবাদ যখন প্রদান করেছেন, তাহলে কিছু দান করুন। এ সময় ইয়ামানবাসী কতিপয় লোক নবী ক্রুল্লি এর সেখানে উপস্থিত হল। নবী ক্রুল্লি তাঁদের উদ্দেশ্যে বললেন হ হে ইয়ামানবাসী! তোমাদের জন্য সুসংবাদ। বনু তামীম তা গ্রহণ করল না। তারা বলে উঠল, আমরা গ্রহণ করলাম শুভ সংবাদ। যেহেতু আমরা আপনার কাছে এসেছি দীনী জ্ঞান হাসিল করার উদ্দেশ্যে এবং জিজ্ঞাসা করার জন্য এসেছি যে, এ দুনিয়া সৃষ্টির আগে কি ছিল? নবী ক্রুল্লি বললেন ঃ আল্লাহ্ তখন ছিলেন, তাঁর আগে আর কিছুই ছিল না। তাঁর আরশ তখন পানির ওপর ছিল। এরপর তিনি আসমানসমূহ ও যমীন সৃষ্টি করলেন। এবং লাওহে মাফফ্যে সব বস্তু সম্পর্কে লিখে রাখলেন। রাবী বলেন, এরপর আমার কাছে এক ব্যক্তি এসে বলল, হে ইমরান! তোমার উদ্ধী পালিয়ে গিয়েছে, তার খবর লও। আমি উদ্ধীর সন্ধানে চললাম। দেখলাম, উদ্ধী মরীচিকার আড়ালে আছে। আমি আল্লাহ্র কসম করে বলছি! আমার মন চাচ্ছিল উদ্ধী চলে যায় যাক তবুও আমি মজলিস ছেড়ে যেন না উঠি।

آمَاهُ عَنْ ثَابِتِ عَنْ أَنَسٍ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ ابْنُ أَبِيْ بَكْرِ المُقَدَّمِيُّ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بِنْ زَيْدُ بِنْ حَارِثَةَ يَشْكُوْ فَجَعَلَ النَّبِيُّ أَلِكُ يَقُولُ اتَّقِ لَيْدُ عَنْ ثَابِتِ عَنْ أَنَسٍ قَالَ جَاءَ زَيْدُ بِنْ حَارِثَةَ يَشْكُو فَجَعَلَ النَّبِيُّ أَلِكُ يَقُولُ اتَّقِ اللَّهُ وَامْسِكُ عَلَيْكَ زَوْجَكَ قَالَ رَسُولُ الله عَلَيْكُ وَامْ الله عَلَيْكُ الله عَلَيْكُ وَوَجَكَنَ الله عَلَى الله الله عَلَى الله عَلَى

ডি৯১৫ আহ্মদ (র)...... আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, যায়িদ ইব্ন হারিসা (রা) অভিযোগ নিয়ে আসলেন। তপ্তন নবী ক্ষান্ত্রী তাঁকে বলতে লাগলেন, তুমি আল্লাহ্কে ভয় কর এবং তোমার স্ত্রীকে তোমার কাছে রেখে দাও। রাস্লুল্লাহ ক্রান্ত্রী বলেছেন ঃ রাস্লুল্লাহ বিদ্ধান করিন গোপনই করতেন, তাহলে এই আয়াতটি অবশ্যই গোপন করতেন। বর্ণনাকারী বলেন, (যায়নাব রা) অপরাপর নবী সহধর্মিণীর কাছে এই বলে গৌরব করতেন যে, তোমাদেরকে বিবাহ দিয়েছে তোমাদের পরিবার-পরিজন, আর আমাকে স্বয়ং আল্লাহ্ তা আলা সাত আসমানের ওপরে বিয়ে দিয়েছেন। বর্ণনাকারী সাবিত (রা) বলেছেন, আল্লাহ্র বাণী ঃ (হে নবী) আপনি আপনার অন্তরে যা গোপন করতেন আল্লাহ্ তা প্রকাশ করে দিছেন, আপনি লোকদের ভয় করছিলেন। এই আয়াতটি যায়নাব ও যায়িদ ইব্ন হারিসা। (রা) সম্পর্কে অবতীর্ণ হয়েছিল।

آ آ آ آ آ حَدَّ ثَنَا خَلاَّدُ بِنُ يَحْيَى قَالَ حَدَّثَنَا عِيْسَى بِنُ طَهْمَانَ قَالَ سَمِعْتُ اَنَسَ بِنِ مَالِكِ يَقُولُ نَزَلَتُ اينَةُ الْحِجَابِ فِي زَيْنَبَ بِنْتِ جَحْشٍ وَاَطْعَمَ عَلَيْهَا يَوْمَئِذٍ خُبُزًا وَلَكَ يَقُولُ أَنَ اللَّهَ الْكَحَنِي فِي وَلَحْمًا وَكَانَتُ تَقُولُ أِنَّ اللَّهَ النَّكَحَنِي فِي وَلَحْمًا وَكَانَتُ تَقُولُ أِنَّ اللَّهَ النَّكَحَنِي فِي السَّمَاء -

৬৯১৬ খাল্লাদ ইব্ন ইয়াহ্ইয়া (র)...... আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, যায়নাব বিন্ত জাহাশ (রা)-কে কেন্দ্র করে পর্দার আয়াত নাযিল হয়। নবী ক্রিক্ট্রেই যায়নাবের সাথে তাঁর বিবাহ উপলক্ষে ওয়ালিমা হিসাবে সেদিন রুটি ও গোশ্ত আহার করিয়েছিলেন। সহধর্মিণীদের উপর যায়নাব (রা) গৌরব করে বলতেন, আল্লাহ্ তা আলা তো আসমানে আমার বিয়ের ব্যবস্থা করেছেন।

آمِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ وَالْيَمَانِ قَالَ اَخْبَرَنَا شُعَيْبٌ قَالَ حَدَّثَنَا اَبُو الزِّنَادِ عَنِ الْاَعْرَجِ عَنْ اَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ وَلِّي قَالَ اِنَّ اللَّهَ لَمَّا قَضَى الْخَلْقَ كَتَبَ عِنْدَهُ فَوْقَ عَرْشِهِ اِنَّ رَحْمَتِيْ سَبَقَتْ غَضَبِيْ-

ডি৯১৭ আবুল ইয়ামান (র)...... আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রিট্রে থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ আল্লাহ্ যখন সকল মাখলুক পয়দা করার কাজ সম্পন্ন করলেন, তখন তাঁর আরশের ওপর তাঁরই কাছে লিপিবদ্ধ করে রাখলেন, "অবশ্যই আমার রহমত আমার গযব থেকে অগ্রগামী।"

آ آمَا عَنْ عَطَاء بُنِ يَسَار عَنْ اَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِ عَلَيْ فَلَيْحِ قَالَ حَدَّثَنِيْ اَبِيْ عَنْ عَطَاء بُنِ يَسَار عَنْ اَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِ عَلَيْ قَالَ مَنْ اٰمَنَ بِاللَّهُ وَرَسُولِهِ وَاَقَامَ الصَّلاَةَ ، وَصَامَ رَمَ ضَانَ ، فَإِنَّ حَقًا عَلَى اللّهِ اَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ هَاجَرَ فَيْ سَبِيلُ وَاللّهِ اَوْ يَلْ لَلْهُ اَوْ يُلْهُ الْجَنَّةَ هَاجَرَ فَيْ سَبِيلُ اللهِ اَوْ جَلَسَ فِيْ اَرْضِهِ النَّتِيْ وُلِدَ فَيْهَا قَالُواْ يَا رَسُولُ اللّه اَفَلاَ نُنَبِّئُ التَّاسَ بِذَٰلِكَ قَالَ اللهِ اَوْلاَ نُنَبِينُ التَّاسَ بِذَٰلِكَ قَالَ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ عَلَى اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ الل

ডি৯১৮ ইব্রাহীম ইব্ন মুন্যির (র) আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রিট্র থেকে বর্ণিত। তিনি বলেছেন ঃ যে ব্যক্তি আল্লাহ্ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনে, নামায কায়েম করে, রমযান মাসের রোযা পালন করে, আল্লাহ্ তাঁর ব্যাপারে এ দায়িত্ব নিয়েছেন যে, তিনি তাকে জানাতে প্রবেশ করাবেন। সে আল্লাহ্র রাস্তায় হিজরত করুক কিংবা তাঁর জন্মভূমিতে অবস্থান করুক। সাহাবীগণ বলে উঠলেন, ইয়া রাসূলাল্লাহ্! এই বিষয়টি আমরা লোকদের জানিয়ে দেব নাং রাস্লুল্লাহ্ ক্রিট্রেট্র বললেন ঃ অবশ্যই, জানাতে একশ'টি স্তর রয়েছে। এগুলো আল্লাহ্ তাঁর রাস্তায় জিহাদকারীদের জন্য প্রস্তুত করে রেখেছেন। প্রতি দু'টি স্তরের মাঝখানে আসমান ও যমীনের দূরত্ব বিদ্যমান রয়েছে। কাজেই যখন তোমরা আল্লাহ্র কাছে চাইবে, তখন ফিরদাওস জানাত চাইবে। কেননা, সেটি হচ্ছে সর্বোন্তম ও সর্বোচ্চ জানাত। আর দয়ালু (আল্লাহ্র) আরশটি এরই ওপর অবস্থিত। এই ফিরদাওস থেকেই জানাতের ঝর্ণাগুলো প্রবাহিত হয়ে থাকে।

৬৯১৯ ইয়াহ্ইয়া ইব্ন জাফর (র.)...... আবূ যর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি মসজিদে নববীতে প্রবেশ করলাম। রাসূলুল্লাহ্ ক্রিট্রা তখন সেখানে বসা ছিলেন। যখন সূর্য অন্ত গেল, তিনি বললেন ঃ হে আবৃ যর! তোমার কি জানা আছে, এই সূর্য কোথায় যাচ্ছে? আবৃ যর (রা) বলেন, আমি বললাম, আল্লাহ্ ও তাঁর রাসূলই সর্বাপেক্ষা বেশি জানেন। রাসূলুল্লাহ্ ক্রিট্রা বললেন ঃ এ সূর্য যাচ্ছে এবং অনুমতি চাচ্ছে সিজ্দার জন্য। তারপর সিজ্দার জন্য তাকে অনুমতি দেয়া হয়। একদিন তাকে হুকুম দেয়া হবে, যেখান থেকে এসেছ সেখানে ফিরে যাও। তখন সে তার অস্তের স্থল থেকে উদিত হবে। এরপর রাসূলুল্লাহ্ ক্রিট্রা তিলাওয়াত করলেন, "এটিই তার অবস্থান স্থল" আবদুল্লাহ (রা)-এর কিরআত অনুযায়ী।

آ . آعد السّبّاق مَوْسلى عَنْ ابْرَاهِيْمَ قَالَ حَدَّتَنَا ابْنُ شِهَابٍ عَنْ عُبَيْدِ بْنِ السّبّاقِ اَنَّ زَيْدَ بْنَ السّبّاقِ مَنْ عَبْدُ الرّحْمْنِ بْنُ خَالِدٍ عَنِ ابْنِ شَهَابٍ عَنِ ابْنِ شَهَابٍ عَنِ ابْنِ شَهَابٍ عَنِ ابْنِ شَهَابٍ عَنِ ابْنِ السّبّاقِ وَاَنَّ زَيْدَ بْنَ ثَابِت حَدَّثَهُ قَالَ اَرْسَلَ اللّي اَبُوْ بَكْرٍ فَتَتَبّعُتُ الْقُرْالْنَ حَتّى الْقُرْالْنَ حَتّى وَجَدْتُ اخْرَ سُوْرَةِ التَّوْبَةِ مَعَ ابِي خُزَيْمَةَ الْأَنْصَارِيِّ لَمْ اَجِدْهَا مَعَ اَحَدٍ غَيْرِهِ لَقَدْ جَاءَ كُمْ رَسُولٌ مَنْ اَنْفُسِكُمْ حَتّى خَاتِمَة بَرَاءَةً -

৬৯২০ মূসা (র)...... যায়িদ ইব্ন সাবিত (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আবৃ বকর (রা) আমার কাছে লোক প্রেরণ করলেন। তাই আমি কুরুআনের বিভিন্ন অংশ অনুসন্ধানে নেমে পড়লাম। পরিশেষে সূরা তাওবার শেষাংশ একমাত্র আবৃ খুযায়মা আন্সারী (রা) ব্যতীত আর কারো কাছে পেলাম না। (আর তা وَهَدُ جَاءَ كُمُّ رَسُوْلٌ مِنْ اَنْفُسِكُمُ (اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ

آ كَاكُمَ عَنْ يُونُسَ بِهِذَا يَحْيَى بْنُ بُكَيْرٍ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ يُونُسَ بِهِذَا ، وَقَالَ مَعَ اَبِيْ خُزَيْمَةَ الْاَنْصَارِيِّ-

ডি৯২১ ইয়াহ্ইয়া ইব্ন বুকায়র (র)...... ইউনুস (র) থেকে হাদীসটি অনুরূপ বর্ণনা করেছেন। তিনি ও আবৃ খুযায়মা আনসারীর কাছে এ আয়াত পাওয়া গেছে বলে উল্লেখ করেছেন।

آ كَوْلَا مَعَلِّى بْنُ اَسَدِ قَالَ حَدَّثَنَا وُهَيْبٌ عَنْ سَعِيْدٍ عَنْ قَتَادَةَ عَنْ اَبِى الْعَالِيَةَ عَنْ الْبَالِيةَ عَنْ الْبَالِيةَ عَنْ الْبَالِيةَ عَنْ الْبَالِيةَ عَنْ الْبَالِيةَ الْكَرْبِ ، لاَ اللهُ الاَّ اللهُ الْعُلَيْمُ الْحَلَيْمُ ، لاَ اللهُ الْاَ اللهُ الله

ডি৯২২ মুআল্লা ইব্ন আসাদ (রা)...... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, দুঃখ যাতনার সময় নবী ক্ষাভ্রা দোয়া করতেন এই বলেঃ আল্লাহ্ ছাড়া কোন মাবৃদ নেই। যিনি মহাজ্ঞানী ও ধৈর্যশীল। তিনি ছাড়া আর কোন মাবৃদ নেই, তিনি আরশ আযীমের প্রতিপালক। তিনি ছাড়া কোন মাবৃদ নেই, তিনি আসমান-যমীনের প্রতিপালক এবং সম্মানিত আরশের অধিপতি।

آ جَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو ابْنِ يَحْيِى عَنْ اَبِيْهِ عَنْ اَبِيْهِ عَنْ اَبِيْهِ عَنْ اَبِيْهِ عَنْ النَّبِيِ عَنِ النَّبِي ِ عَنِ النَّبِي ِ عَنْ النَّاسُ يَصْعَقُونَ يَوْمَ الْقَيَامَةِ فَاذَا اَنَا بِمُوسِلَى اَجْدُ بِقَالُم الْفَلْلِ بِمُوسِلَى اَجْدُ بِقَالُم الْعَرْشِ وَقَالَ الْمَاجِشُونَ عَنُ عَبْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ بِمُوسِلَى اَجْدُ بِقَاسُمةَ عَنْ اَبِي هُرَيْرَهَ عَنِ النَّبِي عَلَيْ قَالَ الْمَاجِشُونَ اَوَّلَ مَنْ بُعِثَ فَاذَا مُوسَلَى عَنْ النَّبِي عَلَيْ النَّبِي عَلَيْ قَالَ الْعَاكُونُ اَوَّلَ مَنْ بُعِثَ فَاذَا مُوسَلَى الْجَذُ بِالْعَرْش –

ডি৯২৩ মুহাম্মদ ইব্ন ইউসুফ (র)...... আবৃ সাঈদ খুদ্রী (রা) সূত্রে নবী ক্রাম্রী থেকে বর্ণিত। তিনি বলেছেন ঃ কিয়ামতের দিন সব মানুষ বেহুঁশ হয়ে পড়বে। (যখন আমার হুঁশ ফিরে আসবে) তখন আমি মূসা (আ)-কে আরশের একটি পায়া ধরে দণ্ডায়মান দেখতে পাব। বর্ণনাকারী মাজিশুন আবদুল্লাহ্ ইব্ন ফাজল ও আবৃ সালামার মাধ্যমে আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রাম্রী থেকে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, আমি সবচাইতে আগে পুনরুখিত হব। তখন মূসা (আ)-কে দেখব, তিনি আরশ ধরে আছেন।

٣١٢٥ بَابُ قَوْلِ اللّهِ: تَعْرُجُ الْمَلَائِكَةُ وَالرُّوْحُ الِّيهِ ، وَقَوْلُهُ النّهِ يَصْعَدُ الْكَلِمُ الطّيّبُ ، وَقَوْلُهُ النّهِ يَصْعَدُ الْكَلِمُ الطّيّبُ ، وَقَالَ اللّهِ يَصْعَدُ الْكَلِمُ الطّيبُ ، وَقَالَ اللّهِ يَعْدُ النَّبِيّ مَرّاتُ عَنْ البّنِ عَبّاس بِلَغَ آبَا ذَرِّ مَبْعَثُ النّبِيّ مَرّاتِيّهِ فَقَالَ لاَخِينه إعْلَمُ لِي

عِلْمَ هٰذَا الرَّجُلِ الَّذِي يَزْعُمُ اَنَّهُ يَاتِيْهِ الْخَبَرُ مِنَ السَّمَاءِ ، وَقَالَ مُجَاهِدٌ : اَلْعَمَلُ الصَّالِحُ يَرْفُعُ الْكَلِمَ الطَّيِّبَ ، يَقُوْلُ ذِي الْمَعَارِجِ الْمَلاَئِكَةُ تَعْرُجُ الِي اللهِ

৩১২৫. অনুচ্ছেদ ঃ আল্লাহ্র বাণী ঃ ফেরেশ্তা এবং রূহ্ আল্লাহ্র দিকে উর্ধ্বগামী হয়। (৭০ ঃ ৪)। এবং আল্লাহ্র বাণী ঃ তাঁরই দিকে পবিত্র বাণীসমূহ আরোহণ করে (৩৫ ঃ ১০)। আবু জামরা (র) ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণনা করেছেন, নবী المستقدة এর নব্য়ত প্রান্তির খবর তনে আবৃ যর (রা) তাঁর ভাইকে বললেন, আমার জন্য ঐ ব্যক্তির অবস্থাটি অবহিত হয়ে নাও, যিনি ধারণা করেছেন যে, আসমান থেকে তাঁর কাছে খবর আসে। মুজাহিদ (র) বলেছেন, নেক কাজ পবিত্র কথাকে উর্ধ্বগামী করে। دى المعارج এর ব্যাপারে বলা হয় — ঐ স্কল ফেরেশ্তা যারা আল্লাহ্র দিকে উর্ধ্বগামী হয়।

آلاً وَسُولُ اللّهِ وَصَلاَةِ الْفَجْرِ، ثُمَّ يَعْرُجُ اللّهِ عَلْقَبُونَ فِيكُمْ مَاللَّهُ عَنْ اَبِي الزِّنَادِ عَنِ الْاَعْرَجِ عَنْ اَبِيْ هُرَيْرَةً وَاللّهُ وَمُلاَئِكَةً بِاللّيْلُ وَمَلاَئِكَةً بِاللّيْلُ وَمَلاَئِكَةً بِاللّيْهَارِ وَيَجْتَمِعُونَ فِي صَلاَةِ الْفَصْرِ وَصَلاَةِ الْفَجْرِ، ثُمَّ يَعْرُجُ النَّذِيْنَ بَأْتُواْ فَيْكُمْ فَيَسْأَلُهُمْ رَبُّهُمْ وَهُو اَعْلَمُ فِي صَلاَةِ الْفَجْرِ وَصَلاَةِ الْفَجْرِ، ثُمَّ يَعْرُجُ النَّذِيْنَ بَأْتُواْ فَيْكُمْ فَيَسْأَلُهُمْ وَهُو اَعْلَمُ بِكُمْ كَيْفَ تَرَكْتُمُ عِبَادِي؟ فَيَقُولُونَ تَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلُونَ وَاتَيْنَاهُمْ وَهُمْ يُصَلُونَ وَاتَيْنَاهُمْ وَهُمْ يُصَلُونَ وَاتَيْنَاهُمْ وَهُمْ يُصَلُونَ . بَكُمْ كَيْفَ تَرَكْتُم عَبَادِي ؟ فَي قَوْلُونَ تَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلُونَ وَاتَيْنَاهُمْ وَهُمْ يُصَلُونَ . فَقَالَ خَاللّهُ بِنُ دَيْنَادٍ عَنْ اَبِي صَلَاحٍ وَقَالَ خَاللّهُ بَنْ دَيْنَادِ عَنْ البي صَلَاحِ عَنْ اَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللّهِ يَتَقَبَّلُهَا بِيمَيْنِهِ ثُمَّ يُرَبِيْهَا لِصَاحِبِهِ كَمَا يُرَبِّي عَنْ البِي هُرَيْرَةً قَالَ اللّهِ اللّهُ اللّهُ اللّهُ الله الله الله الله الله الطّيب وَرَواهُ وَرُقَاءُ عَنْ عَبْدِ اللّه بْنِ دِيْنَادٍ عَنْ سَعِيْدِ اللّه الله الله الله الله الله المُعَبِلُ وَرَواهُ وَرُقَاءُ عَنْ عَبْدِ اللّه الله الله المَّيْبُ وَنْ سَعِيْدِ اللّه الله الله الله الله الله المُعْرَادَ عَنْ النّهِ الله الله الله الله الله المَالِي عَنْ النّهِ الله الله الله الله الله المُعْرَادِ عَنْ النّهِ الله الله الله المُعَيْبُ المَا الله الله المُعْرَادِ عَنْ الله المُعْرَادِ عَنْ المَعْرَادِ عَنْ الله المُعْرَادِ عَنْ الله المُعْرَادِ عَنْ المَعْرَادِ عَنْ الله المُعْرَادِ عَنْ المَالِهُ الله المُعْرَادِ عَنْ المُعْرَادِ عَنْ المُعْدِ الله المُعْرَادِ الله المُعْرَادِ المُعْرَادِ عَنْ المُعْرَادِ الله المُعْرَادِ الله المُعْرَادِ عَنْ المُعْرَادِ الله المُعْرَادِ الله المُعْرَادِ الله المُعْرَادِ الله المُعْرَادُ المُعْرَادِ المُعْرَادِ الله المُعْرَادِ الله المُعْرَادِ الله المُعْرَادِ الله المُعْرَادِ المُعْرَادُ المُعْرَادِ الله المُعْرَادِ المُعْرَادِ المُعْرَادُ المُعْرَادُ المُعْرَادُ المُعْر

খালিদ ইব্ন মাখলাদ (র)...... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রার বলেছেন ঃ যে ব্যক্তি তার হালাল ও পবিত্র উপার্জন থেকে একটি খেজুর পরিমাণও দান করে, আল্লাহ্ তা আলা তা তাঁর ডান হাত দ্বারা কবৃল করেন। আর পবিত্র ও হালাল জিনিস ছাড়া আল্লাহ্র দিকে কোন কিছু অগ্রগমন করতে পারে না। তারপর এটি তার মালিকের জন্য লালন-পালন ও দেখাশোনা করতে থাকে, তোমরা যেমন ঘোড়ার বাচ্চাকে লালনপালন করতে থাক। পরিশেষে তা পাহাড়ের ন্যায় বিরাট আকার ধারণ করে। ওয়ারকা

(র)..... আবৃ হুরায়রা (রা) সূত্রে নবী ক্রিক্রী থেকে বর্ণনা করেছেন, আল্লাহ্ তা'আলার দিকে পবিত্র জিনিস ছাড়া কোন কিছুই গমন করতে পারে না

ডি৯২৫ আবদুল আলা ইব্ন হামাদ (র)...... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত যে, দুঃখ-যাতনার সময় নবী ক্রীক্রীএই বলে দোয়া করতেন ঃ মহান ও ধৈর্যশীল আল্লাহ্ ছাড়া কোন মাবৃদ নেই, মহান আরশের প্রতিপালক আল্লাহ্ ছাড়া কোন মাবৃদ নেই, আসমানসমূহের মালিক এবং মহান আরশের অধিপতি আল্লাহ্ ছাড়া কোন মাবৃদ নেই।

ডি৯২৬ কবীসা (র)...... আবৃ সাঈদ খুদ্রী (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, নবী ক্র্রীট্র -এর সমীপে সামান্য কিছু স্বর্ণ পাঠানো হলে তিনি চারজনকে বন্টন করে দেন। ইসহাক ইব্ন নাসর (র)..... আবৃ সাঈদ

খুদ্রী (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, আলী (রা) ইয়ামানে অবস্থানকালে নবী ক্রাট্রাই -এর কাছে কিছু মাটি মিশ্রিত সোনা পাঠিয়েছিলেন। নবী ক্রাট্রাই বন্ মুজাশি গোত্রের আক্রা ইব্ন হাবিস হানযালী, উয়ায়না ইব্ন হিসন ইব্ন বদ্র ফাযারী, আলকামা ইব্ন উলাছা আমিরী ও বন্ কিলাবের একজন এবং বন্ নাবহান গোত্রের যায়িদ আল খায়ল তাঈর মধ্যে তা বন্টন করে দেন। এই কারণে কুরাইশ ও আনসারীগণ অসভুষ্ট হয়ে বলল, নবী ক্রাট্রাই নাজদবাসী সরদারদেরকে দিচ্ছেন। আর আমাদেরকে বিমুখ করছেন। এই প্রেক্ষিতে নবী কলেনে ঃ আমি তাদের হদয় আকৃষ্ট করার চেষ্টা করছি। তখন কোটরাগত চোখ, উঁচু কপাল, অধিক দাড়ি, উচ্চ চোয়াল ও মুগ্রানো মাথা বিশিষ্ট এক ব্যক্তি সামনে এসে বলল, হে মুহাম্মদ! আল্লাহ্কে ভয় কর। নবী ক্রাট্রাই বললেন ঃ আমিই যদি তাঁর নাফরমানী করি, তবে তাঁর অনুগত হবে আর কে? আর এজন্যই তিনি আমাকে পৃথিবীর লোকের উপর আমানতদার নির্ধারণ করেছেন। অথচ তোমরা আমাকে আমানতদার মনে করছ না। এমন সময় দলের মধ্য থেকে একটা লোক, সম্ভবত তিনি খালিদ ইব্ন ওয়ালিদ (রা), সেই ব্যক্তিটিকে হত্যা করার জন্য নবী ক্রাট্রাই –এর কাছে অনুমতি চাইলে তিনি তাঁকে নিষেধ করলেন। সে লোকটি চলে যাওয়ার পর নবী ক্রাট্রাই বললেন ঃ এ ব্যক্তির বংশ থেকে এমন কিছু লোক আসবে, যারা কুরআন পড়বে, তবে কুরআন তাদের কণ্ঠনালী অতিক্রম করবে না। তারা ইসলাম থেকে এমনভাবে বের হয়ে যাবে, যেভাবে শিকারের দেহ ভেদ করে তীর বের হয়ে যায়। মূর্তিপূজারীদেরকে তারা ছেড়ে দিয়ে মুসলমানদেরকে হত্যা করবে। যদি আমি তাদেরকে পাই, তাহলে আদ জাতির হত্যার মত তাদেরকে হত্যা করব।

آراهُ عَنْ اَبِيْهِ عَنْ اَبِيْ دُرِّ قَالَ سَالْتُ النَّبِيُّ عَنِ الْاَعْمَشِ عَنْ ابْرَاهَيْمَ التَّيْمِيِّ أَرَاهُ عَنْ اَبِيْهِ عَنْ اَبِيْهُ مِنْ ابْرَاهُيْمَ التَّيْمِيِّ أَرَّاهُ عَنْ اَبِيْهِ عَنْ اَبِيْهِ عَنْ اَبِيْهُ مِنْ اَبِيْ ذَرِّ قَالَ سَالْتُ النَّبِيُّ عَنْ اللَّهِ عَنْ قَوْلِهِ وَالشَّمْسُ تَجْرِيُّ لِمُسْتَقَرَّهُا تَحْتَ الْعَرْشِ-

٣١٢٦ بَابُ قَوْلُ اللّهِ : وُجُوْهُ يَّوْمَنْدِ نَاضِرَةٌ الِي رَبِّهَا نَاظِرَةٌ-

৩১২৬. অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ সেদিন কোন কোন মুখমণ্ডল উচ্ছ্বল হবে; তারা তাদের প্রতিপালকের দিকে তাকিয়ে থাকবে

حَدَّتَنَا عَمْرُو بْنُ عَوْنٍ قَالَ حَدَّتَنَا خَالِدٌ وَهُشَيْمٌ عَنْ اسْمُعِيْلَ عَنْ قَيْسٍ عَنْ جَرِيْرِ بْنِ عَبْدِ اللّٰهِ قَالٌ كُنَّا جُلُوْسًا عِنْدَ النَّبِيِّ عَرَّيْ اذَا نَظَرَ اللّٰي الْقَمَرِ لَيْلُةَ الْبَدْرِ فَعَالًا اللّٰهُ مَا تَرَوْنَ هُذَا الْقَمَرَ لَا تُضَامُونَ فِي رُوْيَتِهِ فَانِ اسْتَطَعْتُمُ فَقَالَ انْكُمْ سَتَرَوْنَ رَبَّكُمْ كَمَا تَرَوْنَ هُذَا الْقَمَرَ لَا تُضَامُونَ فِي رُوْيَتِهِ فَانِ اسْتَطَعْتُمُ اللّٰهُ قَالَ اسْتَطَعْتُمُ اللّٰهُ عَلَوْا اللّٰهُ عَلَى صَلاَة قَبْلَ عُلُوا الشَّمْسِ وَصَلاَة قَبْلُ غُرُوبِ الشَّمْسِ فَافْعَلُوا اللّٰهِ عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى اللّٰهُ اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى الللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ اللّٰهُ عَلَى اللّٰهُ اللّٰهُ عَلَى اللّٰهُ عَلَى اللّٰهُ اللّٰ اللّٰ عَلَى اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ عَلَى الللّٰ اللّٰ اللّٰهُ اللّٰهُ اللّٰ اللّٰهُ اللّٰ اللّٰهُ اللّٰ اللّٰ اللّٰ اللّٰ الللّٰ اللّٰهُ اللّٰ اللّٰ اللّٰ اللّٰ اللّٰ اللّٰ اللّٰ اللّٰ اللّلَا اللّٰ اللللّٰ اللّٰ اللّٰ الللّٰ الللّٰ اللّٰ الللّٰ الللّٰ اللّٰ اللّٰ الل

তোমাদের প্রতিপালককে দেখতে পাবে, যেমনি তোমরা এই চাঁদটিকে দেখতে পাচ্ছ। অথচ তোমরা এটি দেখতে কোন বাধাপ্রাপ্ত হচ্ছ না। অতএব, যদি তোমরা সক্ষম হও তবে সূর্য উদয়ের পূর্বের নামায এবং সূর্যাস্তের পূর্বের নামায আদায় করতে যেন পরাজিত না হও। তাহলে তাই কর।

آ جَدَّثَنَا اَبُوْ شَهَابٍ عَنْ اسْمُعِیْلَ بْنِ اَبِیِ خَالِدٍ عَنْ قَیْسِ بْنِ اَبِیْ حَازِمٍ عَنْ جَرِیْرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ قَالَ النَّبِیُّ وَیْسُفَ الْیَرْبُوْعِیُّ قَالَ عَنْ اللهِ قَالَ النَّبِیُ اللهِ اللهِ عَالَا النَّبِیُ اللهِ اللهِ اللهِ عَالَا النَّبِیُ اللهِ اللهِ عَالَا النَّبِیُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ عَالَ اللهِ الم

ডি৯২৯ ইউসুফ ইব্ন মূসা (র)...... জারীর ইব্ন আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। নবী ক্লাট্রির বলেছেন ঃ অবশ্যই তোমরা তোমাদের প্রতিপালককে প্রকাশ্যভাবে দেখতে পাবে।

آُ . ٦٩٣ حَدَّقَنَا عَبْدَةُ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّقَنَا حُسَيْنُ الْجُعْفِيُّ عَنْ زَائِدَةَ قَالَ حَدَّقَنَا جُسِيْنُ الْجُعْفِيُّ عَنْ زَائِدَةَ قَالَ حَدَّقَنَا جُرِيْرُ بْنُ عَبْدِ اللهِ قَالَ خَرَجَ عَلَيْنَا بَيَانُ بْنُ بَشْرِ عَنْ قَيْسِ بْنِ آبِي حَازِمٍ قَالَ حَدَّثَنَا جَرِيْرُ بْنُ عَبْدِ اللهِ قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللهِ يَلُهُ لَيْكُمْ لَيُومَ الْقَيَامَةِ كَمَا تَرَوْنَ هَذَا لاَ تُضَامُونَ فَيْ رُؤْيَته -

৬৯৩০ আবদা ইব্ন আবদুল্লাহ্ (র)...... জারীর ইব্ন আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা পূর্ণিমার রাতে নবী ক্রান্ত্রী আমাদের কাছে বের হয়ে আসলেন। অতঃপর তিনি বললেনঃ অবশ্যই তোমরা অচিরেই তোমাদের প্রতিপালককে কিয়ামতের দিন দেখতে পাবে, যেমন এই চাঁদটিকে তোমরা দেখছ এবং একে দেখতে তোমরা বাধাপ্রাপ্ত হচ্ছ না।

آ عَمَّا عَبْدُ الْعَزِيْزِ بِنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنَا ابْرَاهِيْمُ بِنُ سَعْدِ عَنِ ابْنِ شَهَابِ عَنْ عَطَاءِ بِنْ يَزِيْدَ اللَّيْتَيِّ عَنْ اَبِيْ هُرَيْرَةَ اَنَّ الثَّاسَ قَالُواْ يَا رَسُولًا اللَّهِ هَلْ نَرَى رَبَّنَا يَوْمَ الْقَيَامَةَ ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ عَلَيْ أَهِلْ تُضَارُونَ فِي الْقَمَرِ لَيْلَةَ الْبَدْرِ؟ قَالُواْ لاَ يَا رَسُولُ اللّهِ ، قَالَ فَهَلْ تُضَارُونَ فِي الشَّمْسِ لَيْسِ دُونَهَا سَحَابٌ ؟ قَالُواْ لاَ يَا رَسُولُ اللّه ، قَالَ فَهَلْ تُضَارُونَ فِي الشَّمْسِ لَيْسِ دُونَهَا سَحَابٌ ؟ قَالُواْ لاَ يَا رَسُولُ الله ، قَالَ فَانَكُمْ تَرَوْنَهُ كَذَٰلِكَ يَجْمَعُ اللّهُ الثَّاسَ يَوْمَ الْقَيَامَة ، فَيَقُولُ مَنْ كَانَ يَعْبُدُ الشَّمْسِ الشَّمْسَ الشَّمْسَ وَيَتَّبِعُ مَنْ كَانَ يَعْبُدُ الطَّواعِيْتَ ، وَتَبْقَى هٰذِهِ الْاُمَّةُ فِيْهَا الْقَمَرَ الْقَمَرَ وَيَتَّبِعُ مَنْ كَانَ يَعْبُدُ الطَّواعِيْتَ الطَّوَاعِيْتَ ، وَتَبْقَى هٰذِهِ الْاُمَّةُ فَيْهَا الْقَمَرَ الْقَمَرَ الْقَمَرَ وَيَتَّبِعُ مَنْ كَانَ يَعْبُدُ الطَّواعِيْتَ الطَّواعِيْتَ ، وَتَبْقَى هٰذِهِ الْالُهُ فَيْ اللهُ عَرْقُولُ اللهُ عَنْ اللهِ عَرُقَوْلُ اللهُ عَرَقُولُ اللّهُ فَي اللهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ وَيُقُولُ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ اللّهُ عَنْ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ الللهُ اللّهُ الللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ ا

الصَّرَاطُ بَيْنَ ظَهْرَىْ جَهَنَّمَ ، فَاكُونُ أَنَا وَأُمَّتِىْ أَوَّلَ مَنْ يُجِيْرُ وَلاَ يَتَكَلَّمُ يَوْمَئِذِ إِلاًّ الرَّسنُلُ ، وَدَعْ وَى الرَّسلُ يَوْمَتِ ذِ اللَّهُمَّ سلِّمَ سلِّمْ ، وَفي جَهَنَّمَ كَلاَليْبُ مِثْلَ شَوْكِ السَّعْدَانِ ، هَلْ رَاَيْتُمُ السَّعْدَانَ ؟ قَالُواْ نَعَمْ يَا رَسُوْلَ اللَّه ، فَانَّهَا مِثْلُ شَوْك السَّعْدَان ، غَيْرَ اَنَّهُ لاَ يَعْلَمُ مَا قَدْرُ عِظْمِهَا الاَّ اللَّهُ تَخْطَفُ النَّاسَ بِاَعْمَالِهِمْ فَمنْهُمُ الْمُؤْمِنُ نَقى بعلْمِهِ وَالْمُوْبَقُ ، بِعَمَلِهِ ، وَمِنْهُمُ الْمُخَرْدَلُ أَوِ الْمُجَازَى اَوْ نَحْوُهُ ، ثُمَّ يَتَجَلَّى ى اذَا فَرَغَ اللَّهُ مِنَ الْقَضَاء بَيْنَ الْعِبَاد وَارَادَ أَنْ يُخْرَجَ بِرَحْمَتِهِ مَنْ أَرَادَ مِنْ اَهْلِ النَّارِ اَمَرَ الْمَلاَئِكَةَ اَنْ يُخْرِجُواْ مِنَ النَّارِ مِنْ كَانَ لاَ يُشْرِكُ بِاللَّهِ شَيْئًا مِمَّنْ اَرَادَ اللُّهُ أَنْ يَرْحَمَهُ مِمَّنْ شَهَدَ أَنْ لاَ إِلٰهَ إِلاَّ اللَّهُ فَيَعْرِفُوْنَهُمْ فِي النَّارِ بِأَشَرِ السُّجُوْدِ تَأْكُلُ النَّارُ ابْنُ أَدَمَ الاَّ اَثَرَ السُّجُود حَرَّمَ اللَّهُ عَلَى النَّارِ اَنْ تَاْكُلَ اَثَرَ السُّجُودِ فَيَخْرُجُونَ منَ النَّارِ قَدِ امْتُحِشُواْ فَيُصِبُّ عَلَيْهِمْ مَاءُ الْحَيَاةِ فَيَنْبُتُونْ تَحْتَهُ ، كَمَا تَنْبُتُ الْحَبَّةِ في حَميْلِ السَّيْلِ ثُمَّ يَفْرُغُ اللَّهُ مِنَ الْقَضَاءِ بَيْنَ الْعِبَادِ وَيَبْقَى رَجُلُّ مِنْهُمْ مُقْبِلّ بوَجْهه عَلَى النَّار هُوَ أَخِرُ اَهْل النَّار دُخُولًا الْجَنَّةَ فَيَقُولُ أَيْ رَبِّ إصْرفْ وَجْهيْ عَنِ النَّارِ فَإِنَّهُ قَدْ قَشَبَنِيْ رِيْحُهَا وَاَحْرَقَنِيْ ذَكَاؤُهَا ، فَيَدْعُو اللَّهَ بِمَا شَاءَ اَنْ يَدْعُوهُ ، ثُمَّ يَقُوْلُ اللّٰهُ هَلِ عَسَيْتَ اَنْ أُعْطِيْتَ ذَٰلِكَ اَنْ تَسْاَلَنِيْ غَيْرَهُ ، فَيَقُوْلُ لاَ وَعِزَّتِكَ لاَ اَسْاَلُكَ غَيْرَهُ وَيُعْطِي ْ رَبُّهُ مِنْ عُهُود و مَوَاتِيْقَ مَا شَاءَ اللَّهُ فَيَصْرِفُ اللَّهُ وَجْهَهُ عَنِ النَّارِ ، فَإِذَا اَقْبَلَ عَلَىَ الْجَنَّة ، وَرَاهَا سَكَتَ مَا شَاءَ اللَّهُ أَنْ يَسْكُتَ ، ثُمَّ يَقُوْلُ أَيُّ رَبّ قَدِّمْنى الَى بَابِ الْجَنَّة فَيَقُولُ اللَّهُ لَهُ اَلَسْتَ قَدَ اَعْطَيْتَ عُهُودُكَ وَمَوَّاتَيْقَكَ اَنْ لاَ تَسْألَنيْ غَـيْـرَ الَّذِيْ أُعْطيْتَ اَبَدًا وَيْلَكَ يَا ابْنَ ادَمَ مَـا اَغْدَرَكَ ، فَـيَـقُـوْلُ اَيْ رَبّ ، يَدْعُـو اللَّهَ عَزَّوَجَلَّ حَتَّى يَقُوْلَ هَلْ عَسَيْتُ أَنْ أَعْطَيْتَ ذُلكَ أَنْ تَسْأَلَ غَيْرَهُ ، فَيَقُوْلُ لاَ وَعزَّتكَ لاَ اَسْأَلَكَ غَيْرَهُ ، وَيُعْطِي مَا شَاءَ مِنْ عُهُوْدٍ وَمَوَاثِيْقَ فَيُقَدَّمُهُ اِلَى بَابِ الْجَنَّةِ ، فَإِذَا قَامَ اللِّي بَابِ الْجَنَّةِ اَنْفَهَقَتْ لَهُ الْجَنَّةَ فَراى مَا فينها منَ الْحَبْرَةِ وَالسُّرُورْ ، فَيَسْكُتُ مَا شَاءَ اللّٰهُ أَنْ يَسْكُتَ ، ثُمَّ يَقُولُ أَيْ رَبِّ اَدْخِلْنيْ الْجَنَّةَ ، فَيَقُولُ اللّٰهُ اَلَسْتَ قَدْ اَعْطَيْتَ عُهُوْدَكَ وَمَوَاثَيْقَكَ اَنْ لاَ تَسْأَلُ غَيْرَ مَا أَعْطيْتُكَ وَيْلَكَ يَا ابْنَ أَدَمَ مَا اَغْدَرَكَ ، فَيَقُوْلُ أَيُّ رَبِّ لاَ اَكُوْنَنَّ اَشْقْي خَلْقِكَ فَلاَ يَزَالُ يَدْعُو اللَّهَ حَتّٰى يَضْحَكَ اللُّهُ منْهُ فَاذَا ضَحِكَ

الله منه قال له أدخل الْجَنَّة فَاذَا دَخَلَهَا قَالَ الله لَه تَمنَّه فَسَالَ رَبَّه وَتَمنَّى حَتَّى إِنَّ الله مَنه لَيُدْكُرَه وَيَقُولُ وَكَذَا وَكَذَا حَتَّى انْقَطَعَتْ بِهِ الْإَمَانِيُّ قَالَ الله ذَٰلِكَ لَكَ وَمثْلَه مَعَه الله لَي يُدُكُرَه وَيَقُولُ وَكَذَا وَمَثْلُه مَعَه الله مَعَه وَابُو سَعِيد نِ الْخُدْرِيِّ مَعَ أَبِي هُرَيْرَة مَا حَفِظْتُ الله سَعِيد نِ الله قَالَ لَله وَالله مَعَه وَالله مَعَه وَالله مَعَه وَالله وَاله وَالله وَاله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله

৬৯৩১ আবদুল আযীয ইব্ন আবদুল্লাহ্ (র)..... আবূ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, লোকেরা (সাহাবাগণ) জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলাল্লাহ্! কিয়ামতের দিন আমরা কি আমাদের প্রতিপালককে দেখতে পাবং রাসূলুল্লাহ্ 🚟 বললেন ঃ তোমরা কি পূর্ণিমার রাতে চাঁদ দেখতে বাধাপ্রাপ্ত হওং সবাই বলে উঠলেন, না ইয়া রাসূলাল্লাহ্! তিনি আবার বললেন ঃ মেঘমুক্ত আকাশে সূর্য দেখতে কি তোমরা বাধাপ্রাপ্ত হওঃ সবাই বলে উঠলেন, না, ইয়া রাসূলাল্লাহ্। তখন রাসূলুল্লাহ্ 🚟 বললেন ঃ তোমরা অনুরূপ আল্লাহ্কে দেখতে পাবে। কিয়ামতের দিন আল্লাহ্ লোকদেরকে সমবেত করে বলবেন, যে যার ইবাদত করছিলে সে যেন তার অনুসরণ করে। তারপর যারা সূর্যের ইবাদত করত, সূর্যের অনুসরণ করবে। যারা চাঁদের ইবাদত করত, তারা চাঁদের অনুসরণ করবে। আর যারা তাণ্ডতদের পূজা করত, তারা তাদের অনুসরণ করবে। অবশিষ্ট থাকবে এই উন্মত। এদের মধ্যে এদের সুপারিশকারীরাও থাকবে অথবা রাবী বলেছেন, মুনাফিকরাও থাকবে। এখানে বর্ণনাকারী ইব্রাহীম (র) সন্দেহ পোষণ করেছেন। তারপর মহান আল্লাহ্ তাদের কাছে এসে বলবেন ঃ আমিই তোমাদের রব। তখন তারা বলবে, যতক্ষণ আমাদের রব আমাদের কাছে না আসবেন, ততক্ষণ আমরা এ স্থানেই অবস্থান করব। আমাদের রব যখন আসবেন, তখন আমরা তাকে চিনতে পারব। তারপর আল্লাহ্ এমন এক আকৃতিতে তাদের কাছে আসবেন, যে সুরতে তারা তাঁকে চিনবে। তখন তিনি বলবেন, তোমাদের রব আমিই। তারাও বলে উঠবে হাঁ, আপনিই আমাদের রব। তারপর তারা তাঁর অনুসরণ করবে। এরপর দোযখের উপর পুল কায়েম করা হবে। যারা পুল অতিক্রম করবে, আমি এবং আমার উন্মত তাদের মধ্যে প্রথম থাকব। সেদিন একমাত্র রাসূলগণ ছাড়া আর কেউই কথা বলতে পারবে না। আর রাসূলগণেরও আবেদন হবে শুধু আল্লাহুমা সাল্লিম, সাল্লিম (আয় আল্লাহু! নিরাপদে রাখুন, নিরাপদে রাখুন)। এবং জাহান্লামে সাদান-এর কাঁটার মত আঁকড়া থাকবে। তোমরা দেখেছ কি সাদান-এর কাঁটা? সাহাবাগণ বললেন, জী হ্যাঁ, ইয়া রাসূলাল্লাহ্। রাসূলুল্লাহ্ 🚟 বললেন ঃ জাহানাুুুামের যে কাঁটাগুলো এ সাদান-এর কাঁটার মত। হ্যাঁ, তবে সেগুলো যে কত বড় হবে তা একমাত্র আল্লাহ্ই জানেন। ওসব কাঁটা মানুষকে তাদের কর্ম অনুপাতে বিদ্ধ করবে। কতিপয় মানুষ থাকবে ঈমানদার, তারা তাদের আমলের কারণে নিরাপদ থাকবে। আর কেউ কেউ তার আমলের কারণে ধ্বংস হবে। কাউকে নিক্ষেপ করা হবে, আর কাউকে প্রতিদান দেওয়া হবে। কিংবা

অনুরূপ কিছু রাবী বলেছেন। তারপর (মহান আল্লাহ্) প্রকাশমান হবেন। তিনি বান্দাদের বিচারকার্য সমাপন করে যখন আপন রহমতে কিছু সংখ্যক দোযখবাসীকে বের করতে চইবেন, তখন তিনি তাদের মধ্যকার শির্ক-মুক্তদেরকে দোযখ থেকে বের করে দেয়ার জন্য ফেরেশ্তাদেরকে নির্দেশ দেবেন। তারাই হচ্ছে ওসব বান্দা যাদের উপর আল্লাহ্ রহমত করবেন, যারা সাক্ষ্য দিয়েছে যে, আল্লাহ্ ব্যতীত কোন ইলাহ্ নেই। সিজ্দার চিহ্ন দ্বারা তাদের ফেরেশ্তাগণ চিনতে পারবেন। সিজদার চিহ্নগুলো ছাড়া সেসব আদম সন্তানের সারা দেহ জাহান্নামের আগুন ভস্মীভূত করে দেবে। সিজ্দার চিহ্নসমূহ জ্বালিয়ে দেওয়া আল্লাহ্ জাহান্নামের উপর হারাম করে দিয়েছেন। অতঃপর তাদেরকে আগুনে বিদগ্ধ অবস্থায় জাহান্নাম থেকে বের করা হবে। তাদের ওপর ঢালা হবে সঞ্জীবনীর পানি। এর ফলে নিম্নদেশ থেকে তারা এমনভাবে সজীব হয়ে ওঠবে, প্লাবনে ভাসমান বীজ মাটি থেকে যেভাবে গজিয়ে ওঠে। এরপর আল্লাহ্ তা'আলা বান্দাদের বিচার ফায়সালা সমাপন করবেন। এদের মধ্য থেকে একজন অবশিষ্ট রয়ে যাবে, যে জাহান্নামের দিকে মুখ করে থাকবে। জাহান্নামীদের মধ্যে এই হচ্ছে সর্বশেষ জান্নাতে প্রবেশকারী। তখন সে বলবে, হে আমার রব! আমার চেহারাটা জাহান্নাম থেকে ফিরিয়ে দাও। কেননা, জাহান্নামের (দুর্গন্ধময়) হাওয়া আমাকে অস্থির করে তুলছে এবং এর শিখা আমাকে জ্বালাচ্ছে। তখন সে আল্লাহ্র ইচ্ছা অনুযায়ী তাঁর কাছে প্রার্থনা করবে। তারপর আল্লাহ্ তা'আলা বলবেন, তোমার প্রার্থনীয় জিনিস যদি তোমাকে প্রদান করা হয়, তবে অন্য কিছু চাইবে না তো? তখন সে বলবে, না, তোমার ইয্যতের কসম করে বলছি, তা ছাড়া আমি আর কিছু চাইব না। তখন সে আল্লাহ্র ইচ্ছা অনুযায়ী তাঁকে বহু অঙ্গীকার ও প্রতিশ্রুতি দেবে। ফলে আল্লাহ্ তার চেহারা জাহান্নাম থেকে ফিরিয়ে দেবেন। যখন সে জান্নাতের দিকে মুখ ফিরাবে এবং জান্নাতকে দেখবে, সে আল্লাহ্র ইচ্ছা অনুযায়ী যতক্ষণ চুপ থাকার চুপ থেকে বলবে, হে আমার রব! আমাকে জান্নাতের দ্বার পর্যন্ত এগিয়ে দাও। আল্লাহ্ তখন তাকে বলবেন, তুমি কি বহু প্রতিশ্রুতি ও অঙ্গীকার দাওনি যে তোমাকে যা দেওয়া হবে, তা ছাড়া আর কিছুই তুমি কখনো চাইবে না। সর্বনাশ তোমার, হে আদম সন্তান! কতই না প্রতিশ্রুতি ভঙ্গকারী তুমি। তখন সে বলবে, হে আমার রব। আল্লাহ্ তখন তাকে বলবেন, আচ্ছা, এটি যদি তোমাকে দেওয়া হয়, আর কিছু তো চাইবে না? সে বলবে, তোমার ইয্যতের কসম! সেটি ছাড়া আমি আর কিছুই চাইব না। তারপর আল্লাহ্র ইচ্ছানুযায়ী প্রতিশ্রুতি ও অঙ্গীকার দেবে আর আল্লাহ্ তাকে জান্নাতের দরজা পর্যন্ত এগিয়ে নেবেন। যখন সে জান্নাতের দরজার কাছে দাঁড়াবে, তখন তার জন্য জান্নাত উন্মুক্ত হয়ে যাবে, তখন সে এর মধ্যকার আরাম আয়েশ ও ভোগ বিলাসের প্রাচুর্য দেখতে পাবে। তখন সে আল্লাহ্র ইচ্ছানুযায়ী নীরব থেকে, পরে বলবে, হে আমার রব! আমাকে জান্নাতে প্রবেশ করিয়ে দিন। আল্লাহ্ বলবেন ঃ তুমি কি আমাকে এই প্রতিশ্রুতি ও অঙ্গীকার দাওনি যে, তোমাকে যা দেওয়া হবে, তা ছাড়া আর কিছুর প্রার্থনা করবে নাঃ সর্বনাশ তোমার! হে বনী আদম! কতই না প্রতিশ্রুতি ভঙ্গকারী তুমি। তখন সে বলবে, হে আমার রব! আমি তোমার সৃষ্টিরাজির মধ্যে নিকৃষ্টতর হতে চাই না। তখন সে আল্লাহ্র কাছে প্রার্থনা করতে থাকবে। অবশেষে আল্লাহ্ এতে হেসে দেবেন। আল্লাহ্ তার অবস্থার প্রেক্ষিতে হেসে তাকে নির্দেশ দেবেন, তুমি জান্নাতে প্রবেশ কর। সে জান্নাতে প্রবেশ করলে আল্লাহ্ তাকে সম্বোধন করে বলবেন ঃ এবার তুমি চাও। সে তখন রবের কাছে যাঞ্জা করবে এবং আকাজ্ফা প্রকাশ করবে। পরিশেষে আল্লাহ্ স্বয়ং তাকে স্মরণ করিয়ে দিয়ে বলবেন, এটা, ওটা চাও। এতে তার আরযূ-আকাজ্জা সমাপ্ত হলে আল্লাহ্ বললেন ঃ তোমাকে ওণ্ডলো দেয়া হল, সাথে সাথে সে পরিমাণ আরো দেয়া হল।

আতা ইব্ন ইয়ায়ীদ (র) বলেন, আবৃ হুরায়রা (রা) যখন হাদীসটির বর্ণনা দিচ্ছিলেন, তখন আবৃ সাঈদ খুদ্রী (রা)-ও তাঁর সাথে ছিলেন। তিনি আবৃ হুরায়রা (রা)-এর এই বর্ণিত হাদীসের কোথাও প্রতিবাদ করলেন না। বর্ণনার শেষাংশে এসে আবৃ হুরায়রা (রা) যখন বর্ণনা করলেন, "আল্লাহ্ তা'আলা তাকে বললেন, ওসব তোমাকে দেওয়া হলো, আরো তার সমপরিমাণ তার সাথে দেওয়া হল" তখন আবৃ সাঈদ খুদ্রী (রা) প্রতিবাদ করে বললেন, হে আবৃ হুরায়রা (রা), রাস্লুল্লাহ্ ক্রিট্রের তো বলেছেন ঃ তার সাথে আরো দশগুণ। তখন আবৃ হুরায়রা (রা) বলেন, আমি সংরক্ষণ করেছি এভাবে—ওসব তোমাকে দেওয়া হলো, আর এর সাথে আরো এক গুণ দেওয়া হলো। আবৃ সাঈদ খুদ্রী (রা) বললেন, আমি সাক্ষ্য দিচ্ছি, আমি রাস্লুল্লাহ্ ক্রিট্রের কাছ থেকে এভাবে সংরক্ষণ করেছি — ও সবই তোমাকে দেওয়া হলো, এর সাথে তোমাকে দেওয়া হলো আরো দশ গুণ। আবৃ হুরায়রা (রা) বলেন, এই হচ্ছে জান্নাতে প্রবেশকারীদের মধ্যে সর্বশেষ ব্যক্তি

٦٩٣٢ حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ خَالِدِ بْنِ يَزِيْدَ عَنْ سَعِيْدِ بْنِ ٱبِي هِلاَلٍ عَنْ زَيْدٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ ٱبِي سَعِيْدِنِ الْخُدْرِيِّ قَالَ قُلْنَا يَارَسُولَ اللَّهِ نَرَى رَبَّنَا يَوْمُ الْقِيَامَةِ ؟ قَالَ هَلْ تُضَارُوْنَ فِي رُؤْيَةِ الشَّمْسِ اِذَا كَانَتْ ضَحْوًا ؟ قُلْنَا لاَ ، قَالَ فَانَّكُمْ لاَ تَضَارُّونَ فِي رُوَّيَةٍ رَبَّكُمْ يَوْمَئِذٍ إِلاَّ كَمَا تَضَارُّونَ فِي رُؤْيَتِهَا، ثُمَّ قَالَ يُنَادِيْ مُنَادِ لِيَذْهَبْ كُلُّ قَوْمٍ إِلَى مَا كَانُواْ يَعْبُدُونَ فَيَذْهَبُ اَصْحَابُ الصَّلِيْبِ مَعَ صَلِيْبِهِمْ ، وَأَصْحَابُ الْأَوْثَانِ مَعَ أَوْثَانِهِمْ ، وَأَصْحَابُ كُلِّ اللَّهَ مِعَ اللَّهَ مِمْ حَتَّى يَبْقَى مَنْ كَانَ يَعْبُدُ اللَّهَ مِنْ بَرِّ اَوْ فَاجِرٍ وَغُبَّرَاتٌ مِنْ اَهْلِ الْكِتَابِ ثُمَّ يُؤْتَى بِجَهَنَّمَ تُعْرَضُ كَانَّهَا سَرَابٌ ، فَيُقَالُ لِلْيَهُوْدِ مَا كُنْتُمْ تَعْبُدُوْنَ ؟ قَالُوْا كُنَّا نَعْبُدُ عُزَيْرَ ابْنَ اللَّهِ فَيُقَالُ كَذَبْتُمْ لَمْ يَكُنْ لِلَّهِ صَاحِبَةً وَلاَ وَلَدُّ فَمَا تُرِيْدُوْنَ ؟ قَالُواْ نُرِيْدُ أَنْ تَسْقِيَنَا فَيُقَالُ الشَّربِوْا فَيَتَسَاقَطُوْنَ فِي جَهَنَّمَ ثُمَّ يُقَالُ لِلنَّصَارَى مَا كُنْتُمْ تَعْبُدُوْنَ فَيَقُولُوْنَ كُنَّا نَعْبُدُ الْمَسِيْحَ ابْنَ اللَّهِ فَيُقَالُ كَذَبْتُمْ لَمْ يَكُنْ لِلَّهِ صَاحِبَةٌ وَلاَ وَلَدٌ فَمَا تُرِيْدُوْنَ فَيَقُوْلُوْنَ نُرِيْدُ أَنْ تَسْقِيَنَا فَيُقَالُ اِشْرِبُوْا فَيَتَسَاقَطُوْنَ حَتَّى يَبْقَى مَنْ كَانَ يَعْبُدُ اللُّهَ مِنْ بَرِّ اَوْفَاجِرٍ فَيُقَالُ لَهُمْ مَا يُجْلِسُكُمْ وَقَدْ ذَهَبَ النَّاسُ، فَيَقُولُوْنَ فَارَقْنَاهُمْ وَنَحْنُ اَحْوَجُ مِنَّا الِيهِ الْيَوْمَ وَانَّا سَمِعْنَا مُنَادِيًا يُنَادِي لِيَلْحَقْ كُلُّ قَوْمٍ بِمَا كَانُوْا يَعْبُدُوْنَ وَانِتَّمَا نَنْتَظِرُ رَبَّنَا قَالَ فَيَاتِيْهِمُ الْجَبَّارُ فِي صُوْرَةٍ غَيْرَ صُوْرَتِهِ الَّتِي رَاَوْهُ فيِهَا اَوَّلَ مَرَّةٍ فَيَقُوْلُ اَنَا رَبُّكُمْ فَيَقُوْلُوْنَ اَنْتَ رَبُّنَا وَلاَ يُكَلِّمُهُ اِلاَّ الْاَنْبِيَاءُ فَيَقُولُ هَلْ بَيْنَكُمْ وَبَيْنَهُ أَيَةٌ تَعْرِفُوْنَهُ فَيَقُوْلُوْنَ السَّاقُ فَيكُشَفُ عَنْ سَاقِهِ فَيَسْجُدُ لَهُ كُلُّ مُؤْمِنٍ وَيَبْقْى مَنْ كَانَ يَسْجُدُ لِلَّهِ رِيَاءَ وَسُمْعَةً فَيَذْهَبُ كَيْمَا يَسْجُدَ فَيَعُودُ ظَهْرُهُ طَبَقًا

وَاحِدًا ثُمَّ يُؤْتِى بِالْجَسْرِ فَيُجْعَلُ بَيْنَ ظَهْرَى جَهنَّمَ ، قُلْنَا يَارَسُوْلَ الله وَمَا الْجسر ٢ قَالَ مَدْحَضَةً مَزِلَّةً عَلَيْهِ خَطَاطِيْفُ وَكَلاَلِيْبُ وَحَسَكَةٌ مُفَاطَحَةٌ لَهَا شَوْكَةٌ عَقيْفَةٌ تَكُونُ بنَجْد ِ يُقَالُ لَهَا السَّعْدَانُ يَمُرُّ الْمُؤْمِنُ عَلَيْهَا كَالطَّرْفِ وَكَالْبَرْقِ وَكَالرِّيْحِ وَكَا جَاوِيْد الْخَيْل وَالرِّكَابِ فَنَاجٍ مُسلَّمٌ وَنَاجٍ مَخْدُوْشٌ مَكْدُوْشٌ فِي نَارٍ جَهَنَّمَ حَتّٰى يَمُرَّ أُخِرُهُمُ يُسْحَبُ سِحْبًا فَمَا اَنْتُمْ بِاَشِدَّ لِي مُنَاشَدَةً فِي الْحَقِّ قَدْ تَبِيَّنَ لَكُمْ مِنَ الْمُؤْمِنِ يَوْمَئِذ لِلْجَبَّارِ ، وَإِذَا رَاَوْ أَنَّهُمْ قَدْ نَجَوْا فِي إِخْوَانِهِمْ يَقُوْلُونَ رَبَّنَا إِخْوَانُنَا كَانُوا يُصلُّونَ مَعَنَا وَيَصنُوْمنُونَ مَعَنَا وَيَعْمَلُونَ مَعَنَا ، فَيقُولُ اللَّهُ اذْهَبُواْ فَمَنْ وَجَدْتُم في قَلْبه مِثْقَالَ دِيْنَارِ مِنْ اِيْمَانِ فَاَخْرِجُوْهُ ، وَيُحْرِمُ اللَّهُ صَوْرَهُمْ عَلَى النَّارِ بَعْضُهُمْ قَدْ غَابَ فِي النَّارِ الِي قَدْمَةَ وَالِي اَنْصَافِ سَاقَيْهِ فَيُخْرِجُوْنَ مَنْ عَرَفُواْ ثُمَّ يَعُودُوْنَ ، فَيَقُولُ اِذْهَبُواْ فَمَنْ وَجَدْتُمْ فِي قَلْبِهِ مِثْقَالَ نِصْف دِيْنَار ِفَأَخْرِجُوهُ فَيُخْرِجُونَ مَنْ عَرَفُواْ ثُمَّ يَعُودُونْ َ ، فَيَقُولُ الْهَبُواْ فَمَنْ وَجَدْتُمْ فِي قَلْبِهِ مِثْقَالَ ذَرَّةٍ مِنْ ايْمَانِ فَأَخْرِجُوهُ فَيُخْرِجُوْنَ مَنْ عَرَفُواْ، وَقَالَ آبُوْ سَعِيْدٍ فَإِنْ لَمْ تُصَدِّقُونِي فَاَقَرَوُا :إِنَّ اللَّهَ لاَ يَظْلِمُ مِثَقَالَ ذَرَّةٍ وَإِنْ تَكُ حَسنَةٍ يَضَاعِفْهَا فَيَشْفَعُ النَّبِيُونَ وَالْمَلاَئِكَةُ وَالْمُؤْمِنُونَ ، فَيَقُولُ الْجَبَّارُ بَقِيَتْ شَفَاعَتِي فَيَقْبِضُ قَبْضَةً مِنَ النَّارِ فَيُخْرِجُ أَقْوَامًا قَدِ امْتُحِشُواْ فَيُلْقَوْنَ فِي نَهْرِ بِاَفْواهِ الْجَنَّةِ يُقَالُ لَهُ الْحَيَاةُ فَيَنْبُتُونَ فِي حَافَتَيْه كَمَا تَنْبُتُ الْحِبَّةُ فِي حَمِيْلِ السَّيْلِ قَدْ رَاَيْتُمُوْهَا إِلَى جَانِبِ الصَّحْرَةِ وَالِي جَانِبِ الشَّجَرَةِ فَمَا كَانَ الَى الشَّمْس منْهَا كَانَ اَخْضَرَ وَمَا كَانَ منْهَا الَى الظِّل كَانَ اَبْيَضَ فَيُخْرَجُوْنَ كَانَّهُمُ اللُّؤَلُقُ فَيُجْعَلُ فِي رَقَابِهِمُ الْخَوَاتِيْمُ فَيَدْخُلُوْنَ الْجَنَّةَ فَيَقُولُ اَهْلُ الْجَنَّةِ هَؤُلاء عُتَقَاءُ الرَّحْمْنِ اَدْخَلَهُمُ الْجَنَّةَ بِغَيْرِ عَمَلِ عَمِلُوهُ وَلاَ خَيْرِ قَدَّمُوهُ فَيكقالُ لَهُمْ لَكُمْ مَارَ اَيْتُمْ وَمِثْلِهِ مَعَهُ-وَقَالَ حَجَّاجٌ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا هَمَامُ بْنُ يَحْيِلَى قَالَ حَدَّثَنَا قَتَادَةُ عَنْ أَنَسِ ابْنُ مَالِكِ أَنَّ النَّبِيَّ ﴾ وَ اللَّهِ قَالَ يُحْبَسُ الْمُؤْمِنُوْنَ يَوْمَ الْقيَامَة حَتَّى يُهِمُّوْا بِذَلِكَ فَيَقُولُونَ لَو اسْتَشْفَعْنَا إِلَى رَبِّنَا فَيُرِيْحَنَا مِنْ مَكَانِنَا فَيَاتُونَ أَدَمَ فَيَقُولُونَ اَنْتَ أَدَمُ اَبُو ْ النَّاسِ خَلَقَكَ اللَّهُ بِيَدِهِ وَاسْكَنَكَ جَنَّتَهُ وَاسْجَدَلَكَ مَلْاَئكَتَهُ وَعَلَّمَكَ ٱسْمَاءَ كُلَّ شَيْئِ تَشْفَعْ لَنَا عِنْدَ رَبِّكَ حَتَّى يُرِيْحَنَا مِنْ مَكَانِنَا هَٰذَا قَالَ فَيَقُولُ لَسْتُ

هُنَاكُمْ ، قَالَ وَيَدْكُرُ خَطِيْتَتَهُ الَّتِي أَصَابَ أَكْلَهُ مِنَ الشَّجَرَة وَقَدْ نُهِيَ عَنْهَا وَلَكن اَئْتُواْ نُوْحًا اَوَّلَ نَبِيَّ بَعَثَهُ اللَّهُ الِّي الْأَرْضِ فَيَأْتُونَ نُوْحًا فَيَقُولُ لَسْتُ هُنَاكُمْ وَيَذْكُرُ خَطِيْتَتَهُ الَّتِي أَصْابُ سُوالَهُ رَبَّهُ بِغَيْرِ عِلْمٍ ، وَلَكِنِ ائْتُواْ ابْرَاهِيْمَ خَلِيْلَ الرَّحْمُنِ ، قَالَ فَيَأْتُونَ ابْرَاهِيْمَ فَيَقُولُ انَّى لسنتُ هُنَاكُمْ وَيَذْكُرُ ثَلاَثَ كَلمَاتِ كَذَبَهُنَّ ، وَلكن ائْتُواْ مُوسْلِي عَبْدًا اَتَاهُ اللَّهُ التَّوْرَاةَ وَكَلَّمَهُ وَقَرَّبَهُ نَجِيًّا قَالَ فَيَأْتُونَ مُوسْلي فَيَقُولَ انَّىْ لَسْتُ هُنَاكُمْ وَيَذْكُرُ خَطيْئَتَهُ الَّتِي اَصِابَ قَتْلَهُ النَّفْسَ ، وَلُكِن ائْتُواْ عيْسلي عَبْدَ اللَّه وَرَسُوْلَهُ وَرُوْحَ اللَّه وَكَلَمَتَهُ ، قَالَ فَيَأْتُوْنَ عَيْسُى فَيَقُوْلُ لَسْتُ هُنَاكُمْ وَلُكن ائْتُواْ مُحَمَّدًا عَبْدًا غَفَرَ اللَّهُ لَهُ مَا تَقَدَّمَ منْ ذَنْبِهِ وَمَا تَاخَّرَ قَالَ فَيَاتُوني فَاسْتَاذِنُ عَلَى رَبِّي ْ فِي دَارِهِ فَيُؤْذَنُ لِي عَلَيْهِ فَاإِذَا رَاَيْتُهُ وَقَعْتُ سَاجِدَا ، فَيَدَعُنِي مَا شَاءَ اللَّهُ اَنْ يَدَعَنِي ، فَيَـقُولُ ارْفَعْ مُـحَـمَّدُ ، وَقُلْ تُسْمَعْ ، وَاشْفَعْ تُشَفَّعْ ، وَسَلْ تُعْطَ ، قَالَ فَارَافْعُ رَاسى فَاتَنْنِي عَلَى رَبِّي بِثَنَاءِ وَتَحْمِيْدِ يِعَلَّمُنيْهِ ثُمَّ اَشْفَعْ فَيَحُدَّلى حَدًّا فَاخَرُجُ فَأَدْخِلُهُمُ الْجَنَّةَ قَالَ قَتَادَةُ وَسِمِعْتُهُ آيْضًا يَقُولُ فَاَخْرُجُ فَأُخْرِجُهُمْ مِنَ النَّارِ وَٱدْخِلُهُمُ الْجَنَّةَ ، ثُمَّ اَعُودُ فَاسَتَاذِنُ عَلَى رَبِّي فِي دَارِهِ فَيُؤْذَنُ لِي عَلَيْهِ فَإِذَا رَايَتُهُ وَقَعْتُ سَاجِدًا فَيَدَعُنِي مَا شَاءَ اللَّهُ أَنْ يَدَعَنِي ، ثُمَّ يَقُولُ ارْفَعْ مُحَمَّدُ ، وَقُلْ تُسْمَعْ ، وَاشْفَعْ تُشَفَّعْ وَسَلْ تُعْطَ ، قَالَ فَارْفَعُ رَاْسِي ، فَاتّْنِي عَلَى رَبِّيْ بِثَنَاءِ يُعَلِّمُنِيْهِ ، قَالَ ثُمَّ اَشْفَعُ فَيَحَدَّلى حَدًّا فَاَخْرُجُ فَاَدْخِلُهُمُ الْجَنَّةَ ، قَالَ قَتَادَةُ وَقَدْ سَمعْتُهُ يَقُولُ فَاَخْرُجُ فَأُخْرِجُهُمْ مِنَ النَّارِ وَأَدْخِلُهُمُ الْجَنَّةَ ثَمَّ اَعُودُ الْثَالِثَةَ فَاسْتَاذِنُ عَلَى رَبِّي في دَارِهِ فَيُؤْذَنُ لِي عَلَيْهِ فَاذَا رَاَيْتُهُ وَقَعْتُ سَاجِدًا فَيَدَعُنِي مَا شَاءَ اللَّهُ اَنْ يَدَعَني ، ثُمَّ يَقُولُ ارْفَعْ مُحَمَّدُ ، وَقُلْ تُسْمَعْ ، وَاشْفَعْ تُشَفَّعْ ، وَسلَ تُعْطَهْ، قَالَ فَارْفَرَاسْي ، فَاتْنى عَلَى رَبِّي ْ بِثَنَاءِ وَتَحْميْدِ يُعَلِّمُنيْه ، قَالَ ثُمَّ اَشْفَعُ فَيَحُدَّلى حَدًّا فَاَخْرُخ فَأَدْخلُهُمُ الْجَنَّةَ ، قَالَ قَتَادَةَ وَقَدْ سَمِعْتُهُ يَقُولُ وَاَخْرُجُ فَاُخْرِجُهُمْ مِنَ النَّارِ وَأَدْخلُهُمُ الْجَنَّهَ حَتَّى مَا يَبْقُى في النَّارِ الاَّ مَنْ حَبَسَهُ الْقُرْأَنُ أَيْ وَجَبَ عَلَيْهِ الْخُلُوْدِ ، قَالَ ثُمَّ تَلاَ هَذه الْآيَة : عَسلى أَنْ يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُونْدًا ، قَالَ وَهٰذَا الْمَقَامُ الْمَحْمُونُ الَّذي وُعِدَهُ

৬৯৩২ ইয়াহ্ইয়া ইব্ন বুকায়র (র)...... আবূ সাঈদ খুদ্রী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা বললাম,ইয়া রাসূলাল্লাহ্! আমরা কিয়ামতের দিন আমাদের প্রতিপালকের দর্শন লাভ করব কিং তিনি বললেনঃ মেঘমুক্ত আকাশে তোমরা সূর্য দেখতে কোন বাধাপ্রাপ্ত হও কি? আমরা বললাম, না। তিনি বললেন ঃ সেদিন তোমরাও তোমাদের প্রতিপালককে দেখতে বাধাপ্রাপ্ত হবে না। এতটুকু ব্যতীত যতটুকু সূর্য দেখার সময় পেয়ে থাক। সেদিন একজন ঘোষণাকারী ঘোষণা করবেন, যারা যে জিনিসের ইবাদত করতে, তারা সে জিনিসের কাছে গমন কর। এরপর যারা কুশধারী ছিল, তারা যাবে তাদের ক্রুশের কাছে। মূর্তিপূজারীরা যাবে তাদের মূর্তির সাথে। সকলেই তাদের উপাস্যের সাথে যাবে। অবশিষ্ট থাকবে একমাত্র আল্লাহ্র ইবাদতকারীরা। নেক্কার ও গুনাহ্গার সবাই। এবং আহলে কিতাবের কিছু সংখ্যক লোকও থাকবে। অতঃপর জাহানুামকে আনা হবে। সেটি তখন থাকবে মরীচিকার মত। ইহুদীদেরকে সম্বোধন করে জিজ্ঞাসা করা হবে, তোমরা কিসের ইবাদত করতে? তারা উত্তর করবে, আমরা আল্লাহ্র পুত্র উযায়র (আ)-এর ইবাদত করতাম। তখন তাদেরকে বলা হবে, তোমরা মিথ্যা বলছ। কারণ আল্লাহ্র কোন স্ত্রীও নেই এবং নেই তাঁর কোন সন্তান। এখন তোমরা কি চাও? তারা বলবে, আমরা চাই, আমাদেরকে পাানি পান করান। তখন তাদেরকে বলা হবে, তোমরা পানি পান কর। এরপর তারা জাহান্নামে নিক্ষিপ্ত হতে থাকবে। তারপর নাসারাদেরকে বলা হবে. তোমরা কিসের ইবাদত করতে? তারা বলে উঠবে, আমরা আল্লাহ্র পুত্র মসীহের ইবাদত করতাম। তখন তাদেরকে বলা হবে, তোমরা মিথ্যা বলছ। আল্লাহ্র কোন স্ত্রীও ছিল না, সন্তানও ছিল না। এখন তোমরা কি চাওং তারা বলবে, আমাদের ইচ্ছা আপনি আমাদেরকে পানি পান করতে দিন। তাদেরকে উত্তর দেওয়া হবে, তোমরা পান কর। তারপর তারা জাহান্নামে নিক্ষিপ্ত হতে থাকবে। পরিশেষে অবশিষ্ট থাকবে একমাত্র আল্লাহ্র ইবাদতকারীগণ। তাদের নেক্কার ও গুনাহ্গার সবাই। তাদেরকে লক্ষ্য করে বলা হবে, কোন্ জিনিস তোমাদেরকে আটকে রেখেছে? অথচ অন্যরা তো চলে গিয়েছে। তারা বলবে, আমরা তো সেদিন তাদের থেকে পৃথক রয়েছি, যেদিন আজকের অপেক্ষা তাদের বেশি প্রয়োজন ছিল। আমরা একজন ঘোষণাকারীর এ ঘোষণাটি দিতে শুনেছি যে, যারা যাদের ইবাদত করত তারা যেন ওদের সাথে যায়। আমরা প্রতীক্ষা করছি আমাদের প্রতিপালকের জন্য। নবী 🚟 বলেন ঃ এরপর মহাপরাক্রমশালী আল্লাহ্ তাদের কাছে আগমন করবেন। এবার তিনি সে আকৃতিতে আগমন করবেন না, যেটিতে তাঁকে প্রথমবার ঈমানদারগণ দেখেছিলেন। এসে তিনি ঘোষণা দেবেন — আমি তোমাদের প্রতিপালক, সবাই তখন বলে উঠবে আপনিই আমাদের প্রতিপালক। আর সেদিন নবীগণ ছাড়া তাঁর সঙ্গে কেউ কথা বলতে পারবে না। আল্লাহ্ তাদেরকে বলবেন, তোমাদের এবং তাঁর মাঝখানে পরিচায়ক কোন আলামত আছে কিঃ তারা বলবেন, পায়ের নলা। তখন পায়ের নলা খুলে দেয়া হবে। এই দেখে ঈমানদারগণ সবাই সিজ্দায় পতিত হবে। বাকি থাকবে তারা, যারা লোক-দেখানো এবং লোক-শোনানো সিজ্দা করেছিল। তবে তারা সিজ্দার মনোবৃত্তি নিয়ে সিজ্দা করার জন্য যাবে, কিন্তু তাদের মেরুদণ্ড একটি তক্তার ন্যায় শক্ত হয়ে যাবে। এমন সময় পুল স্থাপন করা হবে জাহানামের উপর। সাহাবীগণ আর্য করলেন, সে পুলটি কি ধরনের হবে ইয়া রাসূলাল্লাহ্? তিনি বললেন ঃ দুর্গম পিচ্ছিল জায়গা। এর ওপর আংটা ও হুক থাকবে, শক্ত চওড়া উল্টো কাঁটা বিশিষ্ট হবে, যা নাজ্দ দেশের সাদান বৃক্ষের কাঁটার মত হবে। সে পুলের উপর দিয়ে ঈমানদারগণের কেউ অতিক্রম করবে চোখের পলকের মতো, কেউ বিজলীর মতো, কেউ বা বাতাসের মতো আবার কেউ তীব্রগামী ঘোড়া ও সাওয়ারের মতো।

তবে মুক্তিপ্রাপ্তগণ কেউ নিরাপদে চলে আসবেন, আবার কেউ জাহান্নামের আগুনে ক্ষতবিক্ষত হয়ে যাবে। একবারে শেষে পার হবে যে ব্যক্তিটি, সে হেঁচড়িয়ে কোন রকমে পার হয়ে আসবে। এখন তোমরা হকের

ব্যাপারে আমার অপেক্ষা বেশি কঠোর নও, যতটুকু সেদিন ঈমানদারগণ আল্লাহ্র সমীপে হয়ে থাকবে, যা তোমাদের কাছে সুস্পষ্ট হয়ে গিয়েছে। যখন ঈমানদারগণ এই দৃশ্যটি অবলোকন করবে যে, তাদের ভাইদেরকে রেখে একমাত্র তারাই নাজাত পেয়েছে, তখন তারা বলবে, হে আমাদের রব! আমাদের সেসব ভাই কোথায়, যারা আমাদের সঙ্গে নামায আদায় করত, রোযা পালন করত, নেক কাজ করত? তখন আল্লাহ্ তা আলা তাদেরকে বলবেন, তোমরা যাও, যাদের অন্তরে এক দীনার বরাবর ঈমান পাবে, তাদেরকে জাহান্নাম থেকে বের করে আন। আল্লাহ্ তা'আলা তাদের মুখমণ্ডল জাহান্নামের ওপর হারাম করে দিয়েছেন। এদের কেউ কেউ দু'পা ও দু'পায়ের নলার অধিক পর্যন্ত জাহান্নামের মধ্যে থাকবে। তারা যাদেরকে চিনতে পারে, তাদেরকে বের করবে। তারপর এরা আবার প্রত্যাবর্তন করবে। আল্লাহ্ আবার তাদেরকে বলবেন, তোমরা যাও, যাদের অন্তরে অর্ধ দীনার পরিমাণ ঈমান পাবে, তাদেরকে বের করে নিয়ে আসবে। তারা গিয়ে তাদেরকেই বের করে নিয়ে আসবে, যাদেরকে তারা চিনতে পারবে। তারপর আবার প্রত্যাবর্তন করবে। আল্লাহ্ তাদেরকে আবার বলবেন, তোমরা যাও, যাদের অন্তরে অনু পরিমাণ ঈমান পাবে, তাদেরকে বের করে নিয়ে আসবে। তারা যাদেরকে চিনতে পাবে তাদেরকে বের করে নিয়ে আসবে। বর্ণনাকারী আবৃ সাঈদ খুদ্রী (রা) বলেন, তোমরা যদি আমাকে বিশ্বাস না কর, তাহলে আল্লাহ্র এ বাণীটি পড়ঃ আল্লাহ্ অণু পরিমাণও যুলুম করেন না। এবং অণু পরিমাণ পুণ্য কাজ হলেও আল্লাহ্ তাকে দ্বিগুণ করেন (৪ ঃ ৪০)। তারপর নবী 📆 , ফেরেশ্তা ও মু'মিনগণ সুপারিশ করবেন। তখন মহান পরাক্রমশালী আল্লাহ্ বলবেন, এখন একমাত্র আমার শাফাআতই অবশিষ্ট রয়েছে। তিনি জাহানাম থেকে একমুষ্টি ভরে এমন কতগুলো কওমকে বের করবেন, যারা জ্বলে পুড়ে দগ্ধ হয়ে গিয়েছে। তারপর তাদেরকে বেহেশ্তের সামনে অবস্থিত 'হায়াত' নামক নহরে ঢালা হবে। তারা সে নহরের দু'পার্শ্বে এমনভাবে উদ্ভূত হবে, যেমন পাথর এবং গাছের কিনারে বহন করে আনা আবর্জনায় বীজ থেকে তৃণ উদ্ভূত হয়। দেখতে পাও তন্মধ্যে সূর্যের আলোর অংশের গাছগুলো সাধারণত সবুজ হয়, ছায়ার অংশেরগুলো সাদা হয়। তারা সেখান থেকে মুক্তার দানার মত বের হবে। তাদের গর্দানে মোহর লাগানো হবে। জান্নাতে তারা যখন প্রবেশ করবে, তখন অপরাপর জান্নাতবাসীরা বলবেন, এরা হলেন রাহমান কর্তৃক মুক্তিপ্রাপ্ত যাদেরকে আল্লাহ্ তা আলা কোন নেক আমল কিংবা কল্যাণ কাজ ছাড়া জান্নাতে দাখিল করেছেন। তখন তাদেরকে ঘোষণা দেয়া হবে ঃ তোমরা যা দেখেছ, সবই তো তোমাদের, এর সাথে আরো সমপরিমাণ দেওয়া হলো তোমাদেরকে।

হাজ্ঞাজ ইব্ন মিনহাল (র).......আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। নবী ক্রান্ত্রী বলেছেন ঃ ঈমানদারদেরকে কিয়ামতের দিন আবদ্ধ করে রাখা হবে। পরিশেষে তারা পেরেশান হয়ে ওঠবে এবং বলবে, আমরা যদি আমাদের রবের কাছে কারো দ্বারা শাফাআত করাই যিনি আমাদের স্বস্তি দান করেন। তারপর তারা আদম (আ)-এর কাছে এসে বলবে, আপনিই তো সে আদম, যিনি মানবকুলের পিতা, স্বয়ং আল্লাহ্ আপন কুদরতের হাত দিয়ে আপনাকে সৃষ্টি করেছেন। আপনাকে বসবাসের সুযোগ প্রদান করেছেন তাঁর জান্নাতে, ফেরেশতাদের দ্বারা আপনাকে সিজদা করিয়েছেন এবং আপনাকে সব জিনিসের নামের তালীম দিয়েছেন। আমাদের এ স্থান থেকে নিষ্কৃতি প্রদানের নিমিত্ত আপনার সেই রবের কাছে শাফাআত করুন। তখন আদম (আ) বলবেন, আমি তোমাদের এ কাজের জন্য নই। নবী ক্রান্ত্রী বলেন ঃ এরপর তিনি নিষিদ্ধ গাছের ফল খাওয়ার ভুলের কথাটি উল্লেখ করবেন। তিনি বলবেন, বরং তোমরা নূহ (আ)-এর কাছে যাও, যিনি পৃথিবীবাসীদের প্রতি প্রেরিত নবীগণের মধ্যে প্রথম নবী। তারপর তারা নূহ (আ)-এর কাছে এলে তিনি তাদেরকে বলবেন, আমি তোমাদের এ কাজের জন্য নই। আর তিনি না জেনে তাঁর রবের কাছে প্রর্থনার

ভুলটি উল্লেখ করবেন এবং বলবেন বরং তোমরা রাহমানের সুহৃদ বন্ধু ইবরাহীমের কাছে যাও। নবী 📲 🚉 বলেনঃ অতঃপর তারা ইবরাহীম (আ)-এর কাছে আসবে। তখন ইবরাহীম (আ) বলবেন, আমি তোমাদের এ কাজের জন্য নই। আর তিনি এরূপ তিনটি বাক্যের কথা উল্লেখ করবেন যেগুলো বাহ্যত বাস্তব-পরিপন্থী ছিল। পরে বলবেন, তোমরা বরং মূসা (আ)-এর কাছে যাও। তিনি আল্লাহ্র এমন এক বান্দা যাঁকে আল্লাহ্ তাওরাত দান করেছিলেন, তাঁর সাথে কথা বলেছিলেন এবং গোপন বাক্যালাপের মাধ্যমে তাঁকে সান্নিধ্য দান করেন। রাসূলুল্লাহ 📆 বলেনঃ সবাই তখন মূসা (আ)-এর কাছে আসবে। তিনিও বলবেন, আমি তোমাদের এ কাজের জন্য নই। এবং তিনি (অনিচ্ছাকৃত) হত্যার ভুলের কথা উল্লেখ করবেন। তিনি বলবেন, তোমরা বরং ঈসা (আ)-এর কাছে যাও। যিনি আল্লাহ্র বান্দা ও তাঁর রাসূল এবং তাঁর রূহ ও বাণী। রাসূলুল্লাহ্ 🚛 💃 বলেন ঃ তারা সবাই তখন ঈসা (আ)-এর কাছে আসবে। ঈসা (আ) বলবেন, আমি তোমাদের এ কাজের জন্য নই। তিনি বলবেন, তোমরা বরং মুহামদ 🚟 -এর কাছে যাও। তিনি আল্লাহ্র এমন এক বান্দা যাঁর পূর্বের ও পরের ভুল তিনি মাফ করে দিয়েছেন। রাসূলুল্লাহ্ 🎆 🛣 বলেনঃ তারা তখন আমার কাছে আসবে। আমি তখন আমার রবের কাছে তাঁর দরবারে হাযির হওয়ার অনুমতি চাইব। আমাকে তাঁর কাছে যাওয়ার অনুমতি প্রদান করা হবে। তাঁর দর্শন লাভ করার সাথে সাথে আমি সিজদার পড়ে যাবো। তিনি আমাকে সে অবস্থায় যতক্ষণ রাখতে চাইবেন ততক্ষণ রাখবেন। এরপর আল্লাহ্ তা'আলা বলবেন, মুহাম্মদ, মাথা ওঠান; বলুন, আপনার কথা শোনা হবে, আর শাফাআত করুন, কবূল করা হবে, চান আপনাকে দেওয়া হবে। রাসূলুল্লাহ্ 🚌 বললেন ঃ তখন আমি আমার মাথা ওঠাবো। তারপর আমি আমার প্রতিপালকের এমন স্তুতি ও প্রশংসা (হামদ ও সানা) করবো যা তিনি আমাকে শিখিয়ে দেবেন। এরপর আমি সুপারিশ করবো, তবে আমার জন্য একটা সীমা নির্ধারণ করা হবে। আমি বের হয়ে তাদেরকৈ জান্নাতে প্রবেশ করাবো। বর্ণনাকারী কাতাদা (র) বলেন, আমি আনাস (রা)-কে এ কথাও বলতে শুনেছি যে, আমি বের হবো এবং তাদেরকে জাহান্নাম থেকে বের করবো এবং জান্নাতে প্রবেশ করাব। তারপর আমি ফিরে এসে আমার প্রতিপালকের দরবারে হাযির হওয়ার অনুমতি চাইব। আমাকে অনুমতি দেওয়া হবে। আমি তাঁকে দেখার পর সিজ্দায় পড়ে যাব। আল্লাহ্ তা'আলা যতক্ষণ রাখতে চাইবেন, আমাকে সে অবস্থায় রাখবেন। তারপর বলবেন, মুহাম্মদ! মাথা উঠান। বলুন, তা শোনা হবে, শাফা আত করুন, কবূল করা হবে, চান. দেওয়া হবে। রাসূলুল্লাহ্ 🚟 বলেনঃ তারপর আমি আমার মাথা উঠাবো। আমার রবের এমন প্রশংসা ও স্তুতি করব, যা তিনি আমাকে শিখিয়ে দিবেন। রাসূলুল্লাহ্ 🏣 বলেন ঃ এরপর আমি শাফাআত করব, আমার জন্য একটা সীমা নির্ধারণ করা হবে। আমি বের হয়ে তাদেরকে জান্নাতে প্রবেশ করাব। বর্ণনাকারী কাতাদা (র) বলেন, আমি আনাস (রা)-কে বলতে শুনেছি, নবী 🏣 বলেছেনঃ তখন আমি বের হব এবং তাদেরকে জাহান্নাম থেকে বের করব এবং জান্নাতে প্রবেশ করাব। তারপর তৃতীয়বারের মত ফিরে আসব এবং আমার রবের দরবারে প্রবেশ করার অনুমতি চাইব। আমাকে অনুমতি দেওয়া হবে। আমি তাকে দেখার পর সিজ্দায় পড়ে যাব। আল্লাহ্ আমাকে সে অবস্থায় রাখবেন, যতক্ষণ তিনি চাইবেন। অতঃপর আল্লাহ্ বলবেন, মুহাম্মদ! মাথা উঠান এবং বলুন, শোনা হবে, সুপারিশ করুন, তা কবৃল করা হবে, চান, দেওয়া হবে। রাসূলুল্লাহ্ 📆 বলেন ঃ আমি মাথা উঠিয়ে আমার রবের এমন স্তৃতি ও প্রশংসা (হামদ ও সানা) করব, যা তিনি আমাকে শিখিয়ে দেবেন। রাসূলুল্লাহ্ 🎆 প্রেণর আমি শাফাআত করব, আমার জন্য একটা সীমা নির্ধারণ করা হবে। তারপর আমি বের হয়ে তাদেরকে জান্নাতে প্রবেশ করাব। বর্ণনাকারী কাতাদা (র) বলেন, আমি আনাস (রা)-কে বলতে শুনেছি, নবী 🏣 বলেছেন ঃ আমি সেখান থেকে বের হয়ে তাদেরকে জাহান্নাম থেকে বের করে জান্নাতে প্রবেশ করাব। পরিশেষে জাহান্নামে অবশিষ্ট থাকবে একমাত্র তারা, কুরআন যাদেরকে আটকে রেখেছে। অর্থাৎ যাদের ওপর জাহান্নামের স্থায়ীবাস অপরিহার্য হয়ে পড়েছে। আনাস (রা) বলেন, তিনি কুরআনের এ আয়াত তিলাওয়াত করলেন। (মহান আল্লাহ্র বাণী) ঃ আশা করা যায় তোমার প্রতিপালক তোমাকে প্রতিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানে (১৭ ঃ ৭৯) এবং তিনি বললেন, তোমাদের নবী ক্রিট্র -এর জন্য প্রতিশ্রুত 'মাকামে মাহমূদ' হচ্ছে এটিই।

ডি৯৩৩ উবায়দুল্লাহ্ ইব্ন সাদ ইব্ন ইবরাহীম (র)...... আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ আনসারদের কাছে (লোক) পাঠালেন। তাদেরকে একটা তাঁবুর মধ্যে সমবেত করলেন এবং তাদের বললেন ঃ তোমরা আল্লাহ্ ও তাঁর রাসূলের সঙ্গে মুলাকাত পর্যন্ত ধৈর্যধারণ করবে। আমি হাওযের (কাউসারের) কাছেই থাকব।

آبَّوْ الزّبَيْرِ عَنْ طَاوُسٍ قَيَّامُ ، وَقَالَ مَدَّتَنَا سُفْيَانُ عَنِ ابْنِ جُريْجِ عَنْ سُلَيْمَانَ الْاَحُولِ عَنْ طَاوُسٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ كَانَ النّبِيُ الْمَالَّ الْاَلَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ اَنْتَ وَيَّمُ السَّمُواَتِ وَالْاَرْضِ وَلَكَ الْحَمْدُ اَنْتَ رَبَّ السَّمُواَتِ وَالْاَرْضِ وَلَكَ الْحَمْدُ اَنْتَ رَبَّ السَّمُواَتِ وَالْاَرْضِ وَمَنْ فيهِنَّ اَنْتَ الْحَقُّ وَقَولُكَ الْحَقُّ وَلَكَ الْحَقُّ وَلَكَ الْحَقُّ وَالْلَالُمْتَ الْحَقُّ وَقَولُكَ الْحَقُّ وَالْلَالُمْتَ وَوَعَدُكَ الْحَقُ وَلَكَ الْحَقُ وَالْجَنَّةُ حَقَّ وَالنَّارُ حَقَّ وَالسَّاعَةُ حَقَّ اللَّهُمَّ لَكَ السَلَمْتُ وَعَلَيْكَ تَوكَلُكَ وَالْجَنَّةُ حَقَّ وَالنَّارُ حَقَّ وَالسَّاعَةُ حَقً اللَّهُمَّ لَكَ السَلَمْتُ وَبَكَ الْمَنْتُ وَعَلَيْكَ تَوكَلُكَ وَالْمَلْكَ وَمَا الْمَنْ وَالْكَ مَنْ اللَّهُ اللَّهُ

ডি৯৩৪ সাবিত ইব্ন মুহাম্মদ (র)......ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী আদ্ধি রাতে যখন তাহাজ্বদের নামায আদায় করতেন, তখন বলতেন ঃ হে আমাদের প্রতিপালক আল্লাহ্! সব প্রশংসা একমাত্র আপনারই, আসমান ও যমীনের তত্ত্বাবধায়ক আপনিই এবং আপনারই জন্য সব স্তুতি। আসমান ও যমীন এবং এসবের মধ্যকার সবকিছুর প্রতিপালক আপনিই এবং আপনারই জন্য সব প্রশংসা। আসমান যমীন ও এগুলোর মধ্যকার সব কিছুর নূর আপনিই। আপনি হক, আপনার বাণী হক, আপনার ওয়াদা হক, আপনার সাক্ষাৎ হক, জান্নাত হক, জাহান্নাম হক এবং কিয়ামত হক। ইয়া আল্লাহ্! আপনারই উদ্দেশ্যে আমি

ইসলাম কবৃল করেছি এবং আপনারই প্রতি ঈমান এনেছি, তাওয়াকুল করেছি আপনারই ওপর, আপনারই কাছে বিবাদ হাওয়ালা করেছি, আপনারই কাছে ফায়সালা চেয়েছি। তাই আপনি আমার পূর্বের ও পরের গুপ্ত প্রকাশ্য এবং যা আপনি আমার চাইতে বেশি জ্ঞাত তা সবই মাফ করে দিন। আপনি ছাড়া কোন ইলাহ্ নেই। বর্ণনাকারী তাউস (র) থেকে কায়স ইব্ন সাদ (র) এবং আবৃ যুবায়র (র) قيام -এর স্থলে قيام বর্ণনাকারী মুজাহিদ বলেন قيوم সবকিছুর পরিচালককে বলা হয়ে থাকে। উমর (রা) قيام পড়েছেন। মূলত শব্দ উভয়টিই প্রশংসার জন্য ব্যবহৃত হয়।

آ ٦٩٣٥ حَدَّثَنَا يُوسُفُ بْنُ مُوسِٰى قَالَ حَدَّثَنَا اَبُو اُسَامَةَ حَدَّثَنِى الْاَعْمَشُ عَنْ خَيْثَمَةَ عَنْ عَدِى بْنِ حَاتِمٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنْ اللهِ عَنْ عَدِى بْنِ حَاتِمٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنْ اللهِ عَنْ عَدِى بْنِ اَحَدٍ الاَّ سَيكَلِّمُهُ رَبُّهُ لَيْسَ بَيْنَهُ وَبَيْنُهُ تَرْجُمَانُ وَلاَ حَجَابٌ يَحْجُبُهُ -

৬৯৩৫ ইউসুফ ইব্ন মৃসা (র).... আদী ইব্ন হাতিম (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রের বলেছেন ঃ তোমাদের প্রত্যেকের সাথে অচিরেই তার প্রতিপালক আলাপ করবেন, তখন প্রতিপালক ও তার মাঝখানে কোন দোভাষী ও প্রতিবন্ধকতা সৃষ্টিকারী পর্দাও থাকবে না।

آ جَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيْرِ بْنُ عَبْدِ الصَّمَدِ عَنْ أَبِي عِمْرَانَ الْجَوْنِيِّ عَنْ اَبِي بَكْرِ بْنِ عَبْدِ اللهِ بْنِ قَيْسٍ عَنْ اَبِيهِ عَنِ النَّبِيِّ وَاللهِ قَالَ جَمْرَانَ الْجَوْنِيِّ عَنْ النَّبِيِّ وَاللهِ بْنِ قَيْسٍ عَنْ اَبِيْهِ عَنِ النَّبِيِّ وَاللهِ قَالَ جَنْتَانِ مِنْ ذَهَبٍ انِيتُهُمَا وَمَا فَيْهِمَا وَمَا فَيْهِمَا وَمَا بَيْنَ جَنَّتَانِ مِنْ ذَهَبٍ انِيتُهُمَا وَمَا فَيْهِمَا وَمَا بَيْنَ الْقَوْمِ وَبَيْنَ اَنْ يَتُهُمَا وَمَا فِيهُمَا وَمَا اللهِ رَبَهِمْ الاَّرِدَاءَ الْكِبْرِ عَلَى وَجْهِهِ فِي جَنَّةِ عَدْنٍ

৬৯৩৬ আলী ইব্ন আবদুল্লাহ্ (র)....কায়স (রা) থেকে বর্ণিত। তিনি নবী ক্রিট্রা থেকে বর্ণনা করেছেন। নবী ক্রিট্রা বলেছেন ঃ দু'টি জান্নাত এমন হবে, সেগুলোর পানপাত্র ও অভ্যন্তরস্থ সব কিছুই হবে রূপার। আর দু'টি জান্নাত এমন হবে, সেগুলোর পানপাত্র ও অভ্যন্তরস্থ সবকিছুই হবে স্বর্ণের। জান্নাতে আদ্নে তাদের ও তাদের প্রতিপালকের দর্শনের মধ্যে তাঁর চেহারার গর্বের চাদর ছাড়া আর কোন কিছু অন্তরায় থাকবে না।

آمِرًى مَسْلَم بِيَميْن كَاذبَة لَقَى اللّه وَهُوَ عَلَيْه غَضْبَانُ ، قَالَ عَبْدُ اللّه وَاللّه مَالَ وَاللّه عَنْ عَبْد اللّه قَالَ وَسُولُ اللّه وَلَا الله عَنْ عَبْد الله وَهُوَ عَلَيْه غَضْبَانُ ، قَالَ عَبْدُ الله ثُمَّ قَرأ رَسُولُ الله وَالله وَهُوَ عَلَيْه غَضْبَانُ ، قَالَ عَبْدُ الله ثُمَّ قَرأ رَسُولُ الله وَالله وَاله وَالله وَاله وَالله وَله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله

ডি৯৩৭ হুমায়দী (র)...... আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রের বলেছেন ঃ যে ব্যক্তি মিথ্যা কসম করে কোন মুসলমানের সম্পদ আত্মসাৎ করবে, সে কিয়ামতের দিন আল্লাহ্র সাথে মিলিত হবে এমতাবস্থায় যে, তিনি তার ওপর রাগান্তিত থাকবেন। আবদুল্লাহ্ (রা) বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রের তাঁর

বাণীর সমর্থনে আল্লাহ্র কিতাবের আয়াত তিলাওয়াত করেন ঃ যারা আল্লাহ্র সঙ্গে কৃত প্রতিশ্রুতি এবং নিজেদের শপথকে তুচ্ছমূল্যে বিক্রয় করে, পরকালে তাদের কোন অংশ নেই। কিয়ামতের দিন আল্লাহ্ তাদের সাথে কথা বলবেন না...... (৩ ঃ ৭৭)।

রাখে। আল্লাহ্ তা'আলা তাকে লক্ষ্য করে কিয়ামতের দিন বলবেন, আজ আমি আমার মেহেরবানী থেকে

তোমাকে বঞ্চিত করব, যেমনি তুমি যা তোমার হাতের অর্জিত নয় তা থেকে বিমুখ করতে।

مَحَمَّد عَنِ ابْنِ اَبِي بَكْرَةَ عَنِ النَّبِي عَلَيْ قَالَ حَدَّتَنَا عَبْدُ الْوَهَّابِ قَالَ حَدَّتَنَا اَيُّوْبُ عَنْ مُحَمَّد عَنِ ابْنِ اَبِي بَكْرَةَ عَنِ النَّبِي عَلَيْ قَالَ الزَّمَانُ قَداسْتَدَارَ كَهَيْئَتِه يَوْمَ خَلَقَ اللَّهُ السَّمَوَاتِ وَالْاَرْضَ اَلسُنَةُ اثْنَا عَشَرَ شَهْرًا مِنْهَا اَرْبَعَةٌ حُرُمٌ ، ثَلاَثٌ مُتُواليَاتُ وُوْلُقَعْدَة وَذُوْ الْحَجَّة وَالْمُحَرَّمُ وَرَجَبُ مُضَرَ الَّذِي بَيْنَ جَمَادَى وَشَعْبَانَ ، اَى شَهْرٍ هَذَا ؟ قُلْنَا اللَّهُ وَرَسُولُهُ اَعْلَمُ فَسَكَتَ حَتَّى ظَنَنَّا اَللَّهُ وَرَسُولُهُ اَعْلَمُ ، فَسكَتَ حَتَّى ظَنَنَّا اللَّهُ وَرَسُولُهُ اَعْلَمُ ، فَسكَتَ حَتَّى ظَنَنَّا اللَّهُ وَرَسُولُهُ اَعْلَمُ ، فَسكَتَ حَتَّى ظَنَنَا اللَّهُ وَرَسُولُهُ اَعْلَمُ ، فَالَ اللَّهُ وَرَسُولُهُ اَعْلَمُ ، فَالَ اللَّهُ وَرَسُولُهُ اللَّهُ وَرَسُولُهُ اللَّهُ اللَّهُ وَاللَّهُ وَرَسُولُهُ اللَّهُ وَاللَّهُ عَنْ اعْمُ اللَّهُ وَرَسُولُهُ اللَّهُ وَاللَّهُ اللَّهُ اللَّهُ وَالْمَالِكُمْ عَنْ اعْمُ اللَّهُ وَالْ الْعَلَمُ ، قَالَ وَاعْرَاضَكُمْ عَنْ اعْمُلُولُ اللَّهُ مَالكُمْ عَنْ اعْمُالِكُمْ الْا فَلاَ تَرْجِعُوا بَعْدِيْ ضُلُالًا يَضْرَبُ بَعْضُكُمْ رِقَابَ بَعْضُ الْا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمَنَا اللَّهُ مُ عَنْ اعْمَالِكُمْ وَلَا الْعَدِيْ فَا اللَّهُ اللَّهُ الْا فَلاَ تَرْجِعُوا بَعْدِيْ ضُلُالًا يَضُولُ اللَّهُ مُ الْالِكُمْ وَلَا بَعْضُومُ الْاللَّهُ الْمَالِكُمْ وَالْلُهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُلْلُولُ اللَّهُ الْمُعْمُ وَالْمُ اللَّهُ الْمُنَا اللَّهُ الْمُلْولُولُ اللَّهُ الْمُعَلِّ الْمُعْلُولُ اللْمُ الْمُ الْمُلْمُ اللَّهُ الْمُعَلِّ الْمُ الْمُعُولُ الْمُ الْمُؤْلُولُ اللَّهُ الْمُ الْمُلْمُ الْمُؤْلُولُ اللَّهُ الْمُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُؤْلُولُ اللَّهُ اللَّهُ الْمُلْمُ اللْمُ اللْمُؤْلُ

لَيُبْلغ الشَّاهِدُ الْغَائِبَ ، فَلَعَلَّ بَعْضَ مَنْ يَبِلَّغُهُ أَنْ يَكُونَ اَوْعَى لَهُ مِنْ بَعْضِ مَنْ سَمِعَهُ فَكَانَ مُحَمَّدُ إِذَا ذَكَرَهُ قَالَ صَدَقَ النَّبِيُّ إِلَيْ تُمَّ قَالَ : اَلاَ هَلْ بَلَّغْتُ ، اَلاَ هَلْ بَلَّغْتُ-৬৯৩৯ মুহাম্মদ ইব্ন মুসানা (র)...... আবূ বাকরা (রা) থেকে বর্ণিত যে, নবী ্লাম্ব্রী বলেছেন ঃ আল্লাহ্ তা'আলা আসমান ও যমীনকে যেদিন সৃষ্টি করেছিলেন, সেদিনকার অবস্থায় যামানা পুনরায় প্রত্যাবর্তন করেছে। বারটি মাসে এক বছর হয়। তনাধ্যে চারটি মাস (বিশেষভাবে) মর্যাদাসম্পন্ন। যুলকাদা, যুলহাজ্জা ও মুহাররম — এই তিনটা মাস একাধারে এসে থাকে। আর মুযার গোত্রের রজব মাস যা জুমাদা ও শা'বান মাসের মাঝে। তিনি জিজ্ঞাসা করলেন, এটি কোন্ মাস? আমরা বললাম, আল্লাহ্ ও তাঁর রাসূলই ভালো জানেন। এরপর রাসূলুল্লাহ্ 🎆 চুপ থাকলেন, যদ্দরুন আমরা ভেবেছিলাম, তিনি এই নামটি পাল্টিয়ে অন্য কোন নাম রাখবেন। তিনি বললেন, এটি কি যুলহাজ্জা নয়? আমরা উত্তর করলাম, হাঁা, এটি যুলহাজ্জার মাস। তিনি বললেন ঃ এটি কোন শহর? আমরা বললাম, আল্লাহ ও তাঁর রাসূলই বেশি ভাল জানেন। তিনি নীরব রইলেনঃ আমরা ভেবেছিলাম, তিনি হয়ত শহরটির নাম পাল্টিয়ে অন্য কোন নাম রেখে দেবেন। তিনি বললেন ঃ এটি কি সেই (পবিত্র) শহরটি নয়? আমরা উত্তর করলাম, হ্যা। তারপর তিনি পুনরায় জিজ্ঞাসা করলেন, আজকের এই দিনটি কোন দিন? আমরা উত্তর করলাম, আল্লাহ্ ও তাঁর রাসলই বেশি ভাল জানেন। তিনি নীরব রইলেন, যার দরুন আমরা ভাবলাম, তিনি সম্ভবত এর নামটা পাল্টিয়েই দেবেন। তিনি বললেন ঃ এটি কি কুরবানীর দিন নয়? আমরা বললাম্ হা। নবী ক্রীক্রী তখন বললেন ঃ তোমাদের রক্ত এবং সম্পদ বর্ণনাকারী মুহাম্মদ ইবন সীরীন (র) বলেছেন, আমার ধারণা হচ্ছে, আবু বাকরা (রা) 'তোমাদের ইয্যত' কথাটিও বর্ণনা করেছিলেন, অর্থাৎ ওসব এ পবিত্র দিনে, এ পবিত্র শহরে, এ পবিত্র মাসটির ন্যায় পবিত্র ও মর্যাদাসম্পন্ন। এবং অতিশীঘ্রই তোমরা তোমাদের প্রতিপালকের সাক্ষাৎ লাভ করবে। তখন তিনি তোমাদেরকে তোমাদের আমল সম্পর্কে জিজ্ঞাসা করবেন। সাবধান, আমার ওফাতের পর তোমরা পথভ্রষ্ট হয়ে একে অপরকে হত্যা করো না। সাবধান! উপস্থিতগণ অনুপস্থিত লোকদের কাছে (কথাগুলো) পৌছিয়ে দেবে। কেননা, হয়ত যার কাছে (রেওয়াত) পৌছানো হবে, তাদের মধ্যে এমন ব্যক্তিও থাকবে, যারা (রেওয়াত) প্রত্যক্ষ শ্রোতার চাইতে বেশি সংরক্ষণকারী হবে। মুহাম্মদ ইবন সীরীন (র) যখন এ হাদীসটি বর্ণনা করতেন, তখন বলতেন, নবী 🏣 সত্যিই বলেছিলেন। অতঃপর নবী হ্রাষ্ট্রী বললেন ঃ আমি পৌছিয়ে

٣١٢٧ بَابُ مَاجَاءَ فِي قَوْلِ اللَّهِ، إنَّ رَحْمَةَ اللَّهِ قَرِيْبٌ مِنَ الْمُحْسِنِيْنَ عَلَى اللَّهِ، انَّ رَحْمَةَ اللَّهِ قَرِيْبٌ مِنَ الْمُحْسِنِيْنَ عَلَى عَوْلِ اللَّهِ، إنَّ رَحْمَةَ اللَّهِ قَرِيْبٌ مِنَ الْمُحْسِنِيْنَ عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى اللَّهِ عَلَى عَلَى اللّهِ عَلَى عَلَى اللّهِ عَلَى اللّهُ عَلَى اللّهِ عَلَى اللّهِ عَلَى اللّهِ عَلَى اللّهِ عَلَى اللّهِ اللّهِ عَلَى اللّهُ عَلَى اللّهِ عَلَى اللّهِ عَلَى اللّهِ عَلَى اللّهِ عَلَى اللّهُ عَلَى اللّهِ اللّهِ اللّهِ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللللّهُ الللّهُ اللللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّه

দিয়েছি কিঃ আমি পৌছিয়ে দিয়েছি কিঃ

آ عَدْ اللهِ عَنْ عَاصِمِ عَنْ اَسِمْعِيْلَ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ عَنْ عَاصِمِ عَنْ اَبِي عُثْمَانَ عَنْ السَّامَةَ بْنِ زَيْدٍ قَالَ كَانَ ابْنُ لِبَعْضِ بَنَاتِ النَّبِيِّ وَلَّا يَقْضِي، فَالرَّسَلَتُ الَيْهِ أَنْ يَاتِيهُا ، فَارْسَلَ أَنَّ لِللهِ مَا اَخَذَ ، وَلَهُ مَا اَعْظَى، وَكُلُّ اللهِ اللهِ عَلْمُ مُسَمَّى ، فَلْتَصبُرِ وَلَتَحْتَسِبْ ، فَارْسَلَ أَنَّ لللهِ عَلَيْهِ ، فَقَامَ رُسُولُ اللهِ عَلَيْهِ وَقُمْتُ مَعَا

وَمُعَاذُ بِنُ جَبِلِ وَابَى بِنُ كَعْبِ وَعُبَادَةَ بِنُ الصَّامِتِ ، فَلَمَّا دَخَلَنَا نَاوَلُوْا رَسُوْلَ اللَّهِ وَمُعَادُ بِنُ الصَّامِتِ ، فَلَمَّا دَخَلَنَا نَاوَلُوْا رَسُوْلُ اللَّهِ وَلَيُّ اللَّهِ عَلَيْ اللَّهُ عَالَيْكُ وَسَوْلُ اللَّهِ عَلَيْكُ وَسَوْلُ اللَّهِ عَلَيْكُ وَسَوْلُ اللَّهِ عَلَيْكُ وَسَوْلُ اللَّهِ عَلَيْكُ وَسَوْلُ اللَّهِ عَبَادِهِ الرَّحَمَ اللَّهُ مِنْ عِبَادِهِ الرَّحَمَاءَ –

ডি৯৪০ মৃসা ইব্ন ইসমাঈল (র)..... উসামা ইব্ন যায়িদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, নবী এক কেনেকা কন্যার এক ছেলের জীবনসায়াহে তাঁর কন্যা নবী এক কেনে বাওয়ার জন্য (অনুরোধ করে) একজন লোক পাঠালেন। উত্তরে নবী একটা সময়সীমা নির্ধারিত রয়েছে। সুতরাং সে যেন সবর করে এবং তাঁরই জন্য। আর প্রতিটি বস্তুর জন্য একটা সময়সীমা নির্ধারিত রয়েছে। সুতরাং সে যেন সবর করে এবং সাওয়াবের আশা করে। তারপর নবী-তন্য়া নবী ক্রিটি নক্স নায় যাওয়ার জন্য কসম দিয়ে লোক পাঠালেন। তিনি যাওয়ার জন্য ওঠে দাঁড়ালেন। বর্ণনাকারী উসামা ইব্ন যায়িদ (রা) বলেন, আমি, মুআ্য ইব্ন জাবাল, উবায় ইব্ন কাব, উবাদা ইব্ন সামিতও তাঁর সঙ্গে যাওয়ার জন্য ওঠে দাঁড়ালাম। আমরা যখন সেখানে গিয়ে প্রবেশ করলাম তখন তারা বাচ্চাটাকে রাস্লুল্লাহ্ ক্রিটি এর কাছে দিলেন। অথচ তখন বাচ্চার বুকের মধ্যে এক অস্বস্তি বোধ হচ্ছিল। বর্ণনাকারী বলেন, আমার ধারণা নবী ক্রিটি তখন বলেছিলেনঃ এ তো যেন মশ্কের মত। এরপর রাস্লুল্লাহ্ কাঁদলেন। তা দেখে সাদ ইব্ন উবাদা (রা) বললেন, আপনি কাঁদছেনঃ তিনি বললেনঃ অবশ্যই আল্লাহ্ তাঁর দয়ালু বান্দাদের প্রতিই দয়া প্রদর্শন করে থাকেন।

آعداً وَانّهُ يُنْفِئُ لَلنّار مَنْ يَشَاءُ فَيْهَا فَتَمْتَلِي أَبْرَاهِيْمَ قَالَ حَدَّثَنَا يَعْقُوْبُ قَالَ حَدَّثَنَا آبِي عَنْ صَالِح بْنِ كَيْسَانَ عَنْ الْاَعْرَجِ عَنْ آبِي هُرَيْرَةَ عَنِ النّبِي عَلَيْ قَالَ اخْتَصَمَتِ عَنْ صَالِح بْنِ كَيْسَانَ عَنَ الْاَعْرَجِ عَنْ آبِي هُرَيْرَةَ عَنِ النّبِي عَلَيْهَا الاَّ صَعَفَاءُ النّاسِ الْجَنّةُ وَالنّارُ الْي رَبّهِمَا ، فَقَالَ لِلْجَنّة اَنْت رَحْمَتَى ، وَقَالَ لِلنّارِ اَنْت عَذَابِي أُصِيْبُ وَسَقَطُهُمْ ، وَقَالَ لِلنّارِ اَنْت عَذَابِي أُصِيْبُ بِكِ مَنْ اَشَاءُ وَلِكُلِ وَاحِدَة مِنْكُمَا مِلْؤُهَا ، قَالَ فَامّا الْجَنّةُ فَانَ اللّهُ لاَ يَظلِمُ مِنْ خَلْقِهِ بِكِ مَنْ اَشَاءُ وَلِكُلّ وَاحِدَة مِنْكُمَا مِلْؤُهَا ، قَالَ فَامَا الْجَنّةُ فَانَ اللّهُ لاَ يَظلِمُ مِنْ خَلْقِهِ الْحَدُا وَاتَّهُ يُنْفِئُ لُلنَّارِ مَنْ يَشَاءُ فَيَلْقَوْنَ فِيهَا فَتَقُولُ هَلْ هَلْ مَنْ مَزِيْدٍ وَنَقُولُ هَلْ هَلْ مَنْ مَزِيْدٍ وَنَقُولُ هَلْ مَنْ مَزِيْدٍ وَنَقُولُ هَلْ مَنْ مَزِيْدٍ وَنَقُولُ هَلْ هَلْ مَنْ مَزِيْدٍ وَنَقُولُ قَطٍ قَطَ مَرْيُد ثِلَاثًا حَتّى يَضَعَ قَدَمَهُ فَيْهَا فَتَمْتُلِئُ ، وَيُرَدُّ بَعْضُهُا الِلَى بَعْضٍ وَتَقُولُ قَطٍ قَط قَط مَا اللّهُ اللّهُ اللّهُ عَنْ مَا اللّهُ مَنْ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ مَنْ عَنْمَا اللّهُ مَنْ عَنْ مَا فَتَمْتُلُئُ ، وَيُردُدُ بَعْضُهُا اللّي بَعْضٍ وَتَقُولُ لُ قَط قَط قَط قَط قَالًا اللّهُ الللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ ا

৬৯৪১ উবায়দুল্লাহ্ ইব্ন সাদ ইব্ন ইব্রাহীম (র)..... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। নবী ক্রিলিছেন ঃ জান্নাত ও জাহান্নাম উভয়িট স্বীয় প্রতিপালকের কাছে অভিযোগ করল। জান্নাত বলল, হে আমার প্রতিপালক! আমার ব্যাপারটি কি হলো যে তাতে শুধু নিঃস্ব ও নিম্ন শ্রেণীর লোকেরাই প্রবেশ করবে। এদিকে জাহান্নামও অভিযোগ করল অর্থাৎ আপনি শুধুমাত্র অহংকারীদেরকেই আমাতে প্রাধান্য দিলেন। আল্লাহ্ জান্নাতকে লক্ষ্য করে বললেন, তুমি আমার রহমত। জাহান্নামকে বললেন, তুমি আমার আযাব। আমি যাকে চাইব, তোমাকে দিয়ে শান্তি পৌছাব। তোমাদের উভয়কেই পূর্ণ করা হবে। তবে আল্লাহ্ তা'আলা তাঁর সৃষ্টির কারো উপর যুলুম করবেন না। তিনি জাহান্নামের জন্য নিজ ইচ্ছানুযায়ী নতুন সৃষ্টি পয়দা করবেন। তাদেরকে যখন জাহান্নামে নিক্ষেপ করা হবে, তখন জাহান্নাম বলবে, আরো অতিরিক্ত আছে কিঃ জাহান্নামে আরো

নিক্ষেপ করা হবে, তখনো বলবে, আরো অতিরিক্ত আছে কি? এভাবে তিনবার বলবে। পরিশেষে আল্লাহ্ তা'আলা তাঁর কুদরতের কদম জাহান্নামে প্রবেশ করিয়ে দিলে তা পরিপূর্ণ হয়ে যাবে। তখন জাহান্নামের একটি অংশ আরেকটি অংশকে এই উত্তর করবে — যথেষ্ট হয়েছে, যথেষ্ট হয়েছে, যথেষ্ট হয়েছে।

آ عَدَّ تَنَا حَفْصُ بْنُ عُمَرَ قَالَ حَدَّثَنَا هِشَامُ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِ وَلَيْ اللهُ الْجَنَّةَ قَالَ لَيُصِيْبَنَّ اَقْوَامًا سَفْعُ مِنَ النَّارِ بِذُنُوبٌ اَصَابُوهَا عُقُوبَةً ثُمَّ يُدْخِلِهُمُ اللَّهُ الْجَنَّةَ بِفَضْلِ رَحْمَتِهِ فَيُقَالُ لَهُمُ الْجَهَنَّمِيُّوْنَ - قَالَ هَمَّامُ حَدَّثَنَا قَتَادَةُ حَدَّثَنَا اَنَسٌ عَنِ النَّبِي يَالَكُ اللهُ الْبَهِمُ الْجَهَنَّمِيُّوْنَ - قَالَ هَمَّامُ حَدَّثَنَا قَتَادَةُ حَدَّثَنَا اَنَسٌ عَنِ النَّبِي يَالَكُ اللهُ اللهُ الْجَهَامُ الْجَهَالُ اللهُ اللّهُ الللّهُ

ডি৯৪২ হাফ্স ইব্ন উমর (র)..... আনাস (রা) থেকে বর্ণিত। নবী ক্রিট্রের বলেছেন ঃ কতিপয় কাওম তাদের গুনাহর কারণে শান্তিস্বরূপ জাহান্নামের অগ্নিশিখায় পৌছবে। তারপর আল্লাহ্ তা'আলা নিজ করুণার বদৌলতে তাদেরকে জান্নাতে প্রবেশ করিয়ে দেবেন। তাদেরকে 'জাহান্নামী' বলে আখ্যায়িত করা হবে। হাম্মাম (র) আনাস (রা) সূত্রে নবী ক্রিট্রের থেকে উক্ত হাদীস বর্ণনা করেছেন।

٣١٢٨ بِنَابُ قَوْلُ اللَّهِ : إِنَّ اللَّهَ يُمْسِكُ السَّمَوَاتِ وَالْأَرْضَ اَنْ تَزُولًا

৩১২৮. অনুচ্ছেদ ঃ আল্লাহ্র বাণী ঃ নিক্য়ই আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবীকে সংরক্ষণ করেন, যাতে এরা স্থানচ্যুত না হয় (৩৫ ঃ ৪১)

آ عَدْ اللّهِ قَالَ جَاءَ حَبْرُ اللّهِ رَسُولُ اللّهِ عَوَانَةَ عَنِ الْاَعْمَشِ عَنْ ابْرَاهِيْمَ عَنْ عَلْقَمَةً عَنْ عَبُد اللّهِ قَالَ جَاءَ حَبْرُ اللّهِ رَسُولُ اللّهِ عَلَى اللّهَ عَلَى اللّهَ عَلَى الله وَاللّهُ عَلَى الله عَلَى الله عَلَى الله عَلَى الله عَلَى الله وَاللّهُ عَلَى الله عَلَى الله وَاللّهُ عَلَى الله عَلْهُ عَلَى الله ع

৬৯৪৩ মৃসা (র)..... আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ইহুদী পণ্ডিত রাস্লুল্লাহ্ ক্রিট্রা -এর কাছে এসে বলল, হে মুহাম্মদ! আল্লাহ্ কিয়ামতের দিন আসমানকে এক আঙ্গুলের ওপর, পৃথিবীকে এক আঙ্গুলের ওপর, পর্বতমালাকে একটি আঙ্গুলের ওপর, বৃক্ষলতা ও নদীনালাকে আরেকটি আঙ্গুলের ওপর এবং সকল সৃষ্টিকে এক আঙ্গুলের ওপর রেখে দেবেন। এবং নিজ হাতে ইশারা দিয়ে বলবেন, সমাট একমাত্র আমিই। এর সাথে সাথে রাস্লুল্লাহ্ ক্রিট্রা হাসলেন এবং বললেনঃ তারা আল্লাহ্র যথার্থ মর্যাদা উপলব্ধি করেনি (৬ % ৯১)

٣١٢٩ بَابُ مَا جَاءَ فِي تَخْلِيْقِ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَغَيْرِهَا مِنَ الْخَلاَئِقِ وَهُوَ فِعْلُ الرَّبِّ وَاَمْرُهُ وَاَمْرُهُ وَهَلاَمِهِ هُوَ الْخَالِقُ الْمُكُوِّنُ غَيْرُ مَخْلُوْقٍ وَمَا كَانَ بِفِعْلِهِ وَاَمْرُهُ وَتَكُويْنِهِ فَهُوَ مَقْعُوْلٌ مَخْلُوْقٌ مُكُونٌ –

৩১২৯. অনুচ্ছেদ ঃ আসমান, যমীন ইত্যাদির সৃষ্টি সম্পর্কে; এটি প্রতিপালকের কাজ ও নির্দেশ। অতএব প্রতিপালক তাঁর গুণাবলি, কাজ, নির্দেশ ও কালামসহ তিনি স্রষ্টা ও অস্তিত্বদানকারী। তিনি অসৃষ্ট। তাঁর কাজ, নির্দেশ ও সৃষ্টি এবং অস্তিত্ব দানে যা সম্পাদিত হয়, তাই হলো কর্ম, সৃষ্ট ও অস্তিত্ব লাভকারী বস্তু

৬৯৪৪ সাঈদ ইব্ন আবৃ মারিয়াম (র) ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একদা মায়মূনা (রা)-এর ঘরে রাত যাপন করলাম। তখন নবী ক্রিট্রিট্র তাঁর কাছে ছিলেন। রাতে রাস্লুল্লাহ্ ক্রিট্রেট্রিট্র এর নামায কিরূপ হয় তা প্রত্যক্ষ করার জন্য। রাস্লুল্লাহ্ ক্রিট্রেট্র তাঁর পরিবারের সাথে কিছু সময় কথা বললেন এবং ঘুমিয়ে পড়লেন। এরপর যখন রাতের শেষ তৃতীয়াংশ কিংবা শেষের কিছু অংশ অবশিষ্ট রইল, তিনি উঠে বসলেন এবং আসমানের দিকে তাকিয়ে তিলাওয়াত করলেন ঃ আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টিতে.... বোধশক্তিসম্পন্ন লোকদের জন্য পর্যন্ত (৩ ঃ ১৯০)। তারপর তিনি উঠে গিয়ে ওযু ও মিস্ওয়াক করলেন। অতঃপর এগার রাকাত নামায আদায় করলেন। বিলাল (রা) নামাযের (ফজরের) আযান দিলে তিনি দু'রাকাত নামায পড়ে নিলেন। এরপর নবী ক্রিট্রেট্র বের হয়ে সাহাবাদেরকে ফজরের (দু'রাকাত) নামায পড়িয়ে দিলেন।

٣١٣٠ بَابٌ وَلَقَدْ سَبَقَتْ كَلِمَتُنَا لِعِبَادِنَا الْمُرْسَلِيْنَ

৩১৩০. অনুচ্ছেদ ঃ আল্লাহ্ তা'আলার বাণী ঃ আমার প্রেরিত বান্দাদের সম্পর্কে আমার এ বাক্য পূর্বেই স্থির হয়েছে। (৩৭ ঃ ১৭১)

آ مَدَّثَنَا اسْمعیْلَ قَالُ حَدَّثَنِیْ مَالِكٌ عَنْ اَبِیْ الزِّنَادِ عَنِ الْاَعْرَجِ عَنْ اَبِیْ هُرَیْرَةَ اَنَّ رَسُولُ اللهِ عَنْ اللهِ عَنْ اَبیْ هُرَیْرَةً اَلْ اَللهِ عَنْ اَبیْ اللهِ عَنْدَهُ فَوْقَ عَرْشِهِ إِنَّ رَحْمَتِیْ الله عَنْدَهُ فَوْقَ عَرْشِهِ إِنَّ رَحْمَتِیْ سَنَقَتْ غَضَيَے ْ -

ডি৯৪৫ ইসমাঈল (র) আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ ক্রিট্রের্ব বলেছেন ঃ আল্লাহ্ তা'আলা যখন (সৃষ্টির) কাজ সম্পূর্ণ করলেন, তখন তাঁর নিকটে তাঁর আরশের ওপর লিপিবদ্ধ করে দিলেন, "আমার রহমত আমার ক্রোধের উপর প্রবল হয়েছে।"

آ عَدَّ مَا اللّهِ عَبِهِ اللّهِ بِن مَسْعُود يَقُولُ حَدَّثَنَا الْاَعْمَشُ قَالَ سَمِعْتُ زَيْدَبِنِ وَهُبِ قَالَ سَمِعْتُ عَبِهِ اللّهِ بِن مَسْعُود يَقُولُ حَدَّثَنَا رَسُولُ اللّهِ بِن عَبِهِ الصَّادِقُ الصَّادِقُ الْمَصِدُوقَ انَ خَلْقَ اَحَدُكُمْ يُجْمَعُ فَى بَطْنِ اُمّه اَرْبَعِيْنَ يَوْمًا اَوْ اَرْبَعِيْنَ لَيْلَةً ، ثُمَّ يَكُونُ عَلَقَةً مَثْلَهُ مَثْلَهُ اللّهُ اللّهُ اللّهِ الْمَلَكُ فَيَوْذَنُ بِاَرْبَعِ يَكُونُ عَلَقَةً مَثْلَهُ مَثْلَهُ مَثْلَهُ اللّهُ اللّهُ اللّهِ الْمَلَكُ فَيَوُذَنُ بِاَرْبَعِ كَوْنُ عَلَقَةً مَثْلَهُ وَاجَلَهُ وَشَقِي الوَ سَعَيْدُ ، ثُمَّ يُنْفَخُ فَيْهِ الرُوْحُ فَانَ اَحَدَكُمْ كَلَمَاتِ فَيَكُونُ بَيْنَهَا وَبَيْنَهُ الاَّ ذِرَاعٌ فَيَسْبِقُ عَلَيْهِ الْكِتَابِ فَيَعْمَلُ اللّهُ النّارِ ، حَتَّى مَا يَكُونُ بَيْنَهَا وَبَيْنَهُ الاَّ ذِرَاعٌ فَيَسْبِقُ عَلَيْهِ الْكِتَابِ فَيَعْمَلُ بِعَمَلِ اَهْلُ النّارِ ، حَتَّى مَا يَكُونُ بَيْنَهَا وَبَيْنَهُ الْاَقْرَ ، وَإِنَّ اَحَدَكُمْ لَيَعْمَلُ اهْلُ النَّارِ ، حَتَّى مَا يَكُونُ بَيْنَهَا وَبَيْنَهُ الْ عَمَلُ اهْلُ النَّارِ ، حَتَّى مَا يَكُونُ بَيْنَهَا وَبَيْنَهُ الْ عَمَلُ اهْلُ النَّارِ ، حَتَّى مَا يَكُونُ بَيْنَهَا وَبَيْنَهُ الْ الْجَنَةِ فَيَدُخُلُهَا - فَيَعْمَلُ اهْلُ النَّارِ ، حَتَّى مَا يكُونُ بَيْنَهَا وَبَيْنَهُ الْ الْجَنَةِ فَيَدُخُلُهُا النَّارِ ، وَانَّ اَحَدَكُمْ لَيَعْمَلُ عَمَلُ اهْلُ الْجَنَّةِ فَيَدْخُلُهَا-

৬৯৪৬ আদম (র)..... আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ক্রিট্রা যিনি দিত্যবাদী' এবং 'সত্যবাদী বলে স্বীকৃত' আমাদের কাছে বর্ণনা করেছেন যে, তোমাদের প্রত্যেকের সৃষ্টি হলো এরপ বীর্য থেকে যাকে মায়ের পেটে চল্লিশ দিন কিংবা চল্লিশ রাত একত্রিত রাখা হয়। তারপর অনুরূপ সময়ে আলাক হয়, তারপর অনুরূপ সময়ে গোশতপিওে পরিণত হয়। তারপর আল্লাহ্ তা আলা তার কাছে ফেরেশতা প্রেরণ করেন। এই ফেরেশতাকে চারটি জিনিস সম্পর্কে লিপিবদ্ধ করার জন্য ভুকুম দেয়া হয়। যার ফলে ফেরেশতা তার রিযিক, আমল, আয়ু এবং সৌভাগ্য কিংবা হতভাগ্য হওয়া সম্পর্কে লিখে দেয়। তারপর তার মধ্যে প্রাণ সঞ্চার করা হয়। এজন্যই তোমাদের কেউ জান্নাতীদের আমল করে এতটুকু অগ্রগামী হয়ে যায় য়ে, তার ও জান্নাতের মাঝখানে মাত্র এক গজের দূরত্ব থাকতেই তার ওপর লিখিত তাক্দীর প্রবল হয়ে যায়। তখন সে দোযখীদের আমল করে এমন পর্যায়ে পৌছে যে, তার ও দোযখের মধ্যে মাত্র এক গজের দূরত্ব থাকতে তার উপর তাকদীরের লেখনী প্রবল হয়, যদককন সে জান্নাতীদের ন্যায় আমল করে, ফলে জান্নাতেই প্রবেশ করে।

آكِدُ مَدَّثَنَا خُلاَدُ بْنُ يَحْيلَى قَالَ حَدَّثَنَا عُمَّرُ بْنُ ذَرِّ قَالَ سَمِعْتُ أَبِىْ يُحَدِّثُ عَنْ سَعِيْد بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيُّ قَالَ يَا جِبْرِيْلُ مَا يَمْنَعُكَ أَنْ تَزُوْرَنَا اكْثَرَ مَمَّا تَزُوْرُنَا فَنَزَلَتُ، وَمَا تَنَزَّلُ الاَّ بِأَمْرِ رَبِّكَ لَهُ مَا بَيْنَ آيْدِيْنَا وَمَا خُلْفَنَا وَمَا لَكُثَرَ مَمَّا تَزُوْرُنَا فَنَزَلَتُ، وَمَا تَنَزَّلُ الاَّ بِأَمْرِ رَبِّكَ لَهُ مَا بَيْنَ آيْدِيْنَا وَمَا خُلْفَنَا وَمَا بَيْنَ ذَلِكَ وَمَا كَانَ رَبُّكَ نَسِيًّا قَالَ هٰذَا كَانَ الْجَوَابُ لِمُحَمَّد اللَّهُ وَمَا كَانَ رَبُّكَ نَسِيًّا قَالَ هٰذَا كَانَ الْجَوَابُ لِمُحَمَّد اللَّهُ وَمَا كَانَ رَبُّكَ نَسِيًّا قَالَ هٰذَا كَانَ الْجَوَابُ لِمُحَمَّد اللّهُ اللّهُ وَمَا كَانَ رَبُكَ نَسِيًّا قَالَ هٰذَا كَانَ الْجَوَابُ لِمُحَمَّد اللّهُ وَمَا كَانَ رَبُكَ نَسِيًّا قَالَ هٰذَا كَانَ الْجَوَابُ لِمُحَمَّد اللّهُ اللّهُ وَمَا كُانَ رَبُكَ نَسِيًّا قَالَ هٰذَا كَانَ الْجَوَابُ لِمُحَمَّد اللّهُ وَمَا كَانَ رَبُكَ نَسِيًّا قَالَ هٰذَا كَانَ الْجُولَابُ لَا مُعَالَى اللّهُ اللّهُ وَمَا كَانَ رَبُكَ نُ لَكُ

৬৯৪৭ খাল্লাদ ইব্ন ইয়াহ্ইয়া (র)......ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী জ্ঞানিলকে জিজ্ঞাসা করলেন, হে জিবরাঈল! আপনি আমাদের সাথে যে পরিমাণ সাক্ষাৎ করেন, তার চাইতে অধিক সাক্ষাৎ করতে কিসে বাধা দেয়! এরই প্রেক্ষিতে কুরআনের নিম্নোক্ত আয়াত অবতীর্ণ হয়ঃ আমরা আপনার প্রতিপালকের আদেশ ব্যতীত অবতরণ করব না, যা আমাদের সম্মুখে ও পিছনে আছে এবং যা এ দুয়ের অন্তর্বর্তী তা তাঁরই। আর আপনার প্রতিপালক ভুলবার নন..... (৯৯ ঃ ৬৪)। আবদুরাহ ইব্ন আব্বাস (রা) বলেন, এটি মুহাম্মদ ক্ষিত্র এর প্রশ্নের জবাব।

آعَدُ عَبْد مَسْعُوْد قَالَ كُنْتُ اَمْشَى مَعَ رَسُوْل الله الله الله عَنْ ابْرَاهِيْم عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْد الله بن مَسْعُوْد قَالَ كُنْتُ اَمْشَى مَعَ رَسُوْل الله الله الله الله عَنْ حَرْث بِالْمَدِيْنَة وَهُوَ مُتَكِيً عَلَى عَسِيْب فَمَر بقوه مِنَ الْيَهُوْد فَقَالَ بَعْضُهُمْ لَبَعْض سَلُوْهُ عَنِ الرَّوْح ، وقَالَ بَعْضَهُمْ لاَ تَسْالُوْهُ عَنِ الرَّوْح ، وقَالَ بَعْضَهُمْ لاَ تَسْالُوْهُ فَسَالُوْهُ عَنِ الرَّوْح فَقَامَ مُتَوكَّنًا عَلَى الْعَسِيْب وَانَا خَلْفَهُ فَظَنَنْتُ انَّهُ يُوْحِى اليَّه فَقَالَ : ويَسْأَلُونْكَ عَنِ الرَّوْح قُل الرَّوْح مِنْ اَمْر رَبّي وَمَا اُوْتيْتُمُ مِنَ الْعِلْم الاَّ قَلْيَلاً ، فَقَالَ بَعْضَهُمْ لِبَعْض قَدْ قُلْنَا لَكُمْ لاَ تَسْأَلُوهُ -

উ১৪৮ ইয়াহ্ইয়া (র)...... আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ ক্রিট্রা -এর সাথে মদীনায় একটি কৃষিক্ষেত দিয়ে চলছিলাম। রাসূলুল্লাহ্ ক্রিট্রা তখন একটি খেজুরের ডালের উপর ভর দিয়ে চলছিলেন। তারপর তিনি যখন ইহুদীদের এক গোত্রের পাশ দিয়ে যাচ্ছিলেন তখন তারা একে অপরকে বলতে লাগল, তাঁকে রুহ্ সম্পর্কে জিজ্ঞাসা কর। আবার কেউ কেউ বলল, তাঁকে কিছু জিজ্ঞাসা করো না। পরিশেষে তাঁরা রাসূলুল্লাহ্ ক্রিট্রা -কে রুহ্ সম্পর্কে জিজ্ঞাসা করল। তারপর রাস্লুল্লাহ্ ক্রিট্রা খেজুরের শাখার ওপর ভর দিয়ে দাঁড়িয়ে গেলেন। তখন আমি তাঁর পেছনেই ছিলাম। আমি ধারণা করছিলাম, তাঁর ওপর ওহী অবতীর্ণ হচ্ছে। পরে তিনি বললেন ঃ "তোমাকে ওরা রুহ্ সম্পর্কে প্রশু করে, বল, রুহ্ আমার প্রতিপালকের আদেশ ঘটিত। এবং তোমাদের সামান্য জ্ঞানই দেওয়া হয়েছে" (১৭ঃ ৮৫)। তখন তাদের একজন আরেকজনকে বলতে লাগল, বলেছিলাম তোমাদেরকে তাঁকে কোন প্রশু করো না।

آبَّ عَنْ اَبِيْ هُرَيْرَةً السَّمْعِيْلُ قَالَ حَدَّثَنِيْ مَالِكٌ عَنْ اَبِيْ الزِّنَادِ عَنِ الْاَعْرَجِ عَنْ اَبِيْ هُرَيْرَةً اَنَّ رَسُولُ اللهِ اللهُ اللهِ اللهِلمُ المُلْمُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ الله

৬৯৪৯ ইসমাঈল (র)..... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ বলেছেন ঃ আল্লাহ্র রাস্তায় জিহাদের উদ্দেশ্য নিয়ে যে ব্যক্তি বের হয়, আর আল্লাহ্র রাস্তায় জিহাদ এবং তাঁর কলেমার বিশ্বাসই যদি তাকে বের করে থাকে, এমন ব্যক্তির জন্য আল্লাহ্ স্বয়ং যিম্মাদার হয়ে যান। হয়তো তাকে তিনি জানাতে প্রবেশ করাবেন, নয়তো যে স্থান থেকে সে বের হয়েছিল সাওয়াব কিংবা গনীমতসহ তাকে সে স্থানে প্রত্যাবর্তন করাবেন।

آبِیْ مُوْسَی قَالَ جَاءَ رَجُلُ الِیَ النَّبِیِ قَالَ اَخْبَرَنَا سُفْیَانُ عَنِ الْاَعْمَشِ عَنْ اَبِیْ وَائِلٍ عَنْ اَبِیْ وَائِلٍ عَنْ اَبِیْ مُوْسَی قَالَ جَاءَ رَجُلُ الِیَ النَّبِیِ ﷺ فَقَالَ الرَّجُلُ یُقَاتِلُ حَمِیَّةٌ وَیُقَاتِلُ شُجَاعَةٌ وَیُقَاتِلُ شُجَاعَةٌ وَیُقَاتِلُ رَیَاءً فَایُ ذَٰلِكَ فِی سَبِیْلِ اللَّهِ قَالَ مَنْ قَاتَلَ لِتَكُونَ كَلِمَةُ اللَّهِ هِی الْعُلْیَا فَهُوَ فَی سَبِیْلِ اللَّهِ قَالَ مَنْ قَاتَلَ لِتَكُونَ كَلِمَةُ اللَّهِ هِی الْعُلْیَا فَهُو فَی سَبِیْلِ اللَّهِ۔

৬৯৫০ মুহাম্মদ ইব্ন কাসীর (র)..... আবূ মূসা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি নবী ক্রাম্মার এবের কাছে এসে বলল, কেউ লড়াই করছে মর্যাদার জন্য, কেউ বীরত্বের জন্য, কেউ লোক দেখানোর জন্য। এদের কার লড়াইটা আল্লাহ্র পথে হচ্ছে? নবী ক্রামার বললেন ঃ যে ব্যক্তি আল্লাহ্র বাণীকে বুলন্দ রাখার জন্য লড়াই করছে, সেটাই আল্লাহর পথে।

٣١٣١ بَابُ قَوْلِ اللَّهِ تَعَالَى: إِنَّمَا أَمْرُنَا لِشَيْءٍ

৩১৩১. অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ আমার বাণী কোন বিষয়ে..... (২৭ ঃ ৪০)

آووه حَدَّثَنَا شِهَابُ بْنُ عَبَّادٍ قَالَ حَدَّثَنَا ابْرَاهِيْمُ بْنُ حُمَيْدٍ عَنْ اسْمْعِيْلَ عَنْ قَيْسِ عَنِ الْمُغِيْرَةِ بْنِ شُعْبَةَ قَالَ سَمِعْتُ النَّبِيِّ عَلَّى يَقُوْلُ لاَ يَزَالُ مِنْ أُمَّتِى قَوْمٌ ظَاهِرِيْنَ عَلَى النَّاسِ حَتَّى يَاتِيَهُمْ أَمْرُ اللَّهِ -

৬৯৫১ শিহাব ইব্ন আব্বাদ (র)..... মুগীরা ইব্ন শুবা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী ক্রাট্রাই -কে বলতে শুনেছি, আমার উন্মতের মধ্যে এমন একটি দল থাকবে, যারা আল্লাহ্র হুকুম আসা পর্যন্ত অন্যান্য লোকের বিরুদ্ধে সর্বদাই জয়ী থাকবে।

آمِنَ عُمَيْرُ بُنُ هَانِئَ أَنَّهُ سَمِعَ مُعَاوِيةَ قَالَ سَمِعْتُ النَّبِيِّ وَالَّ يَقُولُ لاَ تَزَالُ مِنْ حَدَّثَنِيْ عُمَيْرُ بُنُ هَانِئِ إَنَّهُ سَمِعَ مُعَاوِيةَ قَالَ سَمِعْتُ النَّبِيِّ وَلَيْ يَقُولُ لاَ تَزَالُ مِنْ أَمَّتِيْ أُمِنَّ عُمَيْرُ بُنُ هَانِئِ اللَّهِ مَا يَضَرُّهُمْ مَنْ كَذَّبَهُمْ وَلاَ مَنْ خَالَفَهُمْ حَتَّى يَاتِي اَمْرُ اللَّهِ وَهُمْ عَلَى ذَلِكَ فَقَالَ مَالكُ بُنُ يُخَامِر سَمِعْتُ مُعَاذًا يَقُولُ وَهُمْ بِالشَّامِ فَقَالَ مُعَاوِيةً هذَا مَالِكُ بْنُ يُخَامِر سَمِعْتُ مُعَاذًا يَقُولُ وَهُمْ بِالشَّامِ فَقَالَ مُعَاوِيةً هذَا مَالِكُ بْنُ يُخَامِر سَمِعْ مُعَاذًا يَقُولُ وَهُمْ بِالشَّامِ

ডি৯৫২ হুমায়দী (র)..... মুআবিয়া (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী ক্রাল্ট্র -কে বলতে শুনেছি, আমার উমত থেকে একটি দল সব সময় আল্লাহ্র হুকুমের উপর প্রতিষ্ঠিত থাকবে। যারা তাদেরকে মিথ্যুক্ প্রতিপন্ন করতে চাইবে কিংবা বিরোধিতা করবে, তারা এদের কোন প্রকার ক্ষতি সাধন করতে পারবে না। কিয়ামত আসা পর্যন্ত তারা এ অবস্থায় থাকবে। মালিক ইব্ন ইয়ুখামির (র) বলেন, আমি মুআয (রা)কে বলতে শুনেছি, তাঁরা হবে সিরিয়ার অধিবাসী। মুআবিয়া (রা) বলেন, মালিক ইব্ন ইয়ুখামির (রা) বলেন, তিনি মুআয (রা)-কে বলতে শুনেছেন, তাঁরা হবে সিরিয়ার।

آ مَوْ الله عَنْ اَبُوْ الْيَمَانِ اَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ عَبْدِ الله بْنِ اَبِى حُسَيْنٍ قَالَ حَدَّتَنَا نَافِعُ بْنُ جُبَيْرٍ عَنْ اَبْنِ عَبَّاسٍ قَالَ وَقَفَ النَّبِيُ عَلَى مُسَيْلُمَةَ فِي اَصْحَابِهِ فَقَالَ لَوْ سَأَلُتَنِي هُذِهِ الْقَطْعَةَ مَا اَعْطَيْتُكَهَا وَلَنْ تَعْدُوْ اَمْرَ اللّهِ فِيكَ وَلَتَنِ أَدْبَرْتَ لَوْ سَأَلُتَنِي هُذِهِ اللّهِ فِيكَ وَلَتَنِ أَدُبَرْتَ لَوْ سَأَلُتَنِي هُذِهِ الْقِطْعَةَ مَا اَعْطَيْتُكَهَا وَلَنْ تَعْدُوْ اَمْرَ اللّهِ فِيكَ وَلَتَنِ أَدْبَرْتَ لَيْعُقْرَنَكَ اللّهُ -

ডি৯৫৩ আবুল ইয়ামান (র)......ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, নবী ক্রিট্রে একদা মুসায়লামার কাছে একটু অবস্থান করলেন। তখন সে তার সাথী-সঙ্গীদের মধ্যে ছিল। নবী ক্রিট্রে তাকে লক্ষ্য করে বললেন ঃ তুমি যদি আমার কাছে এ টুকরাটিও চাও, তা হলে আমি তোমাকে তাও তো দিচ্ছি না। তোমার ব্যাপারে আল্লাহ্ যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা তুমি অতিক্রম করতেও পারবে না। আর যদি তুমি ফিরে যাও, তা হলে আল্লাহ্ স্বয়ং তোমাকে ধ্বংস করে দেবেন।

مَدَّتَنَا مُوسلى ابْنُ اسِمْعِيْلُ عَنْ عَبْدِ الْوَاحِدِ عَنِ الْاَعْمَ شِ عَنْ ابْرَاهِيْمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ ابْنِ مَسْعُوْدٍ قَالَ بَيْنَمَا أَنَا أَمْشِي مَعَ النَّبِيِّ إِلَيْ فِي بَعْضِ حَرْثٍ أَوْ خَرِبِ الْمَدِيْنَةِ وَهُوَ يَتَوكَّا عَلَى عَسِيْبٍ مَعَهُ فَمَرَرْنَا عَلَى نَفَرٍ مِنَ الْيَهُوْدِ فَقَالَ بَعْضُهُمْ لِبَعْضٍ سِلُوْهُ عَنِ الرُّوْحِ وَقَالَ بَعْضُهُمْ لاَ تَسْأَلُوْهُ أَنْ يَجِيءَ فِيهِ بِشَيْ تَكْرَهُوْنَهُ، فَقَالَ بَعْضُهُمْ لَنَسْأَلَنَّهُ ، فَقَامَ إِلَيْهِ رَجُلٌ مِنْهُمْ فَقَالَ يَا آبَا الْقَاسِمِ مَا الرُّوْحُ فَسَكَتْ عَنْهُ النَّبِيُّ إِنَّ فَعَلِمْتُ أَنَّهُ يُوْحِي اللِّهِ ، فَقَالَ وَيَسْأَلُوْنَكَ عَنِ الرُّوْحِ قُل الرُّوْحُ مِنْ أَمْرِ رَبِّي ْ وَمَا أُوْتُواْ مِنَ الْعِلْمِ الاَّ قَلِيْلاً قَالَ الْآعْمَشُ هَٰكَذَا في قراءَتنا، ৬৯৫৪ মূসা ইব্ন ইসমাঈল (র)...... আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমি নবী 🚟 এর সঙ্গে মদীনায় এক কৃষিক্ষেত কিংবা অনাবাদী জায়গা দিয়ে চলছিলাম। নবী 🚟 নিজের সাথে রক্ষিত একটা খেজুরের শাখার উপর ভর দিয়ে চলছিলেন। তারপর আমরা একদল ইহুদীকে অতিক্রম করে যাচ্ছিলাম। তাদের একে অপরকে বলতে লাগল, তাঁকে রূহ্ সম্পর্কে জিজ্ঞাসা কর। আবার তাদের কেউ কেউ বলল — তাঁকে জিজ্ঞাসা করো না। হয়তো তিনি এমন জিনিস উপস্থাপন করে দেবেন, যা তোমাদের কাছে অপসন্দনীয় লাগবে। তা সত্ত্বেও তাদের কেউ বলে উঠল, আমরা অবশ্যই তাঁকে জিজ্ঞাসা করব। তারপর তাদেরই একজন রাসূলুল্লাহ্ 🚟 -এর দিকে এগিয়ে জিজ্ঞাসা করল, হে আবুল কাসিম! রূহ্ কি? এতে নবী 🚟 নীরব রইলেন। বর্ণনাকারী বলেন, আমি তখন বুঝতে পেরেছিলাম, তাঁর প্রতি ওহী অবতীর্ণ হচ্ছে, এরপর তিনি (নিম্লোক্ত আয়াত) পড়লেনে ঃ "তোমাকে ওরা রূহ্ সম্পর্কে প্রশু করে। বল, রূহ্ আমার প্রতিপালকের আদেশঘটিত। এবং তোমাদের সামান্য জ্ঞানই দেওয়া হয়েছে" (১৭ ঃ ৮৫)। আমাশ বললেন, আয়াতে او تو । আমাদের কিরাআতে এমনই বিদ্যমান আছে।

٣١٣٢ بَابُ قَوْلِ اللّٰهِ قُلْ لُو كَانَ الْبَحْرُ مِذَادًا لِّكَلِمَاتِ رَبِّى إِلَى آخِرِ الْأَيَّةِ وَقَوْ لِهِ ، وَلَوْ أَنَّ مَا فِي الْاَرْضِ مِنْ شَجَرَةٍ اَقْلاَمٌ وَالْبَحْرُ يَمُدُهُ مِنْ بَعْدِهِ سَبْعَةُ اَبْحُرٍ مَا نَفِدَتُ كَلُمْ اللّٰهُ الّذِي خَلَقَ السَّمْوَاتِ وَالْاَرْضَ كَلِمَاتِ اللّٰهِ إِنَّ اللّٰهُ الَّذِي خَلَقَ السَّمْوَاتِ وَالْاَرْضَ كَلِمَاتِ اللّٰهُ الّذِي خَلَقَ السَّمْوَاتِ وَالْاَرْضَ فِي سَتَّةٍ اَيَّامٍ ثُمُّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ إِلَى قَوْلِهِ تَبَارَكَ اللّٰهُ رَبُّ الْعُلَمِيْنَ سَخَّرَ ذَلْلَ

৩১৩২. অনুচ্ছেদ ঃ মহান আল্লাহ্র বাণী ঃ বল, আমার প্রতিপালকের কথা লিপিবদ্ধ করার জন্য সমুদ্র যদি কালি হয়শেষ পর্যন্ত (১৮ ঃ ১০৯)। মহান আল্লাহ্র বাণী ঃ পৃথিবীর সমস্ত বৃক্ষ যদি কলম হয় এবং এই যে সমুদ্র এর সাথে যদি আরও সাত সমুদ্র যুক্ত হয়ে কালি হয়, তবুও আল্লাহ্র বাণী নিঃশেষ হবে না। আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময় (৩১ ঃ ২৭)। মহান আল্লাহ্র বাণী ঃ তোমাদের প্রতিপালক আল্লাহ্, যিনি আকাশসমূহ ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেছেন। তারপর তিনি আরশে অধিষ্ঠিত হন..... মহিমময় প্রতিপালক আল্লাহ্, জগতসমূহের প্রতিপালক। (৭ ঃ ৫৪) অর্থ এইন করা।

آبِى هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ بِنُ يُوسُفَ قَالَ اَخْبَرَنَا مَالِكٌ عَنْ اَبِى الزِّنَادِ عَنِ الْاَعْرَجِ عَنْ اَبِى الزِّنَادِ عَنِ الْاَعْرَجِ عَنْ اَبِى هُرَيْرَةَ أَنَّ رَسُولُ اللَّهِ عَلَيْ قَالَ تَكَفَّلَ اللَّهُ لِمَنْ جَاهَدَ فِى سَبِيلِهِ لاَ يُخْرِجُهُ مِنْ بَيْتِهِ إِلاَّ الْجَهَادُ فِى سَبِيلِهِ وَتَصدُيْقُ كَلِمَتِهِ إَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ أَوْ يَرُدُّهُ اللَّه مَسْكَنِهِ بِمَا بَيْتِهِ إِلاَّ الْجَهَادُ فِى سَبِيلِهِ وَتَصدُيْقُ كَلِمَتِهِ إَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ أَوْ يَرُدُّهُ اللَّهُ مَسْكَنِهِ بِمَا نَالَ مِنْ آجْرٍ أَوْ غَنِيْمَةً -

৬৯৫৫ আবদুল্লাহ্ ইব্ন ইউসুফ (র)..... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ ক্রিট্র বলেছেন ঃ আল্লাহ্র পথে জিহাদের উদ্দেশ্য নিয়ে যে ব্যক্তি বের হবে এবং আল্লাহ্র পথে জিহাদ এবং তাঁর কলেমার প্রতি বিশ্বাস ব্যতীত অন্য কিছু তাকে তার ঘর থেকে বের করেনি, তবে এমন ব্যক্তির জন্য আল্লাহ্ যামিন হয়ে যান। হয়তো বা তিনি তাকে জানাতে প্রবেশ করিয়ে দেবেন, নতুবা সে যে সাওয়াব ও গনীমাত হাসিল করেছে, তা সহ তিনি তাকে তার আবাসস্থলে প্রত্যাবর্তিত করবেন।

٣١١٨ بَابُ فِي الْمَشِيْثَةِ وَالاِرَادَةِ وَقَوْلِ اللّٰهِ تُؤْتِي الْمُلْكَ مَنْ تَشَاءُ وَمَا تَشَاءُونَ الِأَ اللهِ تُؤْتِي الْمُلْكَ مَنْ تَشَاءُ وَمَا تَشَاءُونَ الِأَ انْ يُشَاءَ اللّٰهُ ، إِنَّكَ لاَ تَهْدِيْ مَنْ اللّٰهَ عَدًا اللهُ ، اللّٰهُ ، إِنَّكَ لاَ تَهْدِيْ مَنْ الْمُسَيِّبِ عَنْ اللّٰهُ ، إِنَّكَ لاَ تَهْدِيْ مَنْ الْمُسَيِّبِ عَنْ اللّٰهَ يَهْدِيْ مَنْ يُشَاءُ ، قَالَ سَعِيْدُ بْنُ الْمُسَيِّبِ عَنْ البِيلَّهِ نَزَلَتْ فِي البِيْ الْمُسَيِّبِ عَنْ البِيلَّةِ نَزَلَتْ فِي البِيْ المُسْرَبِ مَا لِيلُهُ الْعُسْرَ وَلاَ يُرِيْدُ بِكُمُ الْعُسْرَ –

৩১৩৩, অনুচ্ছেদ ঃ আল্লাহ্র ইচ্ছা ও চাওয়া। মহান আল্লাহ্র বাণী ঃ তোমরা ইচ্ছা করবে না যদি না আল্লাহ্ ইচ্ছা করেন (৭৬ ঃ ৩০)। আল্লাহ্ তা আলার বাণী ঃ তুমি যাকে ইচ্ছা ক্ষমতা প্রদান কর (৩ ঃ ২৬)। মহান আল্লাহ্র বাণী ঃ কখনই তুমি কোন বিষয়ে বলবেনা, 'আমি তা আগামী কাল করব, আল্লাহ্ ইচ্ছ করলে', এ কথা না বলে (১৮ঃ ২৩-২৪)। মহান আল্লাহ্র বাণীঃ তুমি যাকে ভালবাস, ইচ্ছা করলেই তাকে সৎপথে আনতে পারবে না। তবে আল্লাহ্ যাকে চান তাকে সৎপথে আনয়ন করেন। (২৮ ঃ ৫৬)। সাঈদ ইব্নুল মুসাইয়্যাব (রা) তাঁর পিতা মুসাইয়্যাব থেকে বলেন, উপরোক্ত আয়াত আব্ তালিব সম্পর্কে নাযিল হয়েছে। মহান আল্লাহ্র বাণী ঃ আল্লাহ্ তোমাদের জন্য যা সহজ তা চান এবং যা তোমাদের জন্য কষ্টকর তা চান না (২ ঃ ১৮৫)

آ جَدَّثَنَا عُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ عَنْ عَبْدِ الْعَزِيْزِ عَنْ اَنَسٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنْ عَبْدِ الْعَزِيْزِ عَنْ اَنَسٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنْ عَبْدِ الْعَزِيْزِ عَنْ اَنَسٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُ لَا مُسْتَكُرهَ لَهُ –

ডি৯৫৬ মুসাদ্দাদ (র)..... আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ ক্রাল্লার বলেছেন ঃ যখন তোমরা আল্লাহ্র কাছে দোয়া করবে, তখন দোয়ায় দৃঢ় ও সংকল্পবদ্ধ থাকবে। তোমাদের কেউই এমন কথা কখনো বলা চাই না যে, (হে আল্লাহ্!) তুমি যদি চাও, তাহলে আমাকে দান কর। কেননা, আল্লাহ্কে বাধ্যকারী এমন কেউ নেই।

آمِونَ اللهِ عَبْدُ الْحَمِيْدِ عَنْ سُلَيْمَانَ عَنْ مُحَمَّدِ بْنِ البِّي عَتَيْقٍ عَنِ ابْنِ شَهَابٍ عَنْ عَلِيّ بْنِ اَبِي عَتَيْقٍ عَنِ ابْنِ شَهَابٍ عَنْ عَلِيّ بْنِ حَسَيْنِ اَنَّ حُسَيْنِ اَنَّ حُسَيْنِ اَنَّ حَلَيّ اخْبَرَهُ اَنَّ عَلِيّ بْنِ اَبِي طَالِبٍ اَخْبَرَهُ اَنَّ رَسُولَ عَلِي اَخْبَرَهُ اَنَّ عَلِيّ بْنِ اَبِي طَالِبٍ اَخْبَرَهُ اَنَّ رَسُولَ الله عَلِيّ الله عَلَيّ الله عَلَيْ الله عَلْمَ الله عَلَيْ الله عَلْ الله عَلَيْ ال

ডি৯৫৭ আবুল ইয়ামান ও ইসমাঈল (র)...... আলী ইব্ন আবূ তালিব (রা) থেকে বর্ণিত। একদা রাসূলুল্লাহ্ ক্রির ও রাসূল-তনয়া ফাতিমার কাছে রাতে এসেছেন। তিনি তাদেরকে বললেন ঃ তোমরা নামায আদায় করছ না? আলী বলেন, তখন আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ্! আমাদের জীবন অবশ্যই আল্লাহ্র হাতে। তিনি যখন আমাদেরকে ঘুম থেকে জাগিয়ে ওঠাতে চান জাগিয়ে ওঠান। আমি এ কথা বলার পর, রাসূলুল্লাহ্ ক্রিরের ফিরে চললেন। আর আমার কথার কোন উত্তর করলেন না। যাওয়ার সময় তাঁকে উরুর ওপর হাত মেরে বলতে শুনেছি, মানুষ অধিকাংশ বিষয়েই বড্ড ঝগডাটে।

رُ مَهُ مَا عَنْ اَسِى هُرَيْرَةَ اَنَّ رَسُولَ اللَّهِ وَلَيْحٌ قَالَ حَدَّثَنَا هِلَالُ بِنْ عَلَى عَنْ عَطَاءِ بِن يَسَارِ عَنْ اَسِى هُرَيْرَةَ اَنَّ رَسُولَ اللَّهِ وَلَيْ قَالَ : مَثَلُ الْمُؤْمَنِ كَمَثَلِ خَامَةَ الزَّرْعَ بِن يَسَارِ عَنْ اَسِى هُرَيْرَةَ اَنَّ رَسُولَ اللَّهِ وَكَفَّلُهُا فَاذَا سَكَنَتُ اعْتَدَلَتُ وَكَذَٰلِكَ الْمُؤْمِنُ يُكَفَّا يَغَىءُ وَرَقُهُ مِنْ حَيْثُ اَتَتُهَا الرِّيْحُ تُكَفِّئُهَا فَاذَا سَكَنَتُ اعْتَدَلَتُ وَكَذَٰلِكَ الْمُؤْمِنُ يُكَفَّا بِنَاءً بَالْبَلَاءِ ، وَمَثَلُ الْكَافِرِ كَمَثَلِ الْأَرْزَةِ صَمَاّءُ مُعْتَدلَةً حَتَّى يَقْصِمَهَا اللَّهُ اذَا شَاءً بَاللَّهُ اذَا شَاءً اللَّهُ الْكَافِرِ كَمَثَلِ الْأَرْزَةِ صَمَاّءُ مُعْتَدلَةً حَتَّى يَقْصِمَهَا اللَّهُ اذَا شَاءً بَاللَّهُ اللَّهُ الْكَافِرِ كَمَثَلِ الْأَرْزَةِ صَمَاّءُ مُعْتَدلَةً حَتَّى يَقْصِمَهَا اللَّهُ الْالَهُ الْكَافِرِ كَمَثَلِ الْأَرْزَةِ صَمَاّءُ مُعْتَدلَةً حَتَّى يَقْصِمَهَا اللَّهُ الْاللَّهُ الْكَافِرِ كَمَثَلِ الْاللَّهُ الْاللَّهُ الْكَافِرِ كَمَثَلُ الْاللَّهُ الْكَافِرِ كَمَثَلُ الْاللَّهُ الْاللَّهُ الْكَافِرِ كَمَثَلُ الْاللَّهُ الْمَاءَ فَالْمَاءُ مَا اللَّهُ الْلَهُ الْمُولِ كَمَثُلُ الْاللَّهُ اللَّهُ الْلَهُ الْمُؤْمِنَ اللَّهُ مُنْ كَمُثَلُ الْمُولِ كَمَانُ الْكُنُونِ عَلَيْ اللّهُ الْمُؤْمِنَ اللّهُ الْمُؤْمِنَ اللّهُ اللّهُ الْمُؤْمِنَ اللّهُ الْمُؤْمِنُ الْمُلْكُنُونُ الْمُؤْمِنَةُ الْمُؤْمُونَ اللّهُ الْمُؤْمِنُ الْمُهَا اللّهُ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمِنَةُ الْمُؤْمِنُ الْمُؤْمِنَ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ الْمُؤْمِنَةُ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمِنَ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمِنِ مَا الللّهُ الْمُؤْمِنِ الْمُؤْمِنَالُ الْمُؤْمِنِ الْمُؤْمِنِ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ الْمُؤْمِنَ اللّهُ اللّهُ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمِنُ اللّهُ الْمُؤْمُ اللّهُ الْمُؤْمِنُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللللّهُ الللّهُ اللّهُ الللللّهُ الللّ

বলেছেন ঃ ঈমানদার শস্যক্ষেতের নরম ডগার মত। জোরে বাতাস এলেই তার পাতা ঝুঁকে পড়ে। যখন বাতাস থেমে যায়, তখন আবার স্থির হয়ে যায়। ঈমানদারদেরকে বালা-মুসিবত দ্বারা এভাবেই ঝুঁকিয়ে রাখা হয়। আর কাফেরের উদাহরণ দেবদারু গাছ, যা একেবারেই কঠিন ও সোজা হয়। যদ্দরুন আল্লাহ্ যখন ইচ্ছা করেন সেটিকে মূলসহ উপড়ে ফেলেন।

آمِهِ عَبْدِ اللهِ اَنَّ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ قَالَ اَخْبَرَنَا شُعَيْبُ عَنِ الزُّهْرِيِ قَالَ اَخْبَرَنِي سَالِمُ بْنُ عَبْدِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ عَلَى الْمَنْبَرِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ

ডি৯৫৯ আল হাকাম ইব্ন নাফি' (র)..... আবদুল্লাহ্ উব্ন উমর (রা) থেকে বর্ণিত। আমি রাসূলুল্লাহ্ ক্রিট্রাই -কে বলতে শুনেছি, যখন তিনি মিম্বরে উপবিষ্ট ছিলেন। তিনি বললেন ঃ তোমাদের আগের উম্মতদের তুলনায় তোমাদের অবস্থানকাল আসরের নামায ও সূর্যান্তের মধ্যবর্তী সময়। তাওরাতের ধারকগণকে তাওরাত প্রদান করা হলে তারা সে অনুযায়ী আমল করল, তবে দুপুর হলে তারা অপারগ হয়ে পড়ল। এ জন্যতাদেরকে এক এক কীরাত করে পারিশ্রমিক হিসাবে দেওয়া হলো। অতঃপর ইনজীলের ধারকগণকে ইনজীল প্রদান করা হলো, তারা তদনুযায়ী আমল করল আসরের নামায পর্যন্ত, তারপর তারা অক্ষম হয়ে পড়ায় তাদেরকে দেওয়া হলো এক এক কীরাত করে। (সর্বশেষে) তোমাদেরকে কুরআন দেওয়া হলো। ফলে এই কুরআন অনুযায়ী তোমরা আসর থেকে সূর্যান্ত পর্যন্ত আমল করেছ। এ জন্য তোমাদেরকে দুই কিরাত দুই কিরাত করে পারিশ্রমিক দেওয়া হয়েছে। তাওরাতের ধারকগণ বললো, হে আমাদের প্রতিপালক! এরাতো আমলে সর্বাপেক্ষা কম আবার পারিশ্রমিকে সবচেয়ে বেশি। আল্লাহ্ তখন বললেন ঃ তোমাদের পারিশ্রমিকে তোমাদেরকে কিন্তু যুলুম করা হয়েছে কি? তারা বলল, না। তখন আল্লাহ্ বললেন, সেটি হচ্ছে আমার অনুগ্রহ আমি যাকে চাই তাকে দিয়ে থাকি।

 ভি৯৬০ আবদুল্লাহ্ ইব্ন মুহাম্মাদ (র)..... উবাদা ইব্ন সামিত (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একদল লোকের সাথে রাস্লুল্লাহ্ ক্রিট্রা -এর কাছে বায়'আত করেছি। তিনি বললেন ঃ আমি তোমাদের বায়'আত এ শর্তে কবুল করছি যে, তোমরা আল্লাহ্র সঙ্গে কোন কিছুকে শরীক করবে না, চুরি করবে না, তোমাদের সন্তানদেরকে হত্যা করবে না, তোমাদের হাত ও পায়ের মধ্যবর্তী লজ্জাস্থানকে কেন্দ্র করে কোন ভিত্তিহীন জিনিস গড়বে না, কোন ভাল কাজে আমার অবাধ্য হবে না। তোমাদের থেকে যারা ওসব যথাযথ পুরা করবে, আল্লাহ্র কাছে তার প্রতিদান রয়েছে। আর যারা ওসব নিষদ্ধ জিনিসের কোনটায় লিপ্ত হয়ে গেলে তাকে যদি সে কারণে দুনিয়ায় শাস্তি প্রদান করা হয়, তা হলে তা হবে তার জন্য কাফ্ফারা এবং পবিত্রতা। আর যাদের দোষ আল্লাহ্ ডেকে রাখেন সেটি আল্লাহ্র ইচ্ছাধীন বিষয়। তিনি ইচ্ছা করলে শাস্তি দিবেন, ইচ্ছা করলে ক্ষমা করে দেবেন।

ডি৯৬১ মুআল্লা ইব্ন আসাদ (র)..... আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহ্র নবী সুলায়মানের ষাটজন দ্রী ছিল। একদা সুলায়মান (আ) বললেন, আজ রাতে আমার সব দ্রীর কাছে যাব। যার ফলে দ্রীরা সবাই গর্ভবতী হয়ে এক একজন সন্তান প্রসব করবে, যারা অশ্বারোহী অবস্থায় আল্লাহ্র পথে জিহাদ করবে। অতএব সুলায়মান (রা) তাঁর সব দ্রীর কাছে গেলেন, তবে তাদের থেকে একজন দ্রী ছাড়া আর কেউ গর্ভবতী হলো না। সেও প্রসব করলো একটি অপূর্ণাঙ্গ সন্তান। নবী ক্রিট্রেই বললেনঃ যদি সুলায়মান (আ) ইনশা আল্লাহ্ বলতেন, তাহলে দ্রীরা সবাই গর্ভবতী হয়ে যেতো এবং প্রসব করতো এমন সন্তান যারা অশ্বারোহী অবস্থায় আল্লাহ্র রাস্তায় জিহাদ করত।

آ جَدَّثَنِى مُحَمَّدُ قَالَ اَخْبَرَنَا عَبْدُ الْوَهَابِ بْنُ عَبْدُ الْمَجِيْدِ قَالَ حَدَّثَنَا خَالِدٌ الْمَجِيْدِ قَالَ حَدَّثَنَا خَالِدٌ الْحَذَّاءُ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ اَنَّ رَسُولَ اللّٰهِ بَرِّكِمْ دَخَلَ عَلَى اَعْرَابِيّ يَعُوْدُهُ ، فَقَالَ لاَ بَاسَ عَلَيْكَ طَهُوْرٌ بَلْ هِيَ حُمَّى تَفُورُ عَلَى شَيْخِ كَبِيْرِ تُزِيْرُهُ الْقُبُورُ ، قَالَ النَّبِيُّ فَنَعَمْ اذًا –

ডি৯৬২ মুহাম্মদ (র)..... ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ ক্রীট্র এক বেদুঈনের কাছে প্রবেশ করলেন তার রোগের খোঁজখবর নিতে। তিনি বললেন ঃ আমার চিন্তার কোন কারণ নেই। ইনশা আল্লাহ্ তুমি সুস্থ হয়ে যাবে। বেদুঈন বলল সুস্থতাঃ না, বরং এটি এমন জ্বর যা একজন প্রবীণ বুড়োকে সিদ্ধ করছে, ফলে তাকে কবরে নিয়ে ছাড়বে। নবী ক্রীট্রের বললেন ঃ হাঁা, তাহলে সেরূপই।

آ آ آ آ آ حَدَّثَنَا ابْنُ سَلاَم قَالَ اَخْبَرَنَا هُشَيْمُ عَنْ حُصَيْنِ عَنْ عَبْدِ الله بْنِ اَبِي قَتَادَةَ عَنْ اَبِي عَنْ اَبِي عَنْ الله عَلَا الله عَنْ الله عَنْ الله عَنْ الله عَنْ الله عَنْ الله عَلَا عَا عَلَا عَلَا عَلْمُ عَلَا عَلَا

ডি৯৬৩ ইব্ন সালাম (র)...... আবৃ কাতাদা তাঁর পিতা (রা) থেকে বর্ণিত। যখন তাঁরা নামায থেকে ঘুমিয়ে ছিলেন তখন নবী ক্ষাট্রা বলেছিলেন ঃ আল্লাহ্ তা আলা যখন ইচ্ছা করেন তোমাদের রহকে নিয়ে নেন, আর যখন ইচ্ছা ফিরিয়ে দেন। এরপর তারা তাদের প্রয়োজন সেরে নিলেন এবং ওয় করলেন। এতে সূর্য উদিত হয়ে শ্বেতবর্ণ হয়ে গেল। নবী ক্ষাট্রা উঠলেন, নামায আদায় করলেন।

